সঙ্কারকালঃ, অন্যদহর্মনুষ্যাণামিত্যর্থঃ ॥৯—১০॥ জলং প্রাপ্নুবতো নরান্ ॥১১—১৪॥ "ন নংহসাঃ শৃঙ্গিণো বা ন চ দেবাঞ্জনস্রজঃ। কুবেরস্য যথোষ্ণীষং কিং মাং সমুপসর্পথ ॥" ইতি প্রাচীনঃ পাঠো দেববোধাদিভির্ব্যাখ্যাতত্বাৎ প্রামাণিকঃ। অস্যায়মর্থঃ—হসন্তি বিকসন্তি তে হসাঃ নমস্তো হসা যেষাং তে নংহসাঃ ভক্তানুগ্রাহকা দেবাঃ সর্ব্বত্রাপ্রতিহতগতয়স্তে ভবন্তো ন ভূচরত্বাৎ, "কৌণপাঃ" ইতি পাঠে তু রাক্ষসাঃ করালাকৃতয়ো যূয়ং ন রম্যাকৃতিত্বাৎ, "ন কুলসাঃ" ইতি পাঠেঽপি স এবার্থঃ ; কুলং স্যন্তি অন্তং নয়ন্তি তে কুলসাঃ কুলকণ্টকা ইত্যর্থঃ। শৃঙ্গিণঃ কাপালিকা আভিচারিকা বীরসাধনাদিপরাঃ, তেঽপি নিশীথে জলপ্রবেশার্হাঃ, ন চ শৃঙ্গকপালাদিতচ্চিহ্নং যুষ্মাসু দৃশ্যতে, ন চ দেবাঞ্জনস্রজঃ দেবানাং সম্বন্ধীন্যঞ্জনাদীনি দিব্যদৃষ্টি-প্রদানি স্রজশ্চ আকাশাদিগতিপ্রদা যেষু সন্তি তে গন্ধর্ব্বযক্ষাদয়ঃ উল্মুকধারিত্বাৎ জলে শব্দ-করত্বাচ্চ যক্ষাদিসজ্যবিদামপ্যজ্ঞাতত্বাৎ। যদ্বা কুবেরস্যোষ্ণীষমিবোষ্ণীষং শিরোমণ্ডনভূতঃ সন্তং মাং কিং সমনুসর্পথ হেলয়া উপযাথ ? যদ্বা কুবেরস্য কুৎসিতশরীরস্য হীনশক্তেঃ যথা

সুতরাং, তোমরা দূরে থাক, আমার নিকটে আসিও না। আমি যে গঙ্গার জলে বিহার করিতেছি, তাহা তোমরা বুঝিতেছ না কেন ? ॥১২॥

আমি গন্ধর্ব্ব, আমার নাম অঙ্গারপর্ণ এবং আমি আপন শক্তি অনুসারেই চলিয়া থাকি ইহা জানিও, আর আমি অভিমানী, ঈর্ষ্যাপরায়ণ ও কুবেরের প্রিয় সখা ॥১৩॥

'অঙ্গারপর্ণ'—নামে বিখ্যাত এই বন আমার ; আমি গঙ্গার নিকটে ইচ্ছানুসারে বিচরণ করিয়া যে বনে নানাপ্রকার বিহার করিয়া থাকি ॥১৪॥

(১৪)...অনু গঙ্গাঞ্চ রাকীঞ্চ চিত্রং যত্র রমাম্যহম্। (১৫) ননহসাঃ শৃঙ্গিণো বা ন চ দেবাঞ্জনস্রজঃ। কুবেরস্য যথোষ্ণীষং কিং মাং সমুপসর্পথ ॥ ঈদৃশঃ পাঠঃ কচিৎ।

অর্জ্জুন উবাচ ।

সমুদ্রে হিমবৎপার্শ্বে নদ্যামস্যাঞ্চ দুর্ম্মতে ! ।
রাত্রাবহনি সন্ধ্যায়াং কস্য গুপ্তঃ পরিগ্রহঃ ॥১৬॥
ভুক্তো বাপ্যথবাঽভুক্তো রাত্রাবহনি খেচর ! ।
ন কালনিয়মো হ্যস্তি গঙ্গাং প্রাপ্য সরিদ্বরাম্ ॥১৭॥
বয়ঞ্চ শক্তিসম্পন্না অকালে ত্বামধৃষ্ণুম ।
অশক্তা হি রণে ক্রূর ! যুষ্মানর্চ্চন্তি মানবাঃ ॥১৮॥
পুরা হিমবতশ্চৈষা হৈমশৃঙ্গাদ্বিনিঃসৃতা ।
গঙ্গা গত্বা সমুদ্রাম্বুঃ সপ্তধা সমগচ্ছত ॥১৯॥
গঙ্গাঞ্চ যমুনাঞ্চৈব প্লক্ষজাতাং সরস্বতীম্ ।
রথস্থাং সরযূঞ্চৈব গোমতীং গণ্ডকীং তথা ।
অপর্য্যুষিতপাপাস্তে নদীঃ সপ্ত পিবন্তি যে ॥২০॥

ভারতকৌমুদী

সমুদ্র ইতি। কস্য পরিগ্রহঃ জলগ্রহণম্, গুপ্তো বারিতঃ, কস্যাপি নেত্যর্থঃ ॥১৬॥

ভুক্ত ইতি। ভুক্তাদীনাং কস্যাপি জলগ্রহণে কালনিয়মো নাস্তীত্যর্থঃ ॥১৭॥

বয়মিতি। অকালে স্বেচ্ছাবিহারসময় ইত্যর্থঃ, অধৃষ্ণুম প্রগল্ভতয়া বাচা অনিন্দাম। "ঞি ধৃষা প্রাগলভ্যে" ইতি স্বাদিগণধাতোর্লঙি উত্তমপুরুষবহুবচনে রূপম্ ॥১৮॥

পুরেতি। সপ্তধা গঙ্গাদিভিঃ সপ্তভিঃ প্রকারৈঃ, সমুদ্রাম্বু সমগচ্ছত ॥১৯॥

ভারতভাবদীপঃ

উদধীষা যঃ কশ্চিৎ হেলয়া উপসর্পতি স্বেন মাং কথং জানাতীত্যর্থঃ ॥১৫॥ যৎ তু রাত্রৌ জলং ন গ্রহীতব্যমিত্যুক্তং তত্রাহ—সমুদ্র ইতি ॥১৬-১৭॥ অতঃ হি মানীত্যুক্তং তত্রাহ—বয়-

দেবতা, রাক্ষস, মানুষ বা পশু—কোন প্রাণীই আমার জলবিহারের সময়ে এখানে আসে না ; সুতরাং তোমরা আসিয়াছ কেন ?" ॥১৫॥

অর্জ্জুন বলিলেন—"দুর্ম্মতি ! সমুদ্রে, হিমালয়ের পার্শ্বে এবং এই গঙ্গানদীতে দিনে, রাত্রিতে বা সন্ধ্যাকালে জলগ্রহণ করিতে কাহার বাধা আছে ? ॥১৬॥

ভুক্তই হউক, আর অভুক্তই হউক, দিন হউক, বা রাত্রি হউক, নদীশ্রেষ্ঠা গঙ্গার জল গ্রহণ করিতে কাহারও কোন কালনিয়ম নাই ॥১৭॥

আমরা শক্তিশালী বলিয়াই তোমাকে তিরস্কার করিলাম ; আর যুদ্ধে অসমর্থ মানুষেরাই তোমাদের পূজা করিয়া থাকে ॥১৮॥

এই গঙ্গা পূর্ব্বকালে হিমালয়ের হেমশৃঙ্গ হইতে নির্গত হইয়া যাইয়া সপ্তপ্রকারে সমুদ্রের জলে মিশিয়াছে ॥১৯॥

ইয়ং ভূত্বা চৈকবপ্রা শুচিরাকাশগা পুনঃ।
দেবেষু গঙ্গা গন্ধর্ব্ব ! প্রাপ্নোত্যলকনন্দতাম্ ॥২১॥
তথা পিতৄন্ বৈতরণী দুস্তরা পাপকর্ম্মভিঃ।
গঙ্গা ভবতি বৈ প্রাপ্য কৃষ্ণদ্বৈপায়নোঽব্রবীৎ ॥২২॥
অসংবাধা দেবনদী স্বর্গসম্পাদনী শুভা।
কথমিচ্ছসি তাং রোদ্ধুং নৈষ ধর্ম্মঃ সনাতনঃ ॥২৩॥
অনিবার্য্যমসংবাধং তব বাচা কথং বয়ম্।
ন স্পৃশেম যথাকামং পুণ্যং ভাগীরথীজলম্ ॥২৪॥

ভারতকৌমুদী

অথ কে তে সপ্ত প্রকারা ইত্যাহ—গঙ্গামিতি। রথস্থাং রথবদুন্নতগিরিশৃঙ্গনির্গতামিতি সরযূ-বিশেষণম্, অতো নাষ্টপ্রকারাপত্তিঃ। ন পর্য্যুষিতং পরদিনেঽপি স্থিতং পাপং যেষাং তে সদ্য এব নষ্টপাপা ইত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

ইয়মিতি। ইয়ং শুচিঃ পবিত্রা গঙ্গা, একমাকাশমাত্রং বপ্রং তটং যস্যাঃ সা তাদৃশী আকাশগা সতী, দেবেষু দেবলোকেষু, অলকনন্দতাম্ অলকনন্দেতি নাম প্রাপ্নোতি। সংজ্ঞায়ামপি হ্রস্বত্বমার্ষম্। "পিতৃকেদারয়োর্বপ্রো বপ্রঃ প্রাকাররোধসোঃ" ইতি বিশ্বঃ ॥২১॥

তথেতি। গঙ্গা পিতৄন্ পিতৃলোকান্ প্রাপ্য পাপকর্ম্মভির্জনৈর্দুস্তরা বৈতরণী ভবতীত্যন্বয়ঃ ॥২২॥

অসমিতি। অসংবাধা কেনাপ্যবাধনীয়া ॥২৩॥

ভারতভাবদীপঃ

মিতি। অধৃষ্যম ধর্ষিতবস্তঃ ॥১৮॥ সপ্তধা—বস্বোকসারা নলিনী পাবনী সীতা চক্ষুঃ সিন্ধুরলকনন্দেতি সপ্তধা। গত্বা সমুদ্রান্তঃ সমপদ্যতেতি যোজনা। অপর্য্যুষিতপাপা নিঃশেষিতপাপাঃ ॥১৯—২০॥ একমাকাশরূপং বপ্রং তটং যস্যাঃ সা, "তটং বপ্রম্" ইতি মেদিনী ॥২১—২২॥ অসংবাধা নিঃসঙ্কটা, ইতরনদীবৎ প্রাবৃষি রজস্বলাত্বেন ক্ষণমপ্যস্পৃশ্যত্বং ন

গঙ্গা, যমুনা, প্লক্ষজাতা, সরস্বতী, সরযূ, গোমতী ও গণ্ডকী—এই সাতটী নদীর জল যাহারা পান করে, তৎক্ষণাৎ তাহাদের পাপ নষ্ট হয় ॥২০॥

এই পবিত্র গঙ্গা আকাশপথে যাইয়া দেবলোকে 'অলকনন্দা'—নাম ধারণ করিয়াছে ॥২১॥

আবার এই গঙ্গাই পিতৃলোকে যাইয়া পাপিষ্ঠ লোকের দুস্তরণীয়া বৈতরণী নদী হইয়াছে ; এই সকল কথা স্বয়ং বেদব্যাস বলিয়াছেন ॥২২॥

অতএব স্বর্গ ও সর্ব্বপ্রকার মঙ্গলজনিকা এই গঙ্গার জল ব্যবহার করিতে কেহই বাধা দিতে পারে না ; তুমি বাধা দিতে ইচ্ছা করিতেছ কেন ? ইহা ত সনাতন ধর্ম্ম নহে ! ॥২৩॥

বৈশম্পায়ন উবাচ।

অঙ্গারপর্ণস্তচ্ছ্রুত্বা ক্রুদ্ধ আয়ম্য কার্ম্মুকম্।
মুমোচ বাণান্নিশিতানহীনাশীবিষানিব ॥২৫॥
উল্মুকং ভ্রাময়ংস্তূর্ণং পাণ্ডবশ্চর্ম্ম চোত্তমম্।
ব্যপোবাহ শরাংস্তস্য সর্ব্বানেব ধনঞ্জয়ঃ ॥২৬॥

অর্জ্জুন উবাচ।

বিভীষিকা বৈ গন্ধর্ব্ব! নাস্ত্রজ্ঞেষু প্রযুজ্যতে।
অস্ত্রজ্ঞেষু প্রযুক্তেয়ং ফেনবৎ প্রবিলীয়তে ॥২৭॥
মানুষানতিগন্ধর্ব্বান্ সর্ব্বান্ গন্ধর্ব্ব! লক্ষয়ে।
তস্মাদস্ত্রেণ দিব্যেন যোৎস্যেঽহং ন তু মায়য়া ॥২৮॥

ভারতকৌমুদী

অনিবার্য্যমিতি। কেনাপ্যনিবার্য্যম্, অসংবাধং শাস্ত্রনিষেধরহিতঞ্চ ॥২৪॥

অঙ্গারেতি। আশীবিষান্ তীক্ষ্ণবিষান্, অহীন্ সর্পানিব ॥২৫॥

উল্মুকমিতি। উল্মুকং হস্তধৃতং জ্বলৎকাষ্ঠম্। ব্যপোবাহ নিবারয়ামাস ॥২৬॥

বিভীষিকেতি। বিভীষিকা ভয়প্রদর্শনম্। ইয়ং বিভীষিকা ॥২৭॥

মানুষানিতি। সর্ব্বানেব গন্ধর্ব্বান্, মানুষান্, অতি বলেনাতিক্রান্তান্। দিব্যেন স্বর্গীয়েণ ॥২৮॥

ভারতভাবদীপঃ

প্রাপ্নোতি ইত্যর্থঃ ॥২৩—২৪॥ অহীন্ সর্পান্, আশীবিষান্ বিষদংষ্ট্রান্ ॥২৫॥ চর্ম্ম ছত্রাকার-

---

যাহাতে কেহ বাধা দিতে পারে না, শাস্ত্রীয় কোন নিষেধ নাই ; কেবল তোমার কথায় আমরা সেই পবিত্র গঙ্গাজল ইচ্ছানুসারে কেন স্পর্শ করিব না?" ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—অঙ্গারপর্ণ অর্জ্জুনের উক্তি শুনিয়া, ক্রুদ্ধ হইয়া, ধনু আয়ত করিয়া, তীক্ষ্ণবিষ সর্পের ন্যায় অনেক নিশিত বাণ নিক্ষেপ করিল ॥২৫॥

তখন অর্জ্জুন হস্তস্থিত জ্বলৎকাষ্ঠ এবং উৎকৃষ্ট চর্ম্ম (ঢাল) ঘুরাইতে থাকিয়া সত্বরই অঙ্গারপর্ণের সমস্ত বাণ ব্যর্থ করিয়া দিলেন ॥২৬॥

পরে, অর্জ্জুন বলিলেন—"গন্ধর্ব্ব! অস্ত্রজ্ঞদিগের প্রতি তোমাদের এই ভয়প্রদর্শন সফল হয় না; কেন না, অস্ত্রজ্ঞদিগের প্রতি এইরূপ ভয়প্রদর্শন করিলে, তাহা ফেনের ন্যায় লয় পাইয়া যায় ॥২৭॥

গন্ধর্ব্ব! সকল গন্ধর্ব্বকেই মানুষ অপেক্ষা প্রবল দেখিতে পাই। অতএব আমি তোমার সহিত স্বর্গীয় অস্ত্র দ্বারাই যুদ্ধ করিব, কিন্তু মায়া দ্বারা নহে ॥২৮॥

পুরাস্ত্রমিদমাগ্নেয়ং প্রাদাৎ কিল বৃহস্পতিঃ।
ভরদ্বাজায় গন্ধর্ব ! গুরুর্মান্যঃ শতক্রতোঃ ॥২৯॥
ভরদ্বাজাদগ্নিবেশ্যো হ্যগ্নিবেশ্যাদ্‌গুরুর্মম।
সাধ্বিদং মহ্যমদদদ্রোণো ব্রাহ্মণসত্তমঃ ॥৩০॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা পাণ্ডবঃ ক্রুদ্ধো গন্ধর্বায় মুমোচ হ।
প্রদীপ্তমস্ত্রমাগ্নেয়ং দদাহাস্য রথন্তু তৎ ॥৩১॥
বিরথং বিপ্লুতং তন্তু স গন্ধর্ব্বং মহাবলম্।
অস্ত্রতেজঃপ্রমূঢ়ঞ্চ প্রপতন্তমবাঙ্মুখম্ ॥৩২॥
শিরোরুহেষু জগ্রাহ মাল্যবৎসু ধনঞ্জয়ঃ।
ভ্রাতৄন্ প্রতি চকর্ষাথ সোঽস্ত্রপাতাদচেতসম্ ॥৩৩॥ যুগ্মকম্

ভারতকৌমুদী

পুরেতি। শতক্রতোরিন্দ্রস্য গুরুঃ, অতএব তস্যাপি মান্যঃ। ততশ্চাস্যাবার্যত্বম্ ॥২৯॥

ভরেতি। প্রথমার্দ্ধে প্রাপ্তবানিতি শেষঃ। সাধু সম্যক্ ॥৩০॥

ইতীতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। তদাগ্নেয়মস্ত্রং কর্তৃ। অস্য অঙ্গারপর্ণস্য ॥৩১॥

বিরথমিতি। বিপ্লুতং বিহ্বলম্। স ধনঞ্জয়ঃ। অস্ত্রতেজসা প্রমূঢ়ং মূর্চ্ছিতম্। মাল্যবৎসু পুষ্পমালাশোভিতেষু, শিরোরুহেষু কেশেষু। অচেতসং সংজ্ঞাহীনম্ ॥৩২—৩৩॥

ভারতভাবদীপঃ

মায়ুধপাতত্রাণম্। বাপোঽহত অপসারিতবান্ ॥২৬॥ মানুষানিতি মানুষাধিকান্ লক্ষয়ে

গন্ধর্ব ! দেবরাজের গুরু ও মাননীয় স্বয়ং বৃহস্পতি পূর্ব্বকালে এই আগ্নেয় অস্ত্র মহর্ষি ভরদ্বাজকে দিয়াছিলেন ॥২৯॥

ভরদ্বাজ হইতে অগ্নিবেশ্য এবং অগ্নিবেশ্য হইতে আমার গুরু দ্রোণ ইহা পাইয়াছিলেন ; সেই ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ আবার আমাকে ইহা দান করিয়াছেন” ॥৩০॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন এই কথা বলিয়া, ক্রুদ্ধ হইয়া, সেই প্রজ্বলিত আগ্নেয় অস্ত্র গন্ধর্ব্বের প্রতি নিক্ষেপ করিলেন ; সেই অস্ত্র গন্ধর্ব্বের রথখানা দগ্ধ করিল ॥৩১॥

তখন মহাবলশালী সেই গন্ধর্ব্ব রথহীন, বিহ্বল এবং অস্ত্রের তেজে অচৈতন্য হইয়া অধোমুখে পড়িতে লাগিল ; সেই সময়ে অর্জ্জুন যাইয়া তাহার পুষ্পমালাশোভিত কেশকলাপ ধারণ করিলেন এবং অস্ত্রাঘাতে অচৈতন্য সেই গন্ধর্ব্বকে ভ্রাতৃগণের দিকে আকর্ষণ করিয়া আনিতে লাগিলেন ॥৩২—৩৩॥

যুধিষ্ঠিরং তস্য ভার্য্যা প্রপেদে শরণার্থিনী।
নাম্না কুম্ভীনসী নাম পতিত্রাণমভীপ্সতী ॥৩৪॥

গন্ধর্ব্ব্যুবাচ।

ত্রায়স্ব মাং মহাভাগ! পতিঞ্চেমং বিমুঞ্চ মে।
গন্ধর্ব্বীং শরণং প্রাপ্তাং নাম্না কুম্ভীনসীং প্রভো! ॥৩৫॥

যুধিষ্ঠির উবাচ।

যুদ্ধে জিতং যশোহীনং স্ত্রীনাথমপরাক্রমম্।
কো নিহন্যাদ্রিপুং তাত! মুঞ্চেমং রিপুসূদন! ॥৩৬॥

অর্জ্জুন উবাচ।

জীবিতং প্রতিপদ্যস্ব গচ্ছ গন্ধর্ব্ব! মা শুচঃ।
প্রদিশত্যভয়ং তেঽদ্য কুরুরাজো যুধিষ্ঠিরঃ ॥৩৭॥

গন্ধর্ব্ব উবাচ।

জিতোঽহং পূর্ব্বকং নাম মুঞ্চাম্যঙ্গারপর্ণতাম্।
ন চ শ্লাঘে বলেনাঙ্গ! ন নাম্না জনসংসদি ॥৩৮॥

ভারতকৌমুদী

যুধীতি। প্রপেদে প্রাপ্তা। নাম প্রসিদ্ধা। অভীপ্সতী ইচ্ছন্তী। নলোপ আর্ষঃ ॥৩৪॥
ত্রায়স্বেতি। পত্যুর্মোচনেনৈব মম রক্ষণমিতি ভাবঃ ॥৩৫॥
যুদ্ধ ইতি। স্ত্রী ভার্য্যৈব নাথো রক্ষিতা যস্য তম্ ॥৩৬॥
জীবিতমিতি। প্রতিপদ্যস্ব লভস্ব। মা শুচঃ পরাভবদশায়াং শোকং ন কুরু ॥৩৭॥

তখন কুম্ভীনসীনাম্নী সেই গন্ধর্ব্বের ভার্য্যা পতির প্রাণ রক্ষা করিবার ইচ্ছায় তৎক্ষণাৎ যাইয়া যুধিষ্ঠিরের শরণাপন্ন হইল ॥৩৪॥

গন্ধর্ব্বী বলিল—"হে প্রভো! হে মহাত্মন্! আপনি আমাকে রক্ষা করুন, আমার এই পতিকে ছাড়িয়া দিন; আমিও গন্ধর্ব্বী, আমার নাম কুম্ভীনসী, আমি আপনার শরণাগত।" ॥৩৫॥

যুধিষ্ঠির বলিলেন—"যুদ্ধে জয় করায় যাহার যশ নাই, পরাক্রম নাই এবং স্ত্রীমাত্রই রক্ষক, সে শত্রুকে কোন্ ব্যক্তি বধ করে? অতএব অর্জ্জুন ইহাকে তুমি ছাড়িয়া দাও" ॥৩৬॥

অর্জ্জুন বলিলেন—"গন্ধর্ব্ব! জীবন লাভ কর এবং চলিয়া যাও, শোক করিও না। কুরুরাজ যুধিষ্ঠির আজ তোমাকে অভয় দিয়াছেন" ॥৩৭॥

(৩৫) ইতঃ পরম্ 'দৃষ্ট্বোবাচ মহাবাহুঃ ফাল্গুনং বৈ যুধিষ্ঠিরঃ' ইত্যর্দ্ধমধিকং ক্বচিৎ।
(৩৮)…ন চ শ্লাঘে বলেনাস্ত…।

সাধ্বিমং লব্ধবাল্লাঁভং যোঽহং দিব্যাস্ত্রধারিণম্ ।
গান্ধর্ব্ব্যা মায়য়েচ্ছামি সংযোজয়িতুমর্জ্জুনম্ ॥৩৯॥
অস্ত্রাগ্নিনা বিচিত্রোঽয়ং দগ্ধো মে রথ উত্তমঃ ।
সোঽহং চিত্ররথো ভূত্বা নাম্না দগ্ধরথোঽভবম্ ॥৪০॥
সম্ভৃতা চৈব বিদ্যেয়ং তপসেহ ময়া পুরা ।
নিবেদয়িষ্যে তামস্য প্রাণদায় মহাত্মনে ॥৪১॥
সংস্তম্ভয়িত্বা তরসা জিতং শরণমাগতম্ ।
যো রিপুং যোজয়েৎ প্রাণৈং কল্যাণঃ কিং ন সোঽর্হতি ॥৪২॥

ভারতকৌমুদী

জিত ইতি। অঙ্গারো জ্বলৎকাষ্ঠং তদ্বৎ পর্ণং বাহনং রথো যস্য সঃ অঙ্গারপর্ণস্তত্তাং তদ্রূপমিত্যর্থঃ, পূর্ব্বকং পূর্ব্ববত্তি। শ্লাঘে আত্মগৌরবং করোমি। অঙ্গেতি সম্বোধনে ॥৩৮॥

সাধ্বিতি। লাভং লাভবদেব সুখম্। যুধিষ্ঠিরঃ প্রদিশতীত্যনেনাস্মমানাদর্জ্জুনমিত্যুক্তম্ ॥৩৯॥

অস্ত্রেতি। দগ্ধরথো ভূত্বা, নাম্না চিত্ররথঃ অভবমিত্যন্বয়ঃ ॥৪০॥

সম্ভৃতেতি। সম্ভৃতা প্রাপ্তা। নিবেদয়িষ্যে জ্ঞাপয়িষ্যামি ॥৪১॥

সমিতি। তরসা বলেন, সংস্তম্ভয়িত্বা সংজ্ঞালোপেন স্তব্ধীকৃত্য ॥৪২॥

ভারতভাবদীপঃ

অস্ত্রো দিব্যেনাস্ত্রেণ যোৎস্যে ॥২৭—৩১॥ বিপ্লুতং রথাচ্যুতম্, অতএব প্রমূঢ়ম্ ॥৩২—৩৫॥ স্ত্রী নাথো রক্ষিতা যস্যা তম্ ॥৩৬—৩৭॥ অঙ্গারবৎ ভাস্বরং দুঃস্পর্শঞ্চ পর্ণং বাহনং রথো যস্য সোঽঙ্গারপর্ণস্তস্য ভাবস্তত্তাম্ ॥৩৮॥ লাভং লাভবৎসুখদং সখায়ম্ ॥৩৯—৪০॥ সংভৃতা

গন্ধর্ব্ব বলিল—"আমি পরাজিত হইয়াছি বলিয়া পূর্ব্বের 'অঙ্গারপর্ণ' নাম পরিত্যাগ করিলাম; আর লোকসভায় শক্তি বা নাম দ্বারা আত্মশ্লাঘা করিব না ॥৩৮॥

আমি এটা ভাল লাভ করিলাম যে, আমি দিব্যাস্ত্রধারী অর্জ্জুনকে গান্ধর্ব্বী মায়ায় সংযুক্ত করিবার ইচ্ছা করিতে পারিতেছি ॥৩৯॥

অস্ত্রাগ্নি আমার এই বিচিত্র উত্তম রথখানিকে দগ্ধ করিয়া দিয়াছে; সুতরাং আমি দগ্ধরথ হইয়া নামতঃ 'চিত্ররথ' হইলাম ॥৪০॥

আমি পূর্ব্বে তপস্যা দ্বারা এই বিদ্যাটী লাভ করিয়াছিলাম; আজ তাহা প্রাণদাতা মহাত্মাকে দান করিব ॥৪১॥

যিনি আপন শক্তিতে জয় করিয়া শত্রুকে স্তব্ধ করিয়াছিলেন, পরে আবার

---

(৪০)…রথসত্তমঃ।

চাক্ষুষী নাম বিদ্যেয়ং যাং সোমায় দদৌ মনুঃ।
দদৌ স বিশ্বাবসবে মম বিশ্বাবসুর্দদৌ ॥৪৩॥
সেয়ং কাপুরুষপ্রাপ্তা গুরুদত্তা প্রণশ্যতি।
আগমোঽস্যা ময়া প্রোক্তো বীর্য্যং প্রতিনিবোধ মে ॥৪৪॥
যচ্চক্ষুষা দ্রষ্টুমিচ্ছেস্ত্রিষু লোকেষু কিঞ্চন।
তৎ পশ্যেদ্‌যাদৃশঞ্চেচ্ছেত্তাদৃশং দ্রষ্টুমর্হতি ॥৪৫॥
একপাদেন ষণ্মাসান্ স্থিতো বিদ্যাং লভেদিমাম্।
অনুনেষ্যাম্যহং বিদ্যাং স্বয়ং তুভ্যং ব্রতেঽকৃতে ॥৪৬॥
বিদ্যয়া হ্যনয়া রাজন্! বয়ং নৃভ্যো বিশেষিতাঃ।
অবিশিষ্টাশ্চ দেবানামনুভাবপ্রদর্শিনঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

চাক্ষুষীতি। সোমায় চন্দ্রায়। বিশ্বাবসুর্নাম গন্ধর্ব্বঃ ॥৪৩॥

সেতি। প্রণশ্যতি নিষ্ফলা ভবতি। আগমঃ পরম্পরয়া প্রাপ্তিঃ। বীর্য্যং শক্তিম্ ॥৪৪॥

যদিতি। যাদৃশং যদ্‌যদ্ধর্ম্মবিশিষ্টম্। তাদৃশং তত্তদ্ধর্ম্মবিশিষ্টম্ ॥৪৫॥

একেতি। ব্রতে একপাদেন ষণ্মাসস্থিতিরূপে নিয়মে, ত্বয়া অকৃতেঽপি, স্বয়মেবাহম্, তুভ্যম্, অনুনেষ্যামি প্রাপয়িষ্যামি দাস্যামীত্যর্থঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

অজ্জিতা তপসা ॥৪১॥ প্রাণৈর্যোজয়েৎ ন হন্যাৎ ॥৪২—৪৪॥ যদিতি। তৎ ধর্ম্মিস্বরূপং পশ্যেৎ, যাদৃশং যদ্ধর্ম্মবিশিষ্টং সামান্যতো বিশেষতশ্চ সর্ব্বং সর্ব্বাবস্থং বস্তু সর্ব্বদা সসঙ্কল্পানুসারেণ পশ্যেদিত্যর্থঃ ॥৪৫॥ অনুনেষ্যামি পশ্চাৎ প্রাপয়িষ্যামি ॥৪৬॥ বিশেষিতাঃ বিশিষ্টাঃ,

---

সেই শত্রু শরণাগত হইলে তাহাকে প্রাণ দান করিয়াছেন, তিনি কোন মঙ্গলকর বস্তু না পাইতে পারেন ? ॥৪২॥

এই বিদ্যার নাম—'চাক্ষুষী', যাহা মনু চন্দ্রকে দিয়াছিলেন, চন্দ্র বিশ্বাবসুকে দিয়াছিলেন, বিশ্বাবসু আবার আমাকে দিয়াছেন ॥৪৩॥

গুরুপ্রদত্ত এই বিদ্যা কাপুরুষের নিকট গেলে বিনষ্ট হইয়া যায়। ইহার প্রাপ্তির বিষয় আমি বলিলাম ; এখন শক্তির বিষয় শ্রবণ করুন ॥৪৪॥

লোক ত্রিভুবনের মধ্যে যাহা কিছু দেখিতে ইচ্ছা করিবে, এই বিদ্যার প্রভাবে তাহাই দেখিতে পাইবে এবং যে-রকম দেখিতে ইচ্ছা করিবে, সেই রকমই দেখিতে পারিবে ॥৪৫॥

ছয় মাস যাবৎ এক পায় দাঁড়াইয়া থাকিয়া এই বিদ্যা লাভ করিতে পারে ; কিন্তু আপনি এ ব্রত না করিয়া থাকিলেও আমি নিজেই আপনাকে এই বিদ্যা দিব ॥৪৬॥

গন্ধর্ব্বজানামশ্বানামহং পুরুষসত্তম ! ।
ভ্রাতৃভ্যস্তব তুভ্যঞ্চ পৃথগ্ দাতা শতং শতম্ ॥৪৮॥
দেব ! গন্ধর্ব্ববাহাস্তে দিব্যবর্ণা মনোজবাঃ ।
ক্ষীণাক্ষীণা ভবন্ত্যেতে ন হীয়ন্তে চ রংহসঃ ॥৪৯॥
পুরা কৃতং মহেন্দ্রস্য বজ্রং বৃত্রনিবর্হণম্ ।
দশধা শতধা চৈব তচ্ছীর্ণং বৃত্রমূর্দ্ধনি ॥৫০॥
ততো ভাগীকৃতো দেবৈর্ব্বজ্রভাগ উপাস্যতে ।
লোকে যশোধনং কিঞ্চিৎ সা বৈ বজ্রতনুঃ স্মৃতা ॥৫১॥

ভারতকৌমুদী

বিদ্যয়েতি। নৃভ্যো মনুষ্যেভ্যঃ, বিশেষিতা অধিকীকৃতাঃ। অবশিষ্টাঃ সমানাঃ, অনুভাবপ্রদর্শিনঃ প্রভাবপ্রদর্শনক্ষমাঃ। "অনুভাবঃ প্রভাবেঽপি" ইত্যমরঃ ॥৪৭॥

গন্ধর্ব্বেতি। গন্ধর্ব্বজানাং তদ্দেশজাতানাম্। দাতা দাস্যামি। তৃন্প্রত্যয়ঃ ॥৪৮॥

দেবেতি। হে দেব! রাজন্! রাজপুত্রেতি যাবৎ, গন্ধর্ব্বাণাং বাহা অশ্বাঃ। ক্ষীণাক্ষীণাঃ প্রয়োজনানুসারেণ কৃশা অকৃশাশ্চ। রংহসো বেগাৎ, ক্ষীণত্বেঽপি ন হীয়ন্তে ॥৪৯॥

তদশ্বোৎকর্ষং বক্তুমুপক্রমতে—পুরেতি। বৃত্রনিবর্হণং বৃত্রাসুরনাশকম্। দশধা শতধা দশগুণিতশতধা সহস্রধেত্যর্থঃ, শীর্ণং ভগ্নম্ ॥৫০॥

ভারতভাবদীপঃ

অবশিষ্টাস্তুল্যাঃ, অনুভাবস্য আকাশগমনাদৃশ্যত্বাদেঃ প্রদর্শিনো দর্শনশীলাঃ ॥৪৭—৪৮॥ ক্ষীণাশ্চ অক্ষীণাশ্চ ক্ষীণাক্ষীণাঃ বৃদ্ধা অক্ষীণাস্তরুণা বা এতে ন ভবন্তি, রংহসো বেগাচ্চ ন হীয়ন্তে ইতি নকারানুষঙ্গেণ যোজ্যম্। "ক্ষীণাঃ ক্ষীণা" ইতি পাঠে সমর্থাঃ অসমর্থা ইত্যর্থঃ, ঐশ্বর্য্যার্থস্য ক্ষতেঃ কর্ত্তরি নিষ্ঠায়াং দৈর্ঘ্যং ণত্বঞ্চ। এতে রংহসো বেগাতিশয়াৎ ন হীয়ন্তে অপি তু অধিকমধিকং সমর্থা ভবন্তীত্যর্থঃ। রংহসো বেগাৎ ॥৪৯॥ অশ্বোৎপত্তিমাহ—চতুর্ভিঃ পুরেতি ॥৫০॥ ভাগীকৃতঃ শীর্ণত্বাদনেকধাভূতো বজ্রভাগঃ তেষু তেষু স্থানেষু দেবৈরুপাস্যতে।

রাজপুত্র! আমরা এই বিদ্যার গুণেই মনুষ্য হইতে শ্রেষ্ঠ হইয়াছি এবং দেবগণের সমানই প্রভাব দেখাইতে পারি ॥৪৭॥

হে পুরুষশ্রেষ্ঠ! আমি আপনার ভ্রাতৃগণকে এবং আপনাকে পৃথক্ পৃথক্ ভাবে এক শত করিয়া গন্ধর্ব্বদেশীয় অশ্ব দান করিব ॥৪৮॥

রাজপুত্র! গন্ধর্ব্বদেশীয় সেই অশ্বগুলি সুন্দরবর্ণ, মনের ন্যায় বেগবান্ এবং প্রয়োজন অনুসারে ক্ষীণ ও অক্ষীণ হইতে পারে, আর কখনও বেগভ্রষ্ট হয় না ॥৪৯॥

পূর্ব্বকালে বৃত্রাসুরবধের জন্যে ইন্দ্রের বজ্র নির্ম্মিত হইয়াছিল; পরে তাহা বৃত্রাসুরেরই মস্তকে পতিত হইয়া সহস্রভাগে বিভক্ত হইয়াছিল ॥৫০॥

বজ্রপাণির্ব্রাহ্মণঃ স্যাৎ ক্ষত্রং বজ্ররথং স্মৃতম্।
বৈশ্যা বৈ দানবজ্রাশ্চ কর্ম্মবজ্রা যবীয়সঃ ॥৫২॥
ক্ষত্রবজ্রস্য ভাগেন অবধ্যা বাজিনঃ স্মৃতাঃ।
রথাঙ্গং বড়বা সূতে শূরাশ্চাশ্বেষু যে মতাঃ ॥৫৩॥
কামবর্ণাঃ কামজবাঃ কামতঃ সমুপস্থিতাঃ।
ইতি গন্ধর্ব্বজাঃ কামং পূরয়িষ্যন্তি মে হয়াঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ভাগীকৃতো বৃত্রমূর্দ্ধৈব খণ্ডখণ্ডীকৃতঃ। যশোধনমুৎকৃষ্টম্ ॥৫১॥

বজ্রেতি। বজ্রমুৎকৃষ্টং হবিঃ পাণৌ যস্য সঃ। বজ্রং উৎকৃষ্টজয়সাধকো রথো যস্য তৎ। দানমেব বজ্রমুৎকৃষ্টং যেষাং তে। যবীয়সো যবীয়াংসঃ কনিষ্ঠাঃ শূদ্রাঃ, কর্ম্ম দ্বিজসেবৈব বজ্রমুৎকৃষ্টং যেষাং তে। হবিঃপ্রদানাদিনা পাণ্যাদয় এব ব্রাহ্মণাদীনাং বজ্রা বা ॥৫২॥

ক্ষত্রেতি। উক্তরীত্যা ক্ষত্রস্য বজ্রং রথস্তস্য ভাগেন চালকতয়া অংশভূতত্বেন হেতুনা, বাজিনোঽশ্বাঃ, অবধ্যা অনায়াসেন হন্তুমশক্যাঃ। কে তে ইত্যাহ—বড়বা অশ্বা ন পুনরশ্বতরীত্যর্থঃ, যং রথাঙ্গমশ্বম্, সূতে, অশ্বেষু মধ্যে যে চ শূরাঃ ॥৫৩॥

কামেতি। কামবর্ণা ইচ্ছানুসারেণ বর্ণধারিণ ইত্যর্থঃ। এবমন্যত্রাপি। গন্ধর্ব্বজা গন্ধর্ব্বদেশজাতাঃ, যে মম, হয়া অশ্বাঃ, ইতি পূর্ব্বোক্তেভ্যো হেতুভ্যঃ, তব কামং পূরয়িষ্যন্তি ॥৫৪॥

ভারতভাবদীপঃ

স্তাবকত্বেন সামান্যতো বিশেষতশ্চাহ—লোকে ইতি। যশোধনম্ উৎকৃষ্টং স্পৃহণীয়ম্; সৈব বজ্রতঃ বজ্রস্য স্বরূপম্। সৈবেতি বিধেয়লিঙ্গাপেক্ষয়া স্ত্রীত্বম্। "তপো পয়সি দধ্যানয়তি সা স্থানেষু বৈশ্বদেবান্নিক" ইতিবৎ ॥৫১॥ ব্রাহ্মণস্য পাণিঃ হবিঃপ্রদানাৎ বজ্রং, ইতরেষাম্ অতিজ্যাভাবেন হবিঃপ্রক্ষেপানর্হত্বাৎ; অতঃ স দেবৈরুপাস্যতে। রথো হি দেবব্রাহ্মণদ্বিষাং নাশহেতুত্বাৎ বজ্রং দেবোপাস্যম্। দানকর্ম্মণোরপি ব্রহ্মক্ষত্রপ্রীতিকরত্বাৎ বজ্রত্বম্। তেন বজ্রবন্তো ব্রাহ্মণাদয়ো দেবৈরুপজীব্যাস্ত ইত্যর্থঃ ॥৫২॥ প্রকৃতে কিমায়াতং তদাহ—ক্ষত্রেতি। ক্ষত্রবজ্রস্য রথস্যস্য ভাগেন অংশত্বেন অবধ্যা অবধিভূতাঃ বাজিনো বেগবন্তঃ। রথস্য বজ্রত্বে অশ্বোৎকর্ষ এব মুখ্যং কারণং ন ধ্বজাদিকমিত্যর্থঃ। রথাঙ্গং রথচালকম্। বড়বা অশ্বা। যে শূরাস্তে চ রথাঙ্গম্। রথিনা তুল্যোঽশ্ব ইত্যর্থঃ ॥৫৩॥ স্বীয়েষশ্বেষু বিশেষমাহ—কামেতি।

তদবধি দেবতারা সেই ক্ষুদ্র ক্ষুদ্র বজ্রখণ্ডগুলির আদর করিয়া আসিতেছেন। জগতে যাহা কিছু উৎকৃষ্ট আছে, সে সমস্তই বজ্রের অংশ ॥৫১॥

ব্রাহ্মণের হাত বজ্র, ক্ষত্রিয়ের রথ বজ্র, বৈশ্যের দান বজ্র এবং শূদ্রের সেবা বজ্র ॥৫২॥

অশ্বা যে অশ্বকে প্রসব করে, কিংবা অশ্বের মধ্যে যেগুলি বীর, সেগুলি ক্ষত্রিয়ের বজ্রস্বরূপ রথের অংশ; সুতরাং সেগুলিকে অনায়াসে বধ করা যায় না ॥৫৩॥

অর্জ্জুন উবাচ।

যদি প্রীতেন মে দত্তং সংশয়ে জীবিতস্য বা।
বিদ্যা ধনং শ্রুতং বাপি ন তদ্‌গন্ধর্ব্ব ! রোচয়ে ॥৫৫॥

গন্ধর্ব্ব উবাচ।

সংযোগো বৈ প্রীতিকরো মহৎসু প্রতিদৃশ্যতে।
জীবিতস্য প্রদানেন প্রীতো বিদ্যাং দদামি তে ॥৫৬॥
ত্বত্তোঽপ্যহং গ্রহীষ্যামি অস্ত্রমাগ্নেয়মুত্তমম্।
তথৈব সখ্যং বীভৎসো ! চিরায় ভরতর্ষভ ! ॥৫৭॥

অর্জ্জুন উবাচ।

ত্বত্তোঽহস্ত্রেণ বৃণোম্যশ্বান্ সংযোগঃ শাশ্বতোঽস্তু নৌ।
সখে ! তদ্‌ব্রূহি গন্ধর্ব্ব ! যুষ্মদ্ভ্যো যদ্ভয়ং ভবেৎ ॥৫৮॥

ভারতকৌমুদী

যদীতি। জীবিতস্য সংশয়ে স্থিতেন বেত্যর্থঃ। বিদ্যা উক্তরূপা, শ্রুতং ধনম্ উক্তরূপা অশ্বাঃ, শ্রুতং শাস্ত্রং বা। তৎ সর্ব্বমহং নেতুং ন রোচয়ে, প্রতিদানাশক্তত্বাদিতি ভাবঃ ॥৫৫॥

সংযোগ ইতি। ত্বয়া মহ্যং জীবনং দত্তম্, অহমপি তুভ্যং বিদ্যাদিকং দদামীতি ভাবঃ ॥৫৬॥

অথ সতো জীবনস্য ময়া কথং দানং সম্ভবতীত্যাহ—ত্বত্ত ইতি। চিরায় সখ্যম্ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

গন্ধর্ব্বজাঃ গন্ধর্ব্বলোকজাঃ ॥৫৪॥ প্রীতেন দত্তমপি প্রতিপ্রদানমন্তরেণ ন রোচয়ে। "দদাতি প্রতিগৃহ্লাতি গুহ্যমাখ্যাতি পৃচ্ছতি। ভুঙ্‌ক্তে ভোজয়তে চৈব ষড়্‌বিধং প্রীতিলক্ষণম্ ॥"

আমাদের গন্ধর্ব্বদেশীয় অশ্বগুলি ইচ্ছানুসারে রূপ ধরিতে পারে, ইচ্ছানুসারে বেগবান্ হইতে পারে এবং ইচ্ছানুসারে উপস্থিত হইতে পারে ; অতএব অবশ্যই সেগুলি আপনার অভিলাষ পূর্ণ করিবে" ॥৫৪॥

অর্জ্জুন বলিলেন—"গন্ধর্ব্ব ! আপনি সন্তুষ্ট হইয়া, অথবা জীবনে সংশয়াপন্ন হইয়া আমাকে যে বিদ্যা, ধন এবং উপদেশ দিতে উদ্যত হইয়াছেন, তাহার প্রতিদান করিতে পারিব না বলিয়া তাহা আমি গ্রহণ করিতে ইচ্ছা করি না" ॥৫৫॥

গন্ধর্ব্ব বলিল—"প্রধান লোকের সংসর্গই সন্তোষজনক হয়, ইহা দেখা যায়। সে যাহা হউক, আপনি আমাকে জীবন দিয়াছেন, আমি সন্তুষ্ট হইয়া তাহার পরিবর্ত্তে চাক্ষুষী বিদ্যা দিতেছি ॥৫৬॥

হে ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন ! আমিও আপনার নিকট হইতে উত্তম আগ্নেয় অস্ত্র এবং চিরস্থায়ী সখিত্ব গ্রহণ করিব" ॥৫৭॥

(৫৭)···তথৈব যোগ্যং বীভৎসো !···

কারণং ব্রূহি গন্ধর্ব্ব! কিং তদ্‌যেন স্ম ধর্ষিতাঃ।
যান্তো বেদবিদঃ সর্ব্বে সন্তো রাত্রাবরিন্দমাঃ ॥৫৯॥

গন্ধর্ব্ব উবাচ।

অনগ্নয়োঽনাহুতয়ো ন চ বিপ্রপুরস্কৃতাঃ।
যূয়ং ততো ধর্ষিতাঃ স্থ ময়া বৈ পাণ্ডুনন্দনাঃ ॥৬০॥
যক্ষরাক্ষসগন্ধর্ব্বাঃ পিশাচোরগদানবাঃ।
বিস্তরং কুরুবংশস্য ধীমন্তঃ কথয়ন্তি তে ॥৬১॥
নারদপ্রভৃতীনাস্তু দেবর্ষীণাং ময়া শ্রুতম্।
গুণান্ কথয়তাং বীর! পূর্ব্বেষাং তব ধীমতাম্ ॥৬২॥

ভারতকৌমুদী

স্বস্ত ইতি। অস্ত্রেণ আগ্নেয়াস্ত্রদানেন। বৃণোমি গৃহ্লামি। সংযোগঃ সখ্যম্, শাশ্বতশ্চিরস্থায়ী, নৌ আবয়োঃ। যুষ্মভ্যো যুষ্মৎ। অদাদেশাভাব আর্ষঃ ॥৫৮॥

কারণমিতি। বয়ং সর্ব্ব এব বেদবিদঃ অরিন্দমাশ্চ সন্তঃ, রাত্রৌ যান্ত এব যেন ত্বয়া ধর্ষিতা আক্রান্তাঃ, তত্তদীয়ং কারণং ব্রূহি ॥৫৯॥

অনেতি। অনগ্নয়ো বিবাহাকরণাত্ত্রাপাপ্তাপিতাগ্নয়ঃ, অনাহুতয়ঃ অগ্ন্যাপাদনাহুতয়ঃ, বিপ্রঃ পুরস্কৃতঃ অগ্রগামীকৃতো যৈস্তে তাদৃশাশ্চ ন ॥৬০॥

যক্ষেতি। বিস্তরম্ অনন্যসাধারণকর্ম্মণা তৎকীর্ত্তীনাঞ্চ বাহুল্যম্ ॥৬১॥

ভারতভাবদীপঃ

ইত্যুক্তেঃ। অন্যথা মম ঋণিত্বং স্যাদিতি ভাবঃ। পক্ষান্তরে তু মম যশোহানিঃ ॥৫৫॥ আস্তং পক্ষমাদত্তে সংযোগ ইত্যাদিনা ॥৫৬—৫৭॥ যুষ্মভ্যো যুষ্মত্তঃ, যং যস্মাদ্ধেতোঃ ॥৫৮—৫৯॥

অর্জ্জুন বলিলেন—"গন্ধর্ব্ব! আমি তোমাকে অস্ত্র দান করিয়া তোমার নিকট হইতে অশ্ব গ্রহণ করিব, আর আমাদের চিরস্থায়ী সখ্য হউক। কিন্তু সখে! তোমাদের নিকট হইতে মানুষের যে ভয় হয়, তাহার কারণ কি বল ॥৫৮॥

গন্ধর্ব্ব! আমরা সকলেই বেদজ্ঞ ও শত্রুদমনকারী হইয়াও রাত্রিতে চলিতে থাকিয়াই তোমাকর্তৃক যে আক্রান্ত হইলাম, তাহার কারণ কি, বল" ॥৫৯॥

গন্ধর্ব্ব বলিল—"পাণ্ডবগণ! তোমরা অগ্নি স্থাপন কর নাই, বা অন্য অগ্নিতেও আহুতি দাও নাই, কিংবা ব্রাহ্মণকেও সম্মুখে করিয়া চল নাই, তাহাতেই আমাকর্তৃক আক্রান্ত হইয়াছিলে ॥৬০॥

সখে! বুদ্ধিমান্ যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ ও দানবগণ তোমার কুরুবংশের বহু বৃত্তান্ত বলিয়া থাকে ॥৬১॥

স্বয়ঞ্চাপি ময়া দৃষ্টশ্চরতা সাগরাম্বরাম্ ।
ইমাং বসুমতীং কৃৎস্নাং প্রভাবঃ সুকুলস্য তে ॥৬৩॥
বেদে ধনুষি চাচার্য্যমভিজানামি তেঽর্জ্জুন ! ।
বিশ্রুতং ত্রিষু লোকেষু ভারদ্বাজং যশস্বিনম্ ॥৬৪॥
ধর্ম্মং বায়ুঞ্চ শক্রঞ্চ বিজানাম্যশ্বিনৌ তথা ।
পাণ্ডুঞ্চ কুরুশার্দ্দূল ! ষড়েতান্ কুরুবর্দ্ধনান্ ।
পিতৄনেতানহং পার্থ ! দেবমানুষসত্তমান্ ॥৬৫॥
বিদ্যাত্মানো মহাত্মানঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরাঃ ।
ভবন্তো ভ্রাতরঃ শূরাঃ সর্ব্বে সুচরিতব্রতাঃ ॥৬৬॥
উত্তমাঞ্চ মনোবুদ্ধিং ভবতাং ভাবিতাত্মনাম্ ।
জানন্নপি চ বঃ পার্থ ! কৃতবানিহ ধর্ষণান্ ॥৬৭॥

ভারতকৌমুদী

নারদেতি। তব পূর্ব্বেষাং পূর্ব্বপুরুষাণাম্ ॥৬২॥

স্বয়মিতি। সুকুলস্য সদ্বংশস্য তত্রোৎপন্নপূর্ব্বপুরুষগণস্যেত্যর্থঃ ॥৬৩॥

বেদ ইতি। আচার্য্যং শিক্ষকম্। বিশ্রুতং বিখ্যাতম্। ভারদ্বাজং দ্রোণম্ ॥৬৪॥

ধর্ম্মমিতি। শক্রমিন্দ্রম্। দেবসত্তমা ধর্ম্মাদয়ঃ পঞ্চ, মানুষসত্তমশ্চ পাণ্ডুঃ। বিজানামি লোকপরম্পরয়া শ্রবণাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥

বিদ্যেতি। বিদ্যা আত্মনি যেষাং তে। সুচরিতং ব্রতং ব্রহ্মচর্য্যং যৈস্তে ॥৬৬॥

ভারতভাবদীপঃ

অনগ্নয়ো দারহীনত্বাৎ। অনাহুতয়ঃ সমাবৃতত্বাৎ। আশ্রমবিশেষহীনঃ অব্রাহ্মণো ধর্ষণীয়

বীর ! জ্ঞানী নারদপ্রভৃতি দেবর্ষিগণ যখন তোমার পূর্ব্বপুরুষগণের গুণকীর্ত্তন করেন, তখন আমি তাহা শুনিয়াছি ॥৬২॥

আর, আমি নিজেও এই সমুদ্রবেষ্টিত সমস্ত পৃথিবী বিচরণ করিতে থাকিয়া তোমার বংশজাত পূর্ব্বপুরুষগণের প্রভাব দেখিয়াছি ॥৬৩॥

অর্জ্জুন ! ত্রিভুবনবিখ্যাত ও যশস্বী দ্রোণ তোমাকে বেদ ও ধনুর্ব্বেদ শিক্ষা দিয়াছেন, ইহা আমি জানি ॥৬৪॥

হে কুরুকুলশ্রেষ্ঠ ! ধর্ম্ম, বায়ু, ইন্দ্র এবং অশ্বিনীকুমারদ্বয়—এই পাঁচ জন দেবশ্রেষ্ঠ, আর মনুষ্যশ্রেষ্ঠ পাণ্ডু, এই কুরুবংশবর্দ্ধক ছয় জন তোমাদের পিতা ইহাও আমি জানি ॥৬৫॥

আর, তোমরা সব কয়টী ভাইই যথানিয়মে ব্রহ্মচর্য্যব্রত করিয়াছ, বিদ্বান্ হইয়াছ এবং উদারচেতা ও সকল অস্ত্রজ্ঞের মধ্যে প্রধান বীর হইয়াছ ॥৬৬॥

(৬৩)···প্রভাবঃ স্বকুলস্য তে।

স্ত্রীসকাশে চ কৌরব্য! ন পুমান্ ক্ষন্তুমর্হতি।
ধর্ষণামাত্মনঃ পশ্যন্ বাহুদ্রবিণমাশ্রিতঃ ॥৬৮॥
নক্তঞ্চ বলমস্মাকং ভূয় এবাভিবর্দ্ধতে।
যতস্ততো মাং কৌন্তেয়! সদারং মন্যুরাবিশৎ ॥৬৯॥
সোঽহং ত্বয়েহ বিজিতঃ সংখ্যে তাপত্যবর্দ্ধন!।
যেন তেনেহ বিধিনা কীর্ত্ত্যমানং নিবোধ মে ॥৭০॥
ব্রহ্মচর্য্যং পরো ধর্ম্মঃ স চাপি নিয়তস্ত্বয়ি।
যস্মাত্তস্মাদহং পার্থ! রণেঽস্মি বিজিতস্ত্বয়া ॥৭১॥
যস্তু স্যাৎ ক্ষত্রিয়ঃ কশ্চিৎ কামবৃত্তঃ পরন্তপ!।
নক্তঞ্চ যুধি যুধ্যেত ন স জীবেৎ কথঞ্চন ॥৭২॥

ভারতকৌমুদী

উক্তমামিতি। মনোযুক্তা বুদ্ধিরিতি মনোবুদ্ধিস্তাম্। মধ্যপদলোপী সমাসঃ ॥৬৭॥
স্ত্রীতি। ধর্ষণামবমাননাম্। বাহুদ্রবিণং বাহুবলম্ ॥৬৮॥
নক্তমিতি। নক্তং রাত্রৌ। মন্যুঃ ক্রোধঃ ॥৬৯॥
স ইতি। সংখ্যে যুদ্ধে। যেন তদ্বিধানেন ॥৭০॥
ব্রহ্মেতি। নিয়তো নিয়মেন স্থিতঃ ॥৭১॥
য ইতি। কাম এব বৃত্তং ব্যবহারো যস্য সঃ। নক্তং রাত্রৌ ॥৭২॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥৬০—৬৭॥ মনোবুদ্ধিঃ মনঃসহিতা বুদ্ধিঃ সঙ্কল্পনিশ্চয়ৌ, ভাবিতাত্মনাং শোধিত

অর্জ্জুন! তোমাদের মন ও বুদ্ধি ভাল এবং শিক্ষা দ্বারা আত্মাও বিশুদ্ধ হইয়াছে; ইহা আমি জানিয়াও তোমাদিগকে আক্রমণ করিয়াছিলাম ॥৬৭॥

তাহার কারণ এই যে, বাহুবলসম্পন্ন পুরুষ স্ত্রীর সাক্ষাতে নিজের অপমান দেখিয়া সহ্য করিতে পারে না ॥৬৮॥

বিশেষতঃ, রাত্রিতে আমাদের বল অত্যন্ত বৃদ্ধি পাইয়া থাকে; সেই জন্যই আমার ও আমার স্ত্রীর ক্রোধ জন্মিয়াছিল ॥৬৯॥

তথাপি তুমি আমাকে যে কারণে যুদ্ধে জয় করিয়াছ, তাহা আমি যথানিয়মে বলিতেছি, শোন ॥৭০॥

অর্জ্জুন! ব্রহ্মচর্য্যই উৎকৃষ্ট ধর্ম্ম; তাহাও যেহেতু নিয়তভাবে তোমাতে রহিয়াছে, সেই হেতুই তুমি আমাকে যুদ্ধে জয় করিতে পারিয়াছ ॥৭১॥

অর্জ্জুন! যে ক্ষত্রিয় কামপরায়ণ হয়, সে যদি রাত্রিতে যুদ্ধ করে, তবে সে কোন প্রকারেই জীবিত থাকে না ॥৭২॥

যস্তু স্যাৎ কামবৃত্তোঽপি স্যাচ্চ ব্রহ্মপুরস্কৃতঃ।
জয়েন্নক্তঞ্চরান্ সর্ব্বান্ স ধূর্গতপুরোহিতঃ ॥৭৩॥
তস্মাত্তাপত্য! যৎকিঞ্চিন্নৃণাং শ্রেয় ইহেপ্সিতম্।
তস্মিন্ কর্ম্মণি যোক্তব্যা দান্তাত্মানঃ পুরোহিতাঃ ॥৭৪॥
বেদে ষড়ঙ্গে নিরতাঃ শুচয়ঃ সত্যবাদিনঃ।
ধর্ম্মাত্মানঃ কৃতাত্মানঃ স্যুর্নৃপাণাং পুরোহিতাঃ ॥৭৫॥
জয়শ্চ নিয়তো রাজ্ঞঃ স্বর্গশ্চ তদনন্তরম্।
যস্য স্যাদ্ধর্ম্মবিদ্বাগ্মী পুরোধাঃ শীলবান্ শুচিঃ ॥৭৬॥
লাভং লব্ধ্বমলব্ধং বা লব্ধং বা পরিরক্ষিতুম্।
পুরোহিতং প্রকুর্বীত রাজা গুণসমন্বিতম্ ॥৭৭॥
পুরোহিতমতে তিষ্ঠেদ্ য ইচ্ছেদ্ভূতিমাত্মনঃ।
প্রাপ্তুং বসুমতীং সর্ব্বাং সর্ব্বশঃ সাগরাম্বরাম্ ॥৭৮॥

ভারতকৌমুদী

য ইতি। ব্রহ্মা ব্রাহ্মণঃ পুরস্কৃতো যেন সঃ। নক্তঞ্চরান্ রাত্রিচরান্ গন্ধর্ব্বরাক্ষসাদীন্। ধুরং কৌশলাদ্যুপদেশদানভারং গতঃ প্রাপ্তঃ পুরোহিতো যস্য সঃ ॥৭৩॥

তস্মাদিতি। দান্তাত্মানঃ কামবিষয়ান্নিবারিতচিত্তাঃ ॥৭৪॥

বেদ ইতি। শুচয়ঃ পবিত্রাঃ। কৃতাত্মানঃ সর্ব্ববিষয়েষু শিক্ষিতাঃ ॥৭৫॥

জয় ইতি। স্বর্গশ্চ নিয়ত ইতি সম্বন্ধঃ। পুরোধাঃ পুরোহিতঃ ॥৭৬॥

লাভমিতি। লভ্যত ইতি লাভো ধনং তম্। প্রকুর্বীত তদুপদেশাদিলাভায় ॥৭৭॥

কিন্তু যে ক্ষত্রিয় কামপরায়ণ হইয়াও ব্রাহ্মণকে সম্মুখে রাখিয়া যুদ্ধ করে, সে সেই পুরোহিত-ব্রাহ্মণের উপদেশেই সমস্ত রাত্রিচরকে জয় করিতে পারে ॥৭৩॥

অতএব হে তাপত্য! এই জগতে মনুষ্যদিগের যে কিছু মাঙ্গলিক বিষয় অভীষ্ট আছে, তাহাতেই সংযতচিত্ত পুরোহিত নিযুক্ত করিতে হইবে ॥৭৪॥

রাজাদের এমন পুরোহিত হওয়া চাই, যাঁহারা ষড়ঙ্গ বেদে নিরত থাকেন এবং পবিত্র, সত্যবাদী, ধর্ম্মাত্মা ও শিক্ষিত হন ॥৭৫॥

যে রাজার ধর্ম্মজ্ঞ, বাগ্মী, সৎস্বভাব ও পবিত্র পুরোহিত থাকেন, সে রাজার ইহকালেও জয় নিশ্চিত, পরকালেও স্বর্গ নিশ্চিত ॥৭৬॥

রাজা অলব্ধ ধন লাভ করিবার জন্য, কিংবা লব্ধ ধন রক্ষা করিবার জন্য গুণবান্ পুরোহিত নিযুক্ত করিবেন ॥৭৭॥

---

(৭৩)…স চেদ্ব্রহ্মপুরস্কৃতঃ, পার্থ! ব্রহ্মপুরস্কৃতঃ। …স পুরোহিতধূর্গতঃ।

নহি কেবলশৌর্য্যেণ তাপত্যাভিজনেন চ ।
জয়েদব্রাহ্মণঃ কশ্চিদ্ভূমিং ভূমিপতিঃ কচিৎ ॥৭৯॥
তস্মাদেবং বিজানীহি কুরূণাং বংশবর্দ্ধন ! ।
ব্রাহ্মণপ্রমুখং রাজ্যং শক্যং পালয়িতুং চিরম্ ॥৮০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে গন্ধর্ব্বপরাভবো নাম ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

পুরোহিতেতি। ভূতিং সম্পদম্। সর্ব্বশঃ সর্ব্বৈঃ প্রকারৈঃ ॥৭৮॥

নহীতি। অভিজনেন কুলেন। অব্রাহ্মণঃ পুরোহিতব্রাহ্মণরহিতঃ ॥৭৯॥

তস্মাদিতি। ব্রাহ্মণ এব প্রমুখম্ উপদেশাদিনায় অগ্রবর্ত্তী যস্মিংস্তৎ ॥৮০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

চিন্তানাম্ ॥৬৭॥ বাহুদ্রবিণং বাহুবলম্ ॥৬৮—৭১॥ কামবৃত্তঃ কৃতদারঃ ॥৭২—৭৬॥ লাভং লব্ধব্যং ধনম্ ॥৭৭—৮০॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৩॥

—:*:—

যে রাজা নিজের সম্পদ ইচ্ছা করেন এবং সর্ব্বপ্রকারে সমুদ্রবেষ্টিত সমস্ত পৃথিবী জয় করিতে ইচ্ছা করেন, তিনি পুরোহিতের মতে চলিবেন ॥৭৮॥

অর্জ্জুন ! কোন রাজাই পুরোহিত না রাখিয়া কেবল বীরত্বে বা কেবল কৌলীন্যে কখনও রাজ্য জয় করিতে পারেন না ॥৭৯॥

অতএব সখে ! ইহা জানিও যে, ব্রাহ্মণকে সম্মুখে রাখিয়াই চিরকাল রাজ্য পালন করিতে পারা যায়" ॥৮০॥

—:*:—

* '...অষ্টষষ্ট্যধিক...', '...সপ্তত্যধিক...', '...ষড়শীত্যধিক...' ইতি পাঠান্তরাণি ।

চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ

:*:—

অর্জ্জুন উবাচ।

তাপত্য ইতি যদ্বাক্যমুক্তবানসি মামিহ।
তদহং শ্রোতুমিচ্ছামি তাপত্যার্থবিনিশ্চয়ম্ ॥১॥
তপতী নাম কা চৈষা তাপত্যা যৎকৃতে বয়ম্।
কৌন্তেয়া হি বয়ং সাধো! তত্ত্বমিচ্ছামি বেদিতুম্ ॥২॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ স গন্ধর্ব্বঃ কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্।
বিশ্রুতাং ত্রিষু লোকেষু শ্রাবয়ামাস বৈ কথাম্ ॥৩॥

গন্ধর্ব্ব উবাচ।

হন্ত! তে কথয়িষ্যামি কথামেতাং মনোরমাম্।
যথাবদখিলাং পার্থ! সর্ব্ববুদ্ধিমতাং বর! ॥৪॥

ভারতকৌমুদী

তাপত্যসম্বোধনহেতুং জিজ্ঞাসতে—তাপত্য ইতি। তাপত্যার্থস্তাপত্যশব্দার্থো বিনিশ্চীয়তে অনেনেতি তম্ অস্মাসু তাপত্যশব্দপ্রয়োগহেতুমিত্যর্থঃ ॥১॥

তাপত্য ইত্যপত্যার্থপ্রত্যয়াস্ততাবগমাত্তত্র চ পূর্ব্বেষাং পুংসাং নামজ্ঞানাৎ স্ত্রীণাঞ্চ তদজ্ঞানাৎ স্ত্রীত্বেন পৃচ্ছতি—তপতীতি। যৎকৃতে যন্নিমিত্তে। তত্ত্বম্ অস্মাসু তাপত্যত্বম্ ॥২॥

এবমিতি। বিশ্রুতাং বিখ্যাতাম্। কথামুপাখ্যানম্ ॥৩॥

হন্তেতি। হর্ষদ্যোতকমিদম্। হর্ষশ্চ মনোরমকথাকথনারম্ভাদেব ॥৪॥

ভারতভাবদীপঃ

পুরোহিতপ্রসাদাদেব তাপত্যত্বং খ্যাপয়িতুং "তাপত্য" ইতি সম্বোধনং কৃতম্; তদর্থং

অর্জ্জুন বলিলেন—"সখে! তুমি আমার প্রতি যে 'তাপত্য' এইরূপ শব্দ প্রয়োগ করিয়াছ, আমি তাহার কারণ শুনিতে ইচ্ছা করি ॥১॥

তপতী নামে ইনি কে? যাঁহার জন্য আমরা 'তাপত্য' হইয়াছি; বস্তুতঃ আমরা ত 'কৌন্তেয়'। অতএব ইহার তত্ত্ব জানিতে ইচ্ছা করি" ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন এইরূপ বলিলে, সেই গন্ধর্ব্ব অর্জ্জুনকে ত্রিভুবন-বিখ্যাত উপাখ্যান শুনাইতে লাগিল ॥৩॥

গন্ধর্ব্ব বলিল—"অর্জ্জুন! তোমার নিকট এই মনোহর উপাখ্যানটী যথাযথভাবে সম্পূর্ণ ই বলিব ॥৪॥

উক্তবানস্মি যেন ত্বাং তাপত্য ইতি যদ্বচঃ।
তত্তেঽহং কথয়িষ্যামি শৃণুষ্বৈকমনা ভব ॥৫॥
য এষ দিবি ধিষ্ণ্যেন নাকং ব্যাপ্নোতি তেজসা।
এতস্য তপতী নাম বভূব সদৃশী সুতা ॥৬॥
বিবস্বতো বৈ দেবস্য সাবিত্র্যবরজা বিভো!।
বিশ্রুতা ত্রিষু লোকেষু তপতী তপসা যুতা ॥৭॥
ন দেবী নাসুরী চৈব ন যক্ষী ন চ রাক্ষসী।
নাপ্সরা ন চ গন্ধর্ব্বী তথা রূপেণ কাচন ॥৮॥
সুবিভক্তানবদ্যাঙ্গী স্বসিতায়তলোচনা।
স্বাচারা চৈব সাধ্বী চ সুবেশা চৈব ভাবিনী ॥৯॥
ন তস্যাঃ সদৃশং কঞ্চিৎত্রিষু লোকেষু ভারত!।
ভর্ত্তারং সবিতা মেনে রূপশীলগুণশ্রুতৈঃ ॥১০॥

ভারতকৌমুদী

উক্তবানিতি। একমনা মদ্বক্তব্যে একাগ্রচিত্তঃ ॥৫॥

য ইতি। ধিষ্ণ্যেন শুক্রেণ অগ্নিময়েন বা, "ধিষ্ণ্যঃ শুক্রে চ পাবকে" ইত্যরুণদত্তঃ ॥৬॥

বিবস্বত ইতি। সাবিত্র্যবরজা সাবিত্রীতঃ কনিষ্ঠা ॥৭॥

নেতি। তথা তাদৃশী তপতীসদৃশীত্যর্থঃ ॥৮॥

স্বিতি। সুবিভক্তানি বিধাত্রা সুষ্ঠু বিভজ্য নির্ম্মিতানি অনবদ্যানি অনিন্দনীয়ানি অঙ্গানি যস্যাঃ সা, সুষ্ঠু অসিতে কৃষ্ণে আয়তে চ লোচনে যস্যাঃ সা। ভাবিনী শৃঙ্গারভাবান্বিতা ॥৯॥

আমি তোমার প্রতি যে কারণে 'তাপত্য' এইরূপ শব্দ প্রয়োগ করিয়াছি, তাহা বলিতেছি, তুমি একাগ্রচিত্ত হইয়া শোন ॥৫॥

যিনি এই আকাশে থাকিয়া অগ্নিময় তেজ দ্বারা সমস্ত আকাশ ব্যাপ্ত করেন, ইঁহারই 'তপতী' নামে নিজের অনুরূপ একটী কন্যা হইয়াছিল ॥৬॥

এই সূর্য্যদেবেরই কন্যা সাবিত্রী অপেক্ষা তপতী কনিষ্ঠা ছিলেন এবং তিনি ত্রিভুবনবিখ্যাত তপস্বিনী হইয়াছিলেন ॥৭॥

দেবী, অসুরী, যক্ষী, রাক্ষসী, অপ্সরা কিংবা গন্ধর্ব্বী—ইঁহাদের মধ্যে কোন রমণীই রূপে তপতীর তুল্য ছিলেন না ॥৮॥

তাঁহার সকল অঙ্গই সুগঠিত ও অনিন্দিত ছিল এবং নয়নযুগল দীর্ঘ ও কৃষ্ণবর্ণ ছিল; আর তিনি সদাচারসম্পন্না, সচ্চরিত্রা, সুবেশা ও হাবভাবযুক্তা ছিলেন ॥৯॥

---

(১০) নহ্যস্যাঃ সদৃশং কঞ্চিৎ, ন তস্যাঃ সদৃশং কিঞ্চিৎ।

সম্প্রাপ্তযৌবনাং পশ্যন্ দেয়াং দুহিতরঞ্চ তাম্।
নোপলেভে ততঃ শান্তিং সম্প্রদানং বিচিন্তয়ন্ ॥১১॥
অথর্ক্ষপুত্রঃ কৌন্তেয়! কুরূণামৃষভো বলী।
সূর্য্যমারাধয়ামাস নৃপঃ সম্বরণস্তদা ॥১২॥
অর্ঘ্যমাল্যোপহারাদ্যৈর্গন্ধৈশ্চ নিয়তঃ শুচিঃ।
নিয়মৈরুপবাসৈশ্চ তপোভির্বিবিধৈরপি ॥১৩॥
শুশ্রূষুরনহংবাদী শুচিঃ পৌরবনন্দনঃ।
অংশুমন্তং সমুদ্যন্তং পূজয়ামাস ভক্তিমান্ ॥১৪॥ (যুগ্মকম্)
ততঃ কৃতজ্ঞং ধর্ম্মজ্ঞং রূপেণাসদৃশং ভুবি।
তপত্যাঃ সদৃশং মেনে সূর্য্যঃ সম্বরণং পতিম্ ॥১৫॥

ভারতকৌমুদী

নেতি। সবিতা তপত্যাঃ পিতা সূর্য্যঃ। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্ ॥১০॥
সম্প্রাপ্তেতি। সম্প্রদীয়তে যস্মৈ ইতি সম্প্রদানং বরম্ ॥১১॥
অথেতি। ঋক্ষ ঋক্ষবংশীয়ঃ অজমীঢ়স্তস্য পুত্রঃ, কুরূণাং তৎপূর্ব্বপুরুষাণাং মধ্যে ঋষভঃ শ্রেষ্ঠঃ। ঈদৃশব্যাখ্যানাভাবে পূর্ব্বোক্তবিরোধাপত্তিরিতি দ্রষ্টব্যম্ ॥১২॥
অর্ঘ্যেতি। নিয়তো নিত্যপ্রবৃত্তঃ। অনহংবাদী অহঙ্কারশূন্যঃ। অংশুমন্তং সূর্য্যম্ ॥১৩—১৪॥
তত ইতি। তপত্যাঃ সদৃশমনুরূপং পতিম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

পৃচ্ছতি—তাপত্য ইতি। তাপত্যার্থং তাপত্যপদার্থম্ ॥১—৫॥ ধিষ্ণ্যেন মণ্ডলেন ॥৬—১০॥

রূপ, গুণ, স্বভাব ও শাস্ত্রজ্ঞান দ্বারা ত্রিভুবনের মধ্যে কোন পুরুষকেই তপতীর অনুরূপ বর বলিয়া সূর্য্য মনে করিতে পারিয়াছিলেন না ॥১০॥

অথচ তপতীর যৌবন উপস্থিত হওয়ায় তাঁহাকে দান করা আবশ্যক হইয়া পড়িল; কিন্তু তাঁহার বরের বিষয় চিন্তা করিয়া সূর্য্য শান্তি পাইতে লাগিলেন না ॥১১॥

অর্জ্জুন! সেই সময় ঋক্ষবংশীয় অজমীঢ়ের পুত্র এবং কুরুবংশের মধ্যে প্রধান বলবান্ সম্বরণরাজা সূর্য্যের আরাধনায় প্রবৃত্ত হইলেন ॥১২॥

তিনি প্রত্যহ পবিত্র হইয়া, অহঙ্কার পরিত্যাগ করিয়া এবং শুশ্রূষায় প্রবৃত্ত থাকিয়া, অর্ঘ্য, মাল্য ও গন্ধপ্রভৃতি উপহার, ব্রত, উপবাস ও নানাপ্রকার তপস্যা দ্বারা ভক্তিসহকারে উদয়কালে সূর্য্যের পূজা করিতে লাগিলেন ॥১৩—১৪॥

তাহার পর, কৃতজ্ঞ, ধার্ম্মিক এবং জগতে অতুলনীয় রূপবান্ সম্বরণকেই তপতীর অনুরূপ বর বলিয়া সূর্য্যদেব মনে করিলেন ॥১৫॥

দাতুমৈচ্ছত্ততঃ কন্যাং তস্মৈ সম্বরণায় তাম্।
নৃপোত্তমায় কৌরব্য! বিশ্রুতাভিজনায় চ ॥১৬॥
যথা হি দিবি দীপ্তাংশুঃ প্রভাসয়তি তেজসা।
তথা ভুবি মহীপালো দীপ্ত্যা সম্বরণোঽভবৎ ॥১৭॥
যথার্চ্চয়ন্তি চাদিত্যমুদ্যন্তং ব্রহ্মবাদিনঃ।
তথা সম্বরণং পার্থ! ব্রাহ্মণাবরজাঃ প্রজাঃ ॥১৮॥
স সোমমতি কান্তত্বাদাদিত্যমতি তেজসা।
বভূব নৃপতিঃ শ্রীমান্ সুহৃদাং দুর্হৃদামপি ॥১৯॥
এবংগুণস্য নৃপতেস্তথাবৃত্তস্য কৌরব!।
তস্মৈ দাতুং মনশ্চক্রে তপতীং তপনঃ স্বয়ম্ ॥২০॥
স কদাচিদথো রাজা শ্রীমানমিতবিক্রমঃ।
চচার মৃগয়াং পার্থ! পর্ব্বতোপবনে কিল ॥২১॥

ভারতকৌমুদী

দাতুমিতি। বিশ্রুতাভিজনায় বিখ্যাতবংশায় ॥১৬॥

যথেতি। দীপ্তাংশুঃ সূর্য্যঃ। অভবৎ প্রভাসক ইতি শেষঃ ॥১৭॥

যথেতি। ব্রাহ্মণাদবরজাঃ পরজাতাঃ ক্ষত্রিয়াদয়ঃ ॥১৮॥

স ইতি। শ্রীমান্ কান্তিমান্ স নৃপতিঃ সম্বরণঃ, কান্তত্বাৎ কমনীয়গুণশালিত্বাৎ, সুহৃদাং পক্ষে সোমং চন্দ্রম্, অতি অতিক্রান্তঃ অত্যানন্দদায়ক ইত্যর্থঃ, তথা তেজসা দুর্হৃদাং পক্ষেঽপি চ আদিত্যম্ অতি অতিক্রান্তঃ অতীবতাপক ইতি তাৎপর্য্যম্, বভূব। অত্র যথাসংখ্যমলঙ্কারঃ ॥১৯॥

এবমিতি। নৃপতেঃ স্থিতস্যাদিতি শেষঃ ॥২০॥

তাহার পর সূর্য্য, রাজশ্রেষ্ঠ এবং বিখ্যাত বংশসম্ভূত সেই সম্বরণকেই সেই কন্যাটী দান করিবার ইচ্ছা করিলেন ॥১৬॥

কারণ, সূর্য্য যেমন আপন তেজে আকাশে আলোক বিস্তার করেন, সম্বরণ-রাজাও তেমনই আপন তেজে পৃথিবীতে প্রভাব বিস্তার করিয়াছিলেন ॥১৭॥

ব্রহ্মজ্ঞেরা যেমন উদয়কালীন সূর্য্যের অর্চ্চনা করেন, তেমন ক্ষত্রিয়প্রভৃতি প্রজারা সম্বরণরাজার অর্চ্চনা করিত ॥১৮॥

মনোহর মূর্ত্তি সম্বরণরাজা কমনীয়তা গুণে বন্ধুবর্গের পক্ষে চন্দ্রকে অতিক্রম করিয়াছিলেন; আবার আপন প্রতাপে শত্রুবর্গের পক্ষে সূর্য্যকেও অতিক্রম করিয়াছিলেন ॥১৯॥

অর্জ্জুন! সম্বরণরাজা এইরূপ গুণবান্ ও আচারবান্ ছিলেন বলিয়া স্বয়ং সূর্য্য-দেবই তাঁহার হস্তে তপতীকে দান করিবার ইচ্ছা করিয়াছিলেন ॥২০॥

চরতো মৃগয়াং তস্য ক্ষুৎপিপাসাসমন্বিতঃ।
মমার রাজ্ঞঃ কৌন্তেয়! গিরাবপ্রতিমো হয়ঃ ॥২২॥
স মৃতাশ্বশ্চরন্ পার্থ! পদ্ভ্যামেব গিরৌ নৃপঃ।
দদর্শাসদৃশীং লোকে কন্যামায়তলোচনাম্ ॥২৩॥
স এক একামাসাদ্য কন্যাং পরবলার্দ্দনঃ।
তস্থৌ নৃপতিশার্দ্দূলঃ পশ্যন্নবিচলেক্ষণঃ ॥২৪॥
স হি তাং তর্কয়ামাস রূপতো নৃপতিঃ শ্রিয়ম্।
পুনঃ স তর্কয়ামাস রবেভ্র্রষ্টামিব প্রভাম্ ॥২৫॥
বপুষা বর্চ্চসা চৈব শিখামিব বিভাবসোঃ।
প্রসন্নত্বে চ কান্ত্যা চ চন্দ্ররেখামিবামলাম্ ॥২৬॥

ভারতকৌমুদী

স ইতি। পর্ব্বতোপবনে পর্ব্বতসমীপবর্ত্তিবনে ॥২১॥
চরত ইতি। অপ্রতিমঃ অশ্বেষু নিরুপমঃ, হয়ঃ অশ্বঃ ॥২২॥
স ইতি। মৃতঃ অশ্বো যস্য সঃ, অতএব পদ্ভ্যাং চরন্ ॥২৩॥
স ইতি। পরবলার্দ্দনঃ শত্রুসৈন্যবিজেতা। অবিচলেক্ষণো নির্নিমেষনয়নঃ ॥২৪॥
স ইতি। রূপতো রূপদর্শনাৎ। শ্রিয়ং লক্ষ্মীদেবীম্। প্রভাং স্ত্রীমূর্ত্তিধারিণীম্ ॥২৫॥
বপুষেতি। বপুষা উজ্জ্বলেন, বর্চ্চসা তেজসা। তর্কয়ামাসেতি পূর্ব্বানুকর্ষঃ ॥২৬॥

তাহার পর, মনোহর মূর্ত্তি ও অসাধারণবিক্রমশালী সম্বরণরাজা কোন সময়ে পর্ব্বতের নিকটবর্ত্তী বনমধ্যে মৃগয়া করিতে গমন করেন ॥২১॥

তিনি মৃগয়া করিতেছিলেন, এমন সময়ে তাঁহার নিরুপম অশ্বটী ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়া সেই পর্ব্বতেই প্রাণত্যাগ করিল ॥২২॥

তখন সেই রাজা চরণযুগল দ্বারাই সেই পর্ব্বতে বিচরণ করিতে থাকিয়া জগতে অতুলনীয়া দীর্ঘনয়না একটী কন্যাকে দেখিতে পাইলেন ॥২৩॥

শত্রুসৈন্যবিজয়ী একাকী সম্বরণরাজা একাকিনী সেই কন্যাটী দেখিয়া নির্নিমেষ-নয়নে অবস্থান করিতে লাগিলেন ॥২৪॥

এবং তিনি তাহার রূপ দেখিয়া, তাহাকে সাক্ষাৎ লক্ষ্মীদেবী বলিয়া এবং সূর্য্য-মণ্ডল হইতে বিচ্যুতা স্ত্রীমূর্ত্তিধারিণী সূর্য্যপ্রভার ন্যায় মনে করিতে থাকিলেন ॥২৫॥

আবার, তাহার উজ্জ্বল আকৃতি ও উজ্জ্বল তেজ দেখিয়া অগ্নিশিখার ন্যায় এবং নির্ম্মলতা ও মনোহরতা দেখিয়া তাহাকে চন্দ্রকলার ন্যায় ধারণা করিতে লাগিলেন ॥২৬॥

গিরিপৃষ্ঠে চ সা তস্মিন্ স্থিতা স্বসিতলোচনা ।
বিভ্রাজমানা শুশুভে প্রতিমেব হিরণ্ময়ী ॥২৭॥
তস্যা রূপেণ স গিরির্বেশেন চ বিশেষতঃ ।
সমবৃক্ষক্ষুপলতো হিরণ্ময় ইবাভবৎ ॥২৮॥
অবমেনে চ তাং দৃষ্ট্বা সর্ব্বলোকেষু যোষিতঃ ।
অবাপ্তং চাত্মনো মেনে স রাজা চক্ষুষঃ ফলম্ ॥২৯॥
জন্মপ্রভৃতি যৎ কিঞ্চিদ্দৃষ্টবান্ স মহীপতিঃ ।
রূপং ন সদৃশং তস্যাস্তর্কয়ামাস কিঞ্চন ॥৩০॥
তয়া বদ্ধমনশ্চক্ষুঃ পাশৈর্গুণময়ৈস্তদা ।
ন চচাল ততো দেশাদ্বুবুধে ন চ কিঞ্চন ॥৩১॥

ভারতকৌমুদী

গিরীতি । সুষ্ঠু অসিতে কৃষ্ণবর্ণে লোচনে যস্যাঃ সা, হিরণ্ময়ী স্বর্ণনির্ম্মিতা ॥২৭॥

তস্যা ইতি । রূপেণ উজ্জ্বলতেজসা । সমা তেজসৈবাবকাশপূরণাৎ সমানা বৃক্ষাঃ ক্ষুপা হ্রস্বশাখা বৃক্ষা লতাশ্চ যস্মিন্ সঃ, হিরণ্ময়ঃ স্বর্ণময়ঃ ॥২৮॥

অবেতি । অবমেনে রূপতো নিকর্ষাদবজজ্ঞে । অবাপ্তং লব্ধম্ ॥২৯॥

জন্মেতি । তস্যাঃ কন্যায়া রূপেণ সদৃশং কিঞ্চন ন তর্কয়ামাস ॥৩০॥

তয়েতি । তয়া কন্যয়া কর্ত্র্যা, গুণময়ৈ রূপাদিগুণস্বরূপৈঃ পাশৈঃ করণৈর্বদ্ধমনশ্চক্ষুঃ সম্বরণঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

সম্প্রদানং দানমাত্রম্ ॥১১—১৮॥ সুহৃদাং দুর্হৃদামপি মধ্যে শ্রীমান্ ॥১৯—২৭॥ ক্ষুপঃ গুল্মঃ ।

সেই নীলনয়না কন্যাটী পর্ব্বতের উপরে থাকিয়া স্বর্ণময়ী প্রতিমার ন্যায় শোভা পাইতেছিল ॥২৭॥

তাহার রূপের ও পরিচ্ছদের কিরণে সেই পর্ব্বতের উচ্চ বৃক্ষ, ক্ষুদ্র বৃক্ষ এবং লতা সকল যেন সমান হইয়া গিয়াছিল এবং পর্ব্বতটাই যেন স্বর্ণময় হইয়াছিল ॥২৮॥

সম্বরণরাজা সেই কন্যাটাকে দেখিয়া ত্রিভুবনের সকল রমণীকেই অবজ্ঞা করিতে লাগিলেন এবং নিজের চোখের ফল পাইয়াছেন বলিয়া মনে করিতে থাকিলেন ॥২৯॥

আর, তিনি জন্মাবধি যত কিছু রূপ দেখিয়াছিলেন, তাহার কোন রূপই সেই কন্যাটীর রূপের তুল্য নহে বলিয়া ধারণা করিতে লাগিলেন ॥৩০॥

তখন সেই কন্যাটী নিজের গুণরূপ রজ্জু দ্বারা রাজার মন ও চক্ষু বন্ধন

অস্যা নূনং বিশালাক্ষ্যাঃ সদেবাসুরমানুষম্ ।
লোকং নির্ম্মথ্য ধাত্রেদং রূপমাবিষ্কৃতং কৃতম্ ॥৩২॥
এবং সন্তর্কয়ামাস রূপদ্রবিণসম্পদা ।
কন্যামসদৃশীং লোকে নৃপঃ সম্বরণস্তদা ॥৩৩॥
তাঞ্চ দৃষ্ট্বৈব কল্যাণীং কল্যাণাভিজনো নৃপঃ ।
জগাম মনসা চিন্তাং কামবাণেন পীড়িতঃ ॥৩৪॥
দহ্যমানঃ স তীব্রেণ নৃপতির্মন্মথাগ্নিনা ।
অপ্রগল্‌ভাং প্রগল্‌ভস্থাং তদোবাচ মনোহরাম্ ॥৩৫॥
কাসি কস্যাসি রম্ভোরু ! কিমর্থঞ্চেহ তিষ্ঠসি ।
কথঞ্চ নির্জ্জনেঽরণ্যে চরস্যেকা শুচিস্মিতে ! ॥৩৬॥
ত্বং হি সর্ব্বানবদ্যাঙ্গী সর্ব্বাভরণভূষিতা ।
বিভূষণমিবৈতেষাং ভূষণানামভীপ্সিতম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

অস্যা ইতি। দেবাসুরাভ্যাং লোকাভ্যাং স্বর্গপাতালাভ্যাং সহেতি সদেবাসুরো মানুষো লোকস্তম্ ॥৩২॥

এবমিতি। রূপমেব দ্রবিণম্ আদরণীয়ত্বাদ্ধনং তৎসম্পদা, অসদৃশীমতুলনীয়াম্ ॥৩৩॥

তামিতি। কল্যাণাভিজনো মঙ্গলময়বংশঃ ॥৩৪॥

দহ্যমান ইতি। প্রগল্‌ভে প্রগল্‌ভতাযোগ্যে যৌবনে বয়সি তিষ্ঠতীতি তামপি ॥৩৫॥

কাসীতি। কস্য কন্যা ভার্য্যা বা চরস্যেকা একাকিনী ॥৩৬॥

করিয়া ফেলিল বলিয়া তিনি সে স্থান হইতে যাইতে বা অন্য কিছু জানিতে পারিলেন না ॥৩১॥

বিধাতা নিশ্চয়ই দেবলোক, অসুরলোক ও মনুষ্যলোক মন্থন করিয়া এই বিশালনয়নার এই মনোহর রূপ বাহির করিয়াছিলেন ॥৩২॥

সম্বরণরাজা উক্তরূপ ধারণা করিলেন এবং তাহার রূপরাশি দেখিয়া তাহাকে জগতে অতুলনীয় বলিয়া মনে করিলেন ॥৩৩॥

সেই সুন্দরীকে দেখিয়াই সদ্বংশজাত সম্বরণরাজা কামবাণে পীড়িত হইয়া মনে মনে অনেক বিষয় চিন্তা করিলেন ॥৩৪॥

সম্বরণরাজা তখন দারুণ কামানলে দগ্ধ হইতে থাকিয়া সেই সরলা সুন্দরী যুবতিকে বলিলেন—॥৩৫॥

"সুন্দরি ! তুমি কে ? কাহার কন্যা বা ভার্য্যা ? কি জন্যই বা এখানে অবস্থান করিতেছ ? একাকিনীই বা কেন নির্জ্জন বনে বিচরণ করিতেছ ? ॥৩৬॥

ন দেবীং নাসুরীঞ্চৈব ন যক্ষীং ন চ রাক্ষসীম্।
ন চ ভোগবতীং মন্যে ন গন্ধর্ব্বীং ন মানুষীম্ ॥৩৮॥
যা হি দৃষ্টা ময়া কাশ্চিচ্ছ্রুতা বাপি বরাঙ্গনাঃ।
ন তাসাং সদৃশীং মন্যে ত্বামহং মত্তকাশিনি! ॥৩৯॥
দৃষ্ট্বৈব চারুবদনে! চন্দ্রাৎ কান্ততরং তব।
বদনং পদ্মপত্রাক্ষং মাং মথ্নাতীব মন্মথঃ ॥৪০॥
এবং তাং স মহীপালো বভাষে ন তু সা তদা।
কামার্ত্তং নির্জ্জনেঽরণ্যে প্রত্যভাষত কিঞ্চন ॥৪১॥
ততো লালপ্যমানস্য পার্থিবস্যায়তেক্ষণা।
সৌদামিনীব চাভ্রেষু তত্রৈবান্তরধীয়ত ॥৪২॥

ভারতকৌমুদী

ত্বমিতি। বিভূষণম্ অলঙ্করণমিব, শোভাতিশয়জননাদিতি ভাবঃ ॥৩৭॥
নেতি। ভোগবতীং নাগীম্। ন মন্যে ত্বৎসদৃশীমিতি শেষঃ ॥৩৮॥
যা ইতি। যৌবনমদেন মত্তা সতী কাশতে শোভত ইতি তৎসম্বোধনম্ ॥৩৯॥
দৃষ্টেতি। কান্ততরং সুন্দরতরম্। পদ্মপত্রে ইব অক্ষিণী যস্য তৎ ॥৪০॥
এবমিতি। কামার্ত্তং রাজানম্। কিঞ্চন কিঞ্চিদপি ॥৪১॥
তত ইতি। লালপ্যমানস্য পূর্ব্বোক্তবচনেন পুনঃ পুনর্লপতো বদতঃ। অভ্রেষু মেঘেষু ॥৪২॥

ভারতভাবদীপঃ

“ত্বষ্টাথ শিল্পিঃ ক্ষুপঃ” ইত্যমরঃ ॥২৯—৩৮॥ মদেন কাশতে ইতি মত্তকাশিনী ॥৩৯—৪২॥

তোমার সকল অঙ্গই সুন্দর; সুতরাং তুমি সকল অলঙ্কারে অলঙ্কৃত হইয়া এই অলঙ্কারগুলিরই যেন অভীষ্ট বিশেষ অলঙ্কার হইয়াছ ॥৩৭॥

তোমার তুল্য রূপবতী কোন দেবী, অসুরী, যক্ষী, রাক্ষসী, নাগী, গন্ধর্ব্বী বা মানুষী আছে বলিয়া আমি মনে করি না ॥৩৮॥

হে যৌবনমত্তে! আমি যত কিছু সুন্দরী রমণী দেখিয়াছি বা শুনিয়াছি, তোমাকে তাহাদের তুল্য বলিয়া মনে করিতে পারি না ॥৩৯॥

চারুবদনে! পদ্মদলতুল্য-নয়নযুক্ত তোমার মুখখানিকে চন্দ্র অপেক্ষাও সুন্দর দেখিয়াই কামদেব যেন আমাকে মন্থন করিতেছেন” ॥৪০॥

সম্বরণরাজা এইরূপ তাহাকে বলিলেন; কিন্তু সে রমণী তখন সেই নির্জ্জন বনমধ্যেও তাঁহার নিকট কোন প্রত্যুত্তরই করিল না ॥৪১॥

তথাপি রাজা বার বারই সেইরূপ বলিতে লাগিলে, বিদ্যুৎ যেমন মেঘের ভিতরে অন্তর্হিত হয়, তেমনই সেই দীর্ঘনয়না সেইখানেই অন্তর্হিত হইল ॥৪২॥

তামন্বেষ্টুং স নৃপতিঃ পরিচক্রাম সর্ব্বতঃ।
বনং বনজপত্রাক্ষীং ভ্রমন্নুন্মত্তবত্তদা ॥৪৩॥
অপশ্যমানঃ স তু তাং বহু তত্র বিলপ্য চ।
নিশ্চেষ্টঃ পার্থিবশ্রেষ্ঠো মুহূর্ত্তং স ব্যতিষ্ঠত ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে তপত্যুপাখ্যানে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

গন্ধর্ব্ব উবাচ।

অথ তস্যামদৃশ্যায়াং নৃপতিঃ কামমোহিতঃ।
পাতনঃ শত্রুসংঘানাং পপাত ধরণীতলে ॥১॥

ভারতকৌমুদী

তামিতি। বনজপত্রাক্ষীং পদ্মদলতুল্যনয়নাম্। "বনে সলিলকাননে" ইত্যমরঃ ॥৪৩॥

অপশ্যমান ইতি। আত্মনেপদবিষয় আনশ্প্রত্যয় আর্ষঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তথেতি। পাতয়তীতি পাতনঃ সংহর্ত্তা। নন্দ্যাদিত্বাৎ কর্ত্তরি যুঃ ॥১॥

ভারতভাবদীপঃ

বনজপত্রাক্ষীং জলজপত্রাক্ষীম্ ॥৪৩—৪৪॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৪॥

—:*:—

তখন রাজা সেই পদ্মনয়না রমণীকে অন্বেষণ করিবার জন্য উন্মত্তের ন্যায় ভ্রমণ করিতে থাকিয়া সমস্ত বন বিচরণ করিলেন ॥৪৩॥

কিন্তু তাহাকে না দেখিয়া আবার সেইখানে আসিয়া বহু বিলাপ করিয়া রাজশ্রেষ্ঠ সম্বরণ নিশ্চেষ্ট হইয়া কিছুকাল দাঁড়াইয়া থাকিলেন ॥৪৪॥

—:*:—

গন্ধর্ব্ব বলিল—"সেই কন্যাটী অদৃশ্য হইলে, শত্রুবিজয়ী সম্বরণরাজা কামপীড়নে মোহিত হইয়া ভূতলে পতিত হইলেন ॥১॥

---

* '…একোনসপ্তত্যধিক…', '…একসপ্তত্যধিক…', '…সপ্তাশীত্যধিক…' ইতি পাঠভেদাঃ।

তস্মিন্ নিপতিতে ভূমাবথ সা চারুহাসিনী।
পুনঃ পীনায়তশ্রোণী দর্শয়ামাস তং নৃপম্ ॥২॥
তং কুরূণাং কুলকরং কামাভিহতচেতসম্।
উবাচ মধুরং বাক্যং তপতী প্রহসন্ত্যপি ॥৩॥
উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভদ্রং তে ন ত্বমর্হস্যরিন্দম!।
মোহং নৃপতিশার্দ্দূল! গন্তুমাবিষ্কৃতঃ ক্ষিতৌ ॥৪॥
এবমুক্তোঽথ নৃপতির্বাচা মধুরয়া তদা।
দদর্শ বিপুলশ্রোণীং তামেবাভিমুখে স্থিতাম্ ॥৫॥
অথ তামসিতাপাঙ্গীমাবভাষে স পার্থিবঃ।
মন্মথাগ্নিপরীতাত্মা সন্দিগ্ধাক্ষরয়া গিরা ॥৬॥
সাধু ত্বমসিতাপাঙ্গি! কামার্ত্তং মত্তকাশিনি!।
ভজস্ব ভজমানং মাং প্রাণা হি প্রজহন্তি মাম্ ॥৭॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ ॥২॥
তমিতি। কুলকরম্ অবিচ্ছিন্নবংশপ্রবর্ত্তকম্। প্রহসন্তী স্ময়মানা ॥৩॥
উত্তিষ্ঠেতি। তে তব ভদ্রমস্তু। আবিষ্কৃতো বিধাত্রা আবির্ভাবিতঃ ॥৪॥
এবমিতি। বাচা উক্তরূপয়া ॥৫॥
অথেতি। মন্মথাগ্নিপরীতাত্মা কামানলব্যাপ্তচিত্তঃ। সন্দিগ্ধাক্ষরয়া অস্পষ্টয়া ॥৬॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—২॥ প্রহসন্ অস্ত ইব ॥৩॥ আবিষ্কৃতঃ প্রখ্যাতঃ। স্ত্রীলিঙ্গপাঠে তু

তিনি ভূতলে পতিত হইলে, মধুরহাসিনী ও স্থূলনিতম্বা সেই কন্যাটী আসিয়া পুনরায় রাজাকে দেখা দিল ॥২॥

এবং মৃদু হাস্য করিতে করিতে কুরুবংশরক্ষক কামার্ত্ত রাজাকে এই মধুর বাক্য বলিল— ॥৩॥

"হে শত্রুবিজয়ী রাজশ্রেষ্ঠ! আপনি উঠুন উঠুন; আপনার মঙ্গল হউক; বিধাতা আপনাকে রাজা করিয়া ভূতলে পাঠাইয়াছেন; সুতরাং আপনি অল্প কারণে মূর্চ্ছিত হইতে পারেন না" ॥৪॥

রাজা মধুর বাক্যে এইরূপ অভিহিত হইয়া তখনই সম্মুখস্থিতা সেই বিশাল-নিতম্বা কন্যাটীকে দেখিতে পাইলেন ॥৫॥

তাহার পর, কামাকুলহৃদয় সম্বরণরাজা অস্পষ্ট বাক্যে সেই সুলোচনা কন্যাটীকে বলিতে লাগিলেন— ॥৬॥

(৩)...তপতী প্রহসন্নিব, ...তপতী হসতীব সা।

ত্বদর্থং হি বিশালাক্ষি ! মাময়ং নিশিতৈঃ শরৈঃ ।
কামঃ কমলগর্ভাভে ! প্রতিবিধ্যন্ ন শাম্যতি ॥৮॥
দষ্টমেবমনাক্রন্দে ! ভদ্রে ! কামমহাহিনা ।
সা ত্বং পীনায়তশ্রোণি ! মামাপ্নুহি বরাননে ! ॥৯॥
ত্বদধীনা হি মে প্রাণাঃ কিন্নরোদ্গীতভাষিণি ! ।
চারুসর্ব্বানবদ্যাঙ্গি ! পদ্মেন্দুপ্রতিমাননে ! ॥১০॥
নহ্যহং ত্বদৃতে ভীরু ! শক্ষ্যামি খলু জীবিতুম্ ।
কামঃ কমলপত্রাক্ষি ! প্রতিবিধ্যতি মাময়ম্ ॥১১॥
তস্মাৎ কুরু বিশালাক্ষি ! ময্যনুক্রোশমঙ্গনে ! ।
ভক্তং মামসিতাপাঙ্গি ! ন পরিত্যক্তুমর্হসি ॥১২॥

ভারতকৌমুদী

সাধ্বিতি । প্রজহন্তি পরিত্যজন্তি । নকারলোপাভাব আর্ষঃ ॥৭॥

ত্বদিতি । কমলগর্ভস্য পদ্মকোষস্য আভা ইব আভা যস্যাস্তৎসম্বোধনম্ ॥৮॥

দষ্টমিতি । কাম এব মহাহির্মহাসর্পস্তেন দষ্টং মাম্ । ন বিদ্যতে আক্রন্দো মদাশ্বাসনশব্দো যস্যাস্তৎসম্বোধনম্ । "আরাবে রুদিতে ত্রাতর্য্যাক্রন্দো দারুণে রণে" ইত্যমরঃ ॥৯॥

ত্বদিতি । কিন্নরস্য উদগীতবদুৎকৃষ্টগানবৎ ভাষত ইতি তৎসম্বোধনম্ ॥১০॥

নহীতি । ত্বদৃতে বিনা । প্রতিবিধ্যতি শরৈরিতি শেষঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

আবিভূর্তাস্মি ॥৪—৬॥ প্রজহন্তি প্রজহতি ॥৮॥ অনাক্রন্দে অত্রাতরি কালে। "আক্রন্দঃ

"ভাল ; হে সুলোচনে ! হে যৌবনমত্তে ! আমি কামার্ত্ত হইয়া তোমাতে আসক্ত হইয়াছি, তুমিও আমাতে আসক্ত হও ; না হইলে প্রাণ আমাকে পরিত্যাগ করিবে ॥৭॥

হে বিশালনয়নে ! হে পদ্মকোষবর্ণে ! তোমার জন্যই কাম আমাকে নিশিত শর দ্বারা বিদ্ধ করিতে থাকিয়া কিছুতেই নিবৃত্তি পাইতেছে না ॥৮॥

ভদ্রে ! কামরূপ মহাসর্প আমাকে দংশন করিয়াছে ; কিন্তু সুন্দরি ! তুমি আমার প্রতি আশ্বাসবাক্যও বলিতেছ না, সত্বর আসিয়া আমাকে রক্ষা কর ॥৯॥

হে অনিন্দ্যসুন্দরি ! তোমার কণ্ঠস্বর কিন্নরের উৎকৃষ্ট গানের ন্যায় এবং তোমার মুখখানি পদ্ম ও চন্দ্রের তুল্য ; সুতরাং আমার প্রাণ তোমারই অধীন হইয়াছে ॥১০॥

সুন্দরি ! তোমাকে ছাড়িয়া আমি জীবিত থাকিতে পারিব না । কারণ, এই কাম আমাকে অনবরত বিদ্ধ করিতেছে ॥১১॥

ত্বং হি মাং প্রীতিযোগেন ত্রাতুমর্হসি ভাবিনি!।
ত্বদ্দর্শনকৃতস্নেহং মনশ্চলতি মে ভৃশম্ ॥১৩॥
ন ত্বাং দৃষ্ট্বা পুনশ্চান্যাং দ্রষ্টুং কল্যাণি! রোচতে।
প্রসীদ বশগোঽহং তে ভক্তং মাং ভজ ভাবিনি! ॥১৪॥
দৃষ্ট্বৈব ত্বাং বরারোহে! মন্মথো ভৃশমঙ্গনে!।
অন্তর্গতং বিশালাক্ষি! বিধ্যতি স্ম পতত্রিভিঃ ॥১৫॥
মন্মথাগ্নিসমুদ্ভূতং দাহং কমললোচনে!।
প্রীতিসংযোগযুক্তাভিরদ্ভিঃ প্রহ্লাদয়স্ব মে ॥১৬॥
পুষ্পায়ুধং দুরাধর্ষং প্রচণ্ডশরকার্ম্মুকম্।
ত্বদ্দর্শনসমুদ্ভূতং বিধ্যন্তং দুঃসহৈঃ শরৈঃ।
উপশাময় কল্যাণি! আত্মদানেন ভাবিনি! ॥১৭॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। অনুক্রোশং দয়াম্। হে অঙ্গনে! উত্তমস্ত্রি! ॥১২॥
ত্বমিতি। প্রীত্যা যোগো রমণায় সংযোগস্তেন। চলতি অধীরং ভবতি ॥১৩॥
নেতি। অন্যাং রমণীম্। এতেন সপত্নীসম্ভাবনাপি তে নাস্তীতি সূচিতম্ ॥১৪॥
দৃষ্ট্বেতি। অন্তর্গতং যথা স্যাৎ্তথা বিধ্যতি। স্মেতি পাদপূরণে। পতত্রিভির্বাণৈঃ ॥১৫॥
মন্মথেতি। প্রীত্যা সংযোগে যুক্তাঃ সঙ্গতাঃ প্রীতিসংযোগরূপাভিরিত্যর্থঃ, অদ্ভির্জলৈঃ, প্রহ্লাদয়স্ব প্রহ্লাদনপূর্ব্বকং শময়স্ব ॥১৬॥

ভারতভাবদীপঃ

ক্রন্দনে হ্বানে মিত্রদারুণযুদ্ধয়োঃ। ভ্রাতর্য্যপি চ পুংসি স্যাৎ" ইতি মেদিনী ॥৯—১২॥

অতএব বিশালনয়নে! তুমি আমার প্রতি দয়া কর; আমি তোমার ভক্ত; সুতরাং তুমি আমাকে পরিত্যাগ করিতে পারিবে না ॥১২॥

সুন্দরি! তুমি প্রীতিপূর্ব্বক সংযোগ ঘটাইয়া আমাকে রক্ষা কর; তোমাকে দেখার পরে আমার মনে অনুরাগ জন্মিয়াছে, তাই সে মন অত্যন্ত অস্থির হইয়া পড়িয়াছে ॥১৩॥

কল্যাণি! তোমাকে দেখিয়া আর আমার অন্য রমণীকে দেখিবারও ইচ্ছা হইতেছে না, তুমি প্রসন্ন হও, আমি তোমার অধীন এবং ভক্ত; অতএব আমাকে ভজন কর ॥১৪॥

সুন্দরি! তোমাকে দেখার পরেই কামদেব বাণ দ্বারা আমার হৃদয়কে অত্যন্ত বিদ্ধ করিতেছেন ॥১৫॥

কমলনয়নে! কামানল হইতে আমার যে দাহ উপস্থিত হইয়াছে, তাহা তুমি নিজের প্রণয়সংযোগরূপ জল দ্বারা নিবারিত কর ॥১৬॥

(১৪)…পুনরন্যাম্…কল্যাণি! রোচয়ে…।

গান্ধর্ব্বেণ বিবাহেন মামুপৈহি বরাঙ্গনে ।।
বিবাহানাং হি রম্ভোরু ! গান্ধর্ব্বঃ শ্রেষ্ঠ উচ্যতে ॥১৮॥

তপত্যুবাচ ।

নাহমীশাত্মনো রাজন্ ! কন্যা পিতৃমতী হ্যহম্ ।
ময়ি চেদস্তি তে প্রীতির্যাচস্ব পিতরং মম ॥১৯॥
যথা হি তে ময়া প্রাণাঃ সংগৃহীতা নরেশ্বর ! ।
দর্শনাদেব ভূয়স্ত্বং তথা প্রাণান্ মমাহরঃ ॥২০॥
ন চাহমীশা দেহস্য তস্মান্ নৃপতিসত্তম ! ।
সমীপং নোপগচ্ছামি ন স্বতন্ত্রা হি যোষিতঃ ॥২১॥
কা হি সর্ব্বেষু লোকেষু বিশ্রুতাভিজনং নৃপম্ ।
কন্যা নাভিলষেন্নাথং ভর্ত্তারং ভক্তবৎসলম্ ॥২২॥

ভারতকৌমুদী

পুষ্পেতি। তব দর্শনেনৈব সমুদ্ভূতমুৎপন্নম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥
গান্ধর্ব্বেণেতি। শ্রেষ্ঠ আসুরাদ্যপেক্ষয়া ॥১৮॥
নেতি। আত্মনো ন ঈশা দানাদৌ সমর্থা। হি যস্মাদহং পিতৃমতী ॥১৯॥
যথেতি। সংগৃহীতা আকৃষ্টাঃ। ভূয়ঃ অধিকং যথা স্যাত্তথা, অহরো হৃতবান্ ॥২০॥
নেতি। অহং মম দেহস্যৈব ন ঈশা দানাদৌ সমর্থা। সমীপং তবেত্যর্থঃ ॥২১॥

কল্যাণি তোমার দর্শনমাত্রেই আমার হৃদয়ে কাম জন্মিয়াছে, সেই দুর্দ্ধর্ষ কাম বিশাল বাণ ও ধনু ধারণ করিয়া দুঃসহ বাণ দ্বারা আমাকে বিদ্ধ করিতেছে ; অতএব সুন্দরি ! তুমি আত্মসমর্পণ করিয়া তাহাকে শান্ত কর ॥১৭॥

সুন্দরি ! তুমি গান্ধর্ব্ব বিবাহ অনুসারে আমার সহিত মিলিত হও। রম্ভোরু ! বিবাহের মধ্যে গান্ধর্ব্ব বিবাহ একটি শ্রেষ্ঠ বিবাহ" ॥১৮॥

তপতী বলিলেন—"রাজা ! আমার দেহের উপরে আমার আধিপত্য নাই। কারণ, আমার পিতা আছেন : সুতরাং আপনার যদি আমার উপরে প্রণয় জন্মিয়া থাকে, তবে আমার পিতার নিকট আমাকে প্রার্থনা করুন ॥১৯॥

রাজা ! আমি যেমন দর্শনমাত্রেই আপনার প্রাণ হরণ করিয়াছি, আপনিও তেমন আমা অপেক্ষা অধিক পরিমাণে আমার প্রাণ হরণ করিয়াছেন ॥২০॥

কিন্তু আমি আমার দেহের প্রভু নহি ; তাই আমি আপনার নিকট যাইতেছি না। কারণ, স্ত্রীজাতি স্বাধীন নহে ॥২১॥

ত্রিভুবনের মধ্যে কোন্ কন্যা বিখ্যাত বংশসম্ভূত এবং ভক্তবৎসল রাজাকে প্রতিপালক ও পতিরূপে লাভ করিতে ইচ্ছা না করে ? ॥২২॥

তস্মাদেবং গতে কালে যাচস্ব পিতরং মম।
আদিত্যং প্রণিপাতেন তপসা নিয়মেন চ ॥২৩॥
স চেৎ কাময়তে দাতুং তব মামরিসূদন!।
ভবিষ্যাম্যথ তে রাজন্! সততং বশবর্ত্তিনী ॥২৪॥
অহং হি তপতী নাম সাবিত্র্যবরজা সুতা।
অস্য লোকপ্রদীপস্য সবিতুঃ ক্ষত্রিয়র্ষভ! ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে তাপত্যে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

কেতি। বিশ্রুতাভিজনং বিখ্যাতবংশম্। নাথং রক্ষকম্ ॥২২॥

তস্মাদিতি। এবং গতে ইত্থম্ভূতে আবয়োঃ পরস্পরানুরাগসম্বন্ধিনী ভার্থঃ ॥২৩॥

স ইতি। কাময়তে ইচ্ছতি। তব হস্তে ॥২৪॥

অহমিতি। সাবিত্রীতঃ অবরজা কনিষ্ঠা। সবিতুঃ সূর্য্যস্য ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

রোচতে রুচির্ভবতি ॥১৪—১৭॥ ভূয়োঽধিকং অতঃ হস্তপানসি ॥২০॥ তদি ক্রিয়তাং সঙ্গ ইতি চেৎ তত্রাহ—ন চেতি ॥২১—২৫॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৫॥

—:*:—

অতএব আপনি এইরূপ সময়ে প্রণিপাত, তপস্যা ও ব্রত দ্বারা আমার পিতা সূর্য্যদেবের নিকট আমাকে প্রার্থনা করুন ॥২৩॥

মহারাজ! তিনি যদি আমাকে আপনার হাতে দিতে ইচ্ছা করেন, তবে আমি চিরকালের জন্যেই আপনার বশবর্ত্তিনী হইব ॥২৪॥

হে ক্ষত্রিয়শ্রেষ্ঠ! জগতের প্রদীপ এই সূর্য্যদেবের কন্যা সাবিত্রী; আমি তাঁহারই কনিষ্ঠা ভগিনী; আমার নাম—'তপতী' ॥২৫॥

—:*:—

* '...সপ্তত্যধিক...', '...দ্বিসপ্তত্যধিক...', '...অষ্টাশীত্যধিক...' ইতি পাঠভেদাঃ।

ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

গন্ধর্ব্ব উবাচ।

এবমুক্ত্বা ততস্তূর্ণং জগামোর্দ্ধমনিন্দিতা।
স তু রাজা পুনর্ভূমৌ তত্রৈব নিপপাত হ ॥১॥
অন্বেষমাণঃ সবলস্তং রাজানং নৃপোত্তমম্।
অমাত্যঃ সানুযাত্রশ্চ তং দদর্শ মহাবনে ॥২॥
ক্ষিতৌ নিপতিতং কালে শক্রধ্বজমিবোচ্ছ্রিতম্।
তং হি দৃষ্ট্বা মহেষ্বাসং নিরশ্বং পতিতং ভুবি ॥৩॥
বভূব সোঽস্য সচিবঃ সম্প্রদীপ্ত ইবাগ্নিনা।
ত্বরয়া চোপসঙ্গম্য স্নেহাদাগতসম্ভ্রমঃ ॥৪॥
তং সমুত্থাপয়ামাস নৃপতিং কামমোহিতম্।
ভূতলাদ্ভূমিপালেশং পিতেব পতিতং সুতম্ ॥৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

এবমিতি। অনিন্দিতা সর্ব্বাঙ্গসুন্দরী তপতী। রাজা সম্বরণঃ ॥১॥

অন্বেষমাণ ইতি। সবলঃ সসৈন্যঃ। সানুযাত্রঃ সানুচরঃ ॥২॥

ক্ষিতাবিতি। উচ্ছ্রিতং প্রাগুত্তোলিতম্, কালে নিপতিতং শক্রধ্বজমিব। নিরশ্বং বাহনী-ভূতাশ্বশূন্যম্। সম্প্রদীপ্তো জ্বলিত ইব সন্তাপাতিরেকাৎ। আগতসম্ভ্রম উপস্থিতাধৈর্য্যঃ। নৃপতিং সম্বরণম্ ॥৩—৫॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১॥ অনুযাত্রঃ শিবিরভাণ্ডাদ্যাহর্ত্তৃভিঃ সহিতঃ সানুযাত্রঃ ॥২॥ নিরস্তং তপত্যা

গন্ধর্ব্ব বলিল—"সর্ব্বাঙ্গসুন্দরী তপতী এইরূপ বলিয়া, তাহার পরেই উপরের দিকে চলিয়া গেলেন; কিন্তু সম্বরণরাজা পুনরায় সেইখানেই ভূতলে পতিত হইলেন ॥১॥

তাহার পর, সৈন্যগণ ও অনুচরগণের সহিত মন্ত্রী অন্বেষণ করিতে করিতে সেই মহাবনেই আসিয়া সেই অবস্থায় রাজাকে দেখিতে পাইলেন ॥২॥

এবং যথাসময়ে উত্তোলিত আবার ভূতলে পতিত ইন্দ্রধ্বজের ন্যায় মহাধনুর্দ্ধর রাজাকে অশ্ববিহীন অবস্থায় ভূতলে পতিত দেখিয়া সেই মন্ত্রী সন্তাপানলে জ্বলিয়া উঠিলেন এবং সত্বর যাইয়া, স্নেহের বশে ব্যস্ত হইয়া, পিতা যেমন

(৩) '· নিরস্তং পতিতং ভুবি' নীলকণ্ঠসম্মতঃ পাঠঃ

প্রজ্ঞয়া বয়সা চৈব বৃদ্ধঃ কীর্ত্ত্যা নয়েন চ।
অমাত্যস্তং সমুত্থাপ্য বভূব বিগতজ্বরঃ ॥৬॥
উবাচ চৈনং কল্যাণ্যা বাচা মধুরয়োত্থিতম্।
মা ভৈর্মনুজশার্দ্দূল! ভদ্রমস্তু তবানঘ! ॥৭॥
ক্ষুৎপিপাসাপরিশ্রান্তং তর্কয়ামাস বৈ নৃপম্।
পতিতং পাতনং সংখ্যে শাত্রবাণাং মহীতলে ॥৮॥
বারিণা চ সুশীতেন শিরস্তস্যাভ্যষেচয়ৎ।
অস্ফুটন্মুকুটং রাজ্ঞঃ পুণ্ডরীকসুগন্ধিনা ॥৯॥
ততঃ প্রত্যাগতপ্রাণস্তদ্বলং বলবান্নৃপঃ।
তমিতি। পুত্রেষু তদ্ভক্ষণার্থং প্রবর্ত্তিতুমিতি শেষঃ। তদ্রক্ষঃ তং রাক্ষসম্ ॥৪১॥
স ইতি। স রাক্ষসাবিষ্টো রাজা। শক্ত্যবরান্ শক্তেঃ কনিষ্ঠান্ ॥৪২॥
বশিষ্ঠ ইতি। ঘাতিতান্ রাক্ষসেন প্রযোজকেন। ধারয়ামাস অন্তর্নিরুরোধ ॥৪৩॥

এবং রাক্ষসের প্রভাবে রাজার সমস্ত ইন্দ্রিয়ই বিকৃত হইয়া গেল; তাহাতেই রাজা অচিরকালমধ্যে শক্তিকে দেখিয়া বলিলেন—॥৩৮॥

"যখন তুমি আমার প্রতি অসঙ্গত শাপ দিয়াছ, তখন আমি তোমা হইতে আরম্ভ করিয়াই মানুষ ভক্ষণ করিতে প্রবৃত্ত হইব" ॥৩৯॥

এই কথা বলিয়াই রাজা তৎক্ষণাৎ শক্তির প্রাণ বিনষ্ট করিয়া, ব্যাঘ্র যেমন পশু ভক্ষণ করে, সেইরূপ শক্তিকে ভক্ষণ করিয়া ফেলিলেন ॥৪০॥

সেই শক্তিকে নিহত দেখিয়া বিশ্বামিত্র বশিষ্ঠের পুত্রগণকেই ভক্ষণ করিবার জন্য বার বার সেই রাক্ষসকে আদেশ করিলেন ॥৪১॥

তাহার পর, সিংহ ক্রুদ্ধ হইয়া যেমন ক্ষুদ্র মৃগসমূহকে ভক্ষণ করে, সেইরূপ রাজা শক্তির কনিষ্ঠ সেই বশিষ্ঠপুত্রগণকে ভক্ষণ করিলেন ॥৪২॥

(৩৮)…রক্ষসোপহতেন্দ্রিয়ঃ। (৪৩,…ঘাতিতান্ দৃষ্ট্বা…।

চক্রে চাত্মবিনাশায় বুদ্ধিং স মুনিসত্তমঃ।
ন ত্বেবং কৌশিকোচ্ছেদং মেনে মতিমতাং বরঃ ॥৪৪॥
স মেরুকূটাদাত্মানং মুমোচ ভগবানৃষিঃ।
গিরেস্তস্য শিলায়াস্তু তূলরাশাবিবাপতৎ ॥৪৫॥
ন মমার চ পাতেন স যদা তেন পাণ্ডব !।
তদাগ্নিমিদ্ধং ভগবান্ সংবিবেশ মহাবনে ॥৪৬॥
তং তদা সুসমিদ্ধোঽপি ন দদাহ হুতাশনঃ।
দীপ্যমানোঽপ্যমিত্রঘ্ন ! শীতোঽগ্নিরভবত্ততঃ ॥৪৭॥
স সমুদ্রমভিপ্রেক্ষ্য শোকাবিষ্টো মহামুনিঃ।
বদ্ধা কণ্ঠে শিলাং গুর্ব্বীং নিপপাত তদাম্ভসি।
স সমুদ্রোর্ম্মিবেগেন স্থলে ন্যস্তো মহামুনিঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

চক্র ইতি। স বশিষ্ঠঃ। কৌশিকোচ্ছেদং বিশ্বামিত্রবিনাশম্, ন মেনে কর্ত্তুং নাভিললাষ। যতো মতিমতাং বরো জ্ঞানিশ্রেষ্ঠঃ. তদ্বিনাশেঽপি পুনঃ পুত্রপ্রাপ্ত্যসম্ভবাদিতি ভাবঃ। আমুক্তেব-লবাংশ্চিত্তবিক্ষেপো বিদ্বাংসমপি বিকলীকরোতীতি বিশ্বামিত্রস্য ব্রহ্মহত্যায়াং রাক্ষসপ্রবর্ত্তনা বশিষ্ঠস্যাপ্যাত্মহত্যায়াং প্রবৃত্তিরিতি দিক্ ॥৪৪॥

স ইতি। মেরুকূটাৎ সুমেরুশৃঙ্গাৎ, আত্মানং শরীরম্, মুমোচ পাতয়ামাস ॥৪৫॥

নেতি। ইদ্ধং মহাবনে সংসক্তত্বাদেব প্রজ্বলিতম্ ॥৪৬॥

তমিতি। সুসমিদ্ধোঽপি অত্যন্তপ্রজ্বলিতোঽপি, অতএব চ দীপ্যমানো দীপ্তিমান ॥৪৭॥

ভারতভাবদীপঃ

মাংসে লোলুপা লম্পটত্বম্; আসক্তিরিত্যর্থঃ ॥৩৫—৪৪॥ মুমোচ পাতয়ামাস, আত্মানং দেহম্

বিশ্বামিত্র রাক্ষস দ্বারা পুত্রগণকে হত্যা করাইয়াছেন শুনিয়া, মহাপর্ব্বত যেমন পৃথিবী ধারণ করে, বশিষ্ঠও তেমনই সে শোক ধারণ করিলেন ॥৪৩॥

মুনিশ্রেষ্ঠ ও জ্ঞানিশ্রেষ্ঠ বশিষ্ঠ সেই শোকে আত্মহত্যা করিবারই ইচ্ছা করিলেন, কিন্তু বিশ্বামিত্রকে বিনষ্ট করিবার ইচ্ছা করিলেন না ॥৪৪॥

তিনি সুমেরুপর্ব্বতের শৃঙ্গ হইতে আপন শরীরটাকে নিপাতিত করিলেন; কিন্তু সে শরীর তূলরাশির উপরে যেমন পড়ে, তেমন আসিয়া তাহার পাথরের উপরে পড়িল ॥৪৫॥

যখন বশিষ্ঠ সেই পতনেও মরিলেন না, তখন তিনি প্রজ্বলিত দাবাগ্নিতে যাইয়া প্রবেশ করিলেন ॥৪৬॥

তখন প্রজ্বলিত ও দীপ্তিশালী সেই দাবাগ্নিও তাঁহাকে দগ্ধ করিল না, কিন্তু তাঁহার পক্ষে শীতল হইয়া গেল ॥৪৭॥

ন মমার যদা বিপ্রঃ কথঞ্চিৎ সংশিতব্রতঃ।
জগাম স ততঃ খিন্নঃ পুনরেবাশ্রমং প্রতি ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে বাশিষ্ঠে বশিষ্ঠশোকো নামোনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

গন্ধর্ব্ব উবাচ।

ততো দৃষ্ট্বাশ্রমপদং রহিতং তৈঃ সুতৈর্ম্মুনিঃ।
নির্জ্জগাম সুদুঃখার্ত্তঃ পুনরপ্যাশ্রমাত্ততঃ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। গুর্ব্বীং বিশালাম্। ন্যস্তো নিক্ষিপ্তঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮॥

নেতি। বিপ্রো বশিষ্ঠঃ। সংশিতব্রতো দীর্ঘজীবিত্বসম্পাদকপ্রাণায়ামাদিব্রতশালী ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে উনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*: -

তত ইতি। আশ্রমপদম্ আশ্রমরূপং স্থানম্। মুনির্বশিষ্ঠঃ ॥১॥

ভারতভাবদীপঃ

॥৪৫—৪৮॥ "কৌশিকঃ কৃত্রিমো বিপ্রো জঘ্নেঽল্পার্থে শতং মুনীন্। জাতিবিপ্রো বশিষ্ঠস্তু খেদিতোঽপি ক্ষমাপরঃ" ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৯॥

—:*:—

তখন শোকাবিষ্ট বশিষ্ঠ সমুদ্র দেখিয়া, একা বিশাল প্রস্তর কণ্ঠদেশে বন্ধন করিয়া, জলে পতিত হইলেন; কিন্তু সমুদ্রের তরঙ্গ আসিয়া তাঁহাকে তীরে নিক্ষেপ করিল ॥৪৮॥

ব্রতচারী বশিষ্ঠ যখন কোন প্রকারেই মরিতে পারিলেন না, তখন তিনি অত্যন্ত দুঃখিত হইয়া পুনরায় আশ্রমে গেলেন ॥৪৯॥

—:*:—

গন্ধর্ব্ব বলিল—বশিষ্ঠ আপন আশ্রমটীকে সমস্ত-পুত্র-বিহীন দেখিয়া, অত্যন্ত দুঃখিত হইয়া, পুনরায় তথা হইতে নির্গত হইলেন ॥১॥

---

* '...চতুঃসপ্তত্যধিক...', '...ষট্‌সপ্তত্যধিক...', '...দ্বিনবত্যধিক...' ইতি পাঠভেদাঃ।

সোঽপশ্যৎ সরিতং পূর্ণাং প্রাবৃট্‌কালে নবাম্ভসা।
বৃক্ষান্ বহুবিধান্ পার্থ! হরন্তীং তীরজান্ বহূন্ ॥২॥
অথ চিন্তাং সমাপেদে পুনঃ কৌরবনন্দন!।
অম্ভস্যস্যা নিমজ্জেয়মিতি দুঃখসমন্বিতঃ ॥৩॥
ততঃ পাশৈস্তদাত্মানং গাঢ়ং বদ্ধা মহামুনিঃ।
তস্যা জলে মহানদ্যা নিমমজ্জ সুদুঃখিতঃ ॥৪॥
অথ ছিত্ত্বা নদী পাশাংস্তস্যারিবলসূদন!।
স্থলস্থং তমৃষিং কৃত্বা বিপাশং সমবাসৃজৎ ॥৫॥
উত্ততার ততঃ পাশৈর্বিমুক্তঃ স মহানৃষিঃ।
বিপাশেতি চ নামাস্যা নদ্যাশ্চক্রে মহানৃষিঃ ॥৬॥
শোকে বুদ্ধিং তদা চক্রে ন চৈকত্র ব্যতিষ্ঠত।
সোঽগচ্ছৎ পর্ব্বতাংশ্চৈব সরিতশ্চ সরাংসি চ ॥৭॥

ভারতকৌমুদী

স ইতি। সরিতং কাঞ্চিন্নদীম্। প্রাবৃট্‌কালে বর্ষাকালে ॥২॥
অথেতি। সমাপেদে প্রাপ বশিষ্ঠ এব ॥৩॥
তত ইতি। আত্মানম্ আত্মনো হস্তপদাদ্যঙ্গম্ ॥৪॥
অথেতি। বেগেন বিপাশং পাশবন্ধনহীনম্, তরঙ্গেণ চ স্থলস্থং কৃত্বা ॥৫॥
উত্ততারেতি। বিগতঃ পাশো যস্যেতি যোগাদ্বিপাশেতি নাম ॥৬॥
শোক ইতি। একত্রানবস্থানমেব দর্শয়তি সোঽগচ্ছদিতি ॥৭॥

তিনি যাইয়া দেখিলেন—একটা নদী বর্ষাকালে নূতন জলে পরিপূর্ণ হইয়াছে এবং তীরস্থ নানাপ্রকার বহুতর বৃক্ষ হরণ করিয়া লইয়া চলিয়াছে ॥২॥

অর্জ্জুন! তাহার পর, পুত্রশোকার্ত্ত বশিষ্ঠ পুনরায় চিন্তা করিলেন যে, 'এই নদীর জলে নিমগ্ন হইব' ॥৩॥

তদনন্তর তিনি লতাপ্রভৃতি দ্বারা দৃঢ়ভাবে হস্ত-পদাদি বন্ধন করিয়া সেই মহানদীর জলে নিমগ্ন হইলেন ॥৪॥

তাহার পর, নদীটা তাঁহার বন্ধন ছিন্ন করিয়া এবং তাঁহাকে পাশবিহীন অবস্থায় তীরে উঠাইয়া ছাড়িয়া দিল ॥৫॥

তখন বশিষ্ঠ পাশমুক্ত অবস্থায় উঠিলেন এবং সেই নদীটার নাম করিলেন—'বিপাশা' ॥৬॥

তখন তিনি কেবলই শোক প্রকাশ করিতে থাকিলেন; কোন এক জায়গায় থাকিতেন না; সর্ব্বদা নদী, পর্ব্বত ও হ্রদে বিচরণ করিতেন ॥৭॥

স দৃষ্ট্বা পুনরেবর্ষির্নদীং হৈমবতীং তদা।
চণ্ডগ্রাহবতীং ভীমাং তস্যাঃ স্রোতস্যথাপতৎ ॥৮॥
সা তমগ্নিসমং বিপ্রমনুচিন্ত্য সরিদ্বরা।
শতধা বিদ্রুতা যস্মাচ্ছতদ্রুরিতি বিশ্রুতা ॥৯॥
ততঃ স্থলগতং দৃষ্ট্বা তত্রাপ্যাত্মানমাত্মনা।
মর্ত্তুং ন শক্যমিত্যুক্ত্বা পুনরেবাশ্রমং যযৌ ॥১০॥
স গত্বা বিবিধান্ শৈলান্ দেশান্ বহুবিধাংস্তথা।
অদৃশ্যন্ত্যাখ্যয়া বধ্বাঽথাশ্রমেঽনুসৃতোঽভবৎ ॥১১॥
অথ শুশ্রাব সঙ্গত্যা বেদাধ্যয়ননিস্বনম্।
পৃষ্ঠতঃ পরিপূর্ণার্থং ষড়্ভিরঙ্গৈরলঙ্কৃতম্ ॥১২॥
অনুব্রজতি কো ন্বেষ মামিত্যেবাথ সোঽব্রবীৎ।
অদৃশ্যন্ত্যেবমুক্তা বৈ তং স্নুষা প্রত্যভাষত ॥১৩॥

ভারতকৌমুদী

স ইতি। হৈমবতীং হিমবতো নির্গতাম্, চণ্ডগ্রাহবতীম্ উগ্রজলজন্তুসঙ্কুলাম্ ॥৮॥
সেতি। বিদ্রুতা তরঙ্গবেগেন বশিষ্ঠমুত্সার্য্য প্রস্থিতা ॥৯॥
তত ইতি। আত্মনা স্বয়ং মর্ত্তুং ন শক্যমিত্যুক্তেত্যন্বয়ঃ। দৈবাদিকোঽয়ং শকধাতুঃ ॥১০॥
স ইতি। স বশিষ্ঠঃ। বধ্বা পুত্রবধ্বা, অনুসৃতঃ অনুগতঃ ॥১১॥
অথেতি। সঙ্গত্যা স্বরাদিসংলগ্নভাবেন। পৃষ্ঠতঃ শুশ্রাবেতি সম্বন্ধঃ। পরিপূর্ণার্থম্ উচ্চারণভঙ্গ্যৈব পরিপূর্ণার্থপ্রকাশকম্। অলঙ্কৃতং ষড়ঙ্গানুসরণাদ্বিশুদ্ধম্ ॥১২॥

একদা হিমালয় হইতে নির্গত হিংস্রজলজন্তুতে পরিপূর্ণ ভয়ঙ্কর একটা নদী দেখিয়া বশিষ্ঠ পুনরায় তাহার স্রোতে ঝাঁপাইয়া পড়িলেন ॥৮॥

কিন্তু সে নদীটা বশিষ্ঠকে অগ্নিতুল্য ব্রাহ্মণ ভাবিয়া, তরঙ্গের বেগে তাঁহাকে তীরে তুলিয়া দিয়া, শতগুণ বেগে প্রস্থান করিল; তাহাতেই তাহার নাম হইল—'শতদ্রু' ॥৯॥

তাহার পর, বশিষ্ঠ সে ঘটনাতেও আপনাকে স্থলগত দেখিয়া, 'নিজে মরিতে পারিব না' এই কথা বলিয়া পুনরায় আশ্রমের দিকে চলিলেন ॥১০॥

তিনি নানাবিধ পর্ব্বত এবং নানাবিধ দেশ অতিক্রম করিয়া আপন আশ্রমের নিকটবর্ত্তী হইলে, অদৃশ্যন্তীনাম্নী পুত্রবধূ তাঁহার অনুসরণ করিলেন ॥১১॥

তাহার পর, তিনি পিছনের দিকে বেদপাঠধ্বনি শুনিতে পাইলেন; সে

(১৩) অহমিত্যদৃশ্যন্তীমং সা স্নুষা প্রত্যভাষত।...অহং হ্যদৃশ্যন্তী নাম তং স্নুষা প্রত্যভাষত।

শক্তের্ভার্য্যা মহাভাগ! তপোযুক্তা তপস্বিনী।
অহমেকাকিনী চাপি ত্বয়া গচ্ছামি নাপরঃ ॥১৪॥

বশিষ্ঠ উবাচ।
পুত্রি! কস্যৈষ সাঙ্গস্য বেদস্যাধ্যয়নস্বনঃ।
পুরা সাঙ্গস্য বেদস্য শক্তেরিব ময়া শ্রুতঃ ॥১৫॥

অদৃশ্যন্ত্যুবাচ।
অয়ং কুক্ষৌ সমুৎপন্নঃ শক্তের্গর্ভঃ সুতস্য তে।
সমা দ্বাদশ তস্যেহ বেদানভ্যসতো মুনে! ॥১৬॥

গন্ধর্ব্ব উবাচ।
এবমুক্তস্তয়া হৃষ্টো বশিষ্ঠঃ শ্রেষ্ঠভাগৃষিঃ।
অস্তি সন্তানমিত্যুক্ত্বা মৃত্যোঃ পার্থ! ন্যবর্ত্তত ॥১৭॥

ভারতকৌমুদী

অম্বিতি। স বশিষ্ঠঃ। অদৃশ্যন্তী তদাখ্যা, স্নুষা পুত্রবধূঃ ॥১৩॥

শক্তেরিতি। তপোযুক্তা বৈধব্যব্রতশালিনী, অতএব তপস্বিনী দীনা ॥১৪॥

পুত্রীতি। পুরা ময়া শ্রুতঃ, শক্তেঃ সাঙ্গস্য বেদস্য অধ্যয়নস্বন ইবেতি সম্বন্ধঃ ॥১৫॥

অয়মিতি। হে মুনে! অয়ং কুক্ষৌ মমোদরে সমুৎপন্নঃ, তে তব সুতস্য শক্তের্গর্ভঃ পুত্রঃ। ইহ ইদানীম্, বেদানভ্যসতস্তস্য, দ্বাদশ সমা বৎসরা বর্ত্তন্তে ॥১৬॥

এবমিতি। শ্রেষ্ঠভাক্ মুনিষু শ্রেষ্ঠস্থানবর্ত্তী। মৃত্যোর্মরণাৎ ॥১৭॥

ধ্বনি ব্যাকরণপ্রভৃতি ষড়ঙ্গবিশুদ্ধ, সম্পূর্ণ অর্থপ্রকাশক এবং উদাত্তাদিস্বরসঙ্গত হইতেছিল ॥১২॥

তদনন্তর তিনি বলিলেন—"এ কে আমার পিছনে আসিতেছে?"। তিনি এইরূপ বলিলে, সেই অদৃশ্যন্তীনাম্নী পুত্রবধূ তাঁহাকে বলিলেন—॥১৩॥

"মহাত্মন্! আমি বৈধব্যব্রতচারিণী ও দীনা আপনার পুত্র শক্তির ভার্য্যা; আমি একাকিনীই আপনার সহিত যাইতেছি, অন্য কেহ নহে" ॥১৪॥

বশিষ্ঠ বলিলেন—"তনয়ে! আমি পূর্ব্বে শক্তির যেমন সাঙ্গ-বেদ-পাঠের ধ্বনি শুনিতাম, সেইরূপ কাহার এই সাঙ্গ-বেদ-পাঠের ধ্বনি?" ॥১৫॥

অদৃশ্যন্তী বলিলেন—"ভগবন্! আমার গর্ভে একটী পুত্র রহিয়াছে, এটী আপনার পুত্র শক্তি হইতে উৎপন্ন; বর্ত্তমান সময়ে ইহার বার বৎসর বয়স হইয়াছে; এই-ই বেদপাঠ করিতেছে" ॥১৬॥

গন্ধর্ব্ব বলিল—"অদৃশ্যন্তী এই কথা বলিলে, মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠ অত্যন্ত

(১৪)…তপোযুক্তা তপস্বিনম্। কচিদুত্তরার্দ্ধং নাস্তি। (১৫)…বেদাধ্যয়ননিস্বনঃ…।

ততঃ প্রতিনিবৃত্তঃ স তয়া বধ্বা সহানঘ ! ।
কল্মাষপাদমাসীনং দদর্শ বিজনে বনে ॥১৮॥
স তু দৃষ্ট্বৈব তং রাজা ক্রুদ্ধ উত্থায় ভারত ! ।
আবিষ্টো রক্ষসোগ্রেণ ইয়েষাত্তুং তদা মুনিম্ ॥১৯॥
অদৃশ্যন্তী তু তং দৃষ্ট্বা ক্রূরকর্ম্মাণমগ্রতঃ ।
ভয়সংবিগ্নয়া বাচা বশিষ্ঠমিদমব্রবীৎ ॥২০॥
অসৌ মৃত্যুরিবোগ্রেণ দণ্ডেন ভগবন্নিতঃ ।
প্রগৃহীতেন কাষ্ঠেন রাক্ষসোঽভ্যেতি দারুণঃ ॥২১॥
তং নিবারয়িতুং শক্তো নান্যোঽস্তি ভুবি কশ্চন ।
ত্বদৃতেঽদ্য মহাভাগ ! সর্ব্ববেদবিদাং বর ! ॥২২॥
পাহি মাং ভগবন্ ! পাপাদস্মাদ্দারুণদর্শনাৎ ।
রাক্ষসোঽয়মিহাত্তুং বৈ নূনমাবাং সমীহতে ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রতিনিবৃত্ত আশ্রমং প্রতি গচ্ছন্ ॥১৮॥
স ইতি। উগ্রেণ রক্ষসা রাক্ষসেনাবিষ্টঃ। অত্তুং ভক্ষয়িতুম্ ॥১৯॥
অদৃশ্যন্তীতি। ভয়েন সংবিগ্নয়া বিকলয়া অস্পষ্টয়েতি যাবৎ ॥২০॥
অসাবিতি। কাষ্ঠেন কাষ্ঠময়েন দণ্ডেনোপলক্ষিতঃ ॥২১॥
তমিতি। ত্বদৃতে ত্বাং বিনা ॥২২॥

আনন্দিত হইলেন এবং 'বংশ রহিয়াছে' এই কথা বলিয়া মৃত্যু হইতে নিবৃত্তি পাইলেন ॥১৭॥

তাহার পর তিনি পুত্রবধূর সহিত আশ্রমের দিকে যাইতে লাগিলেন, তখন নির্জ্জন-বন-মধ্যে কল্মাষপাদ রাজাকে উপবিষ্ট দেখিলেন ॥১৮॥

অর্জ্জুন ! ভয়ঙ্কররাক্ষসাবিষ্ট সেই রাজা বশিষ্ঠকে দেখিয়াই ক্রুদ্ধ হইয়া, উঠিয়া, তখনই তাঁহাকে ভক্ষণ করিবার ইচ্ছা করিল ॥১৯॥

তখন অদৃশ্যন্তী সেই হিংস্রস্বভাব রাজাকে সম্মুখে দেখিয়া ভয়বিকলবাক্যে বশিষ্ঠকে এই কথা বলিলেন—॥২০॥

"ভগবন্ ! সাক্ষাৎ মৃত্যুর ন্যায় ঐ ভয়ঙ্কর রাক্ষস কাষ্ঠময় ভয়ঙ্কর দণ্ড উত্তোলন করিয়া এই দিকেই আসিতেছে ! ॥২১॥

হে মহাত্মন্ ! হে বেদজ্ঞশ্রেষ্ঠ ! আপনি ব্যতীত জগতে অন্য কোন লোকই আজ উহাকে বারণ করিতে সমর্থ হইবে না ॥২২॥

২৩ শ্লোকাৎ পরম্ অধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ

বশিষ্ঠ উবাচ।

মা ভৈঃ পুত্রি! ন ভেতব্যং রাক্ষসাত্তু কথঞ্চন।
নৈতদ্রক্ষো ভয়ং যস্মাৎ পশ্যসি ত্বমুপস্থিতম্ ॥২৪॥
রাজা কল্মাষপাদোঽয়ং বীর্য্যবান্ প্রথিতো ভুবি।
স এষোঽস্মিন্ বনোদ্দেশে নিবসত্যতিভীষণঃ ॥২৫॥

গন্ধর্ব্ব উবাচ।

তমাপতন্তং সম্প্রেক্ষ্য বশিষ্ঠো ভগবানৃষিঃ।
বারয়ামাস তেজস্বী হুঙ্কারেণৈব ভারত! ॥২৬॥
মন্ত্রপূতেন চ পুনঃ স তমভ্যুক্ষ্য বারিণা।
মোক্ষয়ামাস বৈ শাপাত্তস্মাদ্‌ঘোরান্নরাধিপম্ ॥২৭॥

ভারতকৌমুদী

পাহীতি। পাপাৎ পাপিষ্ঠাৎ, অস্মাৎ রাক্ষসাৎ। অত্তুং ভক্ষয়িতুম্ ॥২৩॥
মেতি। এতৎ রক্ষো রাক্ষসো ন ॥২৪॥
রাজেতি। বীর্য্যবান্ প্রথিতো বীর্য্যবত্ত্বয়া প্রসিদ্ধ ইত্যর্থঃ ॥২৫॥
তমিতি। আপতন্তম্ আগচ্ছন্তম্ ॥২৬॥
মন্ত্রেতি। শাপাৎ শাপনিবন্ধনরাক্ষসভাবাৎ ॥২৭॥

ভারতভাবদীপঃ

ততো দৃষ্ট্বেতি ॥১—১০॥ বধ্বা স্নুষয়া ॥১১—২৩॥ মা ভৈঃ মা ভৈষীঃ, গাতিস্থেতি সূত্রেভ্য ইতি বিভেতেরপি গ্রহণপক্ষে সিচো লুক্ ॥২৩—২৬॥ তস্মাদ্ যোগাৎ, অভ্যুক্ষণাদ্ যোগজ-

---

ভগবন্! আপনি এই ভয়ঙ্করাকৃতি পাপিষ্ঠ রাক্ষস হইতে আমাকে রক্ষা করুন। নিশ্চয়ই এই রাক্ষস এখনই আমাদিগকে ভক্ষণ করিবার চেষ্টা করিবে” ॥২৩॥

বশিষ্ঠ বলিলেন—“পুত্রি! ভয় করিও না, এ রাক্ষস হইতে কোন প্রকারেই ভয়ের সম্ভাবনা নাই। কারণ, এ রাক্ষস নহে, যাহা হইতে ভয় উপস্থিত হইয়াছে বলিয়া তুমি মনে করিতেছ ॥২৪॥

ইনি জগতে বলবান্ বলিয়া প্রসিদ্ধ কল্মাষপাদ রাজা; তিনিই এই ভয়ঙ্কর আকৃতি ধারণ করিয়া এই বনে বাস করিতেছেন” ॥২৫॥

গন্ধর্ব্ব বলিল—“ভগবান্! বশিষ্ঠমুনি সেই রাক্ষসকে আসিতে দেখিয়া হুঙ্কার দ্বারাই বারণ করিলেন ॥২৬॥

এবং তিনি মন্ত্রপূত জল দ্বারা অভ্যুক্ষণ করিয়া সেই রাজাকে সেই ভয়ঙ্কর শাপ হইতে মুক্ত করিলেন ॥২৭॥

স হি দ্বাদশ বর্ষাণি বাশিষ্ঠস্যৈব তেজসা।
গ্রস্ত আসীদ্‌গ্রহেণেব পর্ব্বকালে দিবাকরঃ ॥২৮॥
রক্ষসা বিপ্রমুক্তোঽথ স নৃপস্তদ্বনং মহৎ।
তেজসা রঞ্জয়ামাস সন্ধ্যাভ্রমিব ভাস্করঃ ॥২৯॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞামভিবাদ্য কৃতাঞ্জলিঃ।
উবাচ নৃপতিঃ কালে বশিষ্ঠমৃষিসত্তমম্ ॥৩০॥
সৌদাসোঽহং মহাভাগ! যাজ্যস্তে মুনিসত্তম!।
অস্মিন্ কালে যদিষ্টন্তে ব্রূহি তৎ করবাণি কিম্ ॥৩১॥
বশিষ্ঠ উবাচ।
বৃত্তমেতদ্‌যথাকালং গচ্ছ রাজ্যং প্রশাধি বৈ।
ব্রাহ্মণাংস্তু মনুষ্যেন্দ্র! মাবমংস্থাঃ কদাচন ॥৩২॥

ভারতকৌমুদী

স ইতি। বাশিষ্ঠস্য শক্তেঃ। গ্রহেণ রাহুণা। পর্ব্বকালে অমাবস্যায়াম্ ॥২৮॥
রক্ষসেতি। বিপ্রমুক্তস্ত্যক্তঃ। সন্ধ্যাভ্রং সন্ধ্যাকালীনং মেঘম্ ॥২৯॥
প্রতীতি। সংজ্ঞাং পূর্ব্বচৈতন্যম্ ॥৩০॥
সৌদাস ইতি। কল্মাষপাদস্যৈব সৌদাস ইতি নামান্তরম্ ॥৩১॥
বৃত্তমিতি। বৃত্তং জাতম্, এতত্তব রাক্ষসত্বম্। ততো ন দুঃখং কর্ত্তব্যমিতি ভাবঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

সামর্থ্যাৎ ॥২৭॥ প্রাগেবৈতৎ কুতো ন কৃতমিত্যত আহ—স ইতি। বশিষ্ঠস্য শক্তিরূপস্য

অমাবস্যার দিন সূর্য্য যেমন রাহু দ্বারা আক্রান্ত হন, সেইরূপ কল্মাষপাদ রাজা বশিষ্ঠপুত্র শক্তিরই অভিসম্পাতে বার বৎসরপর্য্যন্ত আক্রান্ত ছিলেন ॥২৮॥

রাক্ষস ছাড়িয়া গেলে, সূর্য্য যেমন আপন তেজে সন্ধ্যাকালীন মেঘকে রঞ্জিত করেন, রাজাও তেমন আপন কান্তিতে সেই বিশাল বনটাকে রঞ্জিত করিলেন ॥২৯॥

তাহার পর, রাজা পূর্ব্ব চৈতন্য লাভ করিয়া অভিবাদনপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া ঋষিশ্রেষ্ঠ বশিষ্ঠকে বলিলেন—॥৩০॥

"মহাত্মন্! আমি সৌদাস, আপনার যজমান। এখন আপনার যাহা ইচ্ছা, তাহা বলুন, আমি কি করিব" ॥৩১॥

বশিষ্ঠ বলিলেন—"তোমার এই অবস্থা যথাসময়ে ঘটিয়াছিল। এখন যাও, রাজ্য শাসন কর; কিন্তু রাজা! কখনও ব্রাহ্মণের অপমান করিও না" ॥৩২॥

---

(৩১)…ব্রূহি কিং করবাণি তে।

রাজোবাচ।

নাবমংস্যে মহাভাগ! কদাচিদ্‌ব্রাহ্মণর্ষভান্।
ত্বন্নিদেশে স্থিতঃ সম্যক্ পূজয়িষ্যাম্যহং দ্বিজান্ ॥৩৩॥
ইক্ষ্বাকূণাঞ্চ যেনাহম্ অনৃণঃ স্যাং দ্বিজোত্তম!।
তত্ত্বত্তঃ প্রাপ্তুমিচ্ছামি সর্ব্ববেদবিদাং বর! ॥৩৪॥
অপত্যমীপ্সিতং মহ্যং দাতুমর্হসি সত্তম!।
শীলরূপগুণোপেতমিক্ষ্বাকুকুলবৃদ্ধয়ে ॥৩৫॥

গন্ধর্ব্ব উবাচ।

দদানীত্যেব তং তত্র রাজানং প্রত্যুবাচ হ।
বশিষ্ঠঃ পরমেষ্বাসং সত্যসন্ধো দ্বিজোত্তমঃ ॥৩৬॥
ততঃ প্রতিযযৌ কালে বশিষ্ঠঃ সহ তেন বৈ।
খ্যাতাং পুরীমিমাং লোকেষ্বযোধ্যাং মনুজেশ্বর! ॥৩৭॥

ভারতকৌমুদী

নেতি। ত্বন্নিদেশে তবাদেশস্থেবাধীনতায়াম ॥৩৩॥
ইক্ষ্বাকূণামিতি। অনৃণঃ স্যাং পুত্রলাভেনেত্যাশয়ঃ। ত্বত্তস্তব সকাশাৎ ॥৩৪॥
তচ্চ কিমিত্যাহ—অপত্যমিতি। অপত্যং পুত্রম্ ॥৩৫॥
দদানীতি। পরমেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ ॥৩৬॥
তত ইতি। তেন রাজ্ঞা। হে মনুজেশ্বর! মনুষ্যশ্রেষ্ঠ! ইত্যর্জ্জুনসম্বোধনম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

॥২৮—৩১॥ বৃত্তং নিষ্পন্নম্, এতৎ মং ত্বয়া কর্ত্তব্যমস্মদিষ্টম্, বিরুদ্ধলক্ষণয়া ইয়মুক্তিঃ। ত্বয়ৈব

রাজা বলিলেন—"মহাত্মন্! আমি আর কখনও ব্রাহ্মণের অপমান করিব না; বরং আপনার আদেশের অধীন থাকিয়া ব্রাহ্মণগণের সম্মানই করিব ॥৩৩॥

হে ব্রাহ্মণোত্তম! হে বেদজ্ঞশ্রেষ্ঠ! আমি যাহা দ্বারা ইক্ষ্বাকুবংশীয় পূর্ব্বপুরুষগণের ঋণমুক্ত হইতে পারি, তাহা আপনার নিকট লাভ করিবার ইচ্ছা করি ॥৩৪॥

ইক্ষ্বাকুবংশের বৃদ্ধির জন্য রূপ, গুণ ও সৎস্বভাবযুক্ত একটী পুত্র আমাকে দান করুন" ॥৩৫॥

গন্ধর্ব্ব বলিল—"সত্যপ্রতিজ্ঞ ও ব্রাহ্মণশ্রেষ্ঠ বশিষ্ঠ মহাধনুর্দ্ধর রাজাকে কহিলেন—"তোমাকে পুত্র দান করিব" ॥৩৬॥

অর্জ্জুন! তাহার পর বশিষ্ঠ সেই রাজার সহিত যথাসময়ে জগদ্বিখ্যাত অযোধ্যানগরীতে গমন করিলেন ॥৩৭॥

তং প্রজাঃ প্রতিমোদন্ত্যঃ সর্ব্বাঃ প্রত্যুদ্গতাস্তদা ।
অপাপ্মানং মহাত্মানং দিবৌকস ইবেশ্বরম্ ॥৩৮॥
সুচিরায় মনুষ্যেন্দ্রো নগরীং পুণ্যলক্ষণাম্ ।
বিবেশ সহিতস্তেন বশিষ্ঠেন মহর্ষিণা ॥৩৯॥
দদৃশুস্তং মহীপালমযোধ্যাবাসিনো জনাঃ ।
পুরোহিতেন সহিতং দিবাকরমিবোদিতম্ ॥৪০॥
স চ তাং পূরয়ামাস লক্ষ্ম্যা লক্ষ্মীবতাং বরঃ ।
অযোধ্যাং ব্যোম শীতাংশুঃ শরৎকাল ইবোদিতঃ ॥৪১॥
সংসিক্তমৃষ্টপন্থানং পতাকাধ্বজশোভিতম্ ।
মনঃ প্রহ্লাদয়ামাস তস্য তৎ পুরমুত্তমম্ ॥৪২॥
তুষ্টপুষ্টজনাকীর্ণা সা পুরী কুরুনন্দন ! ।
অশোভত তদা তেন শক্রেণেবামরাবতী ॥৪৩॥

ভারতকৌমুদী

তমিতি। প্রতিমোদন্ত্যো রাজ্ঞো দর্শনাদেবানন্দন্ত্যঃ। ঈশ্বরং দেবরাজম্ ॥৩৮॥

সুচিরায়েতি। মনুষ্যেন্দ্রঃ কল্মাষপাদঃ। নগরীমযোধ্যাম্ ॥৩৯॥

দদৃশুরিতি। পুরোহিতেন বশিষ্ঠেন ॥৪০॥

স ইতি। লক্ষ্ম্যা কান্ত্যা। লক্ষ্মীবতাং কান্তিমতাম্। মোপধত্বাদ্বত্বপ্রত্যয়ঃ। ব্যোম আকাশমিব। শীতাংশুশ্চন্দ্রঃ ॥৪১॥

সংসিক্তেতি। আদৌ সংসিক্তাঃ পরঞ্চ মৃষ্টাঃ পন্থানো যত্র তৎ। আর্ষমিদং পদম্ ॥৪২॥

তখন দেবতারা যেমন দেবরাজের প্রত্যুদ্গমন করেন, তেমন সমস্ত প্রজা আনন্দিত হইয়া সেই নিষ্পাপ ও মহাত্মা রাজার প্রত্যুদ্গমন করিল ॥৩৮॥

তদনন্তর, বহুকাল পরে রাজা মহর্ষি বশিষ্ঠের সহিত মিলিত হইয়া পুণ্যলক্ষণা অযোধ্যানগরীতে প্রবেশ করিলেন ॥৩৯॥

তখন অযোধ্যাবাসী লোকেরা উদিত সূর্য্যের ন্যায় বশিষ্ঠের সহিত রাজাকে দেখিতে লাগিল ॥৪০॥

শরৎকালোদিত চন্দ্র যেমন আপন কান্তি দ্বারা আকাশ পরিপূর্ণ করেন, সুন্দরশ্রেষ্ঠ রাজাও তেমন আপন কান্তি দ্বারা অযোধ্যানগরী পরিপূর্ণ করিলেন ॥৪১॥

ভৃত্যেরা অযোধ্যার পথগুলিকে পূর্ব্বেই প্রক্ষালিত ও পরিমার্জ্জিত করিয়া রাখিয়াছিল এবং ধ্বজপতাকা দ্বারা শোভিত করিয়াছিল; সুতরাং সে পুরী রাজার মন আনন্দিত করিল ॥৪২॥

ততঃ প্রবিষ্টে রাজর্ষৌ তস্মিংস্তৎ পুরমুত্তমম্।
রাজ্ঞস্তস্যাজ্ঞয়া দেবী বশিষ্ঠমুপচক্রমে ॥৪৪॥

মহর্ষিঃ সংবিদং কৃত্বা সম্বভূব তয়া সহ।
দেব্যা দিব্যেন বিধিনা বশিষ্ঠ শ্রেষ্ঠভাগৃষিঃ ॥৪৫॥

ততস্তস্যাং সমুৎপন্নে গর্ভে স মুনিসত্তমঃ।
রাজ্ঞাভিবাদিতস্তেন জগাম পুনরাশ্রমম্ ॥৪৬॥

দীর্ঘকালেন সা গর্ভং সুষুবে ন তু তং যদা।
তদা দেব্যশ্মনা কুক্ষিং নির্বিভেদ যশস্বিনী ॥৪৭॥

তদা দ্বাদশমে বর্ষে স জজ্ঞে পুরুষর্ষভঃ।
অশ্মকো নাম রাজর্ষিঃ পৌদন্যং যো ন্যবেশয়ৎ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে বাশিষ্ঠে সৌদাসসুতোৎপত্তির্নাম সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তুষ্টেতি। সা অযোধ্যা। তেন রাজ্ঞা। শক্রেণ ইন্দ্রেণ ॥৪৩॥

তত ইতি। দেবী কল্মাষপাদমহিষী। উপচক্রমে পুত্রজননায়োপগতা বভূব ॥৪৪॥

মহর্ষিরিতি। সংবিদং কৃত্বা 'অস্যাং যঃ পুত্রঃ জায়েত স রাজ্ঞ এব ভবেৎ' ইত্যেবং প্রতিজ্ঞাং বিধায়। "সংবিদাগূঃ প্রতিজ্ঞানম্" ইত্যমরঃ। সম্বভূব রমণায় মিলিত ইতি শেষঃ। দিব্যেন অলৌকিকেন অকামুকভাবেনেত্যর্থঃ ॥৪৫॥

তত ইতি। তস্যাং মহিষ্যাম্। স বশিষ্ঠঃ ॥৪৬॥

দীর্ঘেতি। দেবী মহিষী, অশ্মনা সুধারেণ প্রস্তরেণ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

রক্ষোঽভিভূতেন মম পুত্রশতং ভক্ষিতমিতি ভাবঃ ॥৩২—৪১॥ পদ্মানমিত্যার্ষং পুংস্ত্বম

অর্জ্জুন! হৃষ্ট পুষ্ট লোকে পরিপূর্ণ সেই অযোধ্যানগরী, ইন্দ্র দ্বারা অমরাবতীর ন্যায় তখন রাজা দ্বারা শোভা পাইতে লাগিল ॥৪৩॥

রাজর্ষি কল্মাষপাদ মনোহর অযোধ্যানগরীতে প্রবেশ করিলে, তাঁহারই আদেশ অনুসারে তাঁহার মহিষী আসিয়া বশিষ্ঠের সহিত মিলিত হইলেন ॥৪৪॥

মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠও শপথ করিয়া অকামুকভাবে সেই মহিষীর সহিত রমণ করিলেন ॥৪৫॥

তাহার পর, মহিষীর গর্ভ উৎপন্ন হইলে, রাজা বশিষ্ঠকে অভিবাদন করিলেন; পরে বশিষ্ঠ পুনরায় আশ্রমে চলিয়া গেলেন ॥৪৬॥

---

(৪৮) ততোঽপি দ্বাদশে বর্ষে…। * '…পঞ্চসপ্তত্যধিক…', '…সপ্তসপ্তত্যধিক· ·অষ্টসপ্তত্যধিক…', '…ত্রিনবত্যধিক…' ইতি পাঠান্তরাণি।

একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

গন্ধর্ব্ব উবাচ।

আশ্রমস্থা তত্র পুত্রমদৃশ্যন্তী ব্যজায়ত।
শক্তেঃ কুলকরং রাজন্! দ্বিতীয়মিব শক্তিণম্ ॥১॥
জাতকর্ম্মাদিকাস্তস্য ক্রিয়াঃ স মুনিসত্তমঃ।
পৌত্রস্য ভরতশ্রেষ্ঠ! চকার ভগবান্ স্বয়ম্ ॥২॥

ভারতকৌমুদী

তদেতি। দ্বাদশ মা মানং সংখ্যা যস্য তস্মিন্। পৌদন্যং নাম নগরম্ ॥৪৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে সপ্তত্যধিকশততমোঽধ্যায় ॥০॥

—:*:—

আশ্রমেতি। অদৃশ্যন্তী তদাখ্যা সা বশিষ্ঠপুত্রবধূঃ, ব্যজায়ত অজনয়ৎ। সকর্ম্মকত্বমার্ষম্। অস্মাদেব প্রমাণাৎ শক্তিশব্দ ইকারান্তো নকারান্তশ্চ মন্তব্যঃ ॥১॥

জাতেতি। ক্রিয়াঃ সংস্কারকর্ম্মাণি। স বশিষ্ঠঃ ॥২॥

ভারতভাবদীপঃ

॥৪২—৪৪॥ সংবিদমৈকমত্যম্, সম্বভূব, মিথুনীবভূব, দিব্যেন স্বর্গোণ অলোল্যেন ইত্যর্থঃ ॥৪৫—৪৭॥ পৌদন্যং পুরম্, "পৌদন্যম্" ইতি তু পঠিতুং যুক্তম্, আদিবিকারো বা। বোদনং নিশামনং তদর্হম্, বোদনমিতি ভাষায়াং প্রসিদ্ধম্ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭০॥

—:*:—

এদিকে সেই মহিষী যখন দীর্ঘকালেও সে গর্ভ প্রসব করিতে পারিলেন না, তখন তিনি একখানি সুধার পাষাণ দ্বারা উদর বিদীর্ণ করিলেন ॥৪৭॥

তখন বার বৎসরের সময়ে সেই গর্ভ নির্গত হইল, যে পুরুষশ্রেষ্ঠ পরবর্ত্তী কালে 'অশ্মক'—নামে রাজর্ষি হইয়া পৌদন্যনামক রাজধানী স্থাপন করিয়াছিলেন" ॥৪৮॥

—:*:—

গন্ধর্ব্ব বলিল—"অর্জ্জুন! এদিকে বশিষ্ঠের পুত্রবধূ অদৃশ্যন্তীদেবী সেই আশ্রমে থাকিয়া শক্তির বংশকর দ্বিতীয় শক্তির ন্যায় একটি পুত্র প্রসব করিলেন ॥১॥

মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠ নিজেই সেই পৌত্রটীর জাতকর্ম্মপ্রভৃতি সমস্ত সংস্কারকার্য্য করিলেন ॥২॥

পরাসুঃ স্থাপিতস্তেন বশিষ্ঠঃ স যতো মুনিঃ।
গর্ভস্থেন ততো লোকে পরাশর ইতি স্মৃতঃ ॥৩॥
অমন্যত স ধর্ম্মাত্মা বশিষ্ঠং পিতরং মুনিম্।
জন্মপ্রভৃতি তস্মিংস্তু পিতরীবান্ববর্ত্তত ॥৪॥
স তাত ইতি বিপ্রর্ষিং বশিষ্ঠং প্রত্যভাষত।
মাতুঃ সমক্ষং কৌন্তেয়! অদৃশ্যন্ত্যাঃ পরন্তপ!
তাতেতি পরিপূর্ণার্থং তস্য তন্মধুরং বচঃ।
অদৃশ্যন্ত্যশ্রুপূর্ণাক্ষী শৃণ্বতী তমুবাচ হ ॥৬॥
মা তাত তাত তাতেতি ব্রূহ্যেনং পিতরং পিতুঃ।
রক্ষসা ভক্ষিতস্তাত! তব তাতো বনান্তরে ॥৭॥

ভারতকৌমুদী

পরেতি। তেন গর্ভস্থেন শক্তিপুত্রেণ, যতো হেতোঃ, পরাসুর্বংশলোপাশঙ্কয়া নিষ্প্রাণ ইব, স বশিষ্ঠো মুনিঃ, স্থাপিত আত্মনা সবংশো রক্ষিতঃ; ততো হেতোঃ, স শক্তিপুত্রঃ, পরাশর ইতি নাম্না লোকে স্মৃতঃ। তথা চ পরাসুং পিতামহবশিষ্ঠস্য পরাসুভাবং শৃণাতি হিনস্তীতি পরাশরঃ, পৃষোদরাদিত্বান্মধ্যবর্ত্তিসুশব্দলোপঃ শৃণাতেশ্চ পচাদিত্বাদচ্ ॥৩॥

অমন্যতেতি। স পরাশরঃ। অন্ববর্ত্তত পিতৃসম্বোধনাদিনা ॥৪॥

স ইতি। স পরাশরঃ। অদৃশ্যন্ত্যাস্তদাখ্যায়া মাতুঃ ॥৫॥

তাতেতি। পরিপূর্ণার্থং সঙ্গতার্থম্, স্বদ্বারা তেনৈব বংশতননাদিতি ভাবঃ ॥৬॥

মেতি। পিতুঃ পিতরং পিতামহং বশিষ্ঠম্। হে তাত! বৎস! ॥৭॥

ভারতভাবদীপঃ

আশ্রমস্থেতি ॥১—২॥ পরাসুরিতি পরাসোরাশাসনমবস্থানং যেন স পরাশরঃ, পরা

সেই শক্তির পুত্রটি বংশরক্ষা করিয়া যে হেতু মৃতপ্রায় বশিষ্ঠকে আশ্বস্ত করিয়াছিলেন, সেই হেতু জগতে তাঁহার নাম হইয়াছিল—'পরাশর' ॥৩॥

পরাশর বশিষ্ঠকেই পিতা বলিয়া মনে করিতেন এবং জন্মাবধি পিতার নিকট যেমন ভাবে চলিতে হয়, বশিষ্ঠের নিকট তেমন ভাবেই চলিতেন ॥৪॥

এবং তিনি মাতা অদৃশ্যন্তীদেবীর সমক্ষেই বশিষ্ঠকে পিতা বলিয়া ডাকিতেন ॥৫॥

একদিন বশিষ্ঠের প্রতি সেই পরাশরের 'তাত!' এইরূপ যোগার্থযুক্ত মধুর বাক্য শুনিয়া অদৃশ্যন্তীদেবী অশ্রুপূর্ণনয়নে তাঁহাকে বলিলেন— ॥৬॥

"বৎস! তুমি তোমার এই পিতামহকে 'তাত! তাত!' বলিয়া সম্বোধন করিও না; এক রাক্ষস বনের ভিতরে তোমার পিতাকে ভক্ষণ করিয়াছে ॥৭॥

(৩) পরাসুশ্চ যতস্তেন···। (৫)···বিপ্রর্ষির্বশিষ্ঠম্··

মন্যসে যং তু তাতেতি নৈষ তাতস্তবানঘ ! ।
আর্য্য এষ পিতা তস্য পিতুস্তব যশস্বিনঃ ॥৮॥
স এবমুক্তো দুঃখার্ত্তঃ সত্যবাগৃষিসত্তমঃ ।
সর্ব্বলোকবিনাশায় মতিং চক্রে মহামনাঃ ॥৯॥
তং তথা নিশ্চিতাত্মানং স মহাত্মা মহাতপাঃ ।
ঋষির্ব্রহ্মবিদাং শ্রেষ্ঠো মৈত্রাবরুণিরগ্রধীঃ ।
বশিষ্ঠো বারয়ামাস হেতুনা যেন তচ্ছৃণু ॥১০॥

বশিষ্ঠ উবাচ

কৃতবীর্য্য ইতি খ্যাতো বভূব পৃথিবীপতিঃ ।
যাজ্যো বেদবিদাং লোকে ভৃগূণাং পার্থিবর্ষভঃ ॥১১॥
স তানগ্রভুজস্তাত ! ধান্যেন চ ধনেন চ ।
সোমান্তে তর্পয়ামাস বিপুলেন বিশাংপতিঃ ॥১২॥

ভারতকৌমুদী

মন্যস ইতি। আর্য্যঃ শ্বশুরত্বান্মম মান্যঃ ॥৮॥

স ইতি। স পরাশর। সর্ব্বেষাং লোকানাং রাক্ষসানাং বিনাশায় ॥৯॥

তমিতি। নিশ্চিতাত্মানং সর্ব্বরাক্ষসবিনাশায় নির্দ্ধারিতচিত্তম্। মৈত্রাবরুণির্মিত্রাবরুণয়োঃ পুত্রঃ, অগ্রা শ্রেষ্ঠা ধীর্বুদ্ধির্যস্য সঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥

কৃতেতি। ভৃগূণাং তদ্বংশীয়ানাম্ ॥১১॥

স ইতি। স কৃতবীর্য্যঃ। অগ্রভুজঃ পুরোহিতত্বাদগ্রে ভোক্তৄন্। সোমস্য যাগস্যান্তে ॥১২॥

বৎস। তুমি যাঁহাকে পিতা বলিয়া মনে করিয়াছ, তিনি তোমার পিতা নহেন। এই মাননীয় ব্যক্তি তোমার পিতার পিতা" ॥৮॥

মাতা এইরূপ বলিলে, সত্যবাদী ঋষিশ্রেষ্ঠ পরাশর অত্যন্ত দুঃখিত হইয়া সমস্ত রাক্ষস বিনাশ করিবার ইচ্ছা করিলেন ॥৯॥

তিনি সেইরূপ স্থির করিলে, মিত্রাবরুণনন্দন, বুদ্ধিমান, বেদজ্ঞশ্রেষ্ঠ এবং প্রধান তপস্বী বশিষ্ঠ যেভাবে তাঁহাকে বারণ করিয়াছিলেন, তাহা শোন ॥১০॥

বশিষ্ঠ বলিলেন—"বেদজ্ঞ ভৃগুবংশের যজমান কৃতবীর্য্যনামে বিখ্যাত এক রাজা ছিলেন ॥১১॥

সেই কৃতবীর্য্য রাজা নিজের সোমযাগ সমাপ্ত হইলে, দক্ষিণাস্বরূপ প্রচুর ধন-ধান্য দ্বারা সেই ভৃগুবংশীয়দিগকে সন্তুষ্ট করিতেন ॥১২॥

(১০)…মৈত্রাবরুণিরত্যধীঃ। (১০) বিপুলেন বিশাংপতে!।

তস্মিন্ নৃপতিশার্দ্দূলে স্বর্যাতেঽথ কথঞ্চন।
বভূব তৎকুলেয়ানাং দ্রব্যকার্য্যমুপস্থিতম্ ॥১৩॥
ভৃগূণাস্তু ধনং জ্ঞাত্বা রাজানঃ সর্ব্ব এব তে।
যাচিষ্ণবোঽভিজগ্মুস্তাংস্ততো ভার্গবসত্তমান্ ॥১৪॥
ভূমৌ তু নিদধুঃ কেচিদ্ভৃগবো ধনমক্ষয়ম্।
দদুঃ কেচিদ্দ্বিজাতিভ্যো জ্ঞাত্বা ক্ষত্রিয়তো ভয়ম্ ॥১৫॥
ভৃগবস্তু দদুঃ কেচিত্তেষাং বিত্তং যথেপ্সিতম্।
ক্ষত্রিয়াণাং তদা তাত! কারণান্তরদর্শনাৎ ॥১৬॥
ততো মহীতলং তাত! ক্ষত্রিয়েণ যদৃচ্ছয়া।
খনতাধিগতং বিত্তং কেনচিদ্ভৃগুবেশ্মনি ॥১৭॥
তদ্বিত্তং দদৃশুঃ সর্ব্বে সমেতাঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
অবমন্য ততঃ ক্রোধাদ্ভৃগূংস্তান্ শরণাগতান্ ॥১৮॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। তৎকুলেয়ানাং তৎকুলজাতানাম্। দ্রব্যকার্য্যং ধনসাধ্যং কর্ম্ম ॥১৩॥
ভৃগূণামিতি। ধনং ধনাস্তিত্বম্। যাচিষ্ণব ইত্যার্ষত্বাদিষ্ণুচ্ ॥১৪॥
ভূমাবিতি। ভূমৌ ভূম্যভ্যন্তরে। অক্ষয়ং কর্ত্তুমিতি শেষঃ ॥১৫॥
ভৃগব ইতি। কারণান্তরদর্শনাৎ ক্ষত্রিয়ৈর্ব্বলপ্রয়োগেণ গ্রহণানুমানাৎ ॥১৬॥
তত ইতি। অধিগতং প্রাপ্তম্, বিত্তং ধনম্। কস্যচিদ্ভৃগোর্বেশ্মনি ॥১৭॥
তদিতি। অবমন্য স্থিতেঽপি ধনে তদ্গোপনাদবজ্ঞায় ॥১৮॥

তাহার পর, কৃতবীর্য্য পরলোক গমন করিলে, একদা তাঁহার বংশধরদিগের ধনের প্রয়োজন উপস্থিত হইল ॥১৩॥

তাই তাঁহারা সকলেই ভৃগুবংশীয়দিগের ধন আছে জানিয়া তাহা প্রার্থনা করিবার জন্য সেই ভৃগুবংশীয়গণের নিকট উপস্থিত হইলেন ॥১৪॥

কতকগুলি ভৃগুবংশীয় ধনকে অক্ষয় করিবার জন্য তাহা মাটীর ভিতরে রাখিয়াছিলেন, আবার কেহ কেহ ক্ষত্রিয়দের ভয়ে ব্রাহ্মণদিগকে দিয়া ফেলিয়াছিলেন ॥১৫॥

এবং না দিলে ক্ষত্রিয়েরা বলপূর্ব্বক লইয়া যাইবে ইহা ভাবিয়া অনেকে তখনই সেই ক্ষত্রিয়গণকে তাঁহাদের ইচ্ছানুসারে ধন সমর্পণ করিলেন ॥১৬॥

বৎস! তাহার পর কোন ক্ষত্রিয় কোন ভার্গবের ঘরের মাটী খুঁড়িতে থাকিয়া, ঈশ্বরের ইচ্ছায় ধন পাইলেন ॥১৭॥

তৎপরে সকল ক্ষত্রিয়ই আসিয়া, ক্রোধবশতঃ সেই শরণাগত ভার্গবদিগকে অবজ্ঞা করিয়া সেই ধন দেখিতে লাগিলেন ॥১৮॥

নিজঘ্নুঃ পরমেম্বাসঃ সর্ব্বাংস্তান্ নিশিতৈঃ শরৈঃ।
আগর্ভাদবকৃন্তন্তশ্চেরুঃ সর্ব্বাং বসুন্ধরাম্ ॥১৯॥
তত উচ্ছিদ্যমানেষু ভৃগুম্বেবং ভয়াত্তদা।
ভৃগুপত্ন্যো গিরিং দুর্গং হিমবন্তং প্রপেদিরে ॥২০॥
তাসামন্যতমা গর্ভং ভয়াদ্দধ্রে মহৌজসম্।
উরুণৈকেন বামোরুর্ভর্ত্তুঃ কুলবিবৃদ্ধয়ে ॥২১॥
তং গর্ভমুপলভ্যাশু ব্রাহ্মণ্যেকা ভয়ার্দ্দিতা।
গত্বা বৈ কথয়ামাস ক্ষত্রিয়াণামুপহ্বরে ॥২২॥
ততস্তে ক্ষত্রিয়া জগ্মুস্তং গর্ভং হন্তুমুদ্যতাঃ।
দদৃশুর্ব্রাহ্মণীং তেঽথ দীপ্যমানাং স্বতেজসা ॥২৩॥

ভারতকৌমুদী

নিজঘ্নুরিতি। পরমেম্বাসা মহাধানুষ্কাঃ ক্ষত্রিয়াঃ। আগর্ভাদ্গর্ভমারভ্য ॥১৯॥
তত ইতি। দুর্গং দুর্গমম্। প্রপেদিরে প্রাপ্তাঃ ॥২০॥
তাসামিতি। বামোরুঃ সুন্দরোরুদ্বয়া। একেন উরুণা দধ্রে উদরাদানীয় ধৃতবতী ॥২১॥
তমিতি। উপলভ্য জ্ঞাত্বা। উপহ্বরে নির্জ্জনে ॥২২॥
তত ইতি। অথ গমনানন্তরম্। তে ক্ষত্রিয়াঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

আঙ্পূর্ব্বাৎ শাসের্ডরন্ প্রত্যয়ঃ কল্পাঃ ॥৩—৯॥ মৈত্রাবরুণির্মিত্রাবরুণয়োঃ পুত্রঃ, অন্ত্যধীঃ অন্তে সিদ্ধান্তে সাধ্বী অন্ত্যা ধীঃ যস্য সোঽন্ত্যধীঃ ॥১০—২১॥ তদ্গর্ভং তস্যা গর্ভমুপলভ্য ব্রাহ্মণী যা কাচিৎ ভয়ার্দ্দিতা জ্ঞাতস্যাপি গর্ভস্য কিমিতি গোপনং কৃতমিতি হেতোর্ভীতা

তদনন্তর মহাধনুর্দ্ধর ক্ষত্রিয়গণ নিশিত বাণ দ্বারা সেই সকল ভার্গবকে বধ করিলেন এবং গর্ভপর্য্যন্ত নষ্ট করিতে থাকিয়া সর্ব্বত্র বিচরণ করিতে লাগিলেন ॥১৯॥

এই ভাবে ভৃগুবংশ উৎসন্নপ্রায় হইলে, তাঁহাদের পত্নীরা ভয়বশতঃ সেই সময়েই দুর্গম হিমালয়পর্ব্বতে যাইয়া আশ্রয় লইলেন ॥২০॥

তাঁহাদের মধ্যে কোন ভৃগুপত্নী ভর্ত্তার বংশরক্ষা করিবার জন্য ক্ষত্রিয়ের ভয়ে একখানি উরু দ্বারা গর্ভটীকে ধারণ করিলেন ॥২১॥

তখন কোন ব্রাহ্মণী সেই গর্ভের বিষয় জানিয়া, ভয়বশতঃ সত্বর যাইয়া, নির্জ্জনে ক্ষত্রিয়দের নিকট সেই বৃত্তান্ত বলিয়া দিলেন ॥২২॥

তাহার পর, সেই ক্ষত্রিয়েরা সেই গর্ভ নষ্ট করিবার জন্য উদ্যত হইয়া উপ-

(২২)···ব্রাহ্মণী যা ভয়ার্দ্দিতা। গত্বৈকা কথয়ামাস·

অথ গর্ভঃ স ভিত্ত্বোরুং ব্রাহ্মণ্যা নির্জগাম হ।
মুষ্ণন্ দৃষ্টীঃ ক্ষত্রিয়াণাং মধ্যাহ্ন ইব ভাস্করঃ।
ততশ্চক্ষুর্বিহীনাস্তে গিরিদুর্গেষু বভ্রমুঃ ॥২৪॥
ততস্তে মোঘসঙ্কল্পা ভয়ার্ত্তাঃ ক্ষত্রিয়াঃ পুনঃ।
ব্রাহ্মণীং শরণং জগ্মুর্দৃষ্ট্যর্থং তামনিন্দিতাম্ ॥২৫॥
ঊচুশ্চৈনাং মহাভাগাং ক্ষত্রিয়াস্তে বিচেতসঃ।
জ্যোতিঃপ্রহীণা দুঃখার্ত্তাঃ শান্তার্চ্চিষ ইবাগ্নয়ঃ ॥২৬॥
ভগবত্যাঃ প্রসাদেন গচ্ছেৎ ক্ষত্রমনাময়ম্।
উপারম্য চ গচ্ছেম সহিতাঃ পাপকর্ম্মণঃ ॥২৭॥
সপুত্রা ত্বং প্রসাদং নঃ কর্ত্তুমর্হসি শোভনে!।
পুনর্দৃষ্টিপ্রদানেন রাজ্ঞঃ সন্ত্রাতুমর্হসি ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে পর্ব্বে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথেতি। মুষ্ণন্ হরন্ নাশয়ন্নিত্যর্থঃ। দৃষ্টীশ্চক্ষূংষি। "দৃগ্‌দৃষ্টী" ইত্যমরঃ। পূর্ব্বজন্মার্জ্জিতঃ পৈতৃকো বাঽয়ং তপঃপ্রভাবো গর্ভস্থ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৪॥

তত ইতি। মোঘসঙ্কল্পা হননাশক্তত্বাদ্ব্যর্থাভিলাষাঃ। দৃষ্ট্যর্থং চক্ষুর্লাভার্থম্ ॥২৫॥

ঊচুরিতি। জ্যোতিঃপ্রহীণা নয়নতেজঃশূন্যাঃ। শান্তার্চ্চিষো নিবৃত্তশিখাঃ ॥২৬॥

ভগবত্যা ইতি। অনাময়ং নীরোগং সৎ। পাপকর্ম্মণঃ সকাশাৎ উপারম্য নিবৃত্য ॥২৭॥

স্থিত হইলেন; পরে তাঁহারা সেই ব্রাহ্মণীকে আপন তেজে জাজ্বল্যমানা দেখিলেন ॥২৩॥

তদনন্তর, সেই গর্ভ ব্রাহ্মণীর উরুদেশ ভেদ করিয়া, মধ্যাহ্নকালীন সূর্য্যের ন্যায় সেই ক্ষত্রিয়দিগের দৃষ্টিশক্তি নষ্ট করতঃ নির্গত হইল। তৎপরে সেই ক্ষত্রিয়েরা অন্ধ হইয়া সেই পর্ব্বতেই কিছুকাল ভ্রমণ করিলেন ॥২৪॥

পরে, তাঁহারা ব্যর্থসঙ্কল্প ও ভয়ার্ত্ত হইয়া, পুনরায় দৃষ্টিশক্তি লাভ করিবার জন্য সেই প্রশংসনীয় ব্রাহ্মণীরই শরণাপন্ন হইলেন ॥২৫॥

এবং নির্ব্বাপিতপ্রায় অগ্নির ন্যায় নয়নতেজোবিহীন সেই ক্ষত্রিয়েরা আকুলচিত্ত ও দুঃখার্ত্ত হইয়া সেই ব্রাহ্মণীকে বলিলেন—॥২৬॥

---

(২৫) ততস্তে মোহমাপন্না রাজানো নষ্টদৃষ্টয়ঃ ..। (২৭)...গচ্ছেৎ ক্ষত্রং সচক্ষুষম্।

* '...ষট্‌সপ্তত্যধিক...', '...অষ্টসপ্তত্যধিক...', '...ঊনাশীত্যধিক...', '...চতুর্নবত্যধিক...', ইতি পাঠান্তরাণি।

দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ব্রাহ্মণ্যুবাচ।

নাহং গৃহ্লামি বস্তাতাঃ! দৃষ্টীর্নাস্মি রুষাম্বিতা।
অয়ন্তু ভার্গবো নূনমূরুজঃ কুপিতোঽগ্য বঃ ॥১॥
তেন চক্ষূংষি বস্তাতাঃ! ব্যক্তং কোপান্মহাত্মনা।
স্মরতা নিহতান্ বন্ধূনাদত্তানি ন সংশয়ঃ ॥২॥

ভারতকৌমুদী

সপুত্রেতি। রাজ্ঞঃ ক্ষত্রিয়ানস্মান্। "রাজা বাহুজঃ ক্ষত্রিয়ো বিরাট্" ইত্যমরঃ ॥২৮॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

নেতি। বো যুষ্মাকম্, দৃষ্টীশ্চক্ষূংষি, ন গৃহ্লামি ন নাশয়ামীত্যর্থঃ ॥১॥
তেনেতি। ব্যক্তং ধ্রুবম্। আদত্তানি গৃহীতানি নাশিতানি ॥২॥

ভারতভাবদীপঃ

উপহ্বরে সমীপে ॥২০॥ "দুষ্কৃবুস্তামনিন্দিতাম্" ইতি পাঠে হস্তমিতি শেষঃ ॥২৩—২৬॥ উপারম্য পাপনিবৃত্তিং কৃত্বা, পাপকর্ম্মণোঽপি বয়ম্ ॥২৭—২৮॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭১॥

—:*:—

"দেবি! অপর ক্ষত্রিয়েরা আপনার অনুগ্রহে সুস্থ হইয়া চলিয়া যাইবে এবং আমরাও এই পাপের কার্য্য হইতে নিবৃত্তি পাইয়া সম্মিলিত হইয়াই চলিয়া যাইব ॥২৭॥

অতএব আপনি আমাদের প্রতি অনুগ্রহ করুন, পুনরায় দৃষ্টিশক্তি দান করিয়া ক্ষত্রিয়গণকে রক্ষা করুন" ॥২৮॥

—:*:—

ব্রাহ্মণী বলিলেন—"বৎসগণ! আমি কুপিত হইয়া তোমাদের দৃষ্টি হরণ করি নাই; কিন্তু নিশ্চয় এই ঊরুজাত ভৃগুবংশীয় বালকই তোমাদের প্রতি ক্রুদ্ধ হইয়াছে ॥১॥

বৎসগণ! তোমরা উঁহার বন্ধুবর্গকে বধ করিয়াছ, তাহা স্মরণ করিয়া নিশ্চয়ই সেই বালক ক্রোধবশতঃ তোমাদের দৃষ্টি হরণ করিয়াছে ॥২॥

গর্ভানপি যদা যূয়ং ভৃগূণাং ঘ্নত পুত্রকাঃ !।
তদাঽহমূরুণা গর্ভো ময়া বর্ষশতং ধৃতঃ ॥৩॥
ষড়ঙ্গশ্চাখিলো বেদ ইমং গর্ভস্থমেব হ।
বিবেশ ভৃগুবংশস্য ভূয়ঃপ্রিয়চিকীর্ষয়া ॥৪॥
সোঽয়ং পিতৃবধাদ্ব্যক্তং ক্রোধাদ্বো হন্তুমিচ্ছতি।
তেজসা তস্য দিব্যেন চক্ষূংষি মুষিতানি বঃ ॥৫॥
তমেব যূয়ং যাচধ্বমৌর্ব্বং মম সুতোত্তমম্।
অয়ং বঃ প্রণিপাতেন তুষ্টো দৃষ্টীঃ প্রমোক্ষ্যতি ॥৬॥

বশিষ্ঠ উবাচ।

এবমুক্তাস্ততঃ সর্ব্বে রাজানস্তে তমূরুজম্।
ঊচুঃ প্রসীদেতি তদা প্রসাদঞ্চ চকার সঃ ॥৭॥

ভারতকৌমুদী

গর্ভানিতি। যদা যতঃ। ঘ্নত ব্যনাশয়ত। অড়াগমাভাব আর্ষঃ। তদা ততঃ ॥৩॥
ষড়িতি। বিবেশ প্রাপ। ভূয়ঃপ্রিয়াণাং প্রচুরপ্রীতিকরকার্য্যাণাং চিকীর্ষয়া ॥৪॥
স ইতি। দিব্যেন অলৌকিকেন। মুষিতানি হৃতানি ॥৫॥
তমিতি। ঊরুতো জাত ইত্যৌর্ব্বস্তং তদাখ্যম্। প্রমোক্ষ্যতি ত্যক্ষ্যতি ॥৬॥
এবমিতি। রাজানঃ ক্ষত্রিয়াঃ। স ঔর্ব্বঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

নাহমিতি। ভো তাতাঃ ! ॥১॥ আদত্তানি আত্তানি, দদ দানেঽস্য রূপম্ ॥২—৫॥ তাত !

পুত্রগণ ! যখন তোমরা ভৃগুপত্নীগণের গর্ভপর্য্যন্ত নষ্ট করিতেছিলে, তখন আমি দীর্ঘকালপর্য্যন্ত উরু দ্বারা এই গর্ভ ধারণ করিয়াছিলাম ॥৩॥

ছয়টী অঙ্গের সহিত সমস্ত বেদ ভৃগুবংশের প্রীতিসম্পাদনের জন্য গর্ভস্থ অবস্থাতেই এই বালকের অন্তরে প্রকাশ পাইয়াছিল ॥৪॥

নিশ্চয়, সেই বালকই পিতৃবধনিবন্ধন ক্রোধবশতঃ তোমাদিগকেও বধ করিবার ইচ্ছা করিয়াছে এবং তাহার অলৌকিক তেজেই তোমাদের দৃষ্টি হরণ করিয়াছে ॥৫॥

অতএব তোমরা আমার পুত্র সেই ঔর্ব্বের নিকটে যাইয়া প্রার্থনা কর, তোমাদের অনুনয়ে সন্তুষ্ট হইয়া সে তোমাদের দৃষ্টি ছাড়িয়া দিবে" ॥৬॥

বশিষ্ঠ বলিলেন—ব্রাহ্মণী এইরূপ কহিলে, সেই ক্ষত্রিয়েরা সকলেই যাইয়া ঔর্ব্বকে বলিলেন যে, 'আপনি প্রসন্ন হউন'। তখন ঔর্ব্ব প্রসন্ন হইলেন ॥৭॥

---

(৩) গর্ভানপি যদা নূনং…। (৬) তমিমং তাত ! যাচধ্বম্…।

অনেনৈব চ বিখ্যাতো নাম্না লোকেষু সত্তমঃ।
স ঔর্ব্ব ইতি বিপ্রর্ষিরূরুং ভিত্ত্বা ব্যজায়ত ॥৮॥
চক্ষূংষি প্রতিলব্ধ্বা চ প্রতিজগ্মুস্ততো নৃপাঃ।
ভার্গবস্তু মুনির্মেনে সর্ব্বলোকপরাভবম্ ॥৯॥
স চক্রে তাত ! লোকানাং বিনাশায় মহামনাঃ।
সর্ব্বেষামেব কাৎস্ন্যেন মনঃ প্রবণমাত্মনঃ ॥১০॥
ইচ্ছন্নপচিতিং কর্ত্তুং ভৃগূণাং ভৃগুনন্দনঃ।
সর্ব্বলোকবিনাশায় তপসা মহতৈধিতঃ ॥১১॥
তাপয়ামাস লোকান্ স সদেবাসুরমানুষান্।
তপসোগ্রেণ মহতা নন্দয়িষ্যন্ পিতামহান্ ॥১২॥

ভারতকৌমুদী

নন্থ "যাচধ্বমৌর্ব্বম্" ইত্যুক্তৌ কো হেতুরিত্যাহ—অনেনেতি। যত ঊরুং ভিত্ত্বা ব্যজায়ত, অতঃ সত্তমঃ স বিপ্রর্ষিঃ 'ঔর্ব্বঃ' ইত্যনেনৈব নাম্না লোকেষু বিখ্যাতঃ ; ঊরুতো জাত ইতি যোগাৎ ॥৮॥

চক্ষূংষীতি। সর্ব্বেষু লোকেষু তেষাং প্রাধান্যাত্তৎপরাভবেনৈব সর্ব্বপরাভব ইতি ভাবঃ ॥৯॥

স ইতি। কাৎস্ন্যেন সাকল্যেন। আত্মনো মনঃ, প্রবণমুন্মুখম্, চক্রে ॥১০॥

ইচ্ছন্নিতি। অপচিতিং পূজাং পূজাহেতুভূতং গৌরবমিত্যর্থঃ। এধিতো বর্দ্ধিতঃ ॥১১॥

তাপয়ামাসেতি। নন্দয়িষ্যন্ প্রমোদয়িষ্যন্, পিতামহান্ পিতৃলোকান্ ॥১২॥

ভারতভাবদীপঃ

হে তাতাঃ ! সম্বোধনার্থো নিপাতো বাহয়ম্ ॥৬—৭॥ ঊরুত উৎপন্ন ঔর্ব্ব ইতি নিরুক্তিমাহ—

যেহেতু তিনি মাতার ঊরুদেশ ভেদ করিয়া জন্মিয়াছিলেন, সেই হেতুই সেই প্রধান ব্রহ্মর্ষি 'ঔর্ব্ব' নামে জগতে বিখ্যাত হইয়াছিলেন ॥৮॥

তদনন্তর, ক্ষত্রিয়েরা পুনরায় চক্ষু লাভ করিয়া ফিরিয়া গেলেন, তাহাতেই ঔর্ব্ব-মুনি সমস্ত লোকের পরাভব হইল বলিয়া মনে করিলেন ॥৯॥

বৎস ! তৎপরে ঔর্ব্ব সমস্ত লোক বিনষ্ট করিবার ইচ্ছা করিলেন ॥১০॥

তিনি ভৃগুবংশের গৌরব বৃদ্ধি করিবার ইচ্ছা করিয়া সমস্ত লোক বিনাশের জন্য ক্রমে গুরুতর তপস্যায় বর্দ্ধিত হইয়া উঠিলেন ॥১১॥

তিনি পিতৃলোককে আনন্দিত করিবেন বলিয়া ক্রমে গুরুতর ও ভয়ঙ্কর তপস্যা দ্বারা দেবতা, অসুর ও মানুষাদির সহিত সমস্ত লোক সন্তপ্ত করিতে লাগিলেন ॥১২॥

ততস্তং পিতরস্তাত! বিজ্ঞায় কুলনন্দনম্।
পিতৃলোকাদুপাগম্য সর্ব্বে ঊচুরিদং বচঃ ॥১৩॥
ঔর্ব্ব! দৃষ্টঃ প্রভাবস্তে তপসোগ্রস্য পুত্রক!।
প্রসাদং কুরু লোকানাং নিয়চ্ছ ক্রোধমাত্মনঃ ॥১৪॥
নানীশৈর্হি তদা তাত! ভৃগুভির্ভাবিতাত্মভিঃ।
বধো হ্যপেক্ষিতঃ সর্ব্বৈঃ ক্ষত্রিয়াণাং বিহিংসতাম্ ॥১৫॥
আয়ুষা বিপ্রকৃষ্টেন যদা নঃ খেদ আবিশৎ।
তদাস্মাভির্বধস্তাত! ক্ষত্রিয়ৈরীপ্সিতঃ স্বয়ম্ ॥১৬॥
নিখাতং যচ্চ বৈ বিত্তং ভৃগুভির্ভৃগুবেশ্মনি।
বৈরায়ৈব তদান্যস্তং ক্ষত্রিয়ান্ কোপয়িষ্ণুভিঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। তং সর্ব্বলোকবিনাশায়োন্মুখম্, বিজ্ঞায় ॥১৩॥

ঔর্ব্বেতি। তপস ইতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ। নিয়চ্ছ সংবৃণু ॥১৪॥

নেতি। হে তাত! বৎস! তদা ক্ষত্রিয়ৈঃ স্বস্ববধসময়ে, ভাবিতাত্মভিস্তপসা সংস্কৃতাত্মভিঃ সর্ব্বৈর্ভৃগুভিঃ, অনীশৈস্তেষাং ক্ষত্রিয়াণাং বধে অসমর্থৈঃ সদ্ভিঃ, বিহিংসতাং ক্ষত্রিয়াণাম্, বধো নোপেক্ষিতঃ, অপি তু কারণান্তরাদেবোপেক্ষিত ইতি ভাবঃ ॥১৫॥

আয়ুষেতি। বিপ্রকৃষ্টেন দূরবর্ত্তিনা দীর্ঘেণেত্যর্থঃ। খেদো দুঃখম ॥১৬॥

নিখাতমিতি। আন্যস্তং ভূমৌ রোপিতম। কোপয়িষ্ণুভিরিত্যত্র ইষ্ণুচ্ প্রত্যয়ঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

অনেনেতি ॥৮—৯॥ আত্মনো মনঃ সর্ব্বেষামপচিতিং কর্ত্তুং প্রবণম্ উন্মুখম্, ইচ্ছন্ স্বমনো-

বৎস! তাহার পর, পিতৃলোকেরা তাঁহাকে সমস্ত লোকবিনাশে উদ্যত জানিয়া, পিতৃলোক হইতে আসিয়া এই কথা বলিলেন—॥১৩॥

"পুত্র! ঔর্ব্ব! তোমার দারুণ তপস্যার প্রভাব দেখিয়াছি; তুমি জগতের উপরে প্রসন্ন হও, ক্রোধ সংবরণ কর ॥১৪॥

বৎস! তখন প্রভাবশালী ভৃগুবংশীয়েরা অসমর্থ হইয়া হিংসাকারী ক্ষত্রিয়দের বধ উপেক্ষা করিয়াছিলেন না ॥১৫॥

বৎস! আমাদের দীর্ঘ আয়ু আছে ভাবিয়া যখন খেদ উপস্থিত হইয়াছিল, তখন আমরা নিজেরাই ক্ষত্রিয় দ্বারা নিজেদের বধ ইচ্ছা করিয়াছিলাম ॥১৬॥

তা'র পর, ভৃগুবংশীয়েরা ঘরের ভিতরে যে ধন পুতিয়া রাখিয়াছিলেন,

১৩ শ্লোকাৎ পরম্ 'পিতর ঊচুঃ' ইতি ক্বচিৎ পাঠঃ। (১৬)···ক্রোধ আবিশৎ।
(১৭)···কেনচিদ্ভৃগুবেশ্মনি।

কিং হি বিত্তেন নঃ কার্য্যং স্বর্গেপ্সূনাং দ্বিজোত্তম ! ।
যদস্মাকং ধনাধ্যক্ষঃ প্রভূতং ধনমাহরৎ ॥১৮॥
যদা তু মৃত্যুরাদাতুং ন নঃ শক্নোতি সর্ব্বশঃ ।
তদাস্মাভিরয়ং দৃষ্ট উপায়স্তাত ! সম্মতঃ ॥১৯॥
আত্মহা চ পুমাংস্তাত ! ন লোকাল্লঁভতে শুভান্ ।
ততোহস্মাভিঃ সমীক্ষ্যৈবং নাত্মনাত্মা নিপাতিতঃ ॥২০॥
ন চৈতন্নঃ প্রিয়ং তাত ! যদিদং কর্ত্তুমিচ্ছসি ।
নিয়চ্ছেদং মনঃ পাপাৎ সর্ব্বলোকপরাভবাৎ ॥২১॥

ভারতকৌমুদী

কিমিতি। বিত্তেন ধনেন। ধনাধ্যক্ষঃ কুবেরঃ, আহরৎ আনীয় দত্তবান্ ॥১৮॥

যদেতি। অয়ং ক্ষত্রিয়কর্ত্তৃকবধরূপঃ। সম্মতঃ সর্ব্বাভিপ্রেতঃ ॥১৯॥

অথ ক্ষত্রিয়ৈরাত্মবধং কলঙ্কজনকমকারয়িত্বা কথং স্বয়মেব তং ন কৃতবন্ত ইত্যাহ—আত্মহেতি। আত্মহা আত্মঘাতী। সমীক্ষ্য পর্য্যালোচ্য। নিপাতিতো বিনাশিতঃ ॥২০॥

অথ ময়া সর্ব্বলোকবিনাশে যুষ্মাকং কা ক্ষতিরিত্যাহ—নেতি। নিয়চ্ছ নিবর্ত্তয় ॥২১॥

ভারতভাবদীপঃ

হপচিতিং কর্ত্তুং যোজয়তীত্যর্থঃ ॥১০—১৫॥ বিপ্রকৃষ্টেন অতিদূরগেণ বহুনা, ক্ষত্রিয়ৈঃ নিমিত্তমাত্রৈঃ ॥১৬—১৯॥ আত্মহেতি। এতেন ভৃগুপতনাদিনা মরণং ব্রাহ্মণেতরবিষয়ং

তাহা ক্ষত্রিয়গণকে ক্রুদ্ধ করিয়া তাহাদের সহিত শত্রুতা জন্মাইবার জন্যই করিয়াছিলেন ॥১৭॥

কেন না, আমরা স্বর্গলিপ্সু ছিলাম ; সুতরাং আমাদের ধন দ্বারা কি প্রয়োজন ছিল ? বিশেষতঃ, কুবেরই আমাদিগকে প্রচুর ধন আনিয়া দিতেন ॥১৮॥

বৎস ! যম যখন আমাদিগকে গ্রহণ করিতে পারিতেছিলেন না, তখনই আমরা সর্ব্বসম্মতিক্রমে এই উপায় পর্য্যালোচনা করিয়াছিলাম ॥১৯॥

বৎস ! আত্মঘাতী লোক স্বর্গে যাইতে পারে না ; এইরূপ পর্য্যালোচনা করিয়াই আমরা আত্মঘাতী হই নাই ॥২০॥

বৎস ! তুমি এই যাহা করিবার ইচ্ছা করিতেছ, ইহা আমাদের প্রীতিকর নহে ; সুতরাং তুমি সমস্ত লোকবিনাশরূপ পাপকার্য্য হইতে মনকে নিবৃত্ত কর ॥২১॥

---

(২০) ··সমীক্ষ্যৈবমাত্মবাত্মা··· ।

মা বধীঃ ক্ষত্রিয়াংস্তাত ! ন লোকান্ সপ্ত পুত্রক ! ।
দূষয়ন্তং তপস্তেজঃ ক্রোধমুৎপতিতং জহি ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে ঔর্ব্বে ঔর্ব্ববারণং নাম দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ঔর্ব্ব উবাচ।

উক্তবানস্মি যাং ক্রোধাৎ প্রতিজ্ঞাং পিতরস্তদা।
সর্ব্বলোকবিনাশায় ন সা মে বিতথা ভবেৎ ॥১॥
বৃথা-রোষ-প্রতিজ্ঞো বৈ নাহং ভবিতুমুৎসহে।
অনিস্তীর্ণো হি মাং রোষো দহেদগ্নিরিবারণিম্ ॥২॥

ভারতকৌমুদী

মেতি। তপস্তেজো দূষয়ন্তম্, উৎপতিতম্ আত্মন্যুৎপন্নং ক্রোধম্, জহি নাশয় ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

উক্তবানিতি। হে পিতরঃ!। বিতথা মিথ্যা ॥১॥

ভারতভাবদীপঃ

দর্শিতম্ ॥২০—২১॥ মা বধীরিতি ক্ষত্রিয়ান্ তদনিয়ন্তৃত্বেন অনপরাধিনঃ সপ্ত লোকান্ ভূরাদীংশ্চ মা বধীঃ, কিন্তু তপঃসম্ভৃতং তেজো দূষয়ন্তং ক্রোধং জহি। পাঠান্তরমুপেক্ষ্যম্ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭২॥

—:*:—

বৎস ! পুত্র ! তুমি সপ্ত লোককে বা ক্ষত্রিয়গণকে বিনষ্ট করিও না। ক্রোধ তপস্যার প্রভাবকে দূষিত করে ; সুতরাং সে ক্রোধ জন্মিয়া থাকিলেও তাহা রুদ্ধ কর' ॥২২॥

—:*:—

ঔর্ব্ব বলিলেন—"পিতৃগণ ! আমি ক্রোধবশতঃ সমস্ত লোক বিনাশ করিবার জন্য তখন যে প্রতিজ্ঞা করিয়াছি, তাহা কখনও মিথ্যা হইবে না ॥১॥

* '...সপ্তসপ্তত্যধিক' '...ঊনাশীত্যধিক...', '...অশীত্যধিক...', '...পঞ্চনবত্যধিক' ইতি পাঠান্তরাণি।

যো হি কারণতঃ ক্রোধং সঞ্জাতং ক্ষন্তুমর্হতি।
নালং স মনুজঃ সম্যক্ ত্রিবর্গং পরিরক্ষিতুম্ ॥৩॥
অশিষ্টানাং নিয়ন্তা হি শিষ্টানাং পরিরক্ষিতা।
স্থানে রোষঃ প্রযুক্তঃ স্যান্নৃপৈঃ সর্ব্বজিগীষুভিঃ ॥৪॥
অশ্রৌষমহমূরুস্থো গর্ভশয্যাগতস্তদা।
আরাবং মাতৃবর্গস্য ভৃগূণাং ক্ষত্রিয়ৈর্ব্বধে ॥৫॥
সংহারো হি যদা লোকে ভৃগূণাং ক্ষত্রিয়াধমৈঃ।
আগর্ভোচ্ছেদনাৎ ক্রান্তস্তদা মাং মন্যুরাবিশৎ ॥৬॥
প্রকীর্ণকেশাঃ কিল মে মাতরঃ পিতরস্তথা।
ভয়াৎ সর্ব্বেষু লোকেষু নাধিজগ্মুঃ পরায়ণম্ ॥৭॥

ভারতকৌমুদী

বৃথেতি। অনিস্তীর্ণঃ তাং প্রতিজ্ঞামনুত্তীর্ণঃ। অরণিম্ অগ্ন্যুৎপাদনকাষ্ঠম্ ॥২॥

য ইতি। কারণতো ন্যায্যপর্য্যাপ্তকারণাৎ সঞ্জাতম্। ক্ষন্তুং সোঢ়ুং সংবরীতুমিত্যর্থঃ। অলং সমর্থঃ। এতেনান্যায্যাপর্য্যাপ্তকারণজাত এব ক্রোধঃ সংবরণীয় ইতি সূচিতম্ ॥৩॥

ন্যায্যপর্য্যাপ্তক্রোধাসংবরণে দৃষ্টান্তমাহ—অশিষ্টানামিতি। স্থানে উপযুক্তবিষয়ে ॥৪॥

আত্মনঃ ক্রোধস্য ন্যায্যপর্য্যাপ্তকারণজত্বমাহ—অশ্রৌষমিতি। আরাবং বিলাপম্ ॥৫॥

সংহার ইতি। আগর্ভোচ্ছেদনাৎ সংহারঃ, ক্রান্ত আরব্ধঃ। মন্যুঃ ক্রোধঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

উক্তবানিতি ॥১॥ অনিস্তীর্ণঃ অকৃতকার্য্যঃ ॥২॥ বৃথোৎপন্নঃ ক্রোধো জেতব্যো ন তু সকারণক ইত্যাহ—যো হীতি ॥৩॥ ক্রোধকারণান্যাহ—অশিষ্টানামিতি। স্থানে যুক্তম্ ॥৪॥

আমি আমার ক্রোধ ও প্রতিজ্ঞাকে নিষ্ফল করিতে পারিব না। কেন না, আমি প্রতিজ্ঞা হইতে উত্তীর্ণ হইতে না পারিলে, অগ্নি যেমন অরণিকাষ্ঠকে দগ্ধ করে, তেমন ক্রোধ আমাকে দগ্ধ করিবে ॥২॥

যে মানুষ কারণসঙ্গত ক্রোধ সংবরণ করে, সে মানুষ সম্যক্ভাবে ত্রিবর্গ (ধর্ম্ম, অর্থ ও কাম-) রক্ষা করিতে সমর্থ হয় না ॥৩॥

সমস্ত বিজয়াভিলাষী রাজারা অশিষ্টদিগের নিয়ামক ও শিষ্টদিগের রক্ষক ক্রোধকে উপযুক্ত স্থানে প্রয়োগ করিয়া থাকেন ॥৪॥

ক্ষত্রিয়েরা যখন ভৃগুবংশীয়গণকে বধ করে, আমি তখন মাতার উরুদেশে গর্ভে থাকিয়া মাতৃবর্গের সেই বিলাপ শুনিয়াছিলাম ॥৫॥

ক্ষত্রিয়াধমেরা যে পর্য্যন্ত ভৃগুবংশীয়গণকে বধ করিয়াছিল, সে পর্য্যন্ত আমি সহ্য করিয়াছিলাম; তা'র পর, যখন গর্ভপর্য্যন্ত নষ্ট করিতে লাগিল, তখন আমার ক্রোধ জন্মিল ॥৬॥

তান্ ভৃগূণাং যদা দারান্ কশ্চিন্নাভ্যুপপদ্যতে।
মাতা তদা দধারেয়মূরুণৈকেন মাং শুভা ॥৮॥
প্রতিষেদ্ধা হি পাপস্য যদা লোকেষু বিদ্যতে।
তদা লোকেষু সর্ব্বেষু পাপকৃন্নোপপদ্যতে ॥৯॥
যদা তু প্রতিষেদ্ধারং পাপো ন লভতে ক্বচিৎ।
তিষ্ঠন্তি বহবো লোকাস্তদা পাপেষু কর্ম্মসু ॥১০॥
জানন্নপি চ যঃ পাপং শক্তিমান্ ন নিয়চ্ছতি।
ঈশঃ সন্ সোঽপি তেনৈব কর্ম্মণা সম্প্রযুজ্যতে ॥১১॥

ভারতকৌমুদী

প্রকীর্ণেতি। পরায়ণং বিশেষাশ্রয়ং রক্ষকমিতি যাবৎ। নাধিজগ্মুর্ন প্রাপ্তবন্তঃ ॥৭॥

তানিতি। নাভ্যুপপদ্যতে রক্ষিতুং নাশ্রয়তি ॥৮॥

প্রতীতি। নোপপদ্যতে ন ভবতি ॥৯॥

যদেতি। পাপঃ পাপকারী। তিষ্ঠন্তি প্রবৃত্তা ইতি শেষঃ ॥১০॥

জানন্নিতি। শক্তিমান্ অস্ত্রাদিনা সমর্থঃ। ঈশস্তপসা সমর্থো বা ॥১১॥

ভারতভাবদীপঃ

তদ্বিপরীতং ক্ষত্রিয়াশ্চক্রুরিত্যাহ—অশ্রৌষমিতি ॥৫॥ ক্রান্তা উপক্রান্তাঃ ॥৬॥ তর্হি ক্ষত্রিয়া এব বধ্যা ন তু লোকা ইত্যত আহ—সম্পূর্ণেতি দ্বাভ্যাম্। কোশো জরায়ুরূপা মাংসপেশী, সম্পূর্ণঃ কোশো যাসাং তাঃ পরিপক্বগর্ভা ইত্যর্থঃ। "কোশোঽর্থসঞ্চয়ে মাংসপেশ্যাম্" ইতি বিশ্বঃ। "সম্পূর্ণশোকা" ইত্যপি পঠন্তি, লোকৈঃ সত্যপি সামর্থ্যে মন্মাতৄণাং ত্রাণং ন কৃতমতস্তেঽপি বধ্যা এবেত্যর্থঃ ॥৭—৮॥ এতদেবোপপাদয়তি—প্রতিষেদ্ধেতি। প্রতিষেদ্ধরি সতি পাপকৃদেব নোপলভ্যতে, অসতি তু সর্ব্বোঽপি পাপ এব প্রবর্ত্তত ইতি শ্লোকদ্বয়ার্থঃ

আমার মাতৃগণ ও পিতৃগণ ভয়ে মুক্তকেশ হইয়া সমস্ত জগতেই রক্ষক পাইয়াছিলেন না ॥৭॥

যখন কোন লোকই ভৃগুপত্নীদিগকে রক্ষা করিল না, তখন আমার কল্যাণার্থিনী এই মাতা একখানি উরুতে আমাকে ধারণ করিয়াছিলেন ॥৮॥

যদি জগতে পাপের প্রতিষেদ্ধা থাকে, তাহা হইলে সমস্ত জগতে কেহই পাপকারী হয় না ॥৯॥

আর, যদি পাপকারী কোথাও প্রতিষেদ্ধা না পায়, তবে বহু লোকই পাপকার্য্যে প্রবৃত্ত থাকে ॥১০॥

এবং দৈহিকশক্তিশালী কিংবা তপঃশক্তিশালী যে লোক জানিয়াও পাপকার্য্যের নিষেধ না করে, সেও সেই পাপে লিপ্ত হয় ॥১১॥

রাজভিশ্চেশ্বরৈশ্চৈব যদি বৈ পিতরো মম।
শক্তৈর্ন শকিতাস্ত্রাতুমিষ্টং মত্বেহ জীবিতম্ ॥১২॥
অত এষামহং ক্রুদ্ধো লোকানামীশ্বরো হ্যহম্।
ভবতাঞ্চ বচো নালমহং সমভিবর্ত্তিতুম্ ॥১৩॥ (যুগ্মকম্)
মমাপি চেদ্ভবেদেবমীশ্বরস্য সতো মহৎ।
উপেক্ষমাণস্য পুনর্লোকানাং কিল্বিষাদ্ভয়ম্ ॥১৪॥
যশ্চায়ং মন্যুজো মেঽগ্নির্লোকানাদাতুমিচ্ছতি।
দহেদেষ চ মামেব নিগৃহীতঃ স্বতেজসা ॥১৫॥ (যুগ্মকম্)
ভবতাঞ্চ বিজানামি সর্ব্বলোকহিতেপ্সুতাম্।
তস্মাদ্বিধধ্বং যচ্ছ্রেয়ো লোকানাং মম চেশ্বরাঃ ! ॥১৬॥

পিতর ঊচুঃ।

য এষ মন্যুজস্তেঽগ্নির্লোকানাদাতুমিচ্ছতি।
অপ্সু তং মুঞ্চ ভদ্রং তে লোকা হ্যপ্সু প্রতিষ্ঠিতাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

রাজভিরিতি। ঈশ্বরৈস্তপঃশক্তিশালিভিঃ। যদি যতঃ। ইহ জীবিতমিষ্টং মত্বা জীবননাশাশঙ্কয়েত্যর্থঃ। ঈশ্বরস্তপঃশক্তিশালী। সমভিবর্ত্তিতুম্ অনুসর্ত্তুম্, নালং ন সমর্থঃ ॥১২—১৩॥

মমেতি। লোকানাং নাশজনিতাদিতি শেষঃ। তদেতি পূরণীয়ম্। আদাতুং নাশয়িতুমিত্যর্থঃ। নিগৃহীতো নিরুদ্ধঃ, স্বতেজসা নিজসংযমপ্রভাবেণ ॥১৪—১৫॥

ভবতামিতি। বিধধ্বং কুরুত। হে ঈশ্বরাঃ! শক্তিমন্তঃ পিতরঃ! ॥১৬॥

ভারতভাবদীপঃ

॥৯—১০॥ পাপং পাপকারিণম্ ॥১১—১৩॥ কিল্বিষাৎ অশাসনজাৎ ॥১৪—১৬॥ আদাতু-

রাজারা ও তপস্বীরা সমর্থ থাকিয়াও আপনাদের জীবন পরম প্রিয়তম মনে করিয়া যখন আমার পিতৃগণকে রক্ষা করেন নাই, তখন আমি তপঃশক্তিশালী এবং ক্রুদ্ধ হইয়াও এই জনসাধারণের ও আপনাদের কথার অনুসরণ করিতে পারিব না ॥১২—১৩॥

আমি তপঃশক্তিশালী ; এ অবস্থাতেও আমি যদি এই লোকসংহার উপেক্ষা করি, কিংবা আমারও লোকসংহারপাপের ভয় হয়, তবে আমার এই যে কোপানল লোকসংহার করিবার ইচ্ছা করিতেছে, এই কোপানল নিজসংযমে নিরুদ্ধ হইয়া আমাকেই দগ্ধ করিবে ॥১৪—১৫॥

আবার আমি আপনাদেরও সর্ব্বলোক-হিতৈষিতা জানি ; অতএব হে ঈশ্বরগণ ! যাহাতে জগতের ও আমার মঙ্গল হয়, তাহা আপনারা করুন” ॥১৬॥

আপোময়াঃ সর্ব্বরসাঃ সর্ব্বমাপোময়ং জগৎ।
তস্মাদপ্সু বিমুঞ্চেমং ক্রোধাগ্নিং দ্বিজসত্তম! ॥১৮॥
অয়ং তিষ্ঠতু তে বিপ্র! যদীচ্ছসি মহোদধৌ।
মন্যুজোঽগ্নির্দহন্নাপো লোকা হ্যাপোময়াঃ স্মৃতাঃ ॥১৯॥
এবং প্রতিজ্ঞা সত্যেয়ং তবানঘ! ভবিষ্যতি।
ন চৈবং সামরা লোকা গমিষ্যন্তি পরাভবম্ ॥২০॥

বশিষ্ঠ উবাচ।

ততস্তং ক্রোধজং তাত! ঔর্ব্বোঽগ্নিং বরুণালয়ে।
উৎসসর্জ্জ স চৈবাপ উপযুঙ্‌ক্তে মহোদধৌ ॥২১॥
মহদ্ধয়শিরো ভূত্বা যত্তদ্বেদবিদো বিদুঃ।
তমগ্নিমুদ্গিরদ্বক্ত্রাৎ পিবত্যাপো মহোদধৌ ॥২২॥

ভারতকৌমুদী

য ইতি। মন্যুজঃ ক্রোধজাতঃ। আদাতুং নাশয়িতুম্। অপ্সু জলে ॥১৭॥
জলে ক্ষেপণে হেত্বন্তরমাহ—আপ ইতি। আপঃশব্দঃ সকারান্তোঽপি ॥১৮॥
অয়মিতি। অয়ং মন্যুজোঽগ্নিরিতি সম্বন্ধঃ। আপো জলম্ ॥১৯॥
এবমিতি। এবমিত্থং করণে। সামরাঃ সদেবাঃ। পরাভবং নাশম্ ॥২০॥
তত ইতি। বরুণালয়ে সমুদ্রে। স চাগ্নিঃ। উপযুঙ্‌ক্তে ভক্ষয়তি ॥২১॥

ভারতভাবদীপঃ

মুচ্ছেত্তুম্ ॥১৭॥ আপোময়া ইতি। কারণীভূতাসু অপ্সু দগ্ধাসু লোকা অপি দগ্ধপ্রায়া ইত্যর্থঃ

পিতৃলোকেরা বলিলেন—"ঔর্ব্ব! তোমার মঙ্গল হউক; তোমার যে ক্রোধানল জগৎ নষ্ট করিতে ইচ্ছা করিতেছে, তাহা তুমি জলে নিক্ষেপ কর। কেন না, জলেই ত জগৎ রহিয়াছে ॥১৭॥

সমস্ত রস জলময় এবং সমস্ত জগৎ জলময়। অতএব হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! তোমার এই ক্রোধানল জলে নিক্ষেপ কর ॥১৮॥

ব্রাহ্মণ! তুমি যদি ইচ্ছা কর, তবে তোমার এই ক্রোধানল জল দগ্ধ করিতে থাকিয়া সমুদ্রেই অবস্থান করুক। কারণ, লোক সকল জলময় ॥১৯॥

হে নিষ্পাপ ঔর্ব্ব! এইরূপ করিলে, তোমার এই প্রতিজ্ঞাও সত্য হইবে, দেবতাদের সহিত সমস্ত জগৎও নষ্ট হইবে না" ॥২০॥

বশিষ্ঠ বলিলেন—"বৎস! পরাশর! তাহার পর ঔর্ব্ব সেই ক্রোধানলকে সমুদ্রে নিক্ষেপ করিলেন; সেই ক্রোধানলই সমুদ্রে থাকিয়া তাহার জল পান করে ॥২১॥

তস্মাত্ত্বমপি ভদ্রং তে ন লোকান্ হন্তুমর্হসি।
পরাশর! পরাল্লোঁকান্ জানন্ জ্ঞানবতাং বর! ॥২৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে ঔর্ব্বে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

গন্ধর্ব্ব উবাচ।
এবমুক্তঃ স বিপ্রর্ষির্বশিষ্ঠেন মহাত্মনা।
ন্যযচ্ছদাত্মনঃ ক্রোধং সর্ব্বলোকপরাভবাৎ ॥১॥

ভারতকৌমুদী

মহদিতি। হয়শিরো বড়বামস্তকম্। তম্ ঔর্ব্বক্রোধজম্। আপো জলম্ ॥২২॥
তস্মাদিতি। লোকান্, পরান্ উৎকৃষ্টান্ জানন্, তান্ লোকান্, হন্তুং নার্হসি ॥২৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এবমিতি। স পরাশরঃ। ন্যযচ্ছৎ নিবর্ত্তিতবান্। সর্ব্বেষাং লোকানাং পরাভবাদ্বিনাশাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

॥১৮—২০॥ উপযুঙ্‌ক্তে ভক্ষয়তি ॥২১॥ হয়শিরঃ বড়বামুখম্ ॥২২—২৩॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায় ॥১৭৩॥

—:*:—

বেদজ্ঞেরা বলিয়া থাকেন—ঔর্ব্বের ক্রোধ বিশাল বড়বামস্তক হইয়া, তাহার মুখ হইতে সেই অগ্নি উদ্‌গিরণ করিতে থাকিয়া, সমুদ্রের জল পান করে ॥২২॥

অতএব হে জ্ঞানিশ্রেষ্ঠ পরাশর! তোমার মঙ্গল হউক; তুমিও জগৎকে উৎকৃষ্ট জানিয়া তাহা নষ্ট করিতে পার না” ॥২৩॥

—:*:—

গন্ধর্ব্ব বলিল—“মহাত্মা বশিষ্ঠ এইরূপ বলিলে, পরাশর সমস্ত জগৎ বিনাশ বিষয় হইতে আপন ক্রোধকে নিবর্ত্তিত করিলেন ॥১॥

* ‘…অষ্টসপ্তত্যধিক…’, ‘…অশীত্যধিক…’, ‘…ষণ্ণবত্যধিক…’ ইতি পাঠভেদাঃ।

ঈজে চ স মহাতেজাঃ সর্ব্ববেদবিদাং বরঃ।
ঋষী রাক্ষসসত্রেণ শাক্তেয়োঽথ পরাশরঃ ॥২॥
ততো বৃদ্ধাংশ্চ বালাংশ্চ রাক্ষসান্ স মহামুনিঃ।
দদাহ বিততে যজ্ঞে শক্তের্বধমনুস্মরন্ ॥৩॥
নহি তং বারয়ামাস বশিষ্ঠো রক্ষসাং বধাৎ।
দ্বিতীয়ামস্য মা ভাঙ্ক্ষং প্রতিজ্ঞামিতি নিশ্চয়াৎ ॥৪॥
ত্রয়াণাং পাবকানাং স সত্রে তস্মিন্ মহামুনিঃ।
আসীৎ পুরস্তাদ্দীপ্তানাং চতুর্থ ইব পাবকঃ ॥৫॥
তেন যজ্ঞেন শুভ্রেণ হূয়মানেন শক্তিতঃ।
তদ্ধি দীপিতমাকাশং সূর্য্যেণেব ঘনাত্যয়ে ॥৬॥
তং বশিষ্ঠাদয়ঃ সর্ব্বে মুনয়স্তত্র মেনিরে।
তেজসা দীপ্যমানং তং দ্বিতীয়মিব ভাস্করম্ ॥৭॥

ভারতকৌমুদী

ঈজ ইতি। রাক্ষসসত্রেণ ঈজে রাক্ষসসত্রাখ্যং যজ্ঞং কৃতবান্। শাক্তেয়ঃ শক্তিপুত্রঃ ॥২॥
তত ইতি। বিততে অঙ্গানুষ্ঠানাদিনা বিস্তারিতে ॥৩॥
নহীতি। অস্য পরাশরস্য। মা ভাঙ্ক্ষং ন নিবর্ত্তয়েয়ম্ ॥৪॥
ত্রয়াণামিতি। ত্রয়াণাং দক্ষিণাগ্নি-গার্হপত্যাহবনীয়াখ্যানাম্ ॥৫॥
তেনেতি। শুভ্রেণ ন্যায়াৰ্জ্জিতত্বান্নির্দোষেণ ঘৃতাদিনা দ্রব্যেণ ॥৬॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৩॥ মা ভাঙ্ক্ষং ন নাশয়েয়ম্ ॥৪—৫॥ শুভ্রেণ পাপিনাং নিগ্রহাৎ নির্ম্মলেন

তাহার পর, অত্যন্ত তেজস্বী সকল বেদজ্ঞশ্রেষ্ঠ শক্তিপুত্র পরাশরমুনি রাক্ষসসত্র-নামক যজ্ঞ করিতে আরম্ভ করিলেন ॥২॥

তদনন্তর তিনি পিতৃহত্যা স্মরণ করিয়া সেই যজ্ঞে বালক ও বৃদ্ধ সকল রাক্ষসকেই দগ্ধ করিতে থাকিলেন ॥৩॥

কিন্তু পরাশরের দ্বিতীয় প্রতিজ্ঞা আর ভঙ্গ করিব না—এইরূপ স্থির করিয়া বশিষ্ঠ তাঁহাকে রাক্ষসবধ হইতে নিবারণ করিলেন না ॥৪॥

সুতরাং পরাশর সেই যজ্ঞে সম্মুখে দীপ্যমান তিনটী অগ্নির চতুর্থ অগ্নির ন্যায় হইয়া প্রকাশ পাইতে লাগিলেন ॥৫॥

বর্ষাকাল অতীত হইলে সূর্য্য দ্বারা আকাশ যেমন উদ্ভাসিত হয়, তেমন শক্তি অনুসারে উৎকৃষ্ট দ্রব্য আহুত হইতে থাকিলে সেই যজ্ঞদ্বারাও আকাশ উদ্ভাসিত হইতে লাগিল ॥৬॥

ততঃ পরমদুষ্প্রাপ্যমন্যৈ ঋষিরুদারধীঃ।
সমাপিপয়িষুঃ সত্রং তমত্রিঃ সমুপাগমৎ ॥৮॥
তথা পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুশ্চৈব মহাক্রতুঃ।
তত্রাজগ্মুরমিত্রঘ্ন! রক্ষসাং জীবিতেপ্সয়া ॥৯॥
পুলস্ত্যস্তু বধাত্তেষাং রক্ষসাং ভরতর্ষভ!।
উবাচেদং বচঃ পার্থ! পরাশরমরিন্দমম্ ॥১০॥
কচ্চিত্তাতাপবিঘ্নং তে কচ্চিন্নন্দসি পুত্রক!।
অজানতামদোষাণাং সর্ব্বেষাং রক্ষসাং বধাৎ ॥১১॥
প্রজোচ্ছেদমিমং মহ্যং নহি কর্ত্তুং ত্বমর্হসি।
নৈষ তাত! দ্বিজাতীনাং ধর্ম্মো দৃষ্টস্তপস্বিনাম্ ॥১২॥

ভারতকৌমুদী

তমিতি। তং প্রসিদ্ধম্। তং প্রক্রান্তং পরাশরম্ ॥৭॥

তত ইতি। অন্যৈ ঋষিভিঃ, পরমদুষ্প্রাপ্যম্ অতীবদুষ্করম্ ॥৮॥

তথেতি। জীবিতেপ্সয়া জীবনরক্ষেচ্ছয়া ॥৯॥

পুলস্ত্য ইতি। বধাত্তেতোঃ। অরিন্দমং রাক্ষসরূপশত্রুনাশকম্ ॥১০॥

কচ্চিদিতি। অপবিঘ্নং নির্ব্বিঘ্নং কার্য্যম্। অজানতাং ত্বৎপিতৃবধবৃত্তান্তমপি অনবগচ্ছতাম্, অতএব অদোষাণাম্, রক্ষসাম্, বধাৎ, নন্দসি আনন্দমনুভবসি ॥১১॥

প্রজেতি। প্রজোচ্ছেদং সন্তানবিলোপম্। মহ্যং মম ॥১২॥

ভারতভাবদীপঃ

তেন যজ্ঞেন যজ্ঞিয়েন দ্রব্যেণ হূয়মানেন ॥৬—১০॥ অপবিঘ্নং তে সত্রমিতি শেষঃ, অজানতা-

বশিষ্ঠপ্রভৃতি সমস্ত মুনিরাই সেই যজ্ঞে পরাশরকে দ্বিতীয় সূর্য্যের ন্যায় তেজ দ্বারা দীপ্তিমান্ মনে করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর, অন্যের দুষ্কর সেই যজ্ঞ সমাপ্ত করিবার ইচ্ছায় উদারবুদ্ধি অত্রিমুনি পরাশরের নিকট উপস্থিত হইলেন ॥৮॥

অর্জ্জুন! পুলস্ত্য, পুলহ, ক্রতু এবং মহাক্রতু—ইঁহারাও রাক্ষসগণের জীবন রক্ষা করিবার ইচ্ছায় সেখানে আসিলেন ॥৯॥

কিন্তু তাঁহাদের মধ্যে পুলস্ত্য রাক্ষসগণের হত্যা চলিতেছিল বলিয়া শত্রুহন্তা পরাশরকে এই কথা বলিলেন—॥১০॥

"বৎস! তোমার কার্য্য নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে ত? পুত্র! যাহারা তোমার পিতৃবধের বৃত্তান্তও জানে না, সেই নির্দ্দোষ রাক্ষসগণকে বধ করিয়া তুমি আনন্দ লাভ করিতেছ ত? ॥১১॥

শম এব পরো ধর্ম্মস্তমাচর পরাশর ! ।
অধর্ম্মিষ্ঠং বরিষ্ঠঃ সন্ কুরুষে ত্বং পরাশর ! ॥১৩॥
শক্তিশ্চাপি হি ধর্ম্মজ্ঞং নাতিক্রান্তুমিহার্হসি ।
প্রজায়াশ্চ মমোচ্ছেদং ন চৈবং কর্ত্তুমর্হসি ॥১৪॥
শাপাদ্ধি শক্তের্বাশিষ্ঠ ! তদা তদুপপাদিতম্ ।
আত্মজেন স দোষেণ শক্তির্নীত ইতো দিবম্ ॥১৫॥
নহি তং রাক্ষসঃ কশ্চিচ্ছক্তো ভক্ষয়িতুং মুনে ! ।
আত্মনৈবাত্মনস্তেন সৃষ্টো মৃত্যুস্তদাভবৎ ॥১৬॥
নিমিত্তভূতস্তত্রাসীদ্বিশ্বামিত্রঃ পরাশর ! ।
রাজা কল্মাষপাদশ্চ দিবমারুহ্য মোদতে ॥১৭॥

ভারতকৌমুদী

শম ইতি। শমঃ কামক্রোধাদিনিবৃত্তিঃ। অধর্ম্মিষ্ঠম্ অধর্ম্ম্যমিদং হিংসনম্ ॥১৩॥
শক্তিমিতি। নাতিক্রান্তুং পাপানুষ্ঠানেন লঙ্ঘয়িতুম্। প্রজায়াঃ সন্তানস্য ॥১৪॥
শাপাদিতি। তৎ শক্তেরেব হননম্, উপপাদিতং রক্ষসা কৃতম্ ॥১৫॥
নহীতি। নহি শক্তঃ, প্রভাবাতিরেকাদিতি ভাবঃ। তেন শক্তিণা ॥১৬॥
নিমিত্তেতি। তত্র শক্তিবধে, বিশ্বামিত্রো রাজা কল্মাষপাদশ্চ নিমিত্তভূত আসীৎ, একেন কল্মাষপাদশরীরে রাক্ষসপ্রবেশনাৎ অপরেণ চ স্বশরীরে রাক্ষসধারণাদিতি ভাবঃ। তেন চ শক্তিদিবমারুহ্য মোদতে। অতএবাত্র রাক্ষসস্য নাধিকোঽপরাধ ইত্যাশয়ঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

মিতি পাপমপি কৃত্বা নন্দসীতি সাধিক্ষেপঃ প্রশ্নঃ ॥১১॥ মহ্যং মম ॥১২—১৩॥ শক্তিশ্চেতি পুত্রদোষেণ পিতা নশ্যতীত্যুক্তম্ ॥১৪॥ শাপাৎ শক্তিণা শপ্তো রাজা শক্তিমেব

বৎস ! তুমি আমার বংশনাশ করিতে পারিবে না ; কারণ, তপস্বী ব্রাহ্মণদের এরূপ ধর্ম্ম আমরা কখনও দেখি নাই ॥১২॥

পরাশর ! শান্তিই ব্রাহ্মণদের পরম ধর্ম্ম ; তুমি তাহাই অবলম্বন কর ; কিন্তু তুমি শ্রেষ্ঠ ব্রাহ্মণ হইয়া এটা অধর্ম্মের কার্য্য করিতেছ ॥১৩॥

তোমার পিতা শক্তি ধর্ম্মজ্ঞ ছিলেন ; সুতরাং তুমি পাপানুষ্ঠান করিয়া তাঁহার পথ অতিক্রম করিও না ; তুমি আমার বংশনাশ করিও না ॥১৪॥

পরাশর ! শক্তির শাপেই তখন সেই ঘটনা ঘটিয়াছিল ; সুতরাং শক্তি নিজের দোষেই স্বর্গে গিয়াছেন ॥১৫॥

শক্তি তখন নিজেই নিজের মৃত্যু সৃষ্টি করিয়াছিলেন ; না হইলে কোন রাক্ষসই তাঁহাকে ভক্ষণ করিতে সমর্থ হইত না ॥১৬॥

যে চ শক্ত্যবরাঃ পুত্রা বশিষ্ঠস্য মহামুনেঃ ।
তে চ সর্ব্বে মুদা যুক্তা মোদন্তে সহিতাঃ সুরৈঃ ॥১৮॥
সর্ব্বমেতদ্বশিষ্ঠস্য বিদিতং বৈ মহামুনে ! ।
রক্ষসাঞ্চ সমুচ্ছেদ এষ তাত ! তপস্বিনাম্ ॥১৯॥
নিমিত্তভূতস্ত্বঞ্চাত্র ক্রতৌ বাশিষ্ঠনন্দন ! ।
তৎ সত্রং মুঞ্চ ভদ্রং তে সমাপ্তমিদমস্তু তে ॥২০॥

গন্ধর্ব্ব উবাচ ।

এবমুক্তঃ পুলস্ত্যেন বশিষ্ঠেন চ ধীমতা ।
তদা সমাপয়ামাস সত্রং শাক্ত্যো মহামুনিঃ ॥২১॥
সর্ব্বরাক্ষসসত্রায় সম্ভৃতং পাবকং তদা ।
উত্তরে হিমবৎপার্শ্বে উৎসসর্জ্জ মহাবনে ॥২২॥

ভারতকৌমুদী

য ইতি । শক্ত্যবরাঃ শক্তিতঃ কনিষ্ঠাঃ । তত্রাপি তাবেব নিমিত্তভূতাবিত্যর্থঃ ॥১৮॥
সর্ব্বমিতি । সমুচ্ছেদো জাত ইতি শেষঃ । তপস্বিনাং শোচ্যানাম্ ॥১৯॥
নিমিত্তেতি । বাশিষ্ঠঃ শক্তিস্তস্য নন্দন ! পুত্র ! । মুঞ্চ ত্যজ ॥২০॥
এবমিতি । শাক্ত্যঃ শক্তিপুত্রঃ পরাশরঃ ॥২১॥
সর্ব্বেতি । সর্ব্বেষাং রাক্ষসানাং সত্রায় বধার্থকযজ্ঞায়, সম্ভৃতং সংগৃহীতম্ ॥২২॥

ভারতভাবদীপঃ

ভক্ষিতবান্, অতঃ শক্ত্রেরেব অয়মপরাধো ন রক্ষসামিত্যর্থঃ ॥১৫—১৬॥ মোদতে শক্তিঃ

সুতরাং পরাশর ! তাহাতে বিশ্বামিত্র এবং কল্মাষপাদরাজা নিমিত্ত ছিলেন ; এখন শক্তি স্বর্গে আরোহণ করিয়া আনন্দলাভ করিতেছেন ॥১৭॥

আর, শক্তির কনিষ্ঠ যে সকল বশিষ্ঠপুত্র ছিলেন, তাঁহারাও এখন সেই কারণেই আনন্দিত হইয়া দেবগণের সহিত বিচরণ করিতেছেন ॥১৮॥

বৎস পরাশর ! এ সমস্তই মহর্ষি বশিষ্ঠের বিদিত আছে। আর, এখন শোচনীয় রাক্ষসগণের এই উচ্ছেদ হইল ॥১৯॥

শক্তিনন্দন ! এ যজ্ঞেও তুমি নিমিত্ত ; অতএব তুমি এ যজ্ঞ ত্যাগ কর, তোমার মঙ্গল হউক, তোমার এ যজ্ঞ এইখানেই সমাপ্ত হউক" ॥২০॥

গন্ধর্ব্ব বলিল—"জ্ঞানী পুলস্ত্য ও বশিষ্ঠ এইরূপ বলিলে, মহর্ষি পরাশর তখনই যজ্ঞ সমাপ্ত করিলেন ॥২১॥

এবং তিনি রাক্ষসসত্রের জন্য সংগৃহীত অগ্নিকে হিমালয়ের উত্তর পার্শ্বে গহন বনমধ্যে নিক্ষেপ করিলেন ॥২২॥

স তত্রাদ্যাপি রক্ষাংসি বৃক্ষানশ্মন এব চ।
ভক্ষয়ন্ দৃশ্যতে বহ্নিঃ সদা পর্ব্বণি পর্ব্বণি ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

অর্জ্জুন উবাচ।

রাজ্ঞা কল্মাষপাদেন গুরৌ ব্রহ্মবিদাং বরে।
কারণং কিং পুরস্কৃত্য ভার্য্যা বৈ সন্নিযোজিতা ॥১॥
জানতা বৈ পরং ধর্ম্মং বশিষ্ঠেন মহাত্মনা।
অগম্যাগমনং কস্মাৎ কৃতং তেন মহর্ষিণা ॥২॥
অধর্ম্মিষ্ঠং বশিষ্ঠেন কৃতঞ্চাপি পুরা সখে!।
এতন্মে সংশয়ং সর্ব্বং ছেত্তুমর্হসি পৃচ্ছতঃ ॥৩॥

ভারতকৌমুদী

স ইতি। অশ্মনঃ পাষাণান্। পর্ব্বণি পর্ব্বণি প্রত্যেকচতুর্দ্দশ্যাদৌ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

রাজ্ঞেতি। পুরস্কৃত্য আশ্রিত্যেত্যর্থঃ। সন্নিযোজিতা রমণায়েতি শেষঃ ॥১॥
জানতেতি। পরভার্য্যাত্বাৎ পুত্রবধূতুল্যত্বাচ্চ অগম্যাত্বমিতি ভাবঃ ॥২॥

ভারতভাবদীপঃ

॥১৭—১৮॥ সমুচ্ছেদে এষ ত্বং নিমিত্তভূত ইতি যোজনা ॥১৯॥ মুঞ্চ ত্যজ ॥২০—২৩॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৪॥

অদ্যাপি সেখানে প্রত্যেক পর্ব্বেই সেই অগ্নি রাক্ষস, বৃক্ষ ও প্রস্তর দগ্ধ করিয়া থাকে দেখা যায় ॥২৩॥

—:*:—

অর্জ্জুন বলিলেন—"সখে! গুরু এবং বেদজ্ঞশ্রেষ্ঠ বশিষ্ঠের নিকটে কল্মাষপাদ-রাজা কি কারণে আপন ভার্য্যাটীকে নিযুক্ত করিয়াছিলেন? ॥১॥

আবার, মহাত্মা ও মহর্ষি বশিষ্ঠই বা কেন ধর্ম্মের পরম তত্ত্ব জানিয়াও অগম্যাগমন করিয়াছিলেন? ॥২॥

* '...একোনাশীত্যধিক...', '...একাশীত্যধিক...', '...ষডশীত্যধিক...', '...সপ্তনবত্যধিক...' ইতি পাঠান্তরাণি।

গন্ধর্ব্ব উবাচ।

ধনঞ্জয়! নিবোধেদং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
বশিষ্ঠং প্রতি দুর্দ্ধর্ষ! তথা মিত্রসহং নৃপম্ ॥৪॥
কথিতং তে ময়া সর্ব্বং যথা শপ্তঃ স পার্থিবঃ।
শক্তিণা ভরতশ্রেষ্ঠ! বাশিষ্ঠেন মহাত্মনা ॥৫॥
স তু শাপবশং প্রাপ্তঃ ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ।
নির্জগাম পুরাদ্রাজা সহদারঃ পরন্তপঃ ॥৬॥
অরণ্যং নির্জ্জনং গত্বা সদারঃ পরিচক্রমে।
নানামৃগগণাকীর্ণং নানাসত্ত্বসমাকুলম্ ॥৭॥
নানাগুল্মলতাচ্ছন্নং নানাদ্রুমসমাবৃতম্।
অরণ্যং ঘোরসন্নাদং শাপগ্রস্তঃ পরিভ্রমন্ ॥৮॥
স কদাচিৎ ক্ষুধাবিষ্টো মৃগয়ন্ ভক্ষ্যমাত্মনঃ।
দদর্শ সুপরিক্লিষ্টঃ কস্মিংশ্চিন্নির্জ্জনে বনে ॥৯॥

ভারতকৌমুদী

অধর্ম্মিষ্ঠমিতি। এতৎ পৃচ্ছতো মে ইতি সম্বন্ধাদেতদিত্যস্য ক্লীবত্বম্ ॥৩॥
ধনেতি। মিত্রসহং কল্মাষপাদম্। তয়োরুভয়োর্বিষয় ইত্যর্থঃ ॥৪॥
কথিতমিতি। স পার্থিবঃ কল্মাষপাদঃ ॥৫॥
স ইতি। ক্রোধেন পর্য্যাকুলেক্ষণঃ অস্থিরনয়নঃ ॥৬॥
অরণ্যমিতি। পরিচক্রমে বিচচার। নানা সত্ত্বৈর্জন্তুভিঃ সমাকুলং পূর্ণম্ ॥৭॥

বশিষ্ঠ কেন এমন অধর্ম্মের কার্য্য করিয়াছিলেন? ইহা আমি জিজ্ঞাসা করিতেছি, তুমি আমার সকল সংশয় দূর কর" ॥৩॥

গন্ধর্ব্ব বলিল—"মহাবীর অর্জ্জুন! বশিষ্ঠ ও কল্মাষপাদরাজার বিষয়ে তুমি যাহা আমার নিকট জিজ্ঞাসা করিলে, তাহা শোন ॥৪॥

হে ভরতশ্রেষ্ঠ! মহাত্মা শক্তি, যে কল্মাষপাদরাজাকে অভিসম্পাত করিয়াছিলেন, তাহা আমি তোমার নিকট সমস্তই বলিয়াছি ॥৫॥

কল্মাষপাদরাজা অভিশপ্ত হইয়া ক্রোধবশতঃ আঘূর্ণিত নয়নে ভার্য্যার সহিত রাজধানী হইতে নির্গত হইলেন ॥৬॥

নানাবিধ পশু ও প্রাণিগণে পরিপূর্ণ নির্জ্জন বনে যাইয়া তিনি ভার্য্যার সহিত বিচরণ করিতে লাগিলেন ॥৭॥

শাপগ্রস্ত সেই রাজা কোন সময়ে নানাবিধ বৃক্ষ, লতা ও গুল্মে সমাচ্ছন্ন এবং হিংস্রজন্তুর ভয়ঙ্কর গর্জ্জনে মুখরিত সেই বনমধ্যে বিচরণ করিতে থাকিয়া, ক্ষুধায়

ব্রাহ্মণীং ব্রাহ্মণঞ্চৈব মৈথুনায়োপসঙ্গতৌ।
তৌ তং বীক্ষ্য সুবিত্রস্তাবকৃতার্থৌ প্রধাবিতৌ ॥১০॥ (বিশেষকম্)
তয়োর্বিদ্রবতোর্বিপ্রং জগ্রাহ নৃপতির্বলাৎ।
দৃষ্ট্বা গৃহীতং ভর্ত্তারমথ ব্রাহ্মণ্যভাষত ॥১১॥
শৃণু রাজন্! মম বচো যত্ত্বাং বক্ষ্যামি সুব্রত!।
আদিত্যবংশপ্রভবস্ত্বং হি লোকে পরিশ্রুতঃ ॥১২॥
অপ্রমত্তঃ স্থিতো ধর্ম্মে গুরুশুশ্রূষণে রতঃ।
শাপোপহত! দুর্দ্ধর্ষ! ন পাপং কর্ত্তুমর্হসি ॥১৩॥
ঋতুকালে তু সম্প্রাপ্তে ভর্ত্তৃর্ব্যসনকর্ষিতা।
অকৃতার্থা হ্যহং ভর্ত্রা প্রসবার্থং সমাগতা।
প্রসীদ নৃপতিশ্রেষ্ঠ! ভর্ত্তাঽয়ং মে বিসৃজ্যতাম্ ॥১৪॥

ভারতকৌমুদী

নানেতি। ঘোরাঃ সন্নাদা হিংস্রজন্তূনাং রবা যত্র তৎ। মৃগয়ন্ অন্বিষ্যন্। অকৃতার্থৌ রাজ্ঞো দর্শনাদেব অসম্পাদিতরমণৌ, প্রধাবিতৌ দ্রুতং পলায়িতুমারব্ধবন্তৌ ॥৮—১০॥

তয়োরিতি। বিদ্রবতোর্দ্রুতং পলায়মানয়োস্তয়োর্মধ্যে ॥১১॥

শৃণ্বিতি। আদিত্যবংশপ্রভবঃ সূর্য্যবংশোৎপন্নঃ ॥১২॥

অপ্রমত্ত ইতি। অপ্রমত্তঃ সাবধানঃ ॥১৩॥

ঋত্বিতি। ভর্ত্তুর্ব্যসনেন কোপজদোষেণ মানেনেত্যর্থঃ, কর্ষিতা ক্লিষ্টা। প্রসবার্থং পুত্রার্থম্। বিসৃজ্যতাং পরিত্যজ্যতাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

কাতর হইয়া, খাদ্য অন্বেষণ করতঃ, কোন নির্জ্জন স্থানে মৈথুনের জন্য উপস্থিত এক ব্রাহ্মণ ও ব্রাহ্মণীকে দেখিতে পাইলেন। সে ব্রাহ্মণ ও ব্রাহ্মণী রাজাকে দেখিয়াই অত্যন্ত ভীত হইয়া অপূর্ণ মনোরথে দ্রুত পলায়ন করিতে লাগিলেন ॥৮—১০॥

তাঁহারা পলায়ন করিতে লাগিলে, রাজা বলপূর্ব্বক ব্রাহ্মণকে ধরিয়া ফেলিলেন এবং ব্রাহ্মণ ধৃত হইয়াছেন দেখিয়া ব্রাহ্মণী বলিলেন—॥১১॥

"রাজা! আমি আপনাকে যে কথা বলিব, তাহা শ্রবণ করুন। আপনি সূর্য্যবংশোৎপন্ন বলিয়া জগতে প্রসিদ্ধ ॥১২॥

এবং অবহিত হইয়া ধর্ম্মে অবস্থান করিতেছেন ও গুরুশুশ্রূষায় রত আছেন; অতএব হে শাপগ্রস্ত মহাবীর! আপনি পাপ করিবেন না ॥১৩॥

আমার ঋতুকাল উপস্থিত, অথচ গৃহে ভর্ত্তার দোষে দুঃখভোগ করিয়াছি; তাই তথায় অকৃতার্থ হইয়া পুত্রোৎপাদনের জন্য তাঁহারই সহিত এইখানে আসিয়াছি।

এবং বিক্রোশমানায়াস্তস্যাস্তু স নৃশংসবৎ।
ভর্তারং ভক্ষয়ামাস ব্যাঘ্রো মৃগমিবেপ্সিতম্ ॥১৫॥
তস্যাঃ ক্রোধাভিভূতায়া যান্যশ্রূণ্যপতন্ ভুবি।
সোঽগ্নিঃ সমভবদ্দীপ্তস্তঞ্চ দেশং ব্যদীপয়ৎ ॥১৬॥
ততঃ সা শোকসন্তপ্তা ভর্তৃব্যসনকর্ষিতা।
কল্মাষপাদং রাজর্ষিমশপদ্ব্রাহ্মণী রুষা ॥১৭॥
যস্মান্মমাকৃতার্থায়াস্ত্বয়া ক্ষুদ্র! নৃশংসবৎ।
প্রেক্ষন্ত্যা ভক্ষিতো মেঽদ্য প্রিয়ো ভর্তা মহাযশাঃ ॥১৮॥
তস্মাত্ত্বমপি দুর্বুদ্ধে! মচ্ছাপপরিবিক্ষতঃ।
পত্নীমৃতাবনুপ্রাপ্য সদ্যস্ত্যক্ষ্যসি জীবিতম্ ॥১৯॥ (যুগ্মকম্)
যস্য চর্ষের্বশিষ্ঠস্য ত্বয়া পুত্রা বিনাশিতাঃ।
তেন সঙ্গম্য তে ভার্য্যা তনয়ং জনয়িষ্যতি ॥২০॥

ভারতকৌমুদী

এবমিতি। বিক্রোশমানায়া বিলপন্ত্যাঃ, তস্যা ব্রাহ্মণ্যাঃ ॥১৫॥

তস্যা ইতি। অগ্নিঃ অগ্নিরিব। ব্যদীপয়ৎ প্রাজ্বলয়দিব, তদ্বদনিষ্টসাধনাৎ ॥১৬॥

তত ইতি। ভর্তৃব্যসনেন বিপদা মরণেনেত্যর্থঃ, কর্ষিতা ক্লিষ্টা ॥১৭॥

যস্মাদিতি। অকৃতার্থায়া ইদানীমপি পুত্রানুৎপত্তেরিতি ভাবঃ। মম শাপেন পরিবিক্ষতো নষ্টবুদ্ধিঃ। ঋতৌ ঋতুকালে, অনুপ্রাপ্য মৈথুনায় লব্ধ্বা ॥১৮—১৯॥

অতএব হে রাজশ্রেষ্ঠ! আপনি প্রসন্ন হউন, আমার ভর্তাকে ছাড়িয়া দিন" ॥১৪॥

ব্রাহ্মণী এইরূপ বিলাপ করিতে থাকিলেও ব্যাঘ্র যেমন হরিণ ভক্ষণ করে, তেমনই রাজা নৃশংসের ন্যায় তাঁহার ভর্তাকে ভক্ষণ করিলেন ॥১৫॥

তখন ব্রাহ্মণী অত্যন্ত ক্রুদ্ধ হইলে, তাঁহার যে সকল অশ্রুবিন্দু পতিত হইল, তাহা অগ্নির ন্যায় হইয়া সে দেশটাকেই যেন জ্বালাইয়া দিতে লাগিল ॥১৬॥

তাহার পর, ভর্তার মৃত্যুতে দুঃখিতা ও শোকাতুরা সেই ব্রাহ্মণী ক্রোধবশতঃ কল্মাষপাদরাজাকে অভিসম্পাত করিলেন—॥১৭॥

"হে ক্ষুদ্রহৃদয় দুর্বুদ্ধি রাজা! অদ্যাপি আমার পুত্র হয় নাই, এই অবস্থায় আমার সমক্ষেই নৃশংসের ন্যায় তুমি যখন আমার প্রিয়তম ভর্তাকে ভক্ষণ করিলে, তখন তুমিও আমার শাপে নষ্টজ্ঞান হইয়া, ঋতুকালে পত্নীর সহিত মিলিত হইয়া, তখনই জীবন ত্যাগ করিবে ॥১৮—১৯॥

স তে বংশকরঃ পুত্রো ভবিষ্যতি নৃপাধম!।
এবং শপ্ত্বা তু রাজানং সা তমাঙ্গিরসী শুভা ॥২১॥
তস্যৈব সন্নিধৌ দীপ্তং প্রবিবেশ হুতাশনম্।
বশিষ্ঠশ্চ মহাভাগঃ সর্ব্বমেতদবৈক্ষত ॥২২॥ (যুগ্মকম্)
জ্ঞানযোগেন মহতা তপসা স পরন্তপ!।
মুক্তশাপশ্চ রাজর্ষিঃ কালেন মহতা ততঃ ॥২৩॥
ঋতুকালেঽভিপতিতো মদয়ন্ত্যা নিবারিতঃ।
নহি সস্মার স নৃপস্তং শাপং কামমোহিতঃ ॥২৪॥
দেব্যাঃ সোঽথ বচঃ শ্রুত্বা সম্ভ্রান্তো নৃপসত্তমঃ।
তং শাপমনুসংস্মৃত্য পর্য্যতপ্যদ্ভৃশং তদা ॥২৫॥

ভারতকৌমুদী

যস্যেতি। তেন বশিষ্ঠেন সহ ॥২০॥

স ইতি। আঙ্গিরসী অঙ্গিরোগোত্রোৎপন্না। দীপ্তং প্রজ্বলিতম্। অবৈক্ষত ধ্যানমহিম্না অবগতবান্ ॥২১—২২॥

জ্ঞানেতি। শাপেন শক্তে্রভিসম্পাতেন মুক্তঃ চকারাদ্বশিষ্ঠানুগ্রহেণ চ ॥২৩॥

ঋত্বিতি। অভিপতিতো রমণোদ্যতঃ। মদয়ন্ত্যা তদাখ্যয়া ভার্য্যয়া ॥২৪॥

দেব্যা ইতি। দেব্যা মহিষ্যাঃ। সম্ভ্রান্তশ্চকিতঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

রাজ্ঞেতি ॥১॥ অগম্যা স্নুষাতুল্যত্বাৎ ॥২—৯॥ অকৃতার্থো অকৃতপুত্রত্বাৎ ॥১০—২৩॥ মদয়ন্ত্যা মহিষ্যা ॥২৪—২৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৫॥

তা'র পর, যে বশিষ্ঠমুনির পুত্রগণকে তুমি বিনাশ করিয়াছ, সেই বশিষ্ঠের সহিত সঙ্গম করিয়াই তোমার স্ত্রী পুত্র জন্মাইবে ॥২০॥

এবং সেই পুত্রই তোমার বংশকর হইবে।" অঙ্গিরার গোত্রসম্ভূতা সেই ব্রাহ্মণী রাজাকে এই অভিসম্পাত করিয়া তাঁহার সমক্ষেই প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করিলেন। মহাত্মা বশিষ্ঠ এসমস্ত বিষয়ই ধ্যানে জানিতে পারিয়াছিলেন ॥২১—২২॥

তাহার বহুকাল পরে জ্ঞান, যোগ, গুরুতর তপস্যা এবং বশিষ্ঠের অনুগ্রহে রাজর্ষি কল্মাষপাদ সেই শক্তি্র শাপ হইতে মুক্তি লাভ করেন ॥২৩॥

তাহার পর, মহিষীর ঋতুসময়ে রাজা তাঁহার সহিত রমণ করিতে উদ্যত হন, তখন মহিষী বারণ করেন; তথাপি কামমোহিত রাজা সে শাপ স্মরণ করিলেন না ॥২৪॥

এতস্মাৎ কারণাদ্রাজা বশিষ্ঠং সম্ন্যযোজয়ৎ ।
স্বদারেষু নরশ্রেষ্ঠ ! শাপদোষসমন্বিতঃ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে বাশিষ্ঠং সমাপ্তং নাম পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ষট্‌সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

অর্জ্জুন উবাচ ।
অস্মাকমনুরূপো বৈ যঃ স্যাদ্গন্ধর্ব্ব ! বেদবিৎ ।
পুরোহিতস্তমাচক্ষ্ব সর্ব্বং হি বিদিতং তব ॥১॥

গন্ধর্ব্ব উবাচ ।
যবীয়ান্ দেবলস্যৈষ বনে ভ্রাতা তপস্যতি ।
ধৌম্য উৎকোচকে তীর্থে তং বৃণুধ্বং যদীচ্ছথ ॥২॥

ভারতকৌমুদী

এতস্মাদিতি । শাপদোষসমন্বিতো ব্রাহ্মণীশাপগ্রস্ত এব ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অস্মাকমিতি । অনুরূপঃ শুচিত্বাদিনা যোগ্যঃ । আচক্ষ্ব ব্রূহি ॥১॥

যবীয়ানিতি । যবীয়ান্ কনিষ্ঠঃ । উৎকোচকে তদাখ্যে ॥২॥

তদনন্তর মহিষীর কথা শুনিয়া রাজা চকিত হইলেন এবং সেই ব্রাহ্মণীর শাপ স্মরণ করিয়া অত্যন্ত অনুতাপ করিলেন ॥২৫॥

অর্জ্জুন ! এই কারণেই সেই ব্রাহ্মণীর শাপগ্রস্ত রাজা আপন ভার্য্যার সহিত সঙ্গত হইবার জন্য বশিষ্ঠকে নিযুক্ত করিয়াছিলেন” ॥২৬॥

—:*:—

অর্জ্জুন বলিলেন—“গন্ধর্ব্বরাজ ! যিনি আমাদের উপযুক্ত পুরোহিত হইতে পারেন, তাঁহার বিষয় তুমি বল । কেন না, তোমারও সমস্তই জানা আছে ॥১॥”

গন্ধর্ব্ব কহিল—“অর্জ্জুন ! দেবলের কনিষ্ঠ ভ্রাতা ধৌম্য উৎকোচকতীর্থে তপোবনে থাকিয়া তপস্যা করিতেছেন ; যদি তোমরা ইচ্ছা কর, তবে তাঁহাকেই যাইয়া পৌরোহিত্যে বরণ কর” ॥২॥

* ‘...অশীত্যধিক...’, ‘...দ্ব্যশীত্যধিক...’, ‘.. ত্র্যশীত্যধিক...’, অষ্টনবত্যধিক...’ ইতি পাঠান্তরাণি ।

বৈশম্পায়ন উবাচ।

ততোঽর্জ্জুনোঽস্ত্রমাগ্নেয়ং প্রদদৌ তদ্‌যথাবিধি।
গন্ধর্ব্বায় তদা প্রীতো বচনঞ্চেদমব্রবীৎ ॥৩॥
ত্বয্যেব তাবত্তিষ্ঠন্তু হয়া গন্ধর্ব্বসত্তম!।
কার্য্যকালে গ্রহীষ্যামঃ স্বস্তি তেঽস্ত্বিতি চাব্রবীৎ ॥৪॥
তেঽন্যোন্যমভিসম্পূজ্য গন্ধর্ব্বঃ পাণ্ডবাশ্চ হ।
রম্যাদ্ভাগীরথীতীরাদ্‌যথাকামং প্রতস্থিরে ॥৫॥
তত উৎকোচকং তীর্থং গত্বা ধৌম্যাশ্রমন্তু তে।
তং বব্রুঃ পাণ্ডবা ধৌম্যং পৌরোহিত্যায় ভারত! ॥৬॥
তান্ ধৌম্যঃ প্রতিজগ্রাহ সর্ব্ববেদবিদাং বরঃ।
বন্যেন ফলমূলেন পৌরোহিত্যেন চৈব হ ॥৭॥
তে সমাশংসিরে লব্ধাং শ্রিয়ং রাজ্যঞ্চ পাণ্ডবাঃ।
ব্রাহ্মণং তং পুরস্কৃত্য পাঞ্চালীঞ্চ স্বয়ংবরে ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। তং গন্ধর্ব্বজয়হেতুভূতম্ ॥৩॥

ত্বয়ীতি। হয়াঃ ত্বয়া মহ্যং দাতুমিষ্টা অশ্বাঃ। স্বস্তি মঙ্গলম্ ॥৪॥

ত ইতি। অভিসম্পূজ্য নমস্কারাদিনা সম্মান্য ॥৫॥

তত ইতি। তীর্থং তত্রত্যং ধৌম্যাশ্রমঞ্চ গত্বেত্যর্থঃ ॥৬॥

তানিতি। বন্যেন ফলমূলেনাতিথিতয়া প্রতিজগ্রাহ আদদ্রে; পৌরোহিত্যেন তদঙ্গীকারেণ চ প্রতিজগ্রাহ স্বীচকার আত্মীয়ীচকারেত্যর্থঃ ॥৭॥

ত ইতি। রাজ্যঞ্চ লব্ধম্, পাঞ্চালীঞ্চ লব্ধাম্, সমাশংসিরে আশাবিষয়ীচক্রুঃ ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, অর্জ্জুন গন্ধর্ব্বকে যথাবিধানে সেই আগ্নেয় অস্ত্র দান করিলেন এবং সন্তুষ্টচিত্তে এই কথা কহিলেন—॥৩॥

"গন্ধর্ব্বরাজ! সেই ঘোড়াগুলি তোমার কাছেই থা'ক্, আমরা যথাসময়ে সেগুলি লইব। তোমার মঙ্গল হউক" একথাও বলিলেন ॥৪॥

তাহার পর, গন্ধর্ব্ব ও পাণ্ডবগণ পরস্পর সম্মান দেখাইয়া সেই মনোহর গঙ্গাতীর হইতে ইচ্ছানুসারে প্রস্থান করিলেন ॥৫॥

তদনন্তর পাণ্ডবেরা উৎকোচকতীর্থে ধৌম্যের আশ্রমে যাইয়া সেই ধৌম্যকেই পৌরোহিত্যে বরণ করিলেন ॥৬॥

সর্ব্ববেদজ্ঞশ্রেষ্ঠ ধৌম্যও বন্য ফল-মূল দ্বারা তাঁহাদিগকে অতিথিরূপে গ্রহণ করিলেন এবং পৌরোহিত্য স্বীকার করিয়া আত্মীয়তা স্থাপন করিলেন ॥৭॥

পুরোহিতেন তেনাথ গুরুণা সঙ্গতাস্তদা।
নাথবন্তমিবাত্মানং মেনিরে ভরতর্ষভাঃ ॥৯॥
স হি বেদার্থতত্ত্বজ্ঞস্তেষাং গুরুরুদারধীঃ।
তেন ধর্ম্মবিদা পার্থা যাজ্যা ধর্ম্মবিদঃ কৃতাঃ ॥১০॥
বীরাংস্তু স হি তান্ মেনে প্রাপ্তরাজ্যান্ স্বধর্ম্মতঃ।
বুদ্ধি-বীর্য্য-বলোৎসাহৈর্যুক্তান্ দেবানিব দ্বিজঃ ॥১১॥
কৃতস্বস্ত্যয়নাস্তেন ততস্তে মনুজাধিপাঃ।
মেনিরে সহিতা গন্তুং পাঞ্চাল্যাস্তং স্বয়ংবরম্ ॥১২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে ধৌম্যপুরোহিতকরণং নাম ষট্‌সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পুরোহিতেনেতি। সঙ্গতাঃ সম্মিলিতাঃ। নাথবন্তম্ অভিভাবকবন্তম্ ॥৯॥

স ইতি। গুরুঃ অভূৎ। পরঞ্চ তেন গুরুণা ধৌম্যেন ॥১০॥

বীরানিতি। বীর্য্যং দৈহিকং সামর্থ্যম্, বলঞ্চ মানসং সামর্থ্যম্ ॥১১॥

কৃতেতি। কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলসাধকং দেবপূজাদি যৈস্তে। মেনিরে ঈষুঃ ॥১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে ষট্‌সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অস্মাকমিতি ॥১—৬॥ প্রতিজগ্রাহ অঙ্গীচকার ॥৭॥ পাঞ্চালীঞ্চ লব্ধামাশংসিরে ॥৮—১২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৬॥

পাণ্ডবগণ সেই ব্রাহ্মণকে পুরোহিত পাইয়া রাজ্য, রাজলক্ষ্মী এবং স্বয়ংবরে দ্রৌপদীকে লাভ করিয়াছেন বলিয়া আশা করিতে লাগিলেন ॥৮॥

এবং তাঁহারা তখন উপদেষ্টা ধৌম্য পুরোহিতের সহিত মিলিত হইয়া আপনাদিগকে অভিভাবকশালী বলিয়া মনে করিতে থাকিলেন ॥৯॥

বেদজ্ঞ এবং উদারবুদ্ধি ধৌম্য পাণ্ডবদের পুরোহিত হইয়া তাঁহাদিগকে ক্রমশঃ ধর্ম্মজ্ঞ করিয়া তুলিবার চেষ্টা করিতে লাগিলেন ॥১০॥

আর, দেবতার ন্যায় দৈহিক বল, মানসিক বল ও উৎসাহশালী মহাবীর পাণ্ডবগণ ধর্ম্ম অনুসারেই রাজ্য লাভ করিয়াছেন বলিয়া ধৌম্য মনে করিতে থাকিলেন ॥১১॥

তাহার পর, পাণ্ডবগণ স্বস্ত্যয়ন করিয়া ধৌম্য পুরোহিতের সহিতই দ্রৌপদীর স্বয়ংবরে যাইবার ইচ্ছা করিলেন ॥১২॥

* 'একাশীত্যধিক…', '…দ্ব্যশীত্যধিক…', '…চতুরশীত্যধিক…', '…একোনবিংশতম…' ইতি পাঠান্তরাণি।

সপ্তসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততস্তে নরশার্দ্দূলা ভ্রাতরঃ পঞ্চ পাণ্ডবাঃ।
প্রযযুর্দ্রৌপদীং দ্রষ্টুং তঞ্চ দেশং মহোৎসবম্ ॥১॥
তে প্রয়াতা নরব্যাঘ্রা সহ মাত্রা পরন্তপাঃ।
ব্রাহ্মণান্ দদৃশুর্মার্গে গচ্ছতঃ সঙ্গতান্ বহূন্ ॥২॥
ত উচুর্ব্রাহ্মণা রাজন্! পাণ্ডবান্ ব্রহ্মচারিণঃ।
ক্ব ভবন্তো গমিষ্যন্তি কুতো বাভ্যাগতা ইহ ॥৩॥

যুধিষ্ঠির উবাচ।

আগতানেকচক্রায়াঃ সোদর্য্যানেকচারিণঃ।
ভবন্তো বৈ বিজানন্তু সহ মাত্রা দ্বিজর্ষভাঃ! ॥৪॥

ব্রাহ্মণা ঊচুঃ।

গচ্ছতাদ্যৈব পাঞ্চালান্ দ্রুপদস্য নিবেশনে।
স্বয়ংবরো মহাংস্তত্র ভবিতা সুমহাধনঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মহান্ উৎসবো যত্র তম্, তং দ্রৌপদীসম্বন্ধিনং দেশঞ্চ দ্রষ্টুম্ ॥১॥
ত ইতি। প্রয়াতাঃ প্রয়ান্ত ইত্যর্থঃ। সঙ্গতান্ সম্মিলিতান্ ॥২॥
ত ইতি। ব্রহ্মচারিণো ব্রহ্মচারিবেশধরান্ ॥৩॥
আগতানিতি। সোদর্য্যান্ ভ্রাতৄনিত্যর্থঃ। একং সহিতং চরন্তীতি তান্ ॥৪॥
গচ্ছতেতি। সুমহান্তি রাশীভূতানি ধনানি ব্যয়োন্মুখানি যত্র সঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা পাঁচ ভাই দ্রৌপদীকে এবং মহোৎসবসম্পন্ন সেই দেশটীকে দেখিবার জন্য প্রস্থান করিলেন ॥১॥

মনুষ্যশ্রেষ্ঠ মহাবীর পাণ্ডবগণ কুন্তীর সহিত যাইতে থাকিয়া; পথে সম্মিলিত অবস্থায় বহু ব্রাহ্মণকে যাইতে দেখিলেন ॥২॥

মহারাজ! তখন সেই ব্রাহ্মণেরা ব্রহ্মচারিবেশধারী পাণ্ডবগণকে বলিলেন—"আপনারা কোথায় যাইবেন? কোথা হইতেই বা আসিলেন?" ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আপনারা ইহাই জানুন যে, আমরা পাঁচ ভাই মাতার সহিত এক সঙ্গে একচক্রানগরী হইতে আসিয়াছি" ॥৪॥

একসার্থং প্রয়াতাঃ স্ম বয়ং তত্রৈব গামিনঃ।
তত্র হ্যদ্ভুতসঙ্কাশো ভবিতা সুমহোৎসবঃ ॥৬॥
যজ্ঞসেনস্য দুহিতা দ্রুপদস্য মহাত্মনঃ।
বেদীমধ্যাৎ সমুৎপন্না পদ্মপত্রনিভেক্ষণা ॥৭॥
দর্শনীয়াঽনবদ্যাঙ্গী সুকুমারী মনস্বিনী।
ধৃষ্টদ্যুম্নস্য ভগিনী দ্রোণশত্রোঃ প্রতাপিনঃ ॥৮॥ (যুগ্মকম্)
যো জাতঃ কবচী খড়্গী সশরঃ সশরাসনঃ।
সুসমিদ্ধে মহাবাহুঃ পাবকে পাবকোপমঃ ॥৯॥
স্বসা তস্যানবদ্যাঙ্গী দ্রৌপদী তনুমধ্যমা।
নীলোৎপলসমো গন্ধো যস্যাঃ ক্রোশাৎ প্রবাতি বৈ ॥১০॥
যজ্ঞসেনস্য চ সুতাং স্বয়ংবরকৃতক্ষণাম্।
গচ্ছামো বৈ বয়ং দ্রষ্টুং তঞ্চ দিব্যং মহোৎসবম্ ॥১১॥

ভারতকৌমুদী

একেতি। একে একত্র মিলিতাঃ সার্থাঃ সমানপ্রয়োজনা যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥৬॥
যজ্ঞেতি। বেদীমধ্যাৎ যজ্ঞীয়বেদীতঃ। অনবদ্যাঙ্গী অনিন্দ্যসর্ব্বাবয়বা ॥৭—৮॥
ধৃষ্টদ্যুম্নং বিশিনষ্টি—য ইতি। সুসমিদ্ধে প্রজ্বলিতে। পাবকে বহ্নৌ ॥৯॥
স্বসেতি। স্বসা একাগ্নিতো জাতত্বাদ্ভগিনী। তনুমধ্যমা কৃশকটীদেশা ॥১০॥
যজ্ঞেতি। স্বয়মাত্মনৈব বরে বরনির্দ্ধারণে কৃতঃ ক্ষণ ঔৎসুক্যং যয়া তাম্ ॥১১॥

ব্রাহ্মণেরা বলিলেন—"আপনারা অত্যই পাঞ্চালদেশে গমন করুন; সেখানে দ্রুপদরাজার বাড়ীতে বহুব্যয়ে বিশাল একটী স্বয়ংবরসভা হইবে ॥৫॥

আমরাও এক সঙ্গে মিলিয়া সেইখানেই যাইতেছি। কেন না, সেখানে একটী অদ্ভুত মহোৎসব হইবে ॥৬॥

মহাত্মা দ্রুপদরাজার কন্যা পদ্মনয়না দ্রৌপদী যজ্ঞবেদি হইতে উৎপন্ন হইয়াছিলেন; তাঁহার কোন অঙ্গই নিন্দনীয় নহে, অতিসুদৃশ্য এবং সুকোমল; আর তিনি প্রশস্তহৃদয়া এবং দ্রোণশত্রু প্রতাপশালী ধৃষ্টদ্যুম্নের ভগিনী ॥৭—৮॥

যে মহাবীর ধৃষ্টদ্যুম্ন কবচ, তরবারি, ধনু ও বাণ ধারণ করিয়া প্রজ্বলিত যজ্ঞাগ্নি হইতে অগ্নির তুল্য উৎপন্ন হইয়াছিলেন—॥৯॥

অনিন্দ্যসুন্দরী ক্ষীণমধ্যা দ্রৌপদী সেই ধৃষ্টদ্যুম্নেরই ভগিনী, যাঁহার নীলোৎপলতুল্য শরীরের গন্ধ একক্রোশ দূর হইতে বহিত হইয়া থাকে ॥১০॥

সেই দ্রুপদকন্যা নিজেই বর নির্ব্বাচনের জন্য উৎসুক হইয়াছেন; তাঁহাকে দেখিবার জন্য এবং সেই মহোৎসব প্রত্যক্ষ করিবার জন্য আমরা যাইতেছি ॥১১॥

রাজানো রাজপুত্রাশ্চ যজ্বানো ভূরিদক্ষিণাঃ।
স্বাধ্যায়বন্তঃ শুচয়ো মহাত্মানো যতব্রতাঃ ॥১২॥
তরুণা দর্শনীয়াশ্চ নানাদেশসমাগতাঃ।
মহারথাঃ কৃতাস্ত্রাশ্চ সমুপৈষ্যন্তি ভূমিপাঃ ॥১৩॥ (যুগ্মকম্)
তে তত্র বিবিধান্ দায়ান্ বিজয়ার্থং নরেশ্বরাঃ।
প্রদাস্যন্তি ধনং গাশ্চ ভক্ষ্যং ভোজ্যঞ্চ সর্ব্বশঃ ॥১৪॥
প্রতিগৃহ্য চ তৎ সর্ব্বং দৃষ্ট্বা চৈব স্বয়ংবরম্।
অনুভূয়োৎসবঞ্চৈব গমিষ্যামো যথেপ্সিতম্ ॥১৫॥
নটা বৈতালিকাস্তত্র নর্ত্তকাঃ সূতমাগধাঃ।
নিযোধকাশ্চ দেশেভ্যঃ সমেষ্যন্তি মহাবলাঃ ॥১৬॥

ভারতকৌমুদী

রাজান ইতি। যজ্বানো বিধিনেষ্টবন্তঃ। স্বাধ্যায়বন্তো বেদপাঠিনঃ, শুচয়ঃ পবিত্রাঃ, যতব্রতা নিয়তব্রতচারিণঃ। কৃতাস্ত্রাঃ শিক্ষিতাস্ত্রাঃ ॥১২—১৩॥

ত ইতি। দীয়ন্ত ইতি দায়া বস্ত্রাদীনি দ্রব্যাণি তান্। ভক্ষ্যং পেয়ম্ ॥১৪॥

প্রতীতি। স্বয়ংবরং স্বয়ংবরণব্যাপারম্। যথেপ্সিতং যথা স্যাত্তথা ॥১৫॥

নটা ইতি। নটা অভিনয়ব্যবসায়াঃ, বৈতালিকাঃ স্তুতিপাঠকাঃ, নর্ত্তকা নৃত্যকারকাঃ, সূতাঃ পুরাণপাঠকাঃ, মাগধা বংশপরিচায়কাঃ, নিযোধকা বাহুযোদ্ধারশ্চ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ততস্তে ইতি ॥১—১৩॥ দায়ান্ দেয়ানি, তানেবাহ—ধনমিত্যাদি ॥১৪—১৫॥ নটা বেশভেদকারিণঃ। বৈতালিকা মঙ্গলপাঠকারিণঃ। নর্ত্তকাঃ প্রসিদ্ধাঃ। সূতাঃ পৌরা-

যাঁহারা প্রচুর দক্ষিণা দিয়া যথাবিধানে যজ্ঞ সম্পন্ন করিয়াছেন, বেদপাঠ করিয়াছেন, যথানিয়মে ব্রত করিয়াছেন এবং সমস্ত অস্ত্র শিক্ষা করিয়াছেন, সেই সকল পবিত্র, মহাত্মা ও মহারথ রাজারা এবং মনোহরাকৃতি যুবক রাজপুত্রেরা নানাদেশ হইতে সেখানে আগমন করিবেন ॥১২—১৩॥

তাঁহারা জয়লাভ করিবার জন্য সেখানে নানাবিধ দ্রব্য, ধন, গরু এবং সর্ব্বপ্রকার খাদ্য ও পেয় দান করিবেন ॥১৪॥

আমরা সেই সকল গ্রহণ করিয়া, স্বয়ংবর দেখিয়া এবং মহোৎসব প্রত্যক্ষ করিয়া ইচ্ছানুসারে চলিয়া যাইব ॥১৫॥

স্তুতিপাঠক, পুরাণপাঠক, বংশপরিচায়ক, নট, নর্ত্তক এবং মহাবলশালী বাহুযোদ্ধারা নানাদেশ হইতে সেখানে আসিবে ॥১৬॥

১৫ শ্লোকাৎ পরং কস্মিংশ্চিৎ পুস্তকে কতিপয়শ্লোকা অধিকা দৃশ্যন্তে।

এবং কৌতূহলং কৃত্বা দৃষ্ট্বা চ প্রতিগৃহ্য চ।
সহাস্মাভির্মহাত্মানঃ পুনঃ প্রতিনিবৎস্যথ ॥১৭॥
দর্শনীয়াংশ্চ বঃ সর্ব্বান্ দেবরূপানবস্থিতান্।
সমীক্ষ্য কৃষ্ণা বরয়েৎ সঙ্গত্যৈকতমং বরম্ ॥১৮॥
অয়ং ভ্রাতা তব শ্রীমান্ দর্শনীয়ো মহাভুজঃ।
নিযুজ্যমানো বিজয়েৎ সঙ্গত্যা দ্রবিণং বহু ॥১৯॥

যুধিষ্ঠির উবাচ।

পরমং ভো গমিষ্যামো দ্রষ্টুঞ্চৈব মহোৎসবম্।
ভবদ্ভিঃ সহিতাঃ সর্ব্বে কন্যায়াস্তং স্বয়ংবরম্ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে পাণ্ডবগমনং নাম সপ্তসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। কৃত্বা পূরয়িত্বা। প্রতিনিবৎস্যথ প্রতিনিবৃত্তা ভবিষ্যথ ॥১৭॥
দর্শনীয়ানিতি। দর্শনীয়ান্ সুন্দরান্। কৃষ্ণা দ্রৌপদী। সঙ্গত্যা ভাগ্যযোগেন ॥১৮॥
অয়মিতি। নিযুজ্যমানস্ত্বয়েতি শেষঃ। সঙ্গত্যা ভাগ্যযোগেন। দ্রবিণং ধনম্ ॥১৯॥
পরমমিতি। ভো ব্রাহ্মণাঃ!। মহান্ উৎসবো যত্র তম্ ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে সপ্তসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শিক্যাঃ। মাগধা বংশসূচকা। নিযোধকাঃ মল্লাঃ ॥১৬—১৭॥ সঙ্গত্যা দৈবযোগেন ॥১৮—১৯॥
পরমং যথেষ্টম্ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৭॥

আপনারা এই সকল দেখিয়া, কৌতুক পূর্ণ করিয়া এবং নানাবিধ বস্তু গ্রহণ করিয়া, আবার আমাদের সঙ্গেই ফিরিয়া আসিবেন ॥১৭॥

তা'র পর, দেবতাদের ন্যায় সুন্দর মূর্ত্তি আপনাদের সকলকে দেখিয়া হয়ত দ্রৌপদী একজনকে বররূপে বরণও করিতে পারেন ॥১৮॥

আর, সুন্দর মূর্ত্তি ও মহাবাহু আপনার এই ভাইটী আপনার আদেশে হয়ত বহুতর ধন জয় করিয়াও আনিতে পারেন" ॥১৯॥

যুধিষ্ঠির বলিলেন—"মহাশয়গণ! আমরা সকলেই আপনাদের সঙ্গে মহোৎসব-সম্পন্ন সেই দ্রৌপদীর স্বয়ংবর দেখিতে যাইব" ॥২০॥

---

(২০) পরমং ভোগমিচ্ছামো দ্রষ্টুঞ্চৈব...। * '...দ্ব্যশীত্যধিক...', '...চতুরশীত্যধিক', '...পঞ্চাশীত্যধিক...', '...[illegible]...' ইতি পাঠান্তরম্।

অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তাঃ প্রয়াতাস্তে পাণ্ডবা জনমেজয় ! ।
রাজ্ঞা দক্ষিণপাঞ্চালান্ দ্রুপদেনাভিরক্ষিতান্ ॥১॥
ততস্তে তু মহাত্মানং শুদ্ধাত্মানমকল্মষম্ ।
দদৃশুঃ পাণ্ডবা বীরা মুনিং দ্বৈপায়নং তদা ॥২॥
তস্মৈ যথাবৎ সৎকারং কৃত্বা তেন চ সৎকৃতাঃ ।
কথান্তে চাভ্যনুজ্ঞাতাঃ প্রযযুর্দ্রুপদক্ষয়ম্ ॥৩॥
পশ্যন্তো রমণীয়ানি বনানি চ সরাংসি চ ।
তত্র তত্র বসন্তশ্চ শনৈর্জগ্মুর্মহারথাঃ ॥৪॥
স্বাধ্যায়বন্তঃ শুচয়ো মধুরাঃ প্রিয়বাদিনঃ ।
আনুপূর্ব্ব্যেণ সম্প্রাপ্তাঃ পাঞ্চালান্ পাণ্ডুনন্দনাঃ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। ব্রাহ্মণৈরেবমুক্তাঃ। প্রয়াতাঃ প্রস্থিতাঃ ॥১॥
তত ইতি। শুদ্ধাত্মানং পবিত্রচিত্তম্, অকল্মষং তপসা নির্দ্ধূতপাপম্ ॥২॥
তস্মা ইতি। সৎকারং নমস্কারম্। সৎকৃতা আদৃতাঃ। দ্রুপদস্য ক্ষয়ং ভবনম্ ॥৩॥
পশ্যন্ত ইতি। তত্র তত্র বনেষু সরঃসু চ। মহারথাঃ পাণ্ডবাঃ ॥৪॥
স্বেতি। স্বাধ্যায়বন্তঃ কৃতবেদপাঠাঃ। মধুরা মনোহরাকৃতয়ঃ। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! ব্রাহ্মণেরা এইরূপ বলিলে, পাণ্ডবগণ দ্রুপদরক্ষিত দক্ষিণ পাঞ্চালদেশের দিকে প্রস্থান করিলেন ॥১॥

তাহার পর, তাঁহারা পবিত্র চিত্ত ও নিষ্পাপ মহাত্মা বেদব্যাসকে দেখিতে পাইলেন ॥২॥

তখন পাণ্ডবেরা বেদব্যাসকে নমস্কার করিলে, তিনিও তাঁহাদের আদর করিলেন। তৎপরে দুই চারিটী কথার পর বেদব্যাসের অনুমতিক্রমে পাণ্ডবেরা দ্রুপদনগরের দিকে প্রস্থান করিলেন ॥৩॥

তাঁহারা পথে মনোহর বন ও সরোবর দেখিতে থাকিয়া এবং সেই সেই স্থানে কিছুকাল কিছুকাল অবস্থান করিয়া ধীরে ধীরে যাইতে লাগিলেন ॥৪॥

বেদপাঠী, পবিত্র চিত্ত, মনোহরাকৃতি এবং প্রিয়বাদী পাণ্ডবগণ ক্রমে পাঞ্চালদেশে যাইয়া উপস্থিত হইলেন ॥৫॥

তে তু দৃষ্ট্বা পুরং তচ্চ স্কন্ধাবারঞ্চ পাণ্ডবাঃ।
কুম্ভকারস্য শালায়াং নিবাসং চক্রিরে তদা ॥৬॥
তত্র ভৈক্ষ্যং সমাজহ্রুর্ব্রাহ্মণীং বৃত্তিমাশ্রিতাঃ।
তান্ সম্প্রাপ্তাংস্তথা বীরান্ জজ্ঞিরে ন নরাঃ ক্বচিৎ ॥৭॥
যজ্ঞসেনস্য কামস্তু পাণ্ডবায় কিরীটিনে।
কৃষ্ণাং দদ্যামিতি সদা ন চৈতদ্বিবৃণোতি সঃ ॥৮॥
সোঽন্বেষমাণঃ কৌন্তেয়ং পাঞ্চাল্যো জনমেজয় !।
দৃঢ়ং ধনুরনানম্যং কারয়ামাস ভারত ! ॥৯॥
যন্ত্রং বৈহায়সঞ্চাপি কারয়ামাস কৃত্রিমম্।
তেন যন্ত্রেণ সমিতং রাজা লক্ষ্যং চকার সঃ ॥১০॥

ভারতকৌমুদী

ত ইতি। স্কন্ধং সৈন্যব্যূহম্ আবৃণোতীতি স্কন্ধাবারঃ সেনানিবাসস্তম্ ॥৬॥

তত্রেতি। ব্রাহ্মণীং বৃত্তিমাশ্রিতাঃ, আপদি সর্ব্বেষামেব বৃত্ত্যন্তরবিধানাৎ ॥৭॥

যজ্ঞেতি। কিরীটিনে অর্জ্জুনায়। কৃষ্ণাং দ্রৌপদীম্। বিবৃণোতি লোকায় প্রকাশয়তি স্ম ॥৮॥

স ইতি। স দ্রুপদঃ, কৌন্তেয়ং দ্রোণেনাত্মপরাজয়কালে পরীক্ষিতশক্তিকমর্জ্জুনম্। অনানম্যম্ অন্যৈরানময়িতুমশক্যম্। অর্জ্জুনসদৃশপুরুষস্য গৃহদাহেন দাহঃ খল্বসম্ভব এব। তেন চাসৌ কুত্রাপি প্রচ্ছন্নস্তিষ্ঠেৎ ইমং স্বয়ংবরবৃত্তান্তং শ্রুত্বা চাগচ্ছেৎ স এব চেদং ধনুরানময়েৎ লক্ষ্যঞ্চ বিধ্যেৎ। এবঞ্চার্জ্জুনায় কৃষ্ণাদানং সিধ্যতীতি বিভাব্য দ্রুপদেনেদং কৃতমিতি বোধ্যম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৫॥ স্কন্ধাবারং রাজগৃহপ্রাকারম্, লোকসমূহস্থানং বা। "স্কন্ধঃ স্যান্নৃপতাবংসে সাম্পরায়সমূহয়োঃ" ইতি মেদিনী ॥৬॥ ন জজ্ঞিরে ন জ্ঞাতবন্তঃ ॥৭—৮॥ অনানম্যং নময়িতুমশক্যম্ ॥৯॥ বৈহায়সমন্তরিক্ষগতম্। যন্ত্রং তীব্রবেগবত্তয়া ভ্রমণেন লক্ষ্যমার্গ-

---

ক্রমে তাঁহারা রাজধানী এবং সেনানিবাস সকল দেখিয়া কোন কুম্ভকারের বাড়ী যাইয়া বাস করিতে লাগিলেন ॥৬॥

সেখানে তাঁহারা ব্রাহ্মণের বৃত্তি অবলম্বন করিয়া ভিক্ষা করিয়া খাইতে লাগিলেন; সুতরাং তত্রত্য লোকেরা কখনও তাঁহাদিগকে চিনিতে পারিল না ॥৭॥

দ্রুপদরাজার সর্ব্বদাই এইরূপ ইচ্ছা ছিল যে, 'পাণ্ডুনন্দন অর্জ্জুনের হস্তে দ্রৌপদীকে দান করিব'; কিন্তু তিনি এ ইচ্ছা ব্যক্ত করেন নাই ॥৮॥

সেই নিমিত্তই তিনি অর্জ্জুনকে অনুসন্ধান করিয়া বাহির করিবার জন্য এমন একখানি ধনু নির্ম্মাণ করাইলেন, যাহা অন্যে নোয়াইতে পারিবে না ॥৯॥

দ্রুপদ উবাচ।

ইদং সজ্যং ধনুঃ কৃত্বা সজ্জৈরেভিশ্চ সায়কৈঃ।
অতীত্য লক্ষ্যং যো বেদ্ধা স লব্ধা মৎসুতামিতি ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

ইতি স দ্রুপদো রাজা স্বয়ংবরমঘোষয়ৎ।
তচ্ছ্রুত্বা পার্থিবাঃ সর্ব্বে সমীয়ুস্তত্র ভারত! ॥১২॥
ঋষয়শ্চ মহাত্মানঃ স্বয়ংবরদিদৃক্ষবঃ।
দুর্য্যোধনপুরোগাশ্চ সকর্ণাঃ কুরবো নৃপ! ॥১৩॥ (যুগ্মকম্)
ব্রাহ্মণাশ্চ মহাভাগা দেশেভ্যঃ সমুপাগমন্।
ততোঽর্চ্চিতা রাজগণা দ্রুপদেন মহাত্মনা ॥১৪॥
উপোপবিষ্টা মঞ্চেষু দ্রষ্টুকামাঃ স্বয়ংবরম্।
ততঃ পৌরজনাঃ সর্ব্বে সাগরোদ্ধূতনিস্বনাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

যন্ত্রমিতি। বিহায়সি আকাশে স্থিতমিতি বৈহায়সম্। সমিতং সংলগ্নম্ ॥১০॥
ইদমিতি। সজ্যম্ আরোপিতগুণকম্। অতীত্য অধঃস্থিতং যন্ত্রমতিক্রম্য ॥১১॥
ইতীতি। স্বয়ংবরং স্বয়ংবরে কন্যার্থিভিঃ কর্ত্তব্যম্। কর্ণেন সহেতি সকর্ণাঃ ॥১২—১৩॥
ব্রাহ্মণা ইতি। অর্চ্চিতা অন্নপানাদ্যৈঃ সংকৃতাঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

সঙ্কোচকমস্তরাবন্ধম্। সমিতং যন্ত্রচ্ছিদ্রদ্বারোপলক্ষিতম্, লক্ষ্যমপি বৈহায়সমিত্যর্থঃ। অস্ত্র-শিক্ষায়ামেকেনার্জ্জুনেনৈব চললক্ষ্যপাতনং কৃতম্, অতঃ স এব চলযন্ত্রদ্বারা লক্ষ্যং ভেৎস্যতি নান্য ইতি তদন্বেষণায়ায়ং যত্নো দ্রুপদেন কৃতঃ। যদ্যপি কর্ণস্যাপ্যেতৎ সুকরং তথাপি হীনকুলত্বাৎ স সুপরিহর ইতি ভাবঃ ॥১০॥ সজ্যং ধনুঃ কৃত্বা ইদং যন্ত্রমতীত্য লক্ষ্যং যো বেদ্ধা বেদ্ধুং সমর্থঃ ॥১১—১৪॥ উপোপবিষ্টাঃ পাদপূরণার্থা উপেত্যস্যাবৃত্তিঃ, "প্রসমুপোদঃ

আর, তিনি আকাশে একটি কৃত্রিম যন্ত্র নির্ম্মাণ করাইলেন এবং তাহার উপরি-ভাগে তৎসংলগ্নভাবে একটা লক্ষ্যও তৈয়ারি করাইলেন ॥১০॥

তাহার পর দ্রুপদ বলিলেন—"যিনি এই ধনুতে গুণারোপণ করিয়া এই বাণ কয়টী দ্বারা যন্ত্র অতিক্রমপূর্ব্বক এই লক্ষ্য বেধ করিতে পারিবেন, তিনিই আমার কন্যা লাভ করিবেন" ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—দ্রুপদরাজা এইভাবে স্বয়ংবরে কন্যাপ্রার্থীদের কর্ত্তব্য ঘোষণা করিলেন; তাহা শুনিয়া অন্যান্য রাজারা, কর্ণের সহিত দুর্য্যোধনপ্রভৃতি কুরুবংশীয়েরা এবং স্বয়ংবরদর্শনার্থী ঋষিরা সেখানে আসিলেন ॥১২—১৩॥

শিশুমারশিরঃ প্রাপ্য ন্যবসংস্তে চ পার্থিবাঃ।
প্রাগুত্তরেণ নগরাদ্ভূমিভাগে সমে শুভে ॥১৬॥
সমাজবাটঃ শুশুভে ভবনৈঃ সর্ব্বতো বৃতঃ।
প্রাকারপরিখোপেতো দ্বারতোরণমণ্ডিতঃ ॥১৭॥
বিতানেন বিচিত্রেণ সর্ব্বতঃ সমলঙ্কৃতঃ।
তূর্য্যৌঘশতসঙ্কীর্ণঃ পরার্দ্ধ্যাগুরুধূপিতঃ ॥১৮॥
চন্দনোদকসিক্তশ্চ মাল্যদামোপশোভিতঃ।
কৈলাসশিখরপ্রখ্যৈর্নভস্তলবিলেখিভিঃ ॥১৯॥

ভারতকৌমুদী

উপেতি। উপোপবিষ্টাঃ সমীপে সমীপে স্থিতাঃ। "উপ স্যাদধিকার্থে চ হীনার্থাসন্নয়োরপি" ইতি মেদিনী। সাগরেণেব উদ্ধূত উত্তোলিতো নিস্বনঃ কোলাহলো যৈস্তে ॥১৫॥

শিশ্বিতি। শিশুমারো নক্ষত্রসমূহাত্মকো নারায়ণস্তস্য শির ঐশানী দিক্ তাং প্রাপ্য। "শিশুমারস্ত যঃ প্রোক্তঃ স ধ্রুবো যত্র তিষ্ঠতি" ইত্যাদিনা বিষ্ণুপুরাণে দ্বিতীয়াংশে দ্বাদশাধ্যায়ে "কেচিদেতজ্জ্যোতিরনীকং শিশুমারসংস্থানেন ভগবতো বাসুদেবস্য যোগধারণায়ানুবর্ণয়ন্তি" ইত্যাদিনা শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে ত্রয়োবিংশতিতমাধ্যায়ে চ শিশুমারো বর্ণিতঃ। অতএবাহ—নগরাৎ প্রাগুত্তরেণ পূর্ব্বোত্তরকোণে ॥১৬॥

সভাস্থানং ষড়্ভিঃ কুলকেন বর্ণয়তি—সমাজেতি। সমাজস্য আগন্তুকলোকসমূহস্য বাটো বাসস্থানম্। "বাটো মার্গে বৃতিস্থানে স্যাৎ কুটীবাস্তুনোঃ স্ত্রিয়াম্" ইতি মেদিনী। পরার্দ্ধ্যোৎকৃষ্টৈরগুরুভির্ধূপিতঃ সন্তাপ্য সুরভীকৃতঃ। কৈলাসস্য গিরেঃ শিখরপ্রখ্যৈঃ শৃঙ্গতুল্যৈঃ

ভারতভাবদীপঃ

পাদপূরণে' ইতি ॥১৫॥ শিশুমারো জলজন্তুঃ, তদাকারস্তারাসমূহাত্মকো বিষ্ণুঃ, তস্য শিরঃ-

নানাদেশ হইতে ব্রাহ্মণেরাও দেখিতে আসিলেন। তাহার পর দ্রুপদরাজা অন্নপানাদি দ্বারা আগন্তুক রাজাদের সংবর্দ্ধনা করিলেন ॥১৪॥

তদনন্তর, পুরবাসী লোকেরা স্বয়ংবর দেখিবার ইচ্ছায় সমুদ্রের ন্যায় কোলাহল করিতে থাকিয়া মঞ্চের উপরে নিকটে নিকটে উপবেশন করিল ॥১৫॥

রাজধানীর পূর্ব্বোত্তরকোণে সমতল ও সুন্দর স্থানে সেই রাজারা নক্ষত্রসমূহাত্মক নারায়ণের মস্তকের দিকে উপবেশন করিলেন ॥১৬॥

মধ্যে বিশাল সভামণ্ডপ, তাহার সকল দিকে অট্টালিকা, তাহার বাহিরে প্রাচীর ও পরিখা এবং দ্বারে দ্বারে তোরণ ছিল; উপরে বিচিত্র চন্দ্রাতপ দ্বারা আবরণ করা হইয়াছিল; কোন স্থানে বহুতর ভেরী ছিল; উৎকৃষ্ট অগুরুর সৌরভ বাহির হইতেছিল; সকল স্থানেই চন্দনের জলে সিক্ত ছিল এবং পুষ্প-

(১৬)···ন্যবিশংস্তে চ···।

সর্ব্বতঃ সংবৃতঃ শুভ্রৈঃ প্রাসাদৈঃ সুকৃতোচ্ছ্রয়ৈঃ।
সুবর্ণজালসংবীতৈর্মণিকুট্টিমভূষিতৈঃ ॥২০॥
সুখারোহণসোপানৈর্মহাসনপরিচ্ছদৈঃ।
স্রগ্‌দামসমবচ্ছন্নৈরগুরূত্তমবাসিতৈঃ ॥২১॥
হংসাচ্ছবর্ণৈর্বহুভিরাযোজনসুগন্ধিভিঃ।
অসংবাধশতদ্বারৈঃ শয়নাসনশোভিতৈঃ।
বহুধাতুপিনদ্ধাঙ্গৈর্হিমবচ্ছিখরৈরিব ॥২২॥ (কুলকম্)
তত্র নানাপ্রকারেষু বিমানেষু স্বলঙ্কৃতাঃ।
স্পর্দ্ধমানাস্তদান্যোন্যং নিষেদুঃ সর্ব্বপার্থিবাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

শুভ্রত্বাৎ। সুষ্ঠু কৃত উচ্ছ্রয় উন্নত্যং যেষাং তৈঃ। সুবর্ণজালেন সংবীতৈর্বেষ্টিতৈঃ। কুট্টিমানি বদ্ধভূময়ঃ। অগুরুভিরুত্তমং যথা স্যাত্তথা বাসিতৈঃ। হংসবৎ অচ্ছবর্ণৈঃ শুভ্রবর্ণৈঃ। অসংবাধানি বিশালত্বাদসঙ্কীর্ণানি শতদ্বারাণি যেষাং তৈঃ। বহুভির্ধাতুভিঃ পিনদ্ধানি বদ্ধানি অঙ্গানি যেষাং তৈঃ। দ্বাবিংশপদ্যং ষট্‌পদম্ ॥১৭—২২॥

তত্রেতি। বিমানেষু সপ্ততলভবনেষু। নিষেদুরুপবিষ্টাঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

প্রদেশে ঐশান্যাং দিশি, অতএব সা অপরাজিতা দিক্, তাং দিশং প্রাপ্য ন্যবিশন্, তামেব দিশমাহ—প্রাগিতি। প্রাগুত্তরেণ প্রাগুদীচ্যোরন্তরালে নগরাৎ সমীপে। "এবমন্তরঙ্গাদূরে পঞ্চম্যা" ইত্যেনবন্তমিদম্ ॥১৬—২২॥ বিমানেষু সপ্তভূমিগৃহেষু, "বিমানো ব্যোমযানে

মাল্য দ্বারা অলঙ্কৃত করা হইয়াছিল। কৈলাসপর্ব্বতের শৃঙ্গতুল্য উচ্চ ও শুভ্রবর্ণ বহুতর প্রাসাদ নির্ম্মিত হইয়াছিল; সেগুলির ভিতরে মণি দ্বারা বহুতর বেদী নির্ম্মাণ করিয়া সেগুলিকে আবার সোণার ঝালরযুক্ত বস্ত্রে আবৃত করা হইয়াছিল; সুখে আরোহণ করা যায় এইরূপ সোপান ছিল; সেগুলিকেও মালা দ্বারা আবৃত করিয়া অগুরু দ্বারা সুবাসিত করা হইয়াছিল; সেই প্রাসাদসমূহের ভিত্তি সকল হংসের ন্যায় শুভ্রবর্ণ ছিল, তাহার সৌরভ বহু দূরে যাইতেছিল; নানাবিধ ধাতু দ্বারা চিত্রিত থাকায় সে প্রাসাদগুলি হিমালয়ের শৃঙ্গের ন্যায় শোভা পাইতেছিল; আর তাহার ভিতরে মহামূল্য আসন, শয্যা ও পরিচ্ছদ ছিল ॥১৭—২২॥

সেইখানে নানাবিধ সপ্ততল অট্টালিকাতে রাজারা অলঙ্কৃত হইয়া পরস্পর স্পর্দ্ধা করিতে থাকিয়া অবস্থান করিতে লাগিলেন ॥২৩॥

(২২) হংসাংসবর্ণৈঃ...

তত্রোপবিষ্টান্ দদৃশুর্মহাসত্ত্বপরাক্রমান্।
রাজসিংহান্ মহাভাগান্ কৃষ্ণাগুরুবিভূষিতান্ ॥২৪॥
মহাপ্রসাদান্ ব্রহ্মণ্যান্ স্বরাষ্ট্রপরিরক্ষিণঃ।
প্রিয়ান্ সর্ব্বস্য লোকস্য সুকৃতৈঃ কর্ম্মভিঃ শুভৈঃ ॥২৫॥ (যুগ্মকম্)
মঞ্চেষু চ পরার্দ্ধ্যেষু পৌরজানপদা জনাঃ।
কৃষ্ণাদর্শনসিদ্ধ্যর্থং সর্ব্বতঃ সমুপাবিশন্ ॥২৬॥
ব্রাহ্মণৈস্তে চ সহিতাঃ পাণ্ডবাঃ সমুপাবিশন্।
ঋদ্ধিং পাঞ্চালরাজস্য পশ্যন্তস্তামনুত্তমাম্ ॥২৭॥
ততঃ সমাজো ববৃধে স রাজন্! দিবসান্ বহূন্।
রত্নপ্রদানবহুলঃ শোভিতো নটনর্ত্তকৈঃ ॥২৮॥
বর্ত্তমানে সমাজে তু রমণীয়েহহ্নি ষোড়শে।
আপ্লুতাঙ্গী সুবসনা সর্ব্বাভরণভূষিতা ॥২৯॥

ভারতকৌমুদী

তত্রেতি। মহান্তৌ সত্ত্বপরাক্রমৌ অধ্যবসায়বিক্রমৌ যেষাং তান্, রাজসিংহান্ রাজশ্রেষ্ঠান্, মহাপ্রসাদান্ প্রজাস্বতীবপ্রসন্নান্, ব্রহ্মণ্যান্ ব্রাহ্মণহিতান্ ॥২৪—২৫॥

মঞ্চেম্বিতি। পরার্দ্ধ্যেষু উৎকৃষ্টেষু। কৃষ্ণায়া দ্রৌপদ্যা দর্শনস্য সিদ্ধ্যর্থং লাভার্থম্ ॥২৬॥

ব্রাহ্মণৈরিতি। ঋদ্ধিং সম্পদম্। অনুত্তমাং সর্কোৎকৃষ্টাম্ ॥২৭॥

তত ইতি। সমাজো লোকসংঘঃ। রত্নপ্রদানি বহুলানি যত্র সঃ ॥২৮॥

উপস্থিত লোকেরা দেখিতে লাগিল যে, অসাধারণ অধ্যবসায়ী, পরাক্রমশালী, প্রজাবর্গের প্রতি বিশেষ প্রসন্ন, ব্রাহ্মণহিতৈষী, স্ব স্ব রাজ্যরক্ষক এবং আপন আপন লোকহিতকর কার্য্য দ্বারা সমস্ত লোকের প্রিয় রাজারা অগুরুপ্রভৃতি গন্ধদ্রব্যে অলঙ্কৃত হইয়া সেই সকল স্থানে উপবেশন করিয়া রহিয়াছেন ॥২৪—২৫॥

নগরবাসী ও দেশবাসী লোকেরা দ্রৌপদীকে দেখিবার জন্য সকল দিকে উৎকৃষ্ট উৎকৃষ্ট মঞ্চের উপরে উপবেশন করিল ॥২৬॥

আর, পাণ্ডবেরা দ্রুপদরাজার সেই অসাধারণ সম্পদ দেখিতে থাকিয়া ব্রাহ্মণদের সঙ্গেই উপবেশন করিলেন ॥২৭॥

মহারাজ! তাহার পর, অনেক দিন ধরিয়া সেই লোকসমাজ বৃদ্ধি পাইল, প্রচুর ধনরত্ন দান চলিতেলাগিল এবং নট ও নর্ত্তকগণ অভিনয় ও নৃত্য করিতে থাকিল ॥২৮॥

এইরূপ সমাজ সন্নিবিষ্ট হইলে, ষোল দিনের দিন দ্রৌপদী স্নান ও সুন্দর

মালাঞ্চ সমুপাদায় কাঞ্চনীং সমলঙ্কৃতাম্।
অবতীর্ণা ততো রঙ্গং দ্রৌপদী ভরতর্ষভ! ॥৩০॥ (যুগ্মকম্)
পুরোহিতঃ সোমকানাং মন্ত্রবিদ্‌ব্রাহ্মণঃ শুচিঃ।
পরিস্তীর্য্য জুহাবাগ্নিমাজ্যেন বিধিবত্তদা ॥৩১॥
স তর্পয়িত্বা জ্বলনং ব্রাহ্মণান্ স্বস্তি বাচ্য চ।
বারয়ামাস সর্ব্বাণি বাদিত্রাণি সমন্ততঃ ॥৩২॥
নিঃশব্দে তু কৃতে তস্মিন্ ধৃষ্টদ্যুম্নো বিশাংপতে!।
কৃষ্ণামাদায় বিধিবন্মেঘদুন্দুভিনিস্বনঃ ॥৩৩॥
রঙ্গমধ্যে গতস্তত্র মেঘগম্ভীরয়া গিরা।
বাক্যমুচ্চৈর্জগাদেদং শ্লক্ষ্মমর্থবদুত্তমম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। আপ্লুতাঙ্গী গন্ধচন্দনাদিভিঃ সিক্তাবয়বা। কাঞ্চনীং সৌবর্ণীম্, সমলঙ্কৃতাং হীরকাদিভিঃ শোভিতাম্ ॥২৯—৩০॥

পুরোহিত ইতি। সোমকানাং দ্রুপদবংশীয়ানাম। পরিস্তীর্য্য প্রণীয় ॥৩১॥

স ইতি। জ্বলনমগ্নিম্। বারয়ামাস, অন্যথা ধৃষ্টদ্যুম্নোক্তিন শ্রূয়েতেতি ভাবঃ ॥৩২॥

নিঃশব্দ ইতি। তস্মিন্ সমাজে। কৃষ্ণাং দ্রৌপদীম্। মেঘদুন্দুভ্যোরিব নিস্বনঃ স্বরো যস্য সঃ। শ্লক্ষ্ণং কোমলম্, অর্থবৎ সঙ্গতার্থকম্ ॥৩৩—৩৪॥

ভারতভাবদীপঃ

চ সপ্তভূমিগৃহেঽপি চ" ইতি মেদিনী ॥২৩—৩০॥ পরিস্তীর্য্য দর্ভৈঃ পরিতঃ স্তীর্ত্বা ॥৩১—৩॥

বস্ত্র পরিধান করিয়া সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত হইয়া এবং মণিখচিত সুবর্ণমালা ধারণ করিয়া সেই রঙ্গস্থানে উপস্থিত হইলেন ॥২৯—৩০॥

তখন মন্ত্রজ্ঞ ও পবিত্র সোমকবংশীয়দিগের পুরোহিত অগ্নি স্থাপন করিয়া তাহাতে ঘৃত দ্বারা যথাবিধানে হোম করিলেন ॥৩১॥

তিনি হোম করিয়া এবং ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবচন পাঠ করাইয়া, সকল দিকের সকল বাদ্য নিবারণ করিলেন ॥৩২॥

মহারাজ! সেই রঙ্গস্থানটীকে নীরব করা হইলে, মেঘ ও দুন্দুভির ন্যায় গম্ভীর কণ্ঠধ্বনিসম্পন্ন ধৃষ্টদ্যুম্ন যথানিয়মে দ্রৌপদীকে লইয়া, সেই রঙ্গমধ্যে যাইয়া, মেঘের ন্যায় গম্ভীরভাবে উচ্চ স্বরে কোমল, সঙ্গত এবং মনোহর এই কথা কয়টী বলিলেন—॥৩৩-

(৩২) সন্তর্পয়িত্বা জ্বলনম্…।

ইদং ধনুর্লক্ষ্যমিমে চ বাণাঃ শৃণ্বন্তু মে ভূপতয়ঃ সমেতাঃ।
ছিদ্রেণ যন্ত্রস্য সমর্পয়ধ্বং লক্ষ্যং শিতৈর্ব্যোমচরৈর্দশার্দ্ধৈঃ ॥৩৫॥
এতন্মহৎ কর্ম্ম করোতি যো বৈ কুলেন রূপেণ বলেন যুক্তঃ।
তস্যাদ্য ভার্য্যা ভগিনী মমেয়ং কৃষ্ণা ভবিত্রী ন মৃষা ব্রবীমি ॥৩৬॥
তানেবমুক্ত্বা দ্রুপদস্য পুত্রঃ পশ্চাদিদং তাং ভগিনীমুবাচ।
নাম্না চ গোত্রেণ চ কর্ম্মণা চ সঙ্কীর্ত্তয়ন্ ভূমিপতীন্ সমেতান্ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে ধৃষ্টদ্যুম্নবাক্যে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

ইদমিতি। সমর্পয়ধ্বং বিধ্যত। ব্যোমচরৈর্বাণৈঃ, দশার্দ্ধৈঃ পঞ্চভিঃ ॥৩৫॥

এতদিতি। করোতি কর্ত্তুং শক্নোতি। কুলেনেতি সূতপুত্রকর্ণাদিব্যবচ্ছেদার্থম্ ॥৩৬॥

তানিতি। সঙ্কীর্ত্তয়ন্ পরিচয়ার্থং বর্ণয়ন্। সমেতান্ সমাগতান্ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

ইদং ধনুঃ, ইদঞ্চ লক্ষ্যম্, ইমে চ বাণাঃ, চলযন্ত্রচ্ছিদ্রদ্বারা যুগপৎ পঞ্চ বাণান্ লক্ষ্যে যঃ সমর্পয়তি তস্যাস্ত ভার্য্যা ভগিনী মমেয়মিতি দ্বয়োঃ সম্বন্ধঃ। ব্যোমচরৈঃ বাণৈঃ ॥৩৫—৩৬॥ তান্ নৃপান্ প্রতি ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৮॥

—:*:—

"সমবেত রাজগণ আমার কথা শ্রবণ করুন—এই ধনু, এই বাণ এবং ঐ লক্ষ্য —আপনারা এই সুধার পাঁচটী বাণ দ্বারা ঐ যন্ত্রের ছিদ্রের মধ্য দিয়া ঐ লক্ষ্যটাকে বিদ্ধ করুন ॥৩৫॥

উচ্চ বংশ, মনোহর রূপ এবং অসাধারণ বলশালী যে রাজপুত্র এই গুরুতর কার্য্য সম্পন্ন করিতে পারিবেন, আমার ভগিনী এই দ্রৌপদী আজ তাঁহারই ভার্য্যা হইবেন। ইহা আমি মিথ্যা বলিতেছি না" ॥৩৬॥

ধৃষ্টদ্যুম্ন রাজগণকে এইরূপ বলিয়া, নাম, গোত্র ও কার্য্য দ্বারা উপস্থিত রাজগণের পরিচয় দিবার জন্য ভগিনী দ্রৌপদীর প্রতি এই কথা বলিলেন ॥৩৭॥

—:*:—

* '...ত্র্যশীত্যধিক...', '...পঞ্চাশীত্যধিক...', '...ষড়শীত্যধিক...', '...দ্বিশততম...', ইতি পাঠান্তরাণি।

ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

ধৃষ্টদ্যুম্ন উবাচ।

দুর্য্যোধনো দুর্বিষহো দুর্ম্মুখো দুষ্প্রধর্ষণঃ।
বিবিংশতির্বিকর্ণশ্চ সহো দুঃশাসনস্তথা ॥১॥
যুযুৎসুর্বায়ুবেগশ্চ ভীমবেগরবস্তথা।
উগ্রায়ুধো বলাকী চ কনকায়ুর্বিরোচনঃ ॥২॥
কুণ্ডজশ্চিত্রসেনশ্চ সুবর্চ্চাঃ কনকধ্বজঃ।
নন্দকো বহুশালী চ তুহুণ্ডো বিকটস্তথা ॥৩॥
এতে চান্যে চ বহবো ধার্ত্তরাষ্ট্রা মহাবলাঃ।
কর্ণেন সহিতা বীরাস্ত্বদর্থং সমুপাগতাঃ ॥৪॥ (কলাপকম্)
অসংখ্যাতা মহাত্মানঃ পার্থিবাঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
শকুনিঃ সৌবলশ্চৈব বৃষকোঽথ বৃহদ্বলঃ ॥৫॥
এতে গান্ধাররাজস্য সুতাঃ সর্ব্বে সমাগতাঃ।
অশ্বত্থামা চ ভোজশ্চ সর্ব্বশস্ত্রভৃতাং বরৌ ॥৬॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। বিকটান্তানি ধৃতরাষ্ট্রপুত্রনামানি ॥১—৪॥

ভারতভাবদীপঃ

দুর্য্যোধন ইত্যাদিঃ স্পষ্টার্থো গ্রন্থঃ ॥১—২৪॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৯॥

ধৃষ্টদ্যুম্ন বলিলেন—"দ্রৌপদি! দুর্য্যোধন, দুর্বিষহ, দুর্ম্মুখ, দুষ্প্রধর্ষণ, বিবিংশতি, বিকর্ণ, সহ, দুঃশাসন, যুযুৎসু, বায়ুবেগ, ভীমবেগ, উগ্রায়ুধ, বলাকী, কনকায়ু, বিরোচন, কুণ্ডজ, চিত্রসেন, সুবর্চ্চা, কনকধ্বজ, নন্দক, বাহুশালী, তুহুণ্ড এবং বিকট—এই সকল ধৃতরাষ্ট্রের পুত্র এবং বলবান্ অন্যান্য ধৃতরাষ্ট্রের পুত্রেরাও কর্ণের সহিত তোমার জন্য আসিয়াছেন ॥১—৪॥

উদারচেতা এবং ক্ষত্রিয়শ্রেষ্ঠ অন্যান্য অসংখ্য রাজাও আসিয়াছেন। শকুনি, সৌবল, বৃষক এবং বৃহদ্বল—এই চারি জন গান্ধাররাজের পুত্র আসিয়াছেন; তা'র পর অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ অশ্বত্থামা ও ভোজরাজ—ইহারা দুই জনও অলঙ্কৃত

---

(২)…ভীমবেগধরস্তথা…করকায়ুর্বিরোচনঃ। (৩) কুণ্ডজশ্চিত্রসেনশ্চ, বহুকুণ্ডলশ্চিত্রসেনঃ…।

সমবেতৌ মহাত্মানৌ ত্বদর্থে সমলঙ্কৃতৌ।
বৃহন্তো মণিমাংশ্চৈব দণ্ডধারশ্চ পার্থিবঃ ॥৭॥ (বিশেষকম্)
সহদেবজয়ৎসেনৌ মেঘসন্ধিশ্চ মাগধঃ।
বিরাটঃ সহ পুত্রাভ্যাং শঙ্খেনৈবোত্তরেণ চ ॥৮॥
বার্দ্ধক্ষেমিঃ সুবর্চ্চাশ্চ সেনাবিন্দুশ্চ পার্থিবঃ।
সুকেতুঃ সহ পুত্রেণ সুনাম্না চ সুবর্চ্চসা ॥৯॥
সুচিত্রঃ সুকুমারশ্চ বৃকঃ সত্যধৃতিস্তথা।
সূর্য্যধ্বজো রোচমানো নীলশ্চিত্রায়ুধস্তথা ॥১০॥
অংশুমাংশ্চেকিতানশ্চ শ্রেণিমাংশ্চ মহবলঃ।
সমুদ্রসেনপুত্রশ্চ চন্দ্রসেনঃ প্রতাপবান্ ॥১১॥
জলসন্ধঃ পিতা পুত্রৌ বিদণ্ডো দণ্ড এব চ।
পৌণ্ড্রকো বাসুদেবশ্চ ভগদত্তশ্চ বীর্য্যবান্ ॥১২॥

ভারতকৌমুদী

অসংখ্যাতা ইতি। ক্ষত্রিয়র্ষভাঃ সমুপাগতা ইতি পূর্ব্বানুকর্ষঃ। ভোজো ভোজরাজঃ। দণ্ডধারশ্চ পার্থিব এতেঽপি সমুপাগতা ইত্যনুবৃত্তিঃ ॥৫—৭॥

সহেতি। মাগধো মগধরাজঃ। বিরাটশ্চ সমুপাগতঃ ॥৮॥

বার্দ্ধেতি। সুনাম্না সুবর্চ্চসা চ পুত্রেণ সহ সুকেতুরাগতঃ ॥৯॥

সুচিত্র ইতি। তথাপদদ্বয়েন সমবেত ইত্যস্যানুকর্ষঃ ॥১০॥

অংশুমানিতি। অত্রাপি পূর্ব্ববদনুকর্ষঃ ॥১১॥

হইয়া তোমার জন্য সমবেত হইয়াছেন। বৃহন্ত, মণিমান্ এবং দণ্ডধার রাজাও আসিয়াছেন ॥৫—৭॥

সহদেব, জয়ৎসেন, মগধরাজ মেঘসন্ধি এবং শঙ্খ ও উত্তরনামক দুই পুত্রের সহিত বিরাটরাজাও আসিয়াছেন ॥৮॥

বার্দ্ধক্ষেমি, সুবর্চ্চা, সেনাবিন্দু এবং সুনামা ও সুবর্চ্চা নামক পুত্রের সহিত সুকেতুরাজা আসিয়াছেন ॥৯॥

সুচিত্র, সুকুমার, বৃক, সত্যধৃতি, সূর্য্যধ্বজ, রোচমান, নীল এবং চিত্রায়ুধরাজা আসিয়া সমবেত হইয়াছেন ॥১০॥

অংশুমান্, চেকিতান, মহাবল শ্রেণিমান্ এবং সমুদ্রসেনের পুত্র প্রতাপশালী চন্দ্রসেন উপস্থিত হইয়াছেন ॥১১॥

বিদণ্ড ও দণ্ডনামক পুত্রের সহিত জলসন্ধ, পৌণ্ড্রক, বাসুদেব এবং বলবান ভগদত্ত আসিয়াছেন ॥১২॥

(৮)···মেঘসন্ধিশ্চ পার্থিবঃ।

কলিঙ্গস্তাম্রলিপ্তশ্চ পত্তনাধিপতিস্তথা।
মদ্ররাজস্তথা শল্যঃ সহপুত্ত্রো মহারথঃ ॥১৩॥
রুক্মাঙ্গদেন বীরেণ তথা রুক্মরথেন চ।
কৌরব্যঃ সোমদত্তশ্চ পুত্ত্রাশ্চাস্য মহারথাঃ ॥১৪॥
সমবেতাস্ত্রয়ঃ শূরা ভূরিভূ্রিশ্রবাঃ শলঃ।
সুদক্ষিণশ্চ কাম্বোজো দৃঢ়ধন্বা চ পৌরবঃ ॥১৫॥
বৃহদ্বলঃ সুষেণশ্চ শিবিরৌশীনরস্তথা।
পটচ্চরনিহন্তা চ করূষাধিপতিস্তথা ॥১৬॥
সঙ্কর্ষণো বাসুদেবো রৌক্মিণেয়শ্চ বীর্য্যবান্।
শাম্বশ্চ চারুদেষ্ণশ্চ প্রাদ্যুম্নিঃ সগদস্তথা ॥১৭॥
অক্রূরঃ সাত্যকিশ্চৈব উদ্ধবশ্চ মহামতিঃ।
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যঃ পৃথুর্বিপৃথুরেব চ ॥১৮॥
বিদূরথশ্চ কঙ্কশ্চ শঙ্কশ্চ সগবেষণঃ।
আশাবহোঽনিরুদ্ধশ্চ সমীকঃ সারিমেজয়ঃ ॥১৯॥
বীরো বাতপতিশ্চৈব ঝিল্লী পিণ্ডারকস্তথা।
উশীনরশ্চ বিক্রান্তো বৃষ্ণয়স্তে প্রকীর্ত্তিতাঃ ॥২০॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

জলেতি। বিদণ্ডো দণ্ড এব চ জলসন্ধস্য পুত্ত্রৌ ॥১২॥

কলিঙ্গ ইতি। পুত্ত্রেণ সহেতি সহপুত্ত্রঃ ॥১৩॥

রুক্মেতি। রুক্মাঙ্গদেন রুক্মরথেন চ সহেতি শেষঃ ॥১৪॥

সমবেতা ইতি। কাম্বোজস্তদ্দেশীয়ঃ ॥১৫॥

বৃহদ্বল ইতি। উশীনরস্যাপত্যমৌশীনরঃ। পটচ্চরনিহন্তা চৌরঘাতকঃ ॥১৬॥

সঙ্কর্ষণ ইতি। রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ। গদেন সহেতি সগদঃ। সত্যকস্যাপত্যং সাত্যকিঃ। গবেষণেন সহেতি সগবেষণঃ। বৃষ্ণয়ো বৃষ্ণিবংশীয়াঃ ॥১৭—২০॥

কলিঙ্গের রাজা, তাম্রলিপ্তের রাজা, পত্তনের রাজা এবং পুত্ত্রের সহিত মদ্রদেশের রাজা মহারথ শল্য আসিয়া সমবেত হইয়াছেন ॥১৩॥

রুক্মাঙ্গদ ও রুক্মরথের সহিত কুরুবংশীয় সোমদত্ত এবং তাঁহার মহারথ পুত্রগণ আসিয়াছেন ॥১৪॥

মহাবীর ভূরি, ভূরিশ্রবা এবং শল—ইহারা তিন জন, আর কাম্বোজদেশীয় সুদক্ষিণ এবং পুরুবংশীয় দৃঢ়ধন্বা আসিয়া সমবেত হইয়াছেন ॥১৫॥

বৃহদ্বল, সুষেণ, উশীনরপুত্র শিবি এবং চৌরহন্তা করূষের রাজা আসিয়াছেন ॥১৬॥

ভগীরথো বৃহৎক্ষত্রঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ।
বৃহদ্রথো বাহ্লিকশ্চ শ্রুতায়ুশ্চ মহারথঃ ॥২১॥
উলূকঃ কৈতবো রাজা চিত্রাঙ্গদশুভাঙ্গদৌ।
বৎসরাজশ্চ মতিমান্ কোশলাধিপতিস্তথা।
শিশুপালশ্চ বিক্রান্তো জরাসন্ধস্তথৈব চ ॥২২॥
এতে চান্যে চ বহবো নানাজনপদেশ্বরাঃ।
ত্বদর্থমাগতা ভদ্রে! ক্ষত্রিয়াঃ প্রথিতা ভুবি ॥২৩॥
এতে ভেৎস্যন্তি বিক্রান্তাস্ত্বদর্থে লক্ষ্যমুত্তমম্।
বিধ্যেত য ইদং লক্ষ্যং বরয়েথাঃ শুভেঽদ্য তম্ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে রাজনামকীর্ত্তনে ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ভগীরথ ইতি। সৈন্ধবঃ সিন্ধুদেশরাজঃ ॥২১॥

উলূক ইতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

এত ইতি। ত্বদর্থং ত্বদ্বরণার্থম্ ॥২৩॥

এত ইতি। ভেৎস্যন্তি ভেত্তুং প্রবর্ত্তিষ্যন্তে। তত্র যো বিধ্যেত ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

বলরাম, কৃষ্ণ, প্রদ্যুম্ন, শাম্ব, চারুদেষ্ণ, প্রদ্যুম্নের পুত্র, গদ, অক্রূর, সাত্যকি, উদ্ধব, কৃতবর্ম্মা, হার্দ্দিক্য, পৃথু, বিপৃথু, বিদূরথ, কঙ্ক, শঙ্খ, গবেষণ, আশাবহ, অনিরুদ্ধ, সমীক, সারিমেজয়, বাতপতি, ঝিল্লী, পিণ্ডারক এবং উশীনর—এই সকল বৃষ্ণিবংশীয়েরা আসিয়াছেন ॥১৭—২০॥

ভগীরথ, বৃহৎক্ষত্র, সিন্ধুরাজ জয়দ্রথ, বৃহদ্রথ, বাহ্লিক এবং মহারথ শ্রুতায়ু আগমন করিয়াছেন ॥২১॥

উলূক, কৈতব, চিত্রাঙ্গদ, শুভাঙ্গদ, বৎসরাজ, কোশলরাজ, বিক্রমশালী শিশুপাল এবং জরাসন্ধ আসিয়াছেন ॥২২॥

ভদ্রে! ইহারা এবং নানাদেশের অধীশ্বর অন্যান্য অনেক রাজা, আর জগৎপ্রসিদ্ধ বহুতর ক্ষত্রিয় তোমার জন্য আগমন করিয়াছেন ॥২৩॥

কল্যাণি! এই বিক্রমশালী রাজারা তোমার জন্য লক্ষ্য ভেদ করিতে

* '...চতুরশীত্যধিক...', '...ষড়শীত্যধিক...', '...সপ্তাশীত্যধিক...', '...একাধিকবিংশতিতম...' ইতি পাঠান্তরাণি।

অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:•:—

বৈশম্পায়ন উবাচ।

তেঽলঙ্কৃতাঃ কুণ্ডলিনো যুবানঃ পরস্পরং স্পর্দ্ধমানা নরেন্দ্রাঃ।
অস্ত্রং বলঞ্চাত্মনি মন্যমানাঃ সর্ব্বে সমুৎপেতুরুদায়ুধাস্তে ॥১॥
রূপেণ বীর্য্যেণ কুলেন চৈব শীলেন বিত্তেন চ যৌবনেন।
সমিদ্ধদর্পা মদবেগভিন্না মত্তা যথা হৈমবতা গজেন্দ্রাঃ ॥২॥
পরস্পরং স্পর্দ্ধয়া প্রেক্ষমাণাঃ সঙ্কল্পজেনাভিপরিপ্লুতাঙ্গাঃ।
কৃষ্ণা মমৈবেত্যভিভাষমাণা নৃপাসনেভ্যঃ সহসোদতিষ্ঠন্ ॥৩॥
তে ক্ষত্রিয়া রঙ্গগতাঃ সমেতা জিগীষমাণা দ্রুপদাত্মজাং তাম্।
চকাশিরে পর্ব্বতরাজকন্যামুমাং যথা দেবগণাঃ সমেতাঃ ॥৪॥

ভারতকৌমুদী

ত ইতি। অলঙ্কৃতা ইত্যনেনোপপত্তাবপি পুনঃ কুণ্ডলিন ইত্যুপাদানং কুণ্ডলয়োঃ প্রাধান্যজ্ঞাপনার্থং গোবৃষন্যায়াৎ। অস্ত্রম্ অস্ত্রপ্রয়োগনৈপুণ্যম্। সমুৎপেতুঃ লক্ষ্যং ভেত্তুম্ ॥১॥

রূপেণেতি। সমিদ্ধদর্পা আবির্ভূতগর্ব্বাঃ। মদবেগেন ভিন্নাঃ প্রকাশিতগর্ব্বাঃ ॥২॥

পরস্পরমিতি। সঙ্কল্পজেন কামেন, অভিপরিপ্লুতাঙ্গা রোমাঞ্চাদিভির্ব্যাপ্তগাত্রাঃ ॥৩॥

ত ইতি। জিগীষমাণা জেতুমিচ্ছন্তো জয়েন লব্ধুমিচ্ছন্ত ইত্যর্থঃ ॥৪॥

প্রবৃত্ত হইবেন; ইহাদের মধ্যে যিনি এই লক্ষ্য ভেদ করিতে পারিবেন, তুমি আজ তাঁহাকেই বরণ করিবে" ॥২৪॥

—:•:—

বৈশম্পায়ন বলিলেন—কুণ্ডলপ্রভৃতি সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত যুবক রাজগণ অস্ত্রশিক্ষা ও দৈহিক বল নিজেদের আছে ইহা মনে করিয়া পরস্পর স্পর্দ্ধা করিতে থাকিয়া, অস্ত্র উত্তোলনপূর্ব্বক লক্ষ্যভেদের জন্য গাত্রোত্থান করিলেন ॥১॥

কুল, শীল, রূপ, যৌবন, বল ও বিত্ত থাকায় হিমালয়বাসী মদমত্ত শ্রেষ্ঠ হস্তিগণের ন্যায় তাঁহাদের দর্প প্রকাশ পাইতে লাগিল ॥২॥

তাঁহারা পরস্পর স্পর্দ্ধাপূর্ব্বক দ্রৌপদীর প্রতি দৃষ্টিপাত করিয়া, কামার্ত্ত হইয়া, 'দ্রৌপদী আমারই হইবেন' এইরূপ বলিতে থাকিয়া, তৎক্ষণাৎ রাজাসন হইতে উঠিলেন ॥৩॥

পূর্ব্বকালে হিমালয়কন্যা উমাকে লাভ করিবার জন্য সমবেত দেবগণ যেমন শোভা পাইয়াছিলেন, সেই দ্রুপদনন্দিনীকে লাভ করিবার জন্য সমবেত সেই রাজগণও রঙ্গস্থানে যাইয়া শোভা পাইতে লাগিলেন ॥৪॥

কন্দর্পবাণাভিনিপীড়িতাঙ্গাঃ কৃষ্ণাগতৈস্তে হৃদয়ৈর্নরেন্দ্রাঃ।
রঙ্গাবতীর্ণা দ্রুপদাত্মজার্থং দ্বেষং প্রচক্রুঃ সুহৃদোঽপি তত্র ॥৫॥
অথাযযুর্দেবগণা বিমানৈ রুদ্রাদিত্যা বসবোঽথাশ্বিনৌ চ।
সাধ্যাশ্চ সর্বে মরুতস্তথৈব যমং পুরস্কৃত্য ধনেশ্বরশ্চ ॥৬॥
দৈত্যাঃ সুপর্ণাশ্চ মহোরগাশ্চ দেবর্ষয়ো গুহ্যকাশ্চারণাশ্চ।
বিশ্বাবসুর্নারদপর্ব্বতৌ চ গন্ধর্ব্বমুখ্যাঃ সহ চাপ্সরোভিঃ ॥৭॥
হলায়ুধস্তত্র জনার্দ্দনশ্চ বৃষ্ণ্যন্ধকাশ্চৈব যথা প্রধানাঃ।
প্রেক্ষাং স্ম চক্রুর্যদুপুঙ্গবাস্তে স্থিতাশ্চ কৃষ্ণস্য মতে মহান্তঃ ॥৮॥
দৃষ্ট্বা তু তান্ মত্তগজেন্দ্ররূপান্ পদ্মাভিপদ্মানিব বারণেন্দ্রান্।
ভস্মাবৃতাঙ্গানিব হব্যবাহান্ কৃষ্ণঃ প্রদধ্যৌ যদুবীরমুখ্যঃ ॥৯॥

ভারতকৌমুদী

কন্দর্পেতি। কৃষ্ণাগতৈর্দ্রৌপদীনিবিষ্টৈর্হৃদয়ৈরুপলক্ষিতাঃ। পরস্পরং দ্বেষং প্রচক্রুঃ ॥৫॥
অথেতি। ধনেশ্বরঃ কুবেরশ্চ ॥৬॥
দৈত্যা ইতি। সুপর্ণা গরুড়বংশীয়াঃ। পর্ব্বতো নাম মুনিঃ। আযযুরিতি পূর্ব্বানুকর্ষঃ ॥৭॥
হলেতি। প্রধানা দেবা ঋষয়শ্চ যথা, তথা প্রেক্ষাং দর্শনমেব চক্রুঃ ॥৮॥
দৃষ্ট্বেতি। পদ্মম্ অভীত্যভিপদ্মা একং পদ্মং লক্ষ্যীকৃত্য স্থিতাস্তান্, পাণ্ডবানামপ্যেকদ্রৌপদ্যা লক্ষ্যীকরণাদুপমাসিদ্ধিঃ। হব্যবাহান্ অগ্নীন্। তান্ পাণ্ডবান্ প্রদধ্যৌ তেষাং জীবিতত্বযুক্তিং প্রধ্যায় নিরূপয়ামাস ॥৯॥

ভারতভাবদীপঃ

তেঽপলক্ষতা ইতি ॥১—২॥ সঙ্কল্পজেন কামেন ॥৩—৮॥ অভিতঃ পদ্মা লক্ষ্মীর্যেষাং তান্

তাঁহাদের চিত্ত দ্রৌপদীর উপরে নিবিষ্ট হইয়াছিল বলিয়া তাঁহারা কামবাণে পীড়িত হইতে থাকিয়া, রঙ্গস্থানে যাইয়া, পরস্পর বন্ধু হইয়াও দ্রৌপদীর জন্য পরস্পরের প্রতি বিদ্বেষ করিতে লাগিলেন ॥৫॥

তদনন্তর একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, অষ্ট বসু, অশ্বিনীকুমারদ্বয়, সমস্ত সাধ্যগণ, মরুদ্গণ এবং যমকে অগ্রবর্ত্তী করিয়া কুবের বিমানে আরোহণ করিয়া আগমন করিলেন ॥৬॥

দৈত্যগণ, গরুড়বংশীয়গণ, নাগগণ, দেবর্ষিগণ, গুহ্যকগণ, চারণগণ, বিশ্বাবসু, নারদমুনি, পর্ব্বতমুনি এবং অপ্সরাদের সহিত প্রধান গন্ধর্ব্বগণও আসিলেন ॥৭॥

তখন বলরাম, কৃষ্ণ, বৃষ্ণিবংশীয়গণ, অন্ধকবংশীয়গণ এবং প্রধান প্রধান যদু-বংশীয়গণ কৃষ্ণের মতানুসারে দেবগণ ও ঋষিগণের মত কেবল দেখিতেই লাগিলেন ॥৮॥

(৯)…পদ্মাভিপদ্মানিব, পদ্মাতিমত্তানিব…।

শশংস রামায় যুধিষ্ঠিরং স ভীমং সজিষ্ণুঞ্চ যমৌ চ বীরৌ।
শনৈঃ শনৈস্তান্ প্রসমীক্ষ্য রামো জনার্দ্দনং প্রীতমনা দদর্শ ॥১০॥
অন্যে তু বীরা নৃপপুত্রপৌত্রাঃ কৃষ্ণাগতৈর্নেত্রমনঃস্বভাবৈঃ।
ব্যাযচ্ছমানা দদৃশুর্ন তান্ বৈ সন্দষ্টদন্তচ্ছদতাম্রনেত্রাঃ ॥১১॥
তথৈব পার্থাঃ পৃথুবাহবস্তে বীরৌ যমৌ চৈব মহানুভাবৌ।
তাং দ্রৌপদীং প্রেক্ষ্য তদা স্ম সর্ব্বে কন্দর্পবাণাভিহতা বভূবুঃ ॥১২॥
দেবর্ষিগন্ধর্ব্বসমাকুলং তৎ সুপর্ণনাগাসুরসিদ্ধজুষ্টম্।
দিব্যেন গন্ধেন সমাকুলঞ্চ দিব্যৈশ্চ পুষ্পৈরবকীর্য্যমাণম্ ॥১৩॥

ভারতকৌমুদী

শশংসেতি। স কৃষ্ণঃ। সজিষ্ণুং সার্জ্জুনম্। প্রীতমনাঃ পাণ্ডবনিরূপণাৎ ॥১০॥

অন্য ইতি। স্বভাবা মোট্টায়িতাদয়ঃ। ব্যাযচ্ছমানা জৃম্ভাং কুর্ব্বন্তঃ। তান্ পাণ্ডবান্ ॥১১॥

তথেতি। পৃথুবাহবো বিশালভুজাঃ। কন্দর্পবাণাভিহতা বভূবুঃ, তেন চ কৃষ্ণাদীন্ ন দদৃশুঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

সর্ব্বাঙ্গসুন্দরানিত্যর্থঃ। "অতিপদ্মান্" ইতি পাঠেঽপি স এবার্থঃ। অতিমত্তানিত্যপপাঠঃ ॥৯—১০॥ ব্যাযচ্ছমানা ব্যাদদীনাঃ, চক্ষুঃ প্রসার্য্য কৃষ্ণামেব দদৃশুঃ, ন পাণ্ডবান্ ॥১১॥ তথৈব পার্থা ইতি। কামাভিভূতত্বাৎ রামকৃষ্ণাদীন্ ন দদৃশুরিতি ভাবঃ ॥১২—১৩॥ বিমানসংবাধং

এই সময়ে মত্ত হস্তীর ন্যায় সবল দেহ, ভস্মাবৃত অগ্নির ন্যায় নিগূঢ় মূর্ত্তি এবং একটী পদ্মকে লক্ষ্য করিয়া অবস্থিত পাঁচটী হস্তীর ন্যায় পঞ্চ পাণ্ডবকে দেখিয়াই কৃষ্ণ চিনিতে পারিলেন ॥৯॥

তাহার পর, তিনি বলরামের নিকট যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের বিষয় বলিলেন; তখন বলরাম ধীরে ধীরে পাণ্ডবগণকে দেখিয়া আনন্দিত চিত্তে কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিলেন ॥১০॥

কিন্তু দ্রৌপদীর দিকে নয়ন ও মন গিয়াছিল এবং হাবভাব চলিতেছিল বলিয়া, অন্যান্য রাজা, রাজপুত্র বা রাজপৌত্রগণ হাই তুলিতে থাকিয়া পাণ্ডবগণকে দেখিতে পাইলেন না, কেবল আরক্তনয়ন হইয়া ওষ্ঠদংশন করিতে থাকিলেন ॥১১॥

সেইরূপই লম্বিতবাহু যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব—ইঁহারাও দ্রৌপদীকে দেখিয়া তখন সকলেই কামবাণে পীড়িত হইতে লাগিলেন ॥১২॥

এই সময়ে, দেবগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ, গরুড়বংশীয়গণ, নাগগণ, অসুরগণ ও সিদ্ধগণ আকাশে আসিয়া উপস্থিত হইলেন; স্বর্গীয় সৌরভ ছুটিতে

মহাস্বনৈর্দুন্দুভিনাদিতৈশ্চ বভূব তৎ সঙ্কুলমন্তরীক্ষম্।
বিমানসংবাধমভূৎ সমন্তাৎ সবেণুবীণাপণবানুনাদম্ ॥১৪॥ (যুগ্মকম্)
ততস্তু তে রাজগণাঃ ক্রমেণ কৃষ্ণানিমিত্তং কৃতবিক্রমাশ্চ।
সকর্ণ-দুর্য্যোধন-শাল্ব-শল্যা দ্রৌণায়নি-ক্রাথ-সুনীথ-বক্রাঃ ॥১৫॥
কলিঙ্গ-বঙ্গাধিপ-পাণ্ড্য-পৌণ্ড্রা বিদেহরাজো যবনাধিপশ্চ।
অন্যে চ নানা-নৃপ-পুত্র-পৌত্রা রাষ্ট্রাধিপাঃ পঙ্কজপত্রনেত্রাঃ ॥১৬॥
কিরীট-হারাঙ্গদ-চক্রবালৈর্বিভূষিতাঙ্গাঃ পৃথুবাহবস্তে।
অনুক্রমং বিক্রমসত্ত্বযুক্তা বলেন দর্পেণ চ নর্দ্দমানাঃ ॥১৭॥
তৎ কার্ম্মুকং সংহননোপপন্নং সজ্যং ন শেকুর্মনসাপি কর্ত্তুম্।
তে বিক্রমন্তঃ স্ফুরিতাধরৌষ্ঠা বিক্ষিপ্যমাণা ধনুষা নরেন্দ্রাঃ ॥১৮॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

দেবেতি। সুপর্ণৈর্গরুড়বংশীয়ৈঃ নাগৈঃ অসুরৈঃ সিদ্ধৈর্দেবযোনিবিশেষৈশ্চ জুষ্টং সেবিতম্। সঙ্কুলং ব্যাপ্তম্। বিমানৈঃ সংবাধং নিরবকাশম্ ॥১৩—১৪॥

তত ইতি। অত্র কর্ণাদীনামুপাদানং তেষাং নর্দ্দনজ্ঞাপনার্থং ন পুনর্ধনুষঃ সজ্যত্বকরণাসামর্থ্য-বোধনার্থম্, পরত্র কর্ণস্য সজ্যত্বকরণদর্শনাৎ। পঙ্কজপত্রাণি পদ্মদলানীব নেত্রাণি যেষাং তে। চক্রবালানি কটকানি। পৃথুবাহবো দীর্ঘভুজাঃ। নর্দ্দমানা গর্জ্জন্তঃ। সংহননেন বিশালাকারেণ উপপন্নং যুক্তম্। তথাপি বিক্রমন্তো জ্যারোপণেন বিক্রমং প্রকাশয়ন্তঃ। ধনুষা তদ্ধনুষ্কোট্যা বিক্ষিপ্যমাণা অভবন্নিতি শেষঃ ॥১৫—১৮॥

ভারতভাবদীপঃ

বিমানসঙ্কীর্ণম্ ॥১৪—১৭॥ সংহননোপপন্নম্ অত্যন্তং কাঠিন্যেন যুক্তম্, স্ফুরন্তো নাময়িতু-মসামর্থ্যাৎ করান্নিঃসরৎকোটিতয়া, অতএব বিক্ষিপ্যমাণাঃ দণ্ডেন বীটা ইব, ধনুষা ধনুষ্কোট্যা।

থাকিল; স্বর্গীয় পুষ্পবৃষ্টি হইতে লাগিল; বিশাল দুন্দুভিধ্বনি হইতে থাকিয়া আকাশ ব্যাপ্ত করিল; বেণু, বীণা ও পণবের বাদ্য হইতে লাগিল এবং বিমানে আকাশ ব্যাপ্ত হইয়া গেল ॥১৩—১৪॥

তাহার পর, কর্ণ, দুর্য্যোধন, শাল্ব, শল্য, দ্রৌণায়নি, ক্রাথ, সুনীথ এবং বক্র—ইঁহারা দ্রৌপদীকে লাভ করিবার জন্য ক্রমশঃ বিক্রম প্রকাশ করিতে প্রবৃত্ত হইলেন; আর কলিঙ্গ, বঙ্গ, পাণ্ড্য ও পৌণ্ড্রদেশের রাজা, বিদেহের রাজা, যবনদেশের রাজা এবং কিরীট, হার, কেয়ূর ও বলয়প্রভৃতি নানাবিধ অলঙ্কারে অলঙ্কৃত, পদ্মনয়ন, দীর্ঘবাহু, বিক্রম ও অধ্যবসায়শালী অন্যান্য রাজারা, রাজপুত্রেরা এবং রাজপৌত্রেরা ক্রমশঃ বল ও দর্পবশতঃ গর্জ্জন করিতে লাগিলেন বটে; কিন্তু বিশালাকৃতি ধনুতে গুণারোপণ করা মনেও করিতে

(১৭)…বলেন বীর্য্যেণ চ নর্দ্দমানাঃ।

বিচেষ্টমানা ধরণীতলস্থা যথাবলং শৈক্ষ্যগুণক্রমাশ্চ।
গতৌজসঃ স্রস্তকিরীটহারা বিনিশ্বসন্তঃ শময়াম্বভূবুঃ ॥১৯॥
হাহাকৃতং তদ্ধনুষা দৃঢ়েন বিস্রস্তহারাঙ্গদচক্রবালম্।
কৃষ্ণানিমিত্তং বিনিবৃত্তকামং রাজ্ঞাং তদা মণ্ডলমার্ত্তমাসীৎ ॥২০॥
সর্ব্বান্ নৃপাংস্তান্ প্রসমীক্ষ্য কর্ণো ধনুর্দ্ধরাণাং প্রবরো জগাম।
উদ্ধৃত্য তূর্ণং ধনুরুদ্যতং তৎ সজ্যঞ্চকারাশু যুযোজ বাণান্ ॥২১॥
দৃষ্ট্বা সূতং মেনিরে পাণ্ডুপুত্রা ভিত্ত্বা নীতং লক্ষ্যবরং ধরায়াম্।
ধনুর্দ্ধরা রাগকৃতপ্রতিজ্ঞমত্যগ্নিসোমার্কমথার্কপুত্রম্ ॥২২॥

ভারতকৌমুদী

বিচেষ্টমানা ইতি। শৈক্ষ্যঃ শিক্ষয়া লব্ধো গুণক্রমো গুণারোপণে পৌর্ব্বাপর্য্যব্যাপারো যেষাং তে, যথাবলং বিচেষ্টমানা গুণারোপণায় চেষ্টাং কুর্ব্বন্তঃ, ধনুষ্কোটীতাড়নেন ধরণীতলস্থাঃ সন্তঃ। শময়াম্বভূবুঃ দ্রৌপদ্যাশাং নিবর্ত্তয়ামাসুঃ ॥১৯॥

হাহেতি। কৃতমিতি কর্ত্তরি ক্তঃ। তদ্ধনুষা তদ্ধনুষ্কোটীতাড়নেন। মণ্ডলং সমূহঃ ॥২০॥

সর্ব্বানিতি। তান্ তথাবিধান্। উদ্যতং জ্যারোপণায় উদ্যমবিষয়ীকৃতম ॥২১॥

দৃষ্ট্বেতি। সূতং কর্ণম্। লক্ষ্যবরং ভিত্ত্বা, ধরায়াং মধ্যে, অনেন সূতেনৈব, লক্ষ্যবরং প্রধানোদ্দেশ্যং দ্রৌপদীরূপং স্ত্রীরত্নম্, নীতং মেনিরে। অথ অপরে ধনুর্দ্ধরাস্তু, অর্কপুত্রং কর্ণম্, রাগেণ দ্রৌপদ্যামনুরাগেণ কৃতা প্রতিজ্ঞা লক্ষ্যভেদে কর্ত্তব্যতানির্দ্ধারণং যেন তম্, অতএব অগ্নিসোমার্কাননতিক্রান্ত ইত্যগ্নিসোমার্কস্তম্, মেনিরে ॥২২॥

পারিলেন না; তথাপি তাঁহারা স্পন্দিত ওষ্ঠে বিক্রম প্রকাশ করিতে যাইয়া (অর্থাৎ গুণারোপণ করিতে প্রবৃত্ত হইয়া) সেই ধনুরই আঘাতে বিক্ষিপ্ত হইয়া পড়িলেন ॥১৫—১৮॥

গুণ আরোপণ করিবার নিয়মাভিজ্ঞ সেই রাজারা শক্তি অনুসারে বিশেষ চেষ্টা করিয়াও ভূতলে পতিত হওয়ায় তাঁহাদের তেজ নষ্ট হইয়া গেল এবং কিরীট, হারপ্রভৃতি অলঙ্কার ছড়াইয়া পড়িল; এই অবস্থায় তাঁহারা নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া দ্রৌপদী লাভের আশা ত্যাগ করিলেন ॥১৯॥

সেই ধনুর আঘাতে সেই রাজাদের হার, কেয়ূর ও বলয়প্রভৃতি অলঙ্কার ছড়াইয়া পড়িলে, অন্যান্য রাজারা হাহাকার করিয়া উঠিলেন এবং তাঁহারাও দ্রৌপদীর আশা ত্যাগ করিয়া দুঃখিত হইলেন ॥২০॥

তখন ধনুর্দ্ধরপ্রধান কর্ণ প্রায় সকল রাজারই সেই অবস্থা দেখিয়া ধনুর নিকট গেলেন এবং সত্বর সেই ধনু উত্তোলন করিয়া তাহাতে গুণারোপণ ও বাণ সংযোগ করিলেন ॥২১॥

পাণ্ডবগণ কর্ণকে দেখিয়া মনে করিলেন যে, পৃথিবীর মধ্যে এই কর্ণই লক্ষ্য-

দৃষ্ট্বা তু তং দ্রৌপদী বাক্যমুচ্চৈর্জগাদ নাহং বরয়ামি সূতম্ ।
সামর্ষহাসং প্রসমীক্ষ্য সূর্য্যং তত্যাজ কর্ণঃ স্ফুরিতং ধনুস্তৎ ॥২৩॥
এবং তেষু নিবৃত্তেষু ক্ষত্রিয়েষু সমন্ততঃ ।
চেদীনামধিপো বীরো বলবানন্তকোপমঃ ॥২৪॥
দমঘোষসুতো ধীরঃ শিশুপালো মহামতিঃ ।
ধনুরাদায়মানস্তু জানুভ্যামগমন্মহীম্ ॥২৫॥ (যুগ্মকম্)
ততো রাজা মহাবীর্য্যো জরাসন্ধো মহাবলঃ ।
ধনুষোঽভ্যাসমাগত্য তস্থৌ গিরিরিবাচলঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দৃষ্টেতি। তং লক্ষ্যভেদে সম্ভাবিতশক্তিকং কর্ণম্। সূতং জাত্যা নিকৃষ্টম্। সূতত্বেনাবজ্ঞানাদমর্ষঃ, তদলীকোক্তিকৌতুকাচ্চ হাসঃ, তাভ্যাং সহেতি সামর্ষহাসং যথা স্যাত্তথা, সূর্য্যং প্রসমীক্ষ্য। সূর্য্যদর্শনেনাত্মনঃ সূর্য্যপুত্রত্বসূচনাৎ সূতত্বনিরাসঃ সূচিতঃ ॥২৩॥

এবমিতি। চেদীনাং চেদিদেশস্য। বলবান্ সাহসী। অন্তকোপমো যমতুল্যঃ। আদায়মানঃ শক্ত্যা সজ্যং কুর্ব্বন্। "দৈপ্ শোধনে" ইতি ভৌবাদিকদৈপ্ধাতোঃ "শক্তিবয়স্তাচ্ছীল্যে" ইতি শক্ত্যর্থে কর্ত্তরি শানঙ্। ধাতুনামনেকার্থত্বাৎ সজ্যকরণার্থত্বম্। মহীমগমৎ তদ্ধনুষ্কোট্যা তাড়নাদেবেতি ভাবঃ ॥২৪—২৫॥

তত ইতি। মহাবলো মহাসাহসিক ইতি ন পৌনরুক্ত্যম্। অভ্যাসং নিকটম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

শময়াম্বভূবুরিতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥১৮—১৯॥ চক্রবালং মণ্ডলম্ ॥২০—২২॥ সামর্ষহাসং নীচকুলযোগাদমর্ষঃ, সূর্য্যাপরাধত্বাৎ হাসঃ ॥২৩—২৪॥ ধনুরাদায়মানঃ পরীক্ষমাণঃ, "দৈপ্

ভেদ করিয়া দ্রৌপদীকে নিয়াছেন। আর অন্যান্য ধনুর্দ্ধরেরা মনে করিলেন যে কর্ণ, দ্রৌপদীর প্রতি অনুরাগবশতঃ লক্ষ্যভেদ করিবার জন্য প্রতিজ্ঞা করিয়াছেন ; সুতরাং ইনি আপন তেজে অগ্নি, সূর্য্য এবং চন্দ্রকেও অতিক্রম করিয়াছেন ॥২২॥

কর্ণকে লক্ষ্যভেদ করিতে উদ্যত দেখিয়া দ্রৌপদী উচ্চ স্বরে বলিলেন যে—"আমি সূতকে বরণ করিব না।" তখন কর্ণ ক্রোধ ও হাস্যের সহিত সূর্য্যের প্রতি দৃষ্টিপাত করিয়া, সেই স্পন্দিত ধনুখানা পরিত্যাগ করিলেন ॥২৩॥

এইভাবে সেই ক্ষত্রিয়েরা সকল দিক্ হইতেই নিবৃত্তি পাইলে, চেদিদেশের রাজা, যমের তুল্য বীর ও সাহসী, ধীরপ্রকৃতি ও অত্যন্ত বুদ্ধিমান্, দমঘোষ পুত্র শিশুপাল সেই ধনুতে গুণ আরোপণ করিতে প্রবৃত্ত হইয়া তাহারই আঘাতে হাঁটু পাতিয়া ভূতলে বসিয়া পড়িলেন ॥২৪—২৫॥

---

(২৪) ইতঃ প্রভৃতি পঞ্চাশদুর্দ্ধ্বং শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

ধনুষা পীড্যমানস্তু জানুভ্যামগমন্মহীম্।
তত উত্থায় রাজা স স্বরাষ্ট্রাণ্যভিজগ্মিবান্ ॥২৭॥
ততঃ শল্যো মহাবীরো মদ্ররাজো মহাবলঃ।
তদপ্যারোপ্যমাণস্তু জানুভ্যামগমন্মহীম্ ॥২৮॥
তস্মিংস্তু সম্ভ্রান্তজনে সমাজে বিক্ষিপ্তবাদেষু জনাধিপেষু।
কুন্তীসুতো জিষ্ণুরিয়েষ কর্ত্তুং সজ্যং ধনুস্তৎ সশরং প্রবীরঃ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে সর্ব্বরাজপরাঙ্মুখীভবনে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ধনুষেতি। পীড্যমানঃ সজ্যীকরণারম্ভকালে। স জরাসন্ধঃ ॥২৭॥

তত ইতি। অত্রাপি মহাবল ইত্যস্য পূর্ব্ববদেব ব্যাখ্যানম্। অপিশব্দঃ শল্য ইত্যনেনান্বীয়তে। তৎ ধনুঃ, আরোপ্যমাণো গুণারোপণবিষয়ীকুর্ব্বন্। কর্ত্তরি যণ্‌প্রত্যয় আর্ষঃ ॥২৮॥

তস্মিন্নিতি। সম্ভ্রান্তা বিস্ময়চকিতা জনা যত্র তস্মিন্। বিক্ষিপ্তাঃ পরিত্যক্তা বাদা লক্ষ্যভেদাদিকথা অপি যৈস্তেষু তাদৃশেষু সৎসু। জিষ্ণুরর্জ্জুনঃ। সশরঞ্চ কর্ত্তুম্ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শোধনে" অস্য রূপম্ ॥২৫॥ অভ্যাসং সমীপম্ ॥২৬॥ ধনুষা আক্রম্যমাণেন ॥২৭॥ আরোপ্যমাণঃ সজ্জীকর্ত্তুমিচ্ছন্ ॥২৮॥ নিক্ষিপ্তবাদেষু ত্যক্তধনুরুদ্যমনকথেষু ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮০॥

তাহার পর, মহাবীর ও মহাসাহসিক জরাসন্ধ রাজা ধনুর নিকটে যাইয়া পর্ব্বতের ন্যায় অচল হইয়া একটু দাঁড়াইলেন ॥২৬॥

তা'র পর, তিনি সেই সেই ধনুতে গুণারোপণ করিতে প্রবৃত্ত হইলেন, অমনি তাহার আঘাতে হাঁটু পাতিয়া ভূতলে পড়িয়া গেলেন। তাহার পর, তিনি উঠিয়া নিজ রাজ্যে চলিয়া গেলেন ॥২৭॥

তদনন্তর মহাবীর ও মহাসাহসিক মদ্ররাজ শল্যও সেই ধনুতে গুণারোপণ করিতে প্রবৃত্ত হইয়া তাহারই আঘাতে হাঁটু পাতিয়া ভূতলে পড়িয়া গেলেন ॥২৮॥

তখন সভার সমস্ত লোকই বিস্ময়ে চকিত হইল; রাজারাও লক্ষ্যভেদের কথা পর্য্যন্ত পরিত্যাগ করিলেন; এই সময়ে কুন্তীপুত্র মহাবীর অর্জ্জুন সেই ধনুতে গুণারোপণ করিয়া শরসংযোগ করিবার ইচ্ছা করিলেন ॥২৯॥

---

* '...পঞ্চাশীত্যধিক...', '...সপ্তাশীত্যধিক...', '...অষ্টাশীত্যধিক...', '...ত্র্যধিকদ্বিশততম ...' ইতি পাঠান্তরাণি।

একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:•:—

বৈশম্পায়ন উবাচ।

যদা নিবৃত্তা রাজানো ধনুষঃ সজ্যকর্ম্মণঃ।
অথোদতিষ্ঠদ্বিপ্রাণাং মধ্যাজ্জিষ্ণুরুদারধীঃ ॥১॥
উদক্রোশন্ বিপ্রমুখ্যা বিধুন্বন্তোঽজিনানি চ।
দৃষ্ট্বা সম্প্রস্থিতং পার্থমিন্দ্রকেতুসমপ্রভম্ ॥২॥
কেচিদাসন্ বিমনসঃ কেচিদাসন্ মুদা যুতাঃ।
আহুঃ পরস্পরং কেচিন্নিপুণা বুদ্ধিজীবিনঃ ॥৩॥
যৎ কর্ম্ম শল্যপ্রমুখৈঃ ক্ষত্রিয়ৈর্লোকবিশ্রুতৈঃ।
নাসাদিতং বলবদ্ভির্ধনুর্ব্বেদপরায়ণৈঃ ॥৪॥
তৎ কথং ত্বকৃতাস্ত্রেণ প্রাণতো দুর্ব্বলীয়সা।
বটুমাত্রেণ শক্যং হি সজ্যং কর্ত্তুং ধনুর্দ্বিজাঃ! ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদেতি। সজ্যকর্ম্মণঃ সজ্যত্বকরণাৎ। জিষ্ণুরর্জ্জুনঃ ॥১॥

উদিতি। উদক্রোশন্ নিবর্ত্তস্ব নিবর্ত্তস্বেতি উচ্চৈরব্রুবন্ ॥২॥

কেচিদিতি। বিমনসঃ অসামর্থ্যসম্ভাবনয়া। মুদা যুতাঃ সামর্থ্যসম্ভাবনয়া ॥৩॥

কিমাহুরিত্যাহ—যদিতি। নাসাদিতং কর্ত্তুং শক্যম্। অকৃতাস্ত্রেণ ব্রাহ্মণত্বাৎ। প্রাণতো বলে। বটুমাত্রেণ শিক্ষাদিশূন্যত্বাৎ কেবলেন ব্রাহ্মণেন ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—যখন রাজারা ধনুতে গুণারোপণ করা হইতে নিবৃত্তি পাইলেন, তখন বুদ্ধিমান অর্জ্জুন ব্রাহ্মণদের মধ্য হইতে গাত্রোত্থান করিলেন ॥১॥

সেই সময়ে ইন্দ্রধ্বজের ন্যায় দীর্ঘাকৃতি অর্জ্জুন যাইতেছেন দেখিয়া প্রধান প্রধান ব্রাহ্মণেরা মৃগচর্ম্ম আন্দোলিত করিয়া 'নিবৃত্ত হও নিবৃত্ত হও' বলিয়া কোলাহল করিয়া উঠিলেন ॥২॥

কতকগুলি লোক উদ্বিগ্ন হইল, কতকগুলি লোক আনন্দিত হইল, আর বুদ্ধিমান্ কতকগুলি লোক পরস্পর এইরূপ বলিতে লাগিল—॥৩॥

"হে ব্রাহ্মণগণ! লোকবিখ্যাত বলবান্ ও ধনুর্ব্বেদনিরত শল্যপ্রভৃতি ক্ষত্রিয়েরা যে কার্য্য সম্পন্ন করিতে পারিলেন না, অস্ত্রে অশিক্ষিত এবং অত্যন্ত

---

(৩)···মুদান্বিতাঃ। (৪) যৎ কর্ণশল্যপ্রমুখৈঃ···নানতং বলবদ্ভির্হি···।

অবহাস্যা ভবিষ্যন্তি ব্রাহ্মণাঃ সর্ব্বরাজসু।
কর্ম্মণ্যস্মিন্নসংসিদ্ধে চাপলাদপরীক্ষিতে ॥৬॥
যদ্যেষ দর্পাদ্ধর্ষাদ্বাঽপ্যথ ব্রাহ্মণচাপলাৎ।
প্রস্থিতো ধনুরায়ন্তুং বার্য্যতাং সাধু মা গমৎ ॥৭॥

ব্রাহ্মণা ঊচুঃ।

নাবহাস্যা ভবিষ্যামো ন চ লাঘবমাস্থিতাঃ।
ন চ বিদ্বিষ্টতাং লোকে গমিষ্যামো মহীক্ষিতাম্ ॥৮॥
কেচিদাহুর্যুবা শ্রীমান্ নাগরাজকরোপমঃ।
পীনস্কন্ধোরুবাহুশ্চ ধৈর্য্যেণ হিমবানিব ॥৯॥
সিংহখেলগতিঃ শ্রীমান্ মত্তনাগেন্দ্রবিক্রমঃ।
সম্ভাব্যমস্মিন্ কর্ম্মেদমুৎসাহাচ্চানুমীয়তে ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অবেতি। অস্মিন্ লক্ষ্যভেদে। অপরীক্ষিতে ইতঃ প্রাক্ ॥৬॥

যদীতি। হর্ষাৎ দ্রৌপদীলাভানন্দাৎ। আয়ন্তুং নময়িতুম্। সাধু সম্যক্ ॥৭॥

নেতি। বিদ্বিষ্টতাং লক্ষ্যভেদায় প্রবৃত্ত্যা প্রতিপক্ষতাচরণাদিত্যাশয়ঃ ॥৮॥

কেচিদিতি। শ্রীমান্ কান্তিমান্, নাগরাজকরোপমো দীর্ঘ ইতি শেষঃ। সিংহস্যেব খেলা সলীলা গতির্যস্য সঃ। শ্রীমান্ বলসম্পত্তিমান্ ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

যদেতি। জিষ্ণুরর্জ্জুনঃ ॥১—৪॥ প্রাণতঃ শক্তিতঃ ॥৫—৬॥ দর্পাৎ গর্ব্বাৎ, হর্ষাৎ

দুর্ব্বল শরীর ক্ষুদ্র একটী ব্রাহ্মণ ধনুতে সেই গুণারোপণ কি করিয়া সম্পন্ন করিতে পারিবে? ॥৪—৫॥

এই ব্যক্তি পূর্ব্বে লক্ষ্যভেদ পরীক্ষা করিয়া দেখে নাই, অথচ এখন চাঞ্চল্যবশতঃ এই কার্য্য যদি সম্পন্ন করিতে না পারে, তবে সমস্ত রাজাদের মধ্যে ব্রাহ্মণেরা হাস্যাস্পদ হইবেন ॥৬॥

এই ব্যক্তি গর্ব্ব, হর্ষ বা ব্রাহ্মণচাপল্যবশতঃ যদি ধনু নোয়াইবার জন্য প্রস্থান করিয়া থাকে, তবে উহাকে ভাল করিয়া বারণ করুন; ও যেন যায় না” ॥৭॥

ব্রাহ্মণেরা বলিলেন—“আমরা জগতে উপহাস্য বা হাল্‌কা হইব না, কিংবা রাজাদের বিদ্বেষের পাত্রও হইব না” ॥৮॥

কতকগুলি লোক বলিল—“এই ব্যক্তি যুবা, সুশ্রী, ঐরাবতের শুঁড়ের মত দীর্ঘ এবং ধৈর্য্যে হিমালয়ের তুল্য; উহার স্কন্ধযুগল, ঊরুযুগল ও বাহুযুগল

শক্তিরস্য মহোৎসাহা নহ্যশক্তঃ স্বয়ং ব্রজেৎ।
ন চ তদ্বিদ্যতে কিঞ্চিৎ কর্ম্ম লোকেষু যদ্ভবেৎ ॥১১॥
ব্রাহ্মণানামসাধ্যঞ্চ নৃষু সংস্থানচারিষু।
অব্ভক্ষা বায়ুভক্ষাশ্চ ফলাহারা দৃঢ়ব্রতাঃ ॥১২॥
দুর্ব্বলা অপি বিপ্রা হি বলীয়াংসঃ স্বতেজসা।
ব্রাহ্মণো নাবমন্তব্যঃ সদসদ্বা সমাচরন্ ॥১৩॥
সুখং দুঃখং মহদ্ধ্রস্বং কর্ম্ম যৎ সমুপাগতম্।
জামদগ্ন্যেন রামেণ নির্জ্জিতাঃ ক্ষত্রিয়া যুধি ॥১৪॥ (কলাপকম্)
পীতঃ সমুদ্রোঽগস্ত্যেন হ্যগাধো ব্রহ্মতেজসা।
তস্মাদ্ব্রুবন্তু সর্ব্বেঽত্র বটুরেষ ধনুর্মহান্ ॥১৫॥

ভারতকৌমুদী

শক্তিরিতি। মহান্ উৎসাহো যস্যাং সা। সংস্থানচারিষু স্থলবর্ত্তিষু, ন পুনর্যোগবলাৎ খেচরেম্বিত্যর্থঃ, নৃষু মধ্যে, ব্রাহ্মণানাং যৎ কর্ম্ম অসাধ্যং ভবেৎ, তত্তাদৃশং কিঞ্চিদপি কর্ম্ম লোকেষু ন বিদ্যতে। তত্র হেতুমাহ—অব্ভক্ষা ইত্যাদি। স্বতেজসা স্বকীয়যোগপ্রভাবেণ। সুখং সুখজনকম্, দুঃখং দুঃখজনকম্, মহৎ, হ্রস্বং বা যৎ কর্ম্ম সমুপাগতম্, তৎ সদসদ্বা সমাচরন্ ব্রাহ্মণো নাবমন্তব্যঃ, যোগপ্রভাবেণ সর্ব্বাতিশায়িত্বাৎ। উক্তার্থে দৃষ্টান্তমাহ—জামদগ্ন্যেনেতি ॥১১–১৪॥

ভারতভাবদীপঃ

স্বক্যাৎ, চাপলাৎ অনবস্থিতত্বাৎ ॥৭—১০॥ লোকেষু ব্রহ্মলোকান্তেষু, নৃষু পুরুষেষু, সংস্থানচারিষু দেবাসুরাদ্যাকারৈশ্চরৎসু, তৎ কর্ম্ম ন বিদ্যতে যৎ ব্রাহ্মণানামসাধ্যমিতি সম্বন্ধঃ ॥১১—১৩॥ মহৎ হ্রস্বং মহদপি ক্ষুদ্রং ভবতি যত্র তৎ কর্ম্ম, তদেবোদাহরতি—জামদগ্ন্যেনেতি

স্থূল, সিংহের ন্যায় সলীল গতি, বলিষ্ঠ দেহ এবং মত্ত হস্তীর ন্যায় বিক্রম রহিয়াছে। সুতরাং এ, লক্ষ্যভেদ করিতে পারিবে বলিয়াই সম্ভাবনা করা যায় এবং উৎসাহ দেখিয়া তাহাই অনুমান হয় ॥৯—১০॥

ইহার দেহে শক্তি এবং মনে গুরুতর উৎসাহ রহিয়াছে; এ, সমর্থ না হইলে নিজে যাইত না। প্রাকৃত মনুষ্যের মধ্যে ব্রাহ্মণদের যাহা অসাধ্য, এমন কার্য্য জগতে নাই। কেন না, ব্রাহ্মণেরা কেবল জল, বায়ু বা ফল আহার করিয়া সুদৃঢ়ভাবে যোগ অভ্যাস করিয়া থাকেন; সুতরাং তাঁহারা দেহে দুর্ব্বল হইলেও যোগপ্রভাবে অত্যন্ত বলবান্। তাহার দৃষ্টান্ত—পরশুরাম একাকী যুদ্ধে সমস্ত ক্ষত্রিয়কে জয় করিয়াছিলেন; সুতরাং সুখজনক বা দুঃখজনক, বিশাল বা ক্ষুদ্র, এবং সৎ বা অসৎ যে-কোন কার্য্যই ব্রাহ্মণ করুন না কেন, তাঁহাকে অবজ্ঞা করা উচিত নহে ॥১১—১৪॥

আরোপয়তু শীঘ্রং বৈ তথেত্যূচুর্দ্বিজর্ষভাঃ।
এবং তেষাং বিলপতাং বিপ্রাণাং বিবিধা গিরঃ ॥১৬॥ যুগ্মকম্
অর্জ্জুনো ধনুষোঽভ্যাসে তস্থৌ গিরিরিবাচলঃ।
স তদ্ধনুঃ পরিক্রম্য প্রদক্ষিণমথাকরোৎ ॥১৭॥
প্রণম্য শিরসা দেবমীশানং বরদং প্রভুম্।
কৃষ্ণঞ্চ মনসা কৃত্বা জগৃহে চার্জ্জুনো ধনুঃ ॥১৮॥
যৎ পার্থিবৈ রুক্মিসুনীথবক্রৈ রাধেয়দুর্য্যোধনশল্যশাল্বৈঃ।
তদা ধনুর্ব্বেদপরৈর্নৃসিংহৈঃ কৃতং ন সজ্যং মহতোঽপি যত্নাৎ ॥১৯॥
তদর্জ্জুনো বীর্য্যবতাং সদর্পস্তদৈন্দ্রিরিন্দ্রাবরজপ্রভাবঃ।
সজ্যঞ্চ চক্রে নিমিষান্তরেণ শরাংশ্চ জগ্রাহ দশার্দ্ধসংখ্যান্ ॥২০॥

ভারতকৌমুদী

দৃষ্টান্তান্তরমাহ—পীত ইতি। সর্ব্বে ব্রাহ্মণাঃ, ব্রুবন্তু, ব্রাহ্মণবচনানামমোঘত্বাদিতি ভাবঃ। বটুরপি ব্রাহ্মণত্বাদেব মহান্। বিলপতাং ব্রুবতাম্। গিরঃ অভবন্নিতি শেষঃ ॥১৫—১৬॥

অর্জ্জুন ইতি। অভ্যাসে সমীপে, তস্থৌ কিয়ৎকালম্। অথানন্তরম্ ॥১৭॥

প্রণম্যেতি। ঈশানং জগদীশ্বরম্। মনসা কৃত্বা চ। জগৃহে জগ্রাহ ॥১৮॥

যদিতি। অত্র রাধেয়ো ব্যক্ত্যন্তরং ন তু কর্ণঃ, তস্য পূর্ব্বং সজ্যত্বাদিকরণাস্থাদিত্বাৎ ॥১৯॥

তদিতি। বীর্য্যবতাং মধ্যে। ঐন্দ্রিরিন্দ্রপুত্রঃ, ইন্দ্রাবরজো বামনো বিষ্ণুস্তদ্বৎপ্রভাবঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

॥১৪॥ ব্রাহ্মণবচসা ক্ষুদ্রেণাপি মহৎকর্ম্ম কর্ত্তুং শক্যমিত্যভিপ্রেত্য সর্ব্বেঽপ্যেকমতেনাহুঃ

(ব্রাহ্মণ যে অসাধ্য সাধন করিতে পারেন, তাহার আর একটি দৃষ্টান্ত—) অগস্ত্য আপন ব্রহ্মতেজে অগাধ সমুদ্র পান করিয়াছিলেন; অতএব আপনারা সকলেই বলুন যে, এ ব্যক্তি ক্ষুদ্র হইলেও ব্রহ্মতেজে মহান্; সুতরাং ইনি সত্বরই ধনুতে গুণ আরোপণ করিতে সমর্থ হউন।” ব্রাহ্মণেরা তাহাই বলিলেন। ব্রাহ্মণগণের এইরূপ নানাবিধ বাক্য চলিতে লাগিল ॥১৫—১৬॥

তখন অর্জ্জুন ধনুর নিকটে যাইয়া কিছু কাল পর্ব্বতের ন্যায় অচল হইয়া থাকিলেন; পরে তিনি ভ্রমণ করিয়া সেই ধনুখানাকে প্রদক্ষিণ করিলেন ॥১৭॥

তাহার পর, অর্জ্জুন মস্তক অবনত করিয়া, ঈশ্বর, বরদাতা ও জগতের নিয়ন্তা কৃষ্ণকে প্রণাম ও মনে মনে ধ্যান করিয়া ধনু ধারণ করিলেন ॥১৮॥

পূর্ব্বে রুক্মী, সুনীথ, বক্র, রাধেয়, দুর্য্যোধন, শল্য এবং শাল্বপ্রভৃতি ধনুর্ব্বেদচর্চ্চায় নিরত প্রধান প্রধান রাজারা বিশেষ যত্ন করিয়াও যে ধনুতে গুণারোপণ করিতে পারেন নাই ॥১৯॥

বিব্যাধ লক্ষ্যং নিপপাত তচ্চ ছিদ্রেণ ভূমৌ সহসাতিবিদ্ধম্ ।
ততোহন্তরীক্ষে চ বভূব নাদঃ সমাজমধ্যে চ মহান্ নিনাদঃ ।
পুষ্পাণি দিব্যানি ববর্ষ দেবঃ পার্থস্য মূর্দ্ধ্নি দ্বিষতাং নিহন্তুঃ ॥২১॥
চেলানি বিব্যধুস্তত্র ব্রাহ্মণাশ্চ সহস্রশঃ ।
বিলক্ষিতাস্ততশ্চক্রুর্হাহাকারাংশ্চ সর্ব্বশঃ ॥২২॥
ন্যপতংশ্চাত্র নভসঃ সমন্তাৎ পুষ্পবৃষ্টয়ঃ ।
শতাঙ্গানি চ তূর্য্যাণি বাদকাঃ সমবাদয়ন্ ।
সূতমাগধসংঘাশ্চাহপ্যস্তুবংস্তত্র সুস্বরাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

বিব্যাধেতি। ছিদ্রেণ অধঃস্থযন্ত্ররন্ধ্রেণ, অতিবিদ্ধং সৎ। নাদো দেবানাং কোলাহলঃ। নিনাদশ্চ মানুষাণাং কোলাহলঃ। দেবো দেবতাবর্গঃ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২১॥

চেলানীতি। চেলানি উত্তরীয়াঞ্চলানি, বিব্যধুঃ স্বজাতিজয়ানন্দাৎ বিশেষেণ ব্যধুঃ কম্পিতানি চক্রুঃ। বিপূর্ব্বকধাধাতোরদ্যতন্যা অনি রূপমিদম্। বিলক্ষিতাঃ স্বৈরশক্তত্বাদপ্রতিভা রাজানশ্চ নির্ব্বেদেন হাহাকারান্ চক্রুঃ ॥২২॥

ন্যপতন্নিতি। পূর্ব্বং কেবলদেবগণঃ পুষ্পাণি ববর্ষ, ইদানীন্তু সিদ্ধাদয়োহপীতি সূচয়িতুং সমন্তাদিত্যুক্তম্। অতো ন পৌনরুক্ত্যম্। শতাঙ্গানি বাদ্যবিশেষান্। ষট্পদমিদং পদ্যম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

তস্মাদিতি ॥১৫—১৮॥ রাধেয়ঃ কর্ণঃ ॥১৯—২১॥ বিব্যধুঃ বিজয়ধ্বজবদুচ্ছ্রিতবন্তঃ, বিলক্ষিতাঃ বিষমং লক্ষিতং দৃষ্টির্যেষাং তে তথা তাঃ, শত্রবঃ লক্ষ্যেণ বিনা কৃতা বা ॥২২॥ শতমনন্তানি অঙ্গানি নখাঙ্গুলিদণ্ডধনুর্জ্যাবক্ত্রাদীনি বাদনোপায়া যেষাং তানি। "অঙ্গং গাত্রান্তিকোপায়-

---

দর্পশালী এবং বিষ্ণুর তুল্য প্রভাবযুক্ত ইন্দ্রপুত্র অর্জ্জুন বীরগণের সমক্ষে নিমেষমধ্যে সেই ধনুতে গুণারোপণ করিলেন এবং সেই পাঁচটী বাণ হাতে লইলেন ॥২০॥

পরে, সেই লক্ষ্য বিদ্ধ করিলেন; তৎক্ষণাৎ সে লক্ষ্য যন্ত্রের রন্ধ্র দিয়া অত্যন্ত বিদ্ধ হইয়া ভূতলে পতিত হইল; তখন আকাশে দেবগণের এবং সমাজমধ্যে সভ্যগণের বিশাল কোলাহল উত্থিত হইল এবং দেবতারা শত্রুহন্তা অর্জ্জুনের মস্তকে স্বর্গীয় পুষ্প বর্ষণ করিলেন ॥২১॥

তখন সহস্র সহস্র ব্রাহ্মণ উত্তরীয় বস্ত্রের অঞ্চল আন্দোলিত করিতে লাগিলেন এবং রাজারা লজ্জিত হইয়া সকল দিক্ হইতেই হাহাকার করিতে থাকিলেন ॥২২॥

এই সময়ে আকাশের সকল দিক্ হইতেই পুষ্পবৃষ্টি পড়িতে লাগিল, বাদ্য-

---

(২২) পূর্ব্বার্দ্ধং কস্মিংশ্চিৎ পুস্তকে নাস্তি।

তং দৃষ্ট্বা দ্রুপদঃ প্রীতো বভূব রিপুসূদনঃ।
সহ সৈন্যৈশ্চ পার্থস্য সাহায্যার্থমিয়েষ সঃ ॥২৪॥
তস্মিংস্তু শব্দে মহতি প্রবৃদ্ধে যুধিষ্ঠিরো ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
আবাসমেবোপজগাম শীঘ্রং সার্দ্ধং যমাভ্যাং পুরুষোত্তমাভ্যাম্ ॥২৫॥
বিদ্ধন্তু লক্ষ্যং প্রসমীক্ষ্য কৃষ্ণা পার্থঞ্চ শক্রপ্রতিমং নিরীক্ষ্য।
স্বভ্যস্তরূপাপি নবেব নিত্যং বিনাপি হাসং হসতীব কন্যা ॥২৬॥
মদাদৃতেহপি স্খলতীব ভাবৈর্বাচা বিনা ব্যাহরতীব দৃষ্ট্যা।
আদায় শুক্লং বরমাল্যদাম জগাম কুন্তীসুতমুৎস্ময়ন্তী ॥২৭॥

ভারতকৌমুদী

তমিতি। সাহায্যার্থমিতি বিদ্বেষিভিঃ ক্ষত্রিয়ৈঃ পার্থাক্রমণসম্ভবাদিতি ভাবঃ ॥২৪॥

তস্মিন্নিতি। আবাসমেবোপজগাম, তত্রস্থায়া মাতুঃ পরিরক্ষার্থমিত্যাশয়ঃ ॥২৫॥

বিদ্ধমিতি। শক্রপ্রতিমং শৌর্য্যে সৌন্দর্য্যে চেন্দ্রতুল্যম্। স্বভ্যস্তরূপাপি বহুশো দৃষ্টরূপাপি, নিত্যং নবেব সৌন্দর্য্যাতিরেকাৎ দ্রষ্টৃনেত্রেষু নূতনেব। হসতী স্বেব সর্ব্বদৈবোৎফুল্লমুখত্বাৎ ॥২৬॥

মদাদিতি। মদাদৃতেহপি মত্ততাং বিনাপি, ভাবৈঃ শৃঙ্গারচেষ্টাবিশেষৈঃ, স্খলতীব স্থানাৎ চ্যবতে স্বেব। উৎস্ময়ন্তী উত্তমং মৃদু চ হসন্তী, কুন্তীসুতমর্জ্জুনং জগাম ॥২৭॥

ভারতভাবদীপঃ

প্রতীকেষু" ইতি বিশ্বঃ ॥২৩॥ সাহায্যার্থং দ্রৌপদ্যলাভাৎ ক্রুদ্ধৈর্নৃপান্তরৈর্যুদ্ধপ্রসক্তৌ সত্যাম্

কারেরা শতাঙ্গ ও তূর্য্য বাজাইতে থাকিল এবং সূত ও মাগধগণ সুন্দর স্বরে স্তুতিপাঠ করিতে লাগিল ॥২৩॥

আর, শত্রুহন্তা দ্রুপদরাজা অর্জ্জুনকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন এবং সৈন্যগণ লইয়া তাঁহার সাহায্য করিবার ইচ্ছা করিলেন ॥২৪॥

সেই বিশাল শব্দ ক্রমে বৃদ্ধি পাইতে থাকিল, ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠির, নকুল ও সহদেবের সহিত সত্বরই বাসস্থানে চলিয়া গেলেন ॥২৫॥

আর, লক্ষ্য বিদ্ধ হইয়াছে দেখিয়া এবং বিদ্ধকারী অর্জ্জুনকে শৌর্য্যে ও সৌন্দর্য্যে ইন্দ্রের তুল্য নিরীক্ষণ করিয়া দ্রৌপদী বহুদৃষ্ট হইয়াও লোকের চক্ষে নূতন বলিয়াই যেন প্রতীত হইতে থাকিলেন এবং হাস্য না করিয়াও যেন হাসিতে লাগিলেন ॥২৬॥

দ্রৌপদী মত্ততা ব্যতীতও হাব-ভাবেই যেন পড়িয়া যাইতে লাগিলেন এবং বাক্য ব্যতীত দৃষ্টি দ্বারাই যেন কিছু বলিতে থাকিলেন; এইভাবে তিনি

(২৬) দ্বিতীয়ার্দ্ধাদারভ্য শ্লোকত্রয়ং কতিপয়পুস্তকে ন দৃশ্যতে।

গত্বা চ পশ্চাৎ প্রসমীক্ষ্য কৃষ্ণা পার্থস্য বক্ষস্যবিশঙ্কমানা।
ক্ষিপ্ত্বা স্রজং পার্থিববীরমধ্যে বরায় বব্রে দ্বিজসংঘমধ্যে ॥২৮॥
শচীব দেবেন্দ্রমথাগ্নিদেবং স্বাহেব লক্ষ্মীশ্চ যথা মুকুন্দম্।
উষেব সূর্য্যং মদনং রতীব মহেশ্বরং পর্ব্বতরাজপুত্ত্রী ॥২৯॥
স তামুপাদায় বিজিত্য রঙ্গে দ্বিজাতিভিস্তৈরভিপূজ্যমানঃ।
রঙ্গান্নিরক্রামদচিন্ত্যকর্ম্মা পত্ন্যা তয়া চাপ্যনুগম্যমানঃ ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে লক্ষ্যচ্ছেদনে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

গত্বেতি। স্রজং বরণমালাম্। বরায় বরণায়। বব্রে অর্জ্জুনমিতি শেষঃ ॥২৮॥
উক্তার্থে মালোপমামাহ — শচীতি। মুকুন্দং নারায়ণম্। উষা প্রাতঃ ॥২৯॥
স ইতি। স পার্থঃ, তাং দ্রৌপদীম্। অভিপূজ্যমান আদ্রিয়মাণঃ ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

॥২৪ – ২৬॥ উৎস্ময়ন্তী উত্তমপতিলাভাৎ অত্যন্তং গর্ব্বং কুর্ব্বতী ॥২৭—৩০॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮১॥

শুভ্রবর্ণ বরমাল্য লইয়া মনোহর মৃদু হাস্য করিতে করিতে অর্জ্জুনের নিকটে গমন করিলেন ॥২৭॥

যাইয়া পর দ্রৌপদী শুভদৃষ্টি করিয়া, নিঃশঙ্কচিত্তে রাজগণ ও ব্রাহ্মণগণের মধ্যে বরণের জন্য অর্জ্জুনের বক্ষে সেই বরমাল্য সমর্পণ করিয়া তাঁহাকেই বরণ করিলেন ॥২৮॥

পূর্ব্বকালে শচী যেমন দেবরাজকে, স্বাহা যেমন অগ্নিকে, লক্ষ্মী যেমন নারায়ণকে, উষা যেমন সূর্য্যকে, রতি যেমন কামদেবকে এবং পার্ব্বতী যেমন মহাদেবকে বরণ করিয়াছিলেন ॥২৯॥

তখন ব্রাহ্মণেরা সেই রঙ্গবিজয়ী অচিন্ত্যকর্ম্মা অর্জ্জুনের বিশেষ গৌরব করিতে থাকিলে, তিনি দ্রৌপদীকে লইয়া রঙ্গস্থান হইতে নির্গত হইলেন; আর দ্রৌপদী তাঁহার পিছনে পিছনে যাইতে লাগিলেন ॥৩০॥

* '...ষড়শীত্যধিক...', '...অষ্টাশীত্যধিক...', '...ঊননবত্যধিক...', '...ত্র্যধিক-দ্বিশততম...' ইতি পাঠান্তরাণি।

দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তস্মৈ দিৎসতি কন্যান্তু ব্রাহ্মণায় তদা নৃপে।
কোপ আসীন্মহীপানামালোক্যান্যোন্যমন্তিকাৎ ॥১॥
অস্মানয়মতিক্রম্য তৃণীকৃত্য চ সঙ্গতান্।
দাতুমিচ্ছতি বিপ্রায় দ্রৌপদীং যোষিতাং বরাম্ ॥২॥
অবরোপ্যেহ বৃক্ষন্তু ফলকালে নিপাত্যতে।
নিহন্মৈনং দুরাত্মানং যোঽয়মস্মান্ন মন্যতে ॥৩॥
নহ্যর্হত্যেষ সম্মানং নাপি বৃদ্ধক্রমং গুণৈঃ।
হন্মৈনং সহ পুত্রেণ দুরাচারং নৃপদ্বিষম্ ॥৪॥
অয়ং হি সর্ব্বানাহূয় সৎকৃত্য চ নরাধিপান্।
গুণবদ্ভোজয়িত্বান্নং ততঃ পশ্চান্ন মন্যতে ॥৫॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। দিৎসতি দাতুমিচ্ছতি সতি। নৃপে দ্রুপদে ॥১॥
ক্রুদ্ধানাং রাজ্ঞামুক্তিমাহ—অস্মানিতি। তৃণীকৃত্য তৃণবদেবাবজ্ঞাপাত্রীকৃত্য ॥২॥
অবেতি। অবরোপ্য রোপয়িত্বা। সম্মানপূর্ব্বকমস্মাকমবজ্ঞানমিতি ভাবঃ ॥৩॥
নহীতি। গুণৈঃ সম্মানম্। বৃদ্ধক্রমং বৃদ্ধপ্রাপ্যগৌরবাদিকম্ ॥৪॥
অয়মিতি। সৎকৃত্য সম্মান্য। গুণবদুৎকৃষ্টম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তখন দ্রুপদরাজা ব্রাহ্মণরূপী অর্জ্জুনকে কন্যা দান করিতে ইচ্ছা করিলে, নিকটবর্ত্তী রাজারা পরস্পর পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিয়া ক্রুদ্ধ হইলেন (এবং বলিতে লাগিলেন—) ॥১॥

"আমরা সম্মিলিত রহিয়াছি, এই অবস্থায় দ্রুপদ আমাদিগকে তৃণের মত অগ্রাহ্য করিয়া স্ত্রীরত্ন দ্রৌপদীকে একটা ব্রাহ্মণের হাতে দিতে ইচ্ছা করিতেছে! ॥২॥

বৃক্ষ রোপণ করিয়া ফল জন্মিবার সময়ে সেটাকে নষ্ট করিতেছে; সুতরাং যে আমাদিগকে গ্রাহ্য করিতেছে না, সেই দুরাত্মাকে আমরা বধ করিব ॥৩॥

এ, গুণনিবন্ধন সম্মান, কিংবা বৃদ্ধের গৌরব পাইতে পারে না; সুতরাং পুত্রের সহিতই এই দুরাচার রাজদ্বেষী দ্রুপদকে বধ করিব ॥৪॥

---

(৩) অবরোপ্যেহ বৃক্ষন্তু…। (৪)…নাপিবৃদ্ধতমো গুণৈঃ।।

অস্মিন্ রাজসমাবায়ে দেবানামিব সন্নয়ে।
কিময়ং সদৃশং কঞ্চিন্ন্‌পতিং নৈব দৃষ্টবান্ ॥৬॥
ন চ বিপ্রেষ্বধীকারো বিদ্যতে বরণং প্রতি।
স্বয়ংবরঃ ক্ষত্রিয়াণামিতীয়ং প্রথিতা শ্রুতিঃ ॥৭॥
অথবা যদি কন্যেয়ং ন চ কঞ্চিদ্‌বুভূষতি।
অগ্নাবেনাং পরিক্ষিপ্য যাম রাষ্ট্রাণি পার্থিবাঃ ॥৮॥
ব্রাহ্মণো যদি চাপল্যাল্লোভাদ্বা কৃতবানিদম্।
বিপ্রিয়ং পার্থিবেন্দ্রাণাং নৈষ বধ্যঃ কথঞ্চন ॥৯॥
ব্রাহ্মণার্থং হি নো রাজ্যং জীবিতঞ্চ বসূনি চ।
পুত্রপৌত্রঞ্চ যচ্চান্যদস্মাকং বিদ্যতে ধনম্ ॥১০॥
অবমানভয়াচ্চৈব স্বধর্ম্মস্য চ রক্ষণাৎ।
স্বয়ংবরাণামন্যেষাং মা ভূদেবংবিধা গতিঃ ॥১১॥

ভারতকৌমুদী

অস্মিন্নিতি। রাজ্ঞাং সমাবায়ে সমূহে। সন্নয়ে সমূহে। সদৃশং কন্যানুরূপম্ ॥৬॥
নেতি। অধীকার ইতি "হ্রস্বস্য দীর্ঘতা" ইতি দীর্ঘঃ। শ্রুতিঃ কিংবদন্তী ॥৭॥
অথবেতি। বুভূষতি ভবিতুমিচ্ছতি পতিত্বেন প্রাপ্তুমিচ্ছতীত্যর্থঃ। "ভূ প্রাপ্তাবাত্মনেপদী বা" ইতি চৌরাদিকবিকল্পেনন্তভূধাতোর্বৈকল্পিকপরস্মৈপদে সনি রূপম্ ॥৮॥
ব্রাহ্মণ ইতি। ইদং লক্ষ্যভেদনরূপম্, বিপ্রিয়ম্ অপ্রিয়াচরণম্ ॥৯॥
অবধ্যত্বে হেতুমাহ—ব্রাহ্মণার্থমিতি। পুত্রপৌত্রমিতি সমাহারদ্বন্দ্বে ক্লীবত্বমেকত্বঞ্চ ॥১০॥

এ বেটা সমস্ত রাজকে ডাকিয়া আনিয়া, সম্মানিত করিয়া এবং উৎকৃষ্ট অন্ন ভোজন করাইয়া, তাহার পরে গ্রাহ্য করিতেছে না! ॥৫॥

দেবগণের ন্যায় এই রাজগণের মধ্যে কোন রাজাকেই কি এ বেটা কন্যার উপযুক্ত দেখিল না! ॥৬॥

তা'র পর, কন্যা বরণ করিবার বিষয়ে ব্রাহ্মণেরও অধিকার নাই। কেন না, 'স্বয়ংবর ক্ষত্রিয়দের' এই কিংবদন্তীই জগতে প্রসিদ্ধ রহিয়াছে ॥৭॥

পক্ষান্তরে এই কন্যাটা যদি কোন রাজাকেই বরণ করিতে না চায়, তবে আমরা ওটাকে অগ্নিতে নিক্ষেপ করিয়া আপন আপন রাজ্যে চলিয়া যাইব ॥৮॥

কিন্তু যদিও এই ব্রাহ্মণ চাঞ্চল্যবশতঃ বা লোভবশতঃ রাজগণের এই অপ্রিয় কার্য্য করিয়াছে, তথাপি কোন প্রকারেই উহাকে বধ করা উচিত নহে ॥৯॥

কেন না, আমাদের রাজ্য, জীবন, ধন, পুত্র-পৌত্রাদি এবং অন্য যে কিছু দ্রব্য আছে, সে সমস্তই ব্রাহ্মণের জন্য ॥১০॥

(৬)···দেবানামিব মানুষে।

ইত্যুক্ত্বা রাজশার্দ্দূলা হৃষ্টাঃ পরিঘবাহবঃ ।
দ্রুপদস্তু জিঘাংসন্তঃ সায়ুধাঃ সমুপাদ্রবন্ ॥১২॥

তান্ গৃহীতশরাবাপান্ ক্রুদ্ধানাপততো বহূন্ ।
দ্রুপদো বীক্ষ্য সন্ত্রাসাদ্‌ব্রাহ্মণান্ শরণং গতঃ ॥১৩॥

ন ভয়ান্নাপি কার্পণ্যান্ন প্রাণপরিরক্ষণাৎ ।
জগাম দ্রুপদো বিপ্রান্ শমার্থী প্রত্যপদ্যত ॥১৪॥

বেগেনাপততস্তাংস্তু প্রভিন্নানিব বারণান্ ।
পাণ্ডুপুত্রৌ মহেষ্বাসৌ প্রতিযাতাবরিন্দমৌ ॥১৫॥

ততঃ সমুৎপেতুরুদায়ুধাস্তে মহীক্ষিতো বদ্ধতলাঙ্গুলিত্রাঃ ।
জিঘাংসমানাঃ কুরুরাজপুত্রাবমর্ষয়ন্তোঽর্জ্জুনভীমসেনৌ ॥১৬॥

ভারতকৌমুদী

অবেতি । স্বধর্ম্মস্য ক্ষত্রিয়ন্যায়স্য, রক্ষণাৎ রক্ষণমুদ্দিশ্যেতি ল্যব্‌লোপে পঞ্চমী, এনং হন্ম ইতি শেষঃ । এবংবিধা ব্রাহ্মণাদিবরণরূপা ॥১১॥

ইতীতি । পরিঘা অস্ত্রবিশেষা ইব বাহবো যেষাং তে ॥১২॥

তানিতি । গৃহীতাঃ শরাবাপা অঙ্গুলীত্রাণি যৈস্তান্ । আপততঃ আগচ্ছতঃ ॥১৩॥

ব্রাহ্মণশরণগমনে হেতুমাহ—নেতি । কার্পণ্যাৎ দুর্ব্বলত্বাৎ, প্রাণপরিরক্ষণাৎ তদুদ্দিশ্য । শমার্থী বিবাদশান্ত্যর্থী । মান্যানাং ব্রাহ্মণানামনুরোধাৎ ক্ষত্রিয়াঃ শাম্যেয়ুরিতি ভাবঃ ॥১৪॥

বেগেনেতি । প্রভিন্নান্ প্রকাশিতমদান্ বারণান্ হস্তিনঃ । পাণ্ডুপুত্রৌ ভীমার্জ্জুনৌ ॥১৫॥

তত ইতি । বদ্ধে ধৃতে তলাঙ্গুলিত্রে হস্তাবাপাঙ্গুলিত্রে যৈস্তে । অমর্ষয়ন্তঃ ক্রুধ্যন্তঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তস্মৈ দিৎসতীতি ॥১—২॥ অবরোপ্যেত্যস্য ব্যাখ্যা অয়ং হীতি ব্যবহিতশ্লোকেন

তবে, আমরা অপমানের ভয়ে এবং স্বধর্ম্মরক্ষার উদ্দেশ্যে অবশ্যই দ্রুপদকে বধ করিব । কারণ, অন্যান্য স্বয়ংবরেও এইরূপ ঘটনা না ঘটে" ॥১১॥

এই কথা বলিয়া পরিঘতুল্য-বাহুশালী রাজারা অস্ত্রধারণপূর্ব্বক হৃষ্টচিত্তে দ্রুপদকে বধ করিবার জন্য ধাবিত হইলেন ॥১২॥

তাঁহারা ক্রুদ্ধ হইয়া অঙ্গুলীত্র ধারণপূর্ব্বক আসিতেছেন দেখিয়া দ্রুপদরাজা উদ্বেগে ব্রাহ্মণের শরণাপন্ন হইলেন ॥১৩॥

কিন্তু দ্রুপদরাজা ভয়বশতঃ, দুর্ব্বলতাবশতঃ, কিংবা প্রাণরক্ষার উদ্দেশে ব্রাহ্মণদের শরণাগত হইয়াছিলেন না, বিবাদনিবৃত্তির জন্যই হইয়াছিলেন ॥১৪॥

মদস্রাবী হস্তিগণের ন্যায় সেই রাজারা বেগে আসিতে লাগিলে, শত্রুহন্তা মহাধনুর্দ্ধর ভীম ও অর্জ্জুন তাঁহাদের সম্মুখীন হইলেন ॥১৫॥

(১৩) অয়ং শ্লোকঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যতে ।

ততস্তু ভীমোঽদ্ভুতভীমকর্ম্মা মহাবলো বজ্রসমানসারঃ।
উৎপাট্য দোর্ভ্যাং দ্রুমমেকবীরো নিষ্পত্রয়ামাস যথা গজেন্দ্রঃ ॥১৭॥
তং বৃক্ষমাদায় রিপুপ্রমাথী দণ্ডীব দণ্ডং পিতৃরাজ উগ্রম্।
তস্থৌ সমীপে পুরুষর্ষভস্য পার্থস্য পার্থঃ পৃথুদীর্ঘবাহুঃ ॥১৮॥
তৎ প্রেক্ষ্য কর্ম্মাতিমনুষ্যবুদ্ধির্জিষ্ণুঃ স হি ভ্রাতুরচিন্ত্যকর্ম্মা।
বিসিস্মিয়ে চাপি ভয়ং বিহায় তস্থৌ ধনুর্গৃহ্য মহেন্দ্রকর্ম্মা ॥১৯॥
তৎ প্রেক্ষ্য কর্ম্মাতিমনুষ্যবুদ্ধির্জিষ্ণোঃ সহভ্রাতুরচিন্ত্যকর্ম্মা।
দামোদরো ভ্রাতরমুগ্রবীর্য্যং হলায়ুধং বাক্যমিদং বভাষে ॥২০॥
য এষ সিংহর্ষভখেলগামী মহদ্ধনুঃ কর্ষতি তালমাত্রম্।
এষোঽর্জ্জুনো নাত্র বিচার্য্যমস্তি যদ্যস্মি সঙ্কর্ষণ! বাসুদেবঃ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। বজ্রস্য সমানঃ সারো দার্ঢ্যং যস্য সঃ। নিষ্পত্রয়ামাস পত্রশূন্যং চকার ॥১৭॥
তমিতি। দণ্ডী দণ্ডধারী, পিতৃরাজো যমঃ। পার্থস্য অর্জ্জুনস্য, পার্থো ভীমঃ ॥১৮॥
তদিতি। জিষ্ণুরর্জ্জুনঃ। বিসিস্মিয়ে বিস্ময়াপন্নো বভূব ॥১৯॥
তদিতি। ভ্রাত্রা ভীমেন সহেতি সহভ্রাতা তস্য। দামোদরঃ কৃষ্ণঃ ॥২০॥
য ইতি। তালমাত্রং পাদাবধিসমুত্তোলিতহস্তপ্রমাণম্, "ঊর্দ্ধবিস্তৃতদোর্মানে তালমিত্যভিধীয়তে" ইতি রত্নকোষঃ। যদি বাসুদেবোঽস্মীতি বিচার্য্যত্বাভাবে প্রৌঢ়োক্তিঃ ॥২১॥

তাহার পর, হস্তাবাপ ও অঙ্গুলিত্রধারী সেই রাজারা ক্রুদ্ধ হইয়া অস্ত্রধারণপূর্ব্বক ভীম ও অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন ॥১৬॥

তখন অদ্বিতীয় বীর, বজ্রের তুল্য দৃঢ় শরীর, অত্যন্ত বলবান্ এবং অদ্ভুত ও ভয়ঙ্কর কার্য্যকারী ভীম বাহুযুগল দ্বারা একটা বৃক্ষ উৎপাটন করিয়া হস্তীর ন্যায় সেটাকে পত্রশূন্য করিলেন ॥১৭॥

শত্রুহন্তা এবং স্থূল ও দীর্ঘবাহু ভীমসেন সেই বৃক্ষ উত্তোলন করিয়া, ভয়ঙ্কর দণ্ডধারী যমের ন্যায় অর্জ্জুনের নিকটে অবস্থান করিতে লাগিলেন ॥১৮॥

অমানুষ বুদ্ধি এবং অচিন্তনীয় কর্ম্মা অর্জ্জুনও ভ্রাতার সেই কার্য্য দেখিয়া ভয় পরিত্যাগ করিয়া বিস্ময়াপন্ন হইলেন এবং ধনু ধারণ করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৯॥

তখন অসাধারণ বুদ্ধিমান্ এবং অচিন্তনীয় কর্ম্মা কৃষ্ণ ভীমের সহিত অর্জ্জুনের সেই কার্য্য দেখিয়া ভয়ঙ্কর বলশালী ভ্রাতা বলরামকে এই কথা বলিলেন—॥২০॥

"আর্য্য! সঙ্কর্ষণ! সিংহ ও বৃষের ন্যায় সলীলগামী এই যে ব্যক্তি তালপ্রমাণ বিশাল ধনু আকর্ষণ করিতেছে, এ ব্যক্তি অর্জ্জুন; আমি যদি বাসুদেব হই, তবে এ-বিষয়ে কোন সন্দেহ নাই ॥২১॥

যস্ত্বেষ বৃক্ষং তরসাঽবভজ্য রাজ্ঞাং নিকারে সহসা প্রবৃত্তঃ।
বৃকোদরাম্নান্য ইহৈতদস্য কর্ত্তুং সমর্থঃ সমরে পৃথিব্যাম্ ॥২২॥
যোঽসৌ পুরস্তাৎ কমলায়তাক্ষো মহাতনুঃ সিংহগতিবিনীতঃ।
গৌরঃ প্রলম্বোজ্জ্বলচারুঘোণো বিনিঃসৃতঃ সোঽচ্যুত ধর্ম্মপুত্রঃ ॥২৩॥
যৌ তৌ কুমারাবিব কার্ত্তিকেয়ৌ দ্বাবাশ্বিনেয়াবিতি মে বিতর্কঃ।
মুক্তা হি তস্মাজ্জতুবেশ্মদাহান্ময়া শ্রুতাঃ পাণ্ডুসুতাঃ পৃথা চ ॥২৪॥
তমব্রবীন্নির্জলতোয়দাভো হলায়ুধোঽনন্তরজং প্রতীতঃ।
প্রীতোঽস্মি দিষ্ট্যা হি পিতৃষ্বসা নঃ পৃথা বিমুক্তা সহ কৌরবাগ্র্যৈঃ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে কৃষ্ণবাক্যে দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

য ইতি। নিকারে পরাভবে। "নিকারস্তু পরাভবে। ধান্যোৎক্ষেপে" ইতি হেমচন্দ্রঃ ॥২২॥

য ইতি। পুরস্তাৎ পূর্ব্বম্। প্রলম্বা উজ্জ্বলা চার্বী চ ঘোণা নাসিকা যস্য সঃ ॥২৩॥

যাবিতি। কুমারৌ অল্পবয়স্কৌ, দ্বৌ কার্ত্তিকেয়াবিবেতি ত্রুবোৎপ্রেক্ষা পুনরুক্তবদাভাসশ্চৈতয়োরেকাশ্রয়ানুপ্রবেশরূপঃ সঙ্করোঽলঙ্কারঃ। আশ্বিনেয়ৌ নকুলসহদেবৌ ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥৩—১২॥ সন্ত্রাসাৎ ব্রাহ্মণকোপেন সর্ব্বং ক্ষত্রং নশ্যেদিতি শঙ্কোত্থাৎ ভয়াৎ ॥১৩—২॥

এই যিনি বলপূর্ব্বক বৃক্ষ ভগ্ন করিয়া তৎক্ষণাৎ রাজগণকে পরাভূত করিতে প্রবৃত্ত হইয়াছেন, ইনি ভীমসেন। কেন না, ভীমসেন ভিন্ন পৃথিবীর মধ্যে অন্য কোন ব্যক্তিই যুদ্ধে এরূপ কার্য্য করিতে সমর্থ হয় না ॥২২॥

আর, ঐ যিনি পূর্ব্বে এস্থান হইতে চলিয়া গিয়াছেন, যাঁহার নয়নযুগল পদ্মপত্রের ন্যায় দীর্ঘ, শরীরটী বিশাল, সিংহের ন্যায় গমন, স্বভাবটী বিনীত, শরীরের কান্তি গৌরবর্ণ এবং নাসিকাটী লম্বিত, উন্নত ও মনোহর, তিনি ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ॥২৩॥

তা'র পর, দুইটী কার্ত্তিকের ন্যায় সেই যে দুইটী কুমার চলিয়া গিয়াছেন, তাঁহারাই নকুল ও সহদেব; ইহাই আমার ধারণা। কারণ, আমি শুনিয়াছিলাম যে, কুন্তীদেবী ও পাণ্ডবগণ সেই জতুগৃহদাহ হইতে মুক্তিলাভ করিয়াছেন" ॥২৪॥

(২২)···রাজ্ঞাং বিকারে সহসাভিবৃত্তঃ। (২৩)···কমলায়তাক্ষস্তনুর্মহাসিংহগতিঃ···।

* '···সপ্তাশীত্যধিক···', '···ঊননবত্যধিক···', '···নবত্যধিক···', '···চতুরধিকদ্বিশততম···' ইতি পাঠান্তরাণি।

ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

অজিনানি বিধুন্বন্তঃ করকাংশ্চ দ্বিজর্ষভাঃ।
উচুস্তে ভীর্ন কর্ত্তব্যা বয়ং যোৎস্যামহে পরান্ ॥১॥
তানেবং বদতো বিপ্রানর্জ্জুনঃ প্রহসন্নিব।
উবাচ প্রেক্ষকা ভূত্বা যূয়ং তিষ্ঠত পার্শ্বতঃ ॥২॥
অহমেনানজিহ্মাগ্রৈঃ শতশো বিকিরন্ শরৈঃ।
বারয়িষ্যামি সংক্রুদ্ধান্ মন্ত্রৈরাশীবিষানিব ॥৩॥

ভারতকৌমুদী

তমিতি। নির্জ্জলো যস্তোয়দো মেঘস্তদাভঃ শ্বেতবর্ণ ইত্যর্থঃ। অনন্তরজম্ অনুজম্। প্রতীতঃ সংহৃষ্টঃ। দিষ্ট্যা ভাগ্যেন। কৌরবাগ্র্যৈর্যুধিষ্ঠিরাদিভিঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অজিনানীতি। অজিনানি মৃগচর্ম্মাণি। করকান্ কমণ্ডলূংশ্চ, "কমণ্ডলৌ চ করকঃ" ইত্যমরঃ ॥১॥

তানিতি। অজিনকমণ্ডলুভ্যাং যোধনং বিভাব্য কৌতুকাদর্জ্জুনস্য প্রহাসঃ ॥২॥

অহমিতি। অজিহ্মাগ্রৈঃ সরলমুখৈঃ। আশীবিষান্ সর্পান্ ॥৩॥

ভারতভাবদীপঃ

ঘোণা নাসা ॥১৩॥ কার্ত্তিকেয়াবিত্যাভূতোপমা ॥২৪—২৫॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮২॥

—:*:—

জলশূন্য মেঘের তুল্য শুভ্রবর্ণ বলরাম আনন্দিত হইয়া কনিষ্ঠ ভ্রাতা বলিলেন—"কৃষ্ণ! বড়ই আনন্দিত হইলাম যে, আমাদের পিসী কৌরবপ্রধান যুধিষ্ঠিরপ্রভৃতির সহিত ভাগ্যবশতঃ মুক্তিলাভ করিয়াছেন" ॥২৫॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—ব্রাহ্মণেরা মৃগচর্ম্ম ও কমণ্ডলু আন্দোলিত করিয়া অর্জ্জুন কহিলেন—"তুমি ভীত হইও না, আমরা শত্রুদের সহিত যুদ্ধ করিব" ॥১॥

ব্রাহ্মণেরা এইরূপ বলিলে, অর্জ্জুন হাস্য করিয়া তাঁহাদিগকে বলিলেন—"আপনারা দর্শক হইয়া এক পার্শ্বে থাকুন ॥২॥

ইত্যুক্ত্বা ধনুরায়ম্য শুল্কাবাপ্তং মহাবলঃ।
ভ্রাত্রা ভীমেন সহিতস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥৪॥
ততঃ কর্ণমুখান্ দৃষ্ট্বা ক্ষত্রিয়ান্ যুদ্ধদুর্ম্মদান্।
সম্পেততুরভীতৌ তৌ গজৌ প্রতিগজানিব ॥৫॥
ঊচুশ্চ বাচঃ পরুষাস্তে রাজানো যুযুৎসবঃ।
আহবে হি দ্বিজস্যাপি বধো দৃষ্টো যুযুৎসতঃ ॥৬॥
ইত্যেবমুক্ত্বা রাজানঃ সহসা দুদ্রুবুর্দ্বিজান্।
ততঃ কর্ণো মহাতেজা জিষ্ণুং প্রতি যযৌ রণে ॥৭॥
যুদ্ধার্থী বাসিতাহেতোর্গজঃ প্রতিগজং যথা।
ভীমসেনং যযৌ শল্যো মদ্রাণামীশ্বরো বলী ॥৮॥
দুর্য্যোধনাদয়ঃ সর্ব্বে ব্রাহ্মণৈঃ সহ সঙ্গতাঃ।
মৃদুপূর্ব্বমযত্নেন প্রত্যযুধ্যংস্তদাহবে ॥৯॥

ভারতকৌমুদী

ইতীতি। শুল্কাবাপ্তং পণলব্ধং যেন ধনুষা লক্ষ্যং বিভেদ তদেব ধনুরিত্যর্থঃ ॥৪॥
তত ইতি। কর্ণমুখান্ কর্ণপ্রভৃতীন্। সম্পেততুঃ যুদ্ধায় জগ্মতুঃ ॥৫॥
ঊচুরিতি। আহবে যুদ্ধে, দ্বিজস্য ব্রাহ্মণস্যাপি। অতো যুবাং নোপেক্ষামহে ॥৬॥
ইতীতি। দুদ্রুবুর্ধাবিতবন্তঃ। জিষ্ণুমর্জ্জুনম্ ॥৭॥
যুদ্ধেতি। বাসিতা হস্তিনী। "বাসিতা স্ত্রীকরেণ্বোশ্চ" ইত্যমরঃ ॥৮॥

মন্ত্র দ্বারা যেমন সর্পগণকে বারণ করে, তেমন আমিই সরলমুখ শত শত বাণ দ্বারা এই ক্রুদ্ধ রাজগণকে বারণ করিব" ॥৩॥

এই কথা বলিয়া মহাবল অর্জ্জুন পণলব্ধ ধনুখানাকেই আয়ত্ত করিয়া ভীমের সহিত পর্ব্বতের ন্যায় অচল হইয়া দাঁড়াইলেন ॥৪॥

তাহার পর, দুইটী হস্তী যেমন বিপক্ষ হস্তীদিগের প্রতি ধাবিত হয়, তেমন ভীম ও অর্জ্জুন যুদ্ধবিশারদ কর্ণপ্রভৃতি ক্ষত্রিয়গণকে দেখিয়া, নির্ভয় হইয়া, তাঁহাদের প্রতি ধাবিত হইলেন ॥৫॥

তখন সেই যুদ্ধার্থী রাজারা এই নিষ্ঠুর কথা বলিলেন—"ওহে! যুদ্ধার্থী ব্রাহ্মণেরও কিন্তু যুদ্ধে বধ দেখিতে পাওয়া যায়" ॥৬॥

এই কথা বলিয়া রাজারা তৎক্ষণাৎ ব্রাহ্মণগণের প্রতি ধাবিত হইলেন; আর মহাবল কর্ণ অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৭॥

হস্তিনীর জন্য একটা হস্তী যেমন অপর হস্তীর প্রতি ধাবিত হয়, তেমন বলবান্ মদ্ররাজ শল্য ভীমের প্রতি ধাবিত হইলেন ॥৮॥

ততোঽর্জ্জুনঃ প্রত্যবিধ্যদাপতন্তং শিতৈঃ শরৈঃ।
কর্ণং বৈকর্ত্তনং শ্রীমান্ বিকৃষ্য বলবদ্ধনুঃ ॥১০॥
তেষাং শরাণাং বেগেন শিতানাং তিগ্মতেজসাম্।
বিমুহ্যমানো রাধেয়ো যত্নাত্তমনুধাবতি ॥১১॥
তাবুভাবপ্যনির্দ্দেশ্যৌ লাঘবাজ্জয়তাং বরৌ।
অযুধ্যেতাং সুসংরব্ধাবন্যোন্যজয়কাঙ্ক্ষিণৌ ॥১২॥
কৃতে প্রতিকৃতং পশ্য পশ্য বাহুবলঞ্চ মে।
ইতি শূরার্থবচনৈরভাষেতাং পরস্পরম্ ॥১৩॥
ততোঽর্জ্জুনস্য ভুজয়োর্বীর্য্যমপ্রতিমং ভুবি।
জ্ঞাত্বা বৈকর্ত্তনঃ কর্ণঃ সংরব্ধঃ সমযোধয়ৎ ॥১৪॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। সঙ্গতাঃ সম্মিলিতাঃ। মৃদুপূর্ব্বং কোমলতাপূর্ব্বকম্, অযোগ্যবিপক্ষত্বাৎ ॥৯॥
তত ইতি। বৈকর্ত্তনং সূর্য্যপুত্রম্। কর্ণান্তরব্যাবৃত্ত্যর্থমিদং বিশেষণম্ ॥১০॥
তেষামিতি। বিমুহ্যমানো বিস্ময়বিমুগ্ধঃ সন্। তমর্জ্জুনম্, অনুধাবতি স্ম ॥১১॥
তাবিতি। লাঘবাৎ সমানলঘুহস্তত্বাৎ, অনির্দ্দেশ্যৌ প্রধানতরত্বেনানির্ব্বচনীয়ৌ ॥১২॥
কৃত ইতি। প্রতিকৃতং তত্তুল্যকরণম্। শূরার্থবচনৈঃ শৌর্য্যবোধকবাক্যৈঃ ॥১৩॥
তত ইতি। অপ্রতিমং নিরুপমম্। সংরব্ধঃ ক্রুদ্ধঃ। সমযোধয়দিতি স্বার্থে ণিজর্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অজিনানীতি ॥১—॥ শুল্কাবাপ্তং পণপ্রাপ্তম্ ॥৪—১১॥ বিজিগীষিণৌ বিজিগীষাবন্তৌ

আর, দুর্য্যোধনপ্রভৃতি অন্যান্য রাজারা সেই যুদ্ধে ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া অযত্নের সহিত কোমলভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥৯॥

তাহার পর, মনোহর মূর্ত্তি অর্জ্জুন সুদৃঢ় ধনু আকর্ষণ করিয়া সুধার বাণ দ্বারা সম্মুখাগত কর্ণকে বিদ্ধ করিলেন ॥১০॥

নিশিত ও তীক্ষ্ণ সেই বাণগুলির বেগ দেখিয়া, বিস্ময়ে বিমুগ্ধ হইয়া, কর্ণ যত্নপূর্ব্বক অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥১১॥

তখন বীরশ্রেষ্ঠ কর্ণ ও অর্জ্জুন দুই জনেই ক্রুদ্ধ হইয়া, পরস্পর জয় ইচ্ছা করিয়া, এমন লঘুহস্ততা দেখাইয়া যুদ্ধ করিতে লাগিলেন যে, তাঁহাদের তারতম্য বুঝা গেল না ॥১২॥

"তোমার কার্য্যের অনুরূপ কার্য্য দেখ, আমার বাহুবল দেখ" এইরূপ বীরত্বব্যঞ্জক বাক্য দ্বারা তাঁহারা পরস্পর আলাপ করিতে থাকিলেন ॥১৩॥

(১০)...আপতন্তং ত্রিভিঃ শরৈঃ...। (১১)...অন্যোন্যবিজিগীষিণৌ।

অর্জ্জুনেন প্রযুক্তাংস্তান্ বাণান্ বেগবতস্তদা।
প্রতিহত্য ননাদোচ্চৈঃ সৈন্যানি তদপূজয়ন্ ॥১৫॥

কর্ণ উবাচ।

তুষ্যামি তে বিপ্রমুখ্য! ভুজবীর্য্যস্য সংযুগে।
অবিষাদস্য চৈবাস্য শস্ত্রাস্ত্রবিজয়স্য চ ॥১৬॥
কিং ত্বং সাক্ষাদ্ধনুর্ব্বেদো রামো বা বিপ্রসত্তম!।
অথ সাক্ষাদ্ধরিহয়ঃ সাক্ষাদ্বা বিষ্ণুরচ্যুতঃ ॥১৭॥
আত্মপ্রচ্ছাদনার্থং বৈ বাহুবীর্য্যমুপাশ্রিতঃ।
বিপ্ররূপং বিধায়েদং মন্যে মাং প্রতিযুধ্যসে ॥১৮॥ যুগ্মকম্।
নহি মামাহবে ক্রুদ্ধমন্যঃ সাক্ষাচ্ছচীপতেঃ।
পুমান্ যোধয়িতুং শক্তঃ পাণ্ডবাদ্বা কিরীটিনঃ ॥১৯॥

ভারতকৌমুদী

অর্জ্জুনেনেতি। তৎ অর্জ্জুনবাণপ্রতিহননম্, অপূজয়ন্ প্রাশংসন্ ॥১৫॥

তুষ্যামীতি। ভুজবীর্য্যস্য দর্শনাদিতি শেষঃ। অন্যত্রাপ্যেবম্। সংযুগে যুদ্ধে ॥১৬॥

কিমিতি। হরিহয় ইন্দ্রঃ। অচ্যুতঃ শৌর্য্যাদভ্রষ্টঃ। আত্মনঃ প্রচ্ছাদনার্থং গোপনার্থম্। বহুকালাদর্শনাৎ বেশবৈষম্যাচ্চ কর্ণস্যাপ্যর্জ্জুনে সম্ভাবনেয়ম্ ॥১৭—১৮॥

নহীতি। আহবে যুদ্ধে। শচীপতেরিন্দ্রাৎ। কিরীটিনোঽর্জ্জুনাৎ ॥১৯॥

ভারতভাবদীপঃ

॥১২॥ শূরাণাম্ অর্থবদ্ভির্বচনৈঃ শূরার্থবচনৈঃ ॥১৩—১৪॥ প্রতিহত্য প্রতিহত্য, "বা ল্যপি" ইতি পক্ষে অনুনাসিকলোপাভাবাৎ ন তুক্। প্রতিহননম্ ॥১৫—১৭॥ মন্যে ত্বা

তাহার পর, সূর্য্যপুত্র কর্ণ অর্জ্জুনের বাহুবল জগতে অতুলনীয় বুঝিয়া, ক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥১৪॥

তিনি তখন অর্জ্জুননিক্ষিপ্ত বেগশালী সেই সকল বাণ প্রতিহত করিয়া উচ্চস্বরে সিংহনাদ করিলেন; সৈন্যরা সে ঘটনার প্রশংসা করিল ॥১৫॥

তখন কর্ণ বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! যুদ্ধে তোমার বাহুবল, অনবসন্নতা এবং এই শস্ত্র ও অস্ত্র নিবারণ দেখিয়া আমি সন্তুষ্ট হইলাম ॥১৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! তুমি কি সাক্ষাৎ ধনুর্ব্বেদ, না পরশুরাম, না ইন্দ্র, না সাক্ষাৎ বিষ্ণু, আত্মগোপনের জন্য এই ব্রাহ্মণরূপ ধারণ করিয়া বাহুবল অবলম্বনপূর্ব্বক আমার সহিত যুদ্ধ করিলে? ॥১৭—১৮॥

কারণ, আমি যুদ্ধে ক্রুদ্ধ হইলে, সাক্ষাৎ ইন্দ্র কিংবা পাণ্ডব অর্জ্জুন ব্যতীত অন্য কোন পুরুষই আমার সহিত যুদ্ধ করিতে সমর্থ হয় না" ॥১৯॥

তমেবংবাদিনং তত্র ফাল্গুনঃ প্রত্যভাষত।
নাস্মি কর্ণ! ধনুর্ব্বেদো নাস্মি রামঃ প্রতাপবান্ ॥২০॥
ব্রাহ্মণোঽস্মি যুধাং শ্রেষ্ঠ! সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
ব্রাহ্মে পৌরন্দরে চাস্ত্রে নিষ্ঠিতো গুরুশাসনাৎ ॥২১॥
স্থিতোঽস্ম্যদ্য রণে জেতুং ত্বাং বৈ বীর! স্থিরো ভব।
নির্জ্জিতোঽস্মীতি বা ব্রূহি ততো ব্রজ যথাসুখম্ ॥২২॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বাথ কর্ণস্য ধনুশ্চিচ্ছেদ পাণ্ডবঃ।
ততোঽন্যদ্ধনুরাদায় সংযোদ্ধুং সন্দধে শরম্ ॥২৩॥
দৃষ্ট্বা তচ্চাপি কৌন্তেয়শ্ছিত্ত্বা তদ্ধনুরাশুগৈঃ।
তথা বৈকর্ত্তনং কর্ণং বিভেদ সমরেঽর্জ্জুনঃ ॥২৪॥
ততঃ কর্ণস্তু রাধেয়শ্ছিন্নধন্বা মহাবলঃ।
শরৈরতীববিদ্ধাঙ্গঃ পলায়নমথাকরোৎ ॥২৫॥

ভারতকৌমুদী

তমিতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥২০॥
ব্রাহ্মণ ইতি। পৌরন্দরে ঐন্দ্রে। নিষ্ঠিতঃ শিক্ষিতঃ, গুরোঃ শাসনাদুপদেশাৎ ॥২১॥
স্থিত ইতি। নির্জ্জিতস্ত্বয়াহং পরাজিতঃ ॥২২॥
এবমিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। সন্দধে কর্ণ ইতি শেষঃ ॥২৩॥
দৃষ্ট্বেতি। আশুগৈর্বাণৈঃ। বিভেদ বিব্যাধ ॥২৪॥

কর্ণ এইরূপ বলিলে, অর্জ্জুন প্রত্যুত্তরে করিলেন—"কর্ণ! আমি ধনুর্ব্বেদও নহি, প্রতাপশালী পরশুরামও নহি ॥২০॥

যোদ্ধৃশ্রেষ্ঠ আমি সমস্ত অস্ত্রজ্ঞের মধ্যে শ্রেষ্ঠ একজন ব্রাহ্মণ; গুরুর উপদেশে ব্রাহ্ম ও ঐন্দ্র অস্ত্রে শিক্ষিত হইয়াছি ॥২১॥

বীর! আজ তোমাকে জয় করিবার জন্য যুদ্ধে অবস্থান করিতেছি, তুমি স্থির হও; অথবা বল যে পরাজিত হইয়াছি, পরে ইচ্ছানুসারে চলিয়া যাও" ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া অর্জ্জুন কর্ণের ধনু ছেদন করিলেন। তাহার পর কর্ণ অন্য ধনু লইয়া যুদ্ধ করিবার জন্য বাণ সন্ধান করিলেন ॥২৩॥

তাহা দেখিয়া অর্জ্জুন বাণ দ্বারা সে ধনুও ছেদন করিয়া যুদ্ধে কর্ণকে বিদ্ধ করিলেন ॥২৪॥

(২২) ...যুধাং শ্রেষ্ঠঃ...। (২২) কুত্রচিৎ দ্বিতীয়ার্দ্ধং নাস্তি।
(২৩) ইত্যাদয়ঃ পঞ্চ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

পুনরায়ান্মুহূর্ত্তেন গৃহীত্বা সশরং ধনুঃ।
ববর্ষ শরবর্ষাণি পার্থং বৈকর্ত্তনস্তথা ॥২৬॥
তানি বৈ শরজালানি কৌন্তেয়োঽভ্যহনচ্ছরৈঃ।
জ্ঞাত্বা সর্ব্বান্ শরান্ ঘোরান্ কর্ণোঽধাবদ্দ্রুতং বহিঃ।
ব্রাহ্মং তেজস্তদাঽজয্যং মন্যমানো মহারথঃ ॥২৭॥
অপরস্মিন্ রণোদ্দেশে বীরৌ শল্যবৃকোদরৌ।
বলিনৌ যুদ্ধসম্পন্নৌ বিদ্যয়া চ বলেন চ ॥২৮॥
অন্যোন্যমাহ্বয়ন্তৌ তু মত্তাবিব মহাগজৌ।
মুষ্টিভির্জানুভিশ্চৈব নিঘ্নন্তাবিতরেতরম্ ॥২৯॥ (যুগ্মকম্)
বিকর্ষণাকর্ষণাভ্যামভ্যাকর্ষানকর্ষণৈঃ।
আচকর্ষতুরন্যোন্যং মুষ্টিভিশ্চাপি জঘ্নতুঃ।
ততশ্চটচটাশব্দঃ সুঘোরঃ সমপদ্যত ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। ছিন্নং ধনুর্যস্য সঃ ॥২৫॥
পুনরিতি। পার্থমর্জ্জুনং প্রতি। বৈকর্ত্তনঃ কর্ণঃ ॥২৬॥
তানীতি। শরান্ ব্যর্থানিতি শেষঃ। অজয্যং জেতুমশক্যম্। ষট্পাদমিদং পদ্যম ॥২৭॥
অপরস্মিন্নিতি। যুদ্ধং সম্পন্নৌ প্রাপ্তৌ। নিঘ্নন্তৌ প্রহরন্তৌ ॥২৮—২৯॥
বিকর্ষণেতি। বিকর্ষণং পুরতো দূরে প্রেরণম্ আকর্ষণং সম্মুখে আনয়নং তাভ্যাম্।

ভারতভাবদীপঃ

যস্মাদস্মাং প্রতিযুধ্যসে ॥১৮—২৭॥ রণোদ্দেশে রঙ্গদৃশাং নিবাসস্থানে, "রণং নপুংসকং নীরে

ধনু ছিন্ন ও অঙ্গ অত্যন্ত বিদ্ধ হইলে, মহাবল কর্ণ পলায়ন করিলেন ॥২৫॥

তিনি মুহূর্ত্তমধ্যে অন্য ধনু ও বাণ লইয়া পুনরায় যুদ্ধে আসিলেন এবং অর্জ্জুনের প্রতি বাণবৃষ্টি করিতে লাগিলেন ॥২৬॥

তখন অর্জ্জুন বাণ দ্বারা কর্ণের সেই সকল বাণ প্রতিহত করিলেন, সেই সময়ে কর্ণ নিজের ভয়ঙ্কর বাণ সকল ব্যর্থ হইয়াছে দেখিয়া, ব্রাহ্ম তেজকে অজেয় মনে করিয়া, তৎক্ষণাৎ বাহিরে চলিয়া গেলেন ॥২৭॥

সমরাঙ্গণের অন্য স্থানে মহাবীর শল্য ও ভীম পরস্পর আহ্বান এবং মুষ্টি ও জানু দ্বারা পরস্পর আঘাত করিতে থাকিয়া দুইটা মত্ত হস্তীর ন্যায় যুদ্ধ করিতে লাগিলেন ॥২৮—২৯॥

(২৭) বৈশম্পায়ন উবাচ। এবমুক্তস্তু রাধেয়ো যুদ্ধাৎ কর্ণো ন্যবর্ত্তত। ব্রাহ্মং তেজস্তদাঽজয্যং মন্যমানো মহারথঃ॥ ইতি পাঠঃ কতিপয়পুস্তকে। (২৮) অপরস্মিন্ রণোদ্দেশে…। (৩০) অত্র বহব এব পাঠভেদা দৃশ্যন্তে।

পাষাণসম্পাতনিৰ্ভৈঃ প্রহারৈরভিজঘ্নতুঃ।
মুহূর্ত্তং তৌ তদাঽন্যোন্যং সমরে পর্য্যকর্ষতাম্ ॥৩১॥
ততো ভীমঃ সমুৎক্ষিপ্য বাহুভ্যাং শল্যমাহবে।
অপাতয়ৎ কুরুশ্রেষ্ঠো ব্রাহ্মণা জহসুস্তদা ॥৩২॥
তত্রাশ্চর্য্যং ভীমসেনশ্চকার পুরুষর্ষভঃ।
যচ্ছল্যং পাতিতং ভূমৌ নাবধীদ্বলিনং বলী ॥৩৩॥
পাতিতে ভীমসেনেন শল্যে কর্ণে চ শঙ্কিতে।
শঙ্কিতাঃ সর্ব্বরাজানঃ পরিবব্রুর্বৃকোদরম্ ॥৩৪॥
ঊচুশ্চ সহিতাস্তত্র সাধ্বিমৌ ব্রাহ্মণর্ষভৌ।
বিজ্ঞায়েতাং ক্বজন্মানৌ ক্বনিবাসৌ তথৈব চ ॥৩৫॥

ভারতকৌমুদী

অভ্যাকর্ষো দক্ষিণে প্রেরণং নিকর্ষণঞ্চ বামে প্রেরণং তৈঃ, তৎক্রিয়াবহুত্বাদ্বহুবচনম্। আচকর্ষতু-রিতি গুণ আর্ষঃ। সমপদ্যত অজায়ত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

পাষাণেতি। প্রহারৈশ্চপেটাঘাতাদিভিঃ। পর্য্যকর্ষতাং সমন্তাৎ কর্ষণং কৃতবন্তৌ ॥৩১॥

তত ইতি। আহবে যুদ্ধে। জহসুঃ স্বপক্ষজয়াৎ কৌতুকাচ্চেতি ভাবঃ ॥৩২॥

তত্রেতি। পাতিতম্ আত্মনৈব নিক্ষিপ্তম্ ॥৩৩॥

পাতিত ইতি। শঙ্কিতে অর্জ্জুনাদ্ভীতে সতি। পরিবব্রুঃ প্রষ্টুং বেষ্টিতবন্তঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

নিবাসালয়কাননে" ইতি মেদিনী ॥২৮—২৯॥ প্রকর্ষণং দূরে নোদনম্। আকর্ষণম্ অর্ব্বা-কর্ষণম্। অভ্যাকর্ষণমভিমুখমাস্ফালনম্। বিকর্ষণং তির্য্যক্পাতনম্ ॥৩০—৩১॥ সমুৎক্ষিপ্য

তাঁহারা সম্মুখে দূরে প্রেরণ, নিকটে আনয়ন, দক্ষিণ পার্শ্বে প্রেরণ ও বাম পার্শ্বে প্রেরণ, এইরূপ পরস্পর কর্ষণ করিতে লাগিলেন এবং মুষ্টি দ্বারা আঘাত করিতে থাকিলেন; তাহা হইতে 'চট্চট্' শব্দ হইতে লাগিল ॥৩০॥

তাঁহারা কিছুকাল পাষাণপাততুল্য চপেটাঘাত দ্বারা পরস্পর প্রহার করিলেন, তৎপরে পরস্পর আকর্ষণ করিতে লাগিলেন ॥৩১॥

তাহার পর, ভীম হস্তযুগল দ্বারা শল্যকে উত্তোলন করিয়া ভূতলে পাতিত করিলেন; তখন ব্রাহ্মণেরা হাসিয়া উঠিলেন ॥৩২॥

তখন বলবান্ ভীমসেন এইটাই আশ্চর্য্য ব্যাপার করিলেন যে, বলবান্ শল্যকে ভূপাতিত করিয়াও বধ করিলেন না ॥৩৩॥

ভীম শল্যকে পাতিত করিলেন এবং কর্ণও আশঙ্কিত থাকিলে, সকল রাজাই আশঙ্কিত হইয়া জিজ্ঞাসা করিবার জন্য ভীমকে পরিবেষ্টন করিয়া দাঁড়াইলেন ॥৩৪॥

কো হি রাধাসুতং কর্ণং শক্তো যোধয়িতুং রণে।
অন্যত্র রামাদ্‌দ্রোণাদ্বা পাণ্ডবাদ্বা কিরীটিনঃ ॥৩৬॥
কৃষ্ণাদ্বা দেবকীপুত্রাৎ কৃপাদ্বাপি শরদ্বতঃ।
কো বা দুর্য্যোধনং শক্তঃ প্রতিযোধয়িতুং রণে ॥৩৭॥ (যুগ্মকম্)
তথৈব মদ্রাধিপতিং শল্যং বলবতাং বরম্।
বলদেবাদৃতে বীরাৎ পাণ্ডবাদ্বা বৃকোদরাৎ ॥৩৮॥
বীরাদ্‌দুর্য্যোধনাদ্বাঽন্যঃ শক্তঃ পাতয়িতুং রণে।
ক্রিয়তামবহারোঽস্মাদ্‌যুদ্ধাদ্‌ব্রাহ্মণসংবৃতাৎ ॥৩৯॥ (যুগ্মকম্)
ব্রাহ্মণা হি সদা রক্ষ্যাঃ সাপরাধাপি নিত্যদা।
অথৈতানুপলভ্যেহ পুনর্যোৎস্যাম হৃষ্টবৎ ॥৪০॥

ভারতকৌমুদী

উচুরিতি। সাধু কৃতবন্তৌ। ক জন্ম যয়োস্তৌ। পরত্রাপ্যেবম্ ॥৩৫॥

ক ইতি। যোধয়িতুম্ আত্মনা সহ যুদ্ধং কারয়িতুম্। শরদ্বতঃ পুত্রাৎ কৃপাদ্বাপীত্যর্থঃ। অন্যত্রেতি প্রথমান্তমব্যয়ং মন্তব্যম্ ॥৩৬—৩৭॥

তথেতি। ঋতে বিনা। অবহারো নিবৃত্তিঃ। ব্রাহ্মণৈঃ সংবৃতাৎ পূর্ণাৎ ॥৩৮—৩৯॥

ব্রাহ্মণা ইতি। সাপরাধাপীতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ। উপলভ্য পরিচিত্য ॥৪০॥

ভারতভাবদীপঃ

কুম্মাণ্ডফলবদপাতয়ৎ ॥৩২—৩৮॥ অবহারো যুদ্ধান্নিবর্ত্তনম্ ॥৩৯॥ সাপরাধা অপীতি সন্ধিরার্ষঃ। অথ অথবা কালান্তরে উপলভ্য ॥৪০॥ (পাঠান্তরে) সংযুগে তৎকর্ম্ম কৃত্বা তুষ্ণীম্ভূতাবিতি

সকলে মিলিয়া তখন বলিলেন—"এই ব্রাহ্মণশ্রেষ্ঠ দুই জন বিশেষ প্রশংসার কার্য্য করিয়াছেন ; এখন আমরা ইহা জানিতে চাই যে, ইঁহাদের কোথায় জন্ম এবং কোথায়ই বা নিবাস ? ॥৩৫॥

পরশুরাম, দ্রোণাচার্য্য, কৃষ্ণ, কৃপাচার্য্য এবং অর্জ্জুন ব্যতীত অন্য কোন্ ব্যক্তি কর্ণের সহিত যুদ্ধ করিতে পারে এবং কোন ব্যক্তিই বা দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিতে সমর্থ হয় ? ॥৩৬—৩৭॥

এবং মহাবীর বলরাম, পাণ্ডব ভীমসেন ও মহাবীর দুর্য্যোধন ব্যতীত অন্য কোন লোক বীরশ্রেষ্ঠ মদ্ররাজ শল্যকে যুদ্ধে ভূপাতিত করিতে পারে ; অতএব ব্রাহ্মণের সহিত যুদ্ধ হইতে বিরত হউন ॥৩৮—৩৯॥

কারণ, ব্রাহ্মণেরা অপরাধ করিলেও তাঁহাদিগকে রক্ষা করা আমাদের সর্ব্বদা কর্ত্তব্য। তা'র পর, ইঁহাদের পরিচয় লইয়া আনন্দিত হইয়া পুনরায় আমরা যুদ্ধ করিব" ॥৪০॥

(৪০) শ্লোকাৎ পরম্ অয়মধিকঃ শ্লোকঃ কচিৎ—"তাংস্তথাবাদিনঃ সর্ব্বান্ প্রসমীক্ষ্য ক্ষিতীশ্বরান্। অথান্যান্ পুরুষাংশ্চাপি কৃত্বা তৎ কর্ম্ম সংযুগে।"

বৈশম্পায়ন উবাচ।

তৎ কর্ম্ম ভীমস্য সমীক্ষ্য কৃষ্ণঃ কুন্তীসুতৌ তৌ পরিশঙ্কমানঃ।
নিবারয়ামাস মহীপতীংস্তান্ ধর্ম্মেণ লব্ধেত্যনুনীয় সর্ব্বান্ ॥৪১॥

এবং তে বিনিবৃত্তাস্তু যুদ্ধাদ্‌যুদ্ধবিশারদাঃ।
যথাবাসং যযুঃ সর্ব্বে বিস্মিতা রাজসত্তমাঃ ॥৪২॥

বৃত্তো ব্রহ্মোত্তরো রঙ্গঃ পাঞ্চালী ব্রাহ্মণৈর্বৃতা।
ইতি ব্রুবন্তঃ প্রযযুর্যে তত্রাসন্ সমাগতাঃ ॥৪৩॥

ব্রাহ্মণৈস্তু প্রতিচ্ছন্নৌ রৌরবাজিনবাসিভিঃ।
কৃচ্ছ্রেণ জগ্মতুস্তৌ তু ভীমসেনধনঞ্জয়ৌ ॥৪৪॥

বিমুক্তৌ জনসংবাধাচ্ছত্রুভিরপরিক্ষতৌ।
কৃষ্ণয়ানুগতৌ তত্র নৃবীরৌ তৌ বিরেজতুঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তদিতি। পরিশঙ্কমানঃ সম্ভাবয়ন্। লব্ধা দ্রৌপদীতি শেষঃ ॥৪১॥

এবমিতি। আবাসং স্বস্বরাজধানীমনতিক্রম্যেতি যথাবাসম্ ॥৪২॥

বৃত্ত ইতি। ব্রহ্মাণো ব্রাহ্মণা এব উত্তরাঃ প্রধানা যস্মিন্ সঃ। বৃত্তো নিষ্পন্নঃ ॥৪৩॥

ব্রাহ্মণৈরিতি। প্রতিচ্ছন্নৌ আবৃতৌ। রৌরবাজিনবাসিভির্মৃগচর্ম্মপরিধায়িভিঃ ॥৪৪॥

বিমুক্তাবিতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। তৌ ভীমার্জ্জুনৌ। ঘনৈর্মেঘৈঃ। মাতা কুন্তী

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ ভীমসেনের সেই কার্য্য দেখিয়া, তাঁহাদিগকে কুন্তীপুত্র মনে করিয়া, সেই সকল রাজাকে এই বলিয়া অনুনয় করিয়া বারণ করিলেন যে, "ইনি ধর্ম্ম অনুসারেই দ্রৌপদীকে লাভ করিয়াছেন" ॥৪১॥

এই ভাবে যুদ্ধবিশারদ সেই সকল রাজা বিস্মিত হইয়া যুদ্ধ হইতে নিবৃত্তি পাইয়া যথাস্থানে চলিয়া গেলেন ॥৪২॥

আর, অন্য যে সকল লোক সেখানে আসিয়াছিল, তাহারাও এইরূপ বলিতে বলিতে চলিয়া গেল যে, "ব্রাহ্মণপ্রধান স্বয়ংবর সম্পন্ন হইল, দ্রৌপদীকেও ব্রাহ্মণেরাই পাইলেন" ॥৪৩॥

এবং মৃগচর্ম্মধারী ব্রাহ্মণে পরিবেষ্টিত ভীম ও অর্জ্জুন তাঁহাদের মধ্য হইতে কষ্টেই বাহির হইয়া গেলেন ॥৪৪॥

শক্রগণকর্তৃক অপরিক্ষতদেহ মনুষ্যবীর ভীম ও অর্জ্জুন দ্রৌপদীর সহিত সেই জনসংঘ হইতে মুক্ত হইয়া, পূর্ণিমা তিথিতে মেঘমুক্ত চন্দ্র ও সূর্য্যের ন্যায়

(৪৫)…শত্রুভিঃ পরিবিক্ষতৌ।

পৌর্ণমাস্যাং ঘনৈর্মুক্তৌ চন্দ্রসূর্য্যাবিবোদিতৌ।
তেষাং মাতা বহুবিধং বিনাশং পর্য্যচিন্তয়ৎ ॥৪৬॥
অনাগচ্ছৎসু পুত্রেষু ভৈক্ষ্যকালেঽভিগচ্ছতি।
ধার্ত্তরাষ্ট্রৈর্হতা ন স্যুর্বিজ্ঞায় কুরুপুঙ্গবাঃ ॥৪৭॥
মায়ান্বিতৈর্বা রক্ষোভিঃ সুঘোরৈর্দৃঢ়বৈরিভিঃ।
বিপরীতং মতং জাতং ব্যাসস্যাপি মহাত্মনঃ ॥৪৮॥ (কলাপকম্)
ইত্যেবং চিন্তয়ামাস সুতস্নেহাবৃতা পৃথা।
ততঃ সুপ্তজনপ্রায়ে দুর্দ্দিনে মেঘসংপ্লুতে ॥৪৯॥
মহত্যথাপরাহ্নে তু ঘনৈঃ সূর্য্য ইবাবৃতঃ।
ব্রাহ্মণৈঃ প্রাবিশত্তত্র জিষ্ণুর্ভার্গববেশ্ম তৎ ॥৫০॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে পাণ্ডবপ্রত্যাগমনে ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কীদৃশং বহুবিধং বিনাশমিত্যাহ—অনেতি। অভিগচ্ছতি সতি। কুরুপুঙ্গবা যুধিষ্ঠিরাদয়ঃ। এতেন যুধিষ্ঠিরনকুলসহদেবা মাতৃরক্ষার্থং রঙ্গান্নিষ্ক্রম্য তৎকুম্ভকারভবনাক্রমণপথে প্রতীক্ষন্তে স্মেতি প্রতীয়তে। রক্ষোভির্হিড়িম্ববকবন্ধুপ্রভৃতিভিঃ, হতা ন স্যুরিতি সম্বন্ধঃ। মতমুক্তম্ ॥৪৫—৪৮॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥৪১—৪২॥ ব্রহ্ম ব্রাহ্মণজাতিঃ উত্তরম্ উৎকৃষ্টং যস্মিন্ স ব্রহ্মোত্তরঃ ॥৪৩—৪৬॥ অভি-

---

শোভা পাইতে লাগিলেন। এদিকে পুত্রেরা আসিল না, ভিক্ষা করিবার সময়ও চলিয়া গেল, ইহা দেখিয়া কুন্তীদেবী পাণ্ডবগণের নানাবিধ অনিষ্টের আশঙ্কা করিতে লাগিলেন ভাবিলেন—'ধৃতরাষ্ট্রের পুত্রেরা চিনিতে পারিয়া পাণ্ডবগণকে বিনষ্ট করে নাই ত? কিংবা মায়াবী, ভয়ঙ্কর ও অক্ষুণ্ণ বৈরী রাক্ষসেরা মারিয়া ফেলে নাই ত! হায়! মহাত্মা বেদব্যাসের উক্তিগুলিও কি বিপরীত হইল?' ॥৪৫—৪৮॥

পুত্রস্নেহাকুল কুন্তীদেবী এইরূপ নানাপ্রকার চিন্তা করিতে লাগিলেন। তাহার পর মানুষ যখন নিদ্রিতের ন্যায় নিষ্ক্রিয় থাকে, সেইরূপ মেঘনিবন্ধন দুর্দ্দিনে অপরাহ্নশেষে অর্জ্জুন ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া, মেঘাবৃত সূর্য্যের ন্যায় সেই কুম্ভকারের গৃহে প্রবেশ করিলেন ॥৪৯—৫০॥

---

* '…অষ্টাশীত্যধিক…', '…নবত্যধিক…', '…একনবত্যধিক…', '…পঞ্চাধিকদ্বিশততম…' ইতি পাঠভেদাঃ।

চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

গত্বা তু তাং ভার্গবকর্ম্মশালাং পার্থৌ পৃথাং প্রাপ্য মহানুভাবৌ।
তাং যাজ্ঞসেনীং পরমপ্রতীতৌ ভিক্ষেত্যথাবেদয়তাং নরাগ্র্যৌ ॥১॥
কুটীগতা সা ত্বনবেক্ষ্য পুত্রৌ প্রোবাচ ভুঙ্‌ক্তেতি সমেত্য সর্ব্বে।
পশ্চাচ্চ কুন্তী প্রসমীক্ষ্য কৃষ্ণাং কষ্টং ময়া ভাষিতমিত্যুবাচ ॥২॥

ভারতকৌমুদী

ইতীতি। পৃথা কুন্তী। মহতি অবসিতপ্রায়ে। ঘনৈর্মেঘৈঃ। ব্রাহ্মণানাং কৃষ্ণমৃগ-চর্ম্মাবৃতত্বাদ্‌ঘনসাদৃশ্যম্‌। জিষ্ণুরর্জ্জুনঃ। ভার্গবো নাম কুম্ভকারস্তস্য বেশ্ম ॥৪৯—৫০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

গত্বেতি। ভার্গবো নাম কুম্ভকার ইতি প্রাগেবোক্তং তস্য কর্ম্মশালাং ভূতপূর্ব্বকর্ম্মগৃহম্‌। এতেন তস্যাং শালায়ামেব তেষাং বাস আসীদিতি বোধ্যম্‌। পার্থৌ ভীমার্জ্জুনৌ। পরম-প্রতীতৌ দ্রৌপদীলাভাদত্যন্তানন্দিতৌ। ভিক্ষা মাতরিয়ং ভিক্ষা আনীতা ইতি আবে-দয়তাং ব্যজ্ঞাপয়তাম্‌। প্রতিদিনং যথা তদ্বদিতি ভাবঃ। কৌতুকেন নর্ম্মোক্তিরূপত্বান্নাত্র মিথ্যোক্তিদোষঃ "ন নর্ম্মযুক্তং বচনং হিনস্তি" ইতি প্রাগুক্তত্বাৎ ॥১॥

কুটীতি। কুটীগতা কুটীরাভ্যন্তরস্থিতা। সমেত্য মিলিত্বা। কৃষ্ণাং দ্রৌপদীম্‌। কষ্টং কষ্টজনকং বাক্যম্‌, একস্যাঃ স্ত্রিয়া বহুভিঃ পুরুষৈর্ভোগানৌচিত্যাদিতি ভাবঃ ॥২॥

ভারতভাবদীপঃ

গচ্ছতি উপস্থিতে সতি ॥৪৭—৪৯॥ ভার্গববেশ্ম কুলালগৃহম্‌ ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৩॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—মহাপ্রভাবশালী মনুষ্যশ্রেষ্ঠ ভীম ও অর্জ্জুন সেই কুম্ভকারের কর্ম্মশালায় যাইয়া, কুন্তীকে লক্ষ্য করিয়া, আনন্দিতচিত্তে দ্রৌপদীর বিষয় জানাইলেন যে, "মা! ভিক্ষা আনিয়াছি" ॥১॥

কিন্তু কুন্তী ঘরের ভিতরে ছিলেন বলিয়া ভীমার্জ্জুনকে না দেখিয়াই বলিয়া ফেলিলেন যে, "তোমরা সকলে মিলিয়াই উহা ভোগ কর।" পরে, তিনি দ্রৌপদীকে দেখিয়া বলিলেন যে, "হায়! আমি বড়ই কষ্টের কথা বলিয়া ফেলিয়াছি!" ॥২॥

সাঽধর্ম্মভীতা পরিচিন্তয়ন্তী তাং যাজ্ঞসেনীং পরমপ্রতীতাম্।
পাণৌ গৃহীত্বোপজগাম কুন্তী যুধিষ্ঠিরং বাক্যমুবাচ চেদম্ ॥৩॥

কুন্ত্যুবাচ।

ইয়ন্তু কন্যা দ্রুপদস্য রাজ্ঞস্তবানুজাভ্যাং ময়ি সন্নিসৃষ্টা।
যথোচিতং পুত্র! ময়াপি চোক্তং সমেত্য ভুঙ্‌ক্তেতি নৃপ! প্রমাদাৎ ॥৪॥
এতৎ কথং নানৃতমুক্তমদ্য ময়া ভবেদ্‌ব্রূহি যদত্র যুক্তম্।
পাঞ্চালরাজস্য সুতামধর্ম্মো ন চোপবর্ত্তেত ন বিভ্রমেচ্চ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

স এবমুক্তো মতিমান্ নৃবীরো মাত্রা মুহূর্ত্তন্তু বিচিন্ত্য রাজা।
কুন্তীং সমাশ্বাস্য কুরুপ্রবীরো ধনঞ্জয়ং বাক্যমিদং বভাষে ॥৬॥

ভারতকৌ

সেতি। অধর্ম্মাৎ দ্রৌপদ্যা বহুপুরুষভোগনিবন্ধনপাপাদ্ভীতা। পরমপ্রতীতাম্ উপযুক্তপতি-লাভাদত্যন্তপ্রীতাম্। এতেন যুধিষ্ঠিরনকুলসহদেবা যুদ্ধাবসানং নিশম্য ভীমার্জ্জুনাগমনাৎ প্রাগেব কুম্ভকারভবনমাগতা ইত্যপি বোদ্ধব্যম্ ॥৩॥

ইয়মিতি। সন্নিসৃষ্টা সমর্পিতা। যথোচিতং ভিক্ষাত্বেনাবেদনাৎ ॥৪॥

এতদিতি। অনৃতং মিথ্যা। ন চোপবর্ত্তেত ন চাক্রামেৎ, ন বিভ্রমেচ্চ তেনাধর্ম্মেণ নরকাদৌ ন বিচরেচ্চ, সা পাঞ্চালরাজসুতেতি শেষঃ ॥৫॥

স ইতি। রাজেতি যোগ্যতামাশ্রিত্যোক্তম্, পাণ্ডোরনন্তরং তস্যৈব রাজত্বযোগ্যত্বাৎ ॥৬॥

ভারতভাবদীপঃ

গত্বেতি ॥১—২॥ অধর্ম্মো বহুভর্ত্তৃতারূপাঃ তস্মাদ্ভীতা ॥৩–৪॥ অধর্ম্মো বহুভর্ত্তৃতারূপঃ,

---

তাহার পর, কুন্তী দ্রৌপদীর অধর্ম্মের ভয়ে ভীত হইয়া, চিন্তা করিতে থাকিয়া, দ্রৌপদীর হস্তধারণপূর্ব্বক যুধিষ্ঠিরের নিকট গেলেন এবং তাঁহাকে এই কথা বলিলেন ॥৩॥

কুন্তী বলিলেন—"পুত্র! তোমার কনিষ্ঠ সহোদর ভীম ও অর্জ্জুন এই দ্রুপদ রাজার কন্যাটীকে আমার নিকট ভিক্ষা বলিয়া দিতে চাহিয়াছিল; তখন আমিও অনবধানতাবশতঃ ভিক্ষা মনে করিয়া তাহার উপযুক্ত কথাই বলিয়া ফেলিয়াছি যে, 'তোমরা সকলে মিলিয়া ভোগ কর' ॥৪॥

আমার এই কথা কি প্রকারে সত্য হইতে পারে; এবিষয়ে যাহা সঙ্গত হয়, যাহাতে ইঁহার পাপ না হয় এবং সেই পাপে ইনি নরকে না যান, সেইরূপ উপায় বল" ॥৫॥

(৫) ময়া কথং নানৃতমুক্তমস্ত ভবেৎ কুরুপাম্ববভ! ব্রবীহি…।

ত্বয়া জিতা ফাল্গুন ! যাজ্ঞসেনী ত্বয্যেব শোভিষ্যতি রাজপুত্রী।
প্রজ্বাল্যতামগ্নিরমিত্রসাহ ! গৃহাণ পাণিং বিধিবত্ত্বমস্যাঃ ॥৭॥

অর্জ্জুন উবাচ।

মা মাং নরেন্দ্র ! ত্বমধর্ম্মভাজং কৃথা ন ধর্ম্মোহয়মশিষ্টদৃষ্টঃ।
ভবান্ নিবেশ্যঃ প্রথমং ততোহয়ং ভীমো মহাবাহুরচিন্ত্যকর্ম্মা ॥৮॥
অহং ততো নকুলোহনন্তরং মে পশ্চাদয়ং সহদেবস্তরস্বী।
বৃকোদরোহহঞ্চ যমৌ চ রাজন্ ! ইয়ঞ্চ কন্যা ভবতো নিযোজ্যাঃ ॥৯॥
এবং গতে যৎ করণীয়মত্র ধর্ম্ম্যং যশস্যং কুরু তদ্বিচিন্ত্য।
পাঞ্চালরাজস্য হিতঞ্চ যৎ স্যাৎ প্রশাধি সর্ব্বে স্ম বশে স্থিতাস্তে ॥১০॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। অমিত্রান্ শত্রূন্ সহত ইতি অমিত্রসহঃ কর্ম্মণ্যাণি সম্বোধনম্ ॥৭॥

মেতি। অয়ং ন ধর্ম্মঃ, অপি ত্বয়ং ব্যবহারঃ অশিষ্টেষু ম্লেচ্ছাদিষ্বেব দৃষ্টঃ; "জ্যেষ্ঠেঽনিবিষ্টে কনীয়ান্ নির্বিশন্ পরিবেত্তা ভবতি" ইত্যাদিস্মৃতেরিতি ভাবঃ। নিবেশ্যঃ পরিণয়সম্পাদনেন গার্হস্থ্যধর্ম্মে গুরুভিঃ প্রবেশনীয়ঃ, জ্যেষ্ঠত্বাদিত্যাশয়ঃ ॥৮॥

অহমিতি। তরস্বী বলবান্। নিযোজ্যা আদেশ্যাঃ। অতঃ কর্ত্তব্যমাদিশেতি ভাবঃ ॥৯॥

এবমিতি। গতে স্থিতে। প্রশাধি উপদিশ। স্মেতি পাদপূরণে ॥১০॥

ভারতভাবদীপঃ

[illegible] তেন অধর্ম্মেণ তির্য্যগ্‌যোনৌ পুনঃ পুনঃ বিশেষেণ ভ্রমেৎ ॥৫—৭॥ ন ধর্ম্মোহয়ং দৃষ্টঃ

বৈশম্পায়ন বলিলেন—কুন্তী এইরূপ বলিলে, বুদ্ধিমান্ যুধিষ্ঠির একটু কাল চিন্তা করিয়া এবং কুন্তীকে আশ্বস্ত করিয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৬॥

"অর্জ্জুন ! তুমিই দ্রৌপদীকে জয় করিয়াছ; সুতরাং এই রাজকন্যা তোমাতেই শোভা পাইবেন। অতএব তুমি অগ্নি প্রজ্বালিত কর এবং যথাবিধানে তুমিই ইঁহার পাণি গ্রহণ কর" ॥৭॥

অর্জ্জুন বলিলেন—"মহারাজ ! আপনি আমাকে অধর্ম্মভাগী করিবেন না, ইহা ধর্ম্ম নহে, এরূপ ব্যবহার অশিষ্ট জনেই দেখা যায়। প্রথমে আপনি বিবাহ করিবেন, তৎপরে ভীম বিবাহ করিবেন ॥৮॥

তাহার পরে আমি, তৎপরে নকুল এবং তাহার পরে সহদেব বিবাহ করিবে। ভীম, আমি, নকুল, সহদেব এবং এই কন্যা, আমরা সকলেই আপনার আজ্ঞাবহ ॥৯॥

এইরূপ হইলে, এবিষয়ে যাহা ধর্ম্মসঙ্গত ও যশের কারণ বলিয়া কর্ত্তব্য হয়, আপনি চিন্তা করিয়া তাহাই করুন, আর যাহা পাঞ্চালরাজের হিত হয়, সে বিষয়ে উপদেশ দিন, আমরা সকলেই আপনার বশে রহিয়াছি" ॥১০॥

বৈশম্পায়ন উবাচ।

জিষ্ণোর্বচনমাজ্ঞায় ভক্তিস্নেহসমন্বিতম্।
দৃষ্টিং নিবেশয়ামাসুঃ পাঞ্চাল্যাং পাণ্ডুনন্দনাঃ ॥১১॥
দৃষ্ট্বা তে তত্র পশ্যন্তীং সর্ব্বে কৃষ্ণাং যশস্বিনীম্।
সম্প্রেক্ষ্যান্যোন্যমাসীনা হৃদয়ৈস্তামধারয়ন্ ॥১২॥
তেষাস্তু দ্রৌপদীং দৃষ্ট্বা সর্ব্বেষামমিতৌজসাম্।
সম্প্রমথ্যেন্দ্রিয়গ্রামং প্রাদুরাসীন্মনোভবঃ ॥১৩॥
কাম্যং হি রূপং পাঞ্চাল্যা বিধাত্রা বিহিতং স্বয়ম্।
বভূবাধিকমন্যাভ্যঃ সর্ব্বভূতমনোহরম্ ॥১৪॥
তেষামাকারভাবজ্ঞঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
দ্বৈপায়নবচঃ কৃৎস্নং সস্মার মনুজর্ষভঃ ॥১৫॥
অব্রবীৎ স হি তান্ ভ্রাতৄন্ মিথো ভেদভয়ান্নৃপঃ।
সর্ব্বেষাং দ্রৌপদী ভার্য্যা ভবিষ্যতি হি নঃ শুভা ॥১৬॥

ভারতকৌমুদী

জিষ্ণোরিতি। দৃষ্টিং নিবেশয়ামাসুঃ, তদ্ভঙ্গীজ্ঞানেন তদভিপ্রায়জ্ঞানার্থম্ ॥১১॥

দৃষ্ট্বেতি। পশ্যন্তীং সর্ব্বানেব পাণ্ডবানিতি শেষঃ। অধারয়ন্ পত্নীত্বেন ॥১২॥

তেষামিতি। সম্প্রমথ্য বিজিত্য। মনোভবঃ কামঃ ॥১৩॥

কাম্যমিতি। কাম্যং সর্ব্বপুরুষবাঞ্ছনীয়ম্। অন্যাভ্যঃ স্ত্রীভ্যঃ ॥১৪॥

তেষামিতি। তেষাং ভ্রাতৄণাম্, আকারং ভঙ্গীং ভাবমভিপ্রায়ঞ্চ জানাতীতি সঃ। দ্বৈপায়নবচঃ দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়োক্তং ব্যাসবচনম্ ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—তখন পাণ্ডবগণ অর্জ্জুনের কথাগুলিকে ভক্তি ও স্নেহযুক্ত বুঝিয়া দ্রৌপদীর উপরে দৃষ্টিপাত করিলেন ॥১১॥

তখন দ্রৌপদী সমস্ত পাণ্ডবকেই দেখিতেছিলেন, ইহা দেখিয়া তাঁহারা সকলেই পরস্পর মুখাবলোকন করিয়া দ্রৌপদীকে হৃদয়ে ধারণ করিলেন ॥১২॥

তখন দ্রৌপদীকে দেখার পরে তাঁহাদের সকলেরই ইন্দ্রিয়সমূহকে জয় করিয়া প্রবল কামবেগ উপস্থিত হইল ॥১৩॥

কারণ, স্বয়ং বিধাতাই দ্রৌপদীর রূপটাকে সমস্ত পুরুষেরই স্পৃহণীয় করিয়া সৃষ্টি করিয়াছিলেন; তাহাতেই সেইরূপ অন্যান্য স্ত্রী হইতে অধিক এবং সকলেরই মনোহর ছিল ॥১৪॥

মনুষ্যশ্রেষ্ঠ যুধিষ্ঠির, ভীমপ্রভৃতি ভ্রাতৃগণের ভঙ্গী ও অভিপ্রায় বুঝিয়া বেদব্যাসের সমস্ত উক্তি স্মরণ করিলেন ॥১৫॥

(১৬) ইতঃ পরমধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ।

বৈশম্পায়ন উবাচ।

ভ্রাতুর্ব্বচস্তৎ প্রসমীক্ষ্য সর্ব্বে জ্যেষ্ঠস্য পাণ্ডোস্তনয়াস্তদানীম্।
তমেবার্থং ধ্যায়মানা মনোভিঃ সর্ব্বে চ তে তস্থুরদীনসত্ত্বাঃ ॥১৭॥
বৃষ্ণিপ্রবীরস্তু কুরুপ্রবীরান্ আশংসমানঃ সহরৌহিণেয়ঃ।
জগাম তাং ভার্গবকর্ম্মশালাং যত্রাসতে তে পুরুষপ্রবীরাঃ ॥১৮॥
তত্রোপবিষ্টং পৃথুদীর্ঘবাহুং দদর্শ কৃষ্ণঃ সহরৌহিণেয়ঃ।
অজাতশত্রুং পরিবার্য্য তাংশ্চাপ্যুপোপবিষ্টান্ জ্বলনপ্রকাশান্ ॥১৯॥
ততোঽব্রবীদ্বাসুদেবোঽভিগম্য কুন্তীসুতং ধর্ম্মভৃতাং বরিষ্ঠম্।
কৃষ্ণোঽহমস্মীতি নিপীড্য পাদৌ যুধিষ্ঠিরস্যাজমীঢ়স্য রাজ্ঞঃ ॥২০॥

ভারতকৌমুদী

অব্রবীদিতি। স যুধিষ্ঠিরঃ। মিথো ভেদভয়াৎ পরস্পরৈকতাভঙ্গভয়াৎ ॥১৬॥

ভ্রাতুরিতি। প্রসমীক্ষ্য পর্য্যালোচ্য। অদীনসত্ত্বা অক্ষুব্ধাধ্যবসায়াঃ ॥১৭॥

বৃষ্ণীতি। বৃষ্ণিপ্রবীরঃ কৃষ্ণঃ। আশংসমানঃ সম্ভাবয়ন্। রৌহিণেয়েন বলরামেণ সহেতি সহরৌহিণেয়ঃ। আসতে তিষ্ঠন্তি, তে পাণ্ডবাঃ ॥১৮॥

তত্রেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। তান্ ভীমাদীন্। জ্বলনপ্রকাশান্ অগ্নিদ্যুতীন্ ॥১৯॥

তত ইতি। নিপীড্য প্রণামায় ধৃত্বা। আজমীঢ়স্য অজমীঢ়কুলোৎপন্নস্য ॥২০॥

ভারতভাবদীপঃ

অয়ং কঃ যং মাং ভবান্ অশিষ্ট শাসিতবান্, নিবেশ্যঃ বিবাহ্যঃ ॥৮—১৫॥ ভেদভয়ং যস্য

তাহার পর তিনি পরস্পর ভেদের ভয়ে ভ্রাতৃগণকে বলিলেন—"কল্যাণী দ্রৌপদী আমাদের সকলেরই ভার্য্যা হইবেন" ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—তখন ভীমপ্রভৃতি পাণ্ডবগণ জ্যেষ্ঠ ভ্রাতার কথা পর্য্যালোচনা করিয়া, মনে মনে সেই বিষয়ই চিন্তা করিতে থাকিয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৭॥

এই সময়ে কৃষ্ণ সেই পাঁচটী পুরুষকে পঞ্চপাণ্ডব মনে করিয়া বলরামের সহিত কুম্ভকারের সেই কর্ম্মশালায় আসিলেন, যেখানে পাণ্ডবেরা অবস্থান করিতে-ছিলেন ॥১৮॥

মত্তানাম্, ত্রিধা গণ্ডগুহ্যকর্ণমূলৈঃ ॥৫৩—৫৪॥ সরস্তোঘঃ পাণ্ডুসাগরং প্রবিবেশ ইতি সম্বন্ধঃ ॥৫৬॥ আবিদ্ধঃ সর্ব্বতো বিপ্রকীর্ণঃ, মহাধনো বহুমূল্যঃ ॥৫৭—৫৯॥ তত্রেতি। তলস্তম্ভীনাদঃ

ছিল বিশাল জলজন্তুসমূহ এবং পতাকা শৈবল (সেওলা)। এহেন মহানদ সেই পূর্ণ সমুদ্রকে অধিক পূর্ণ করিয়া পাণ্ডবশত্রুগণের উদ্বেগ জন্মাইয়াছিল ॥৫৬—৫৭॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির সে সমস্ত যৌতুকধনই গ্রহণ করিলেন এবং সম্ভাষণ ও সদ্ব্যবহার দ্বারা সেই বৃষ্ণিবংশীয় ও অন্ধকবংশীয় মহারথদিগকে সম্মানিত করিলেন ॥৫৮॥

তাহার পর সেই কুরু, বৃষ্ণি ও অন্ধকবংশীয় মহাত্মারা মিলিত হইয়া, পুণ্যবান্ লোকেরা যেমন স্বর্গলোকে বিহার করেন, সেইরূপ বিহার করিতে লাগিলেন ॥৫৯॥

তাঁহারা উত্তম উত্তম যানে আরোহণ করিয়া সুবিধা অনুসারে এবং আমোদ সহকারে বিহার করিতে লাগিলেন; তাঁহাদের যানভ্রমণের সময়ে সুন্দর চক্রশব্দ হইত ॥৬০॥

বলবান্ যাদবগণ এইভাবে অনেক দিন আমোদ করিয়া, যুধিষ্ঠিরপ্রভৃতিকর্তৃক সম্মানিত হইয়া পুনরায় দ্বারকানগরে গমন করিলেন ॥৬১॥

(৬০) তত্র তত্র মহানাদৈঃ…। (৬১)…পুনর্দ্বারবতীং প্রতি।

রামং পুরস্কৃত্য যযুর্বৃষ্ণ্যন্ধকমহারথাঃ ।
রত্নান্যাদায় শুভ্রাণি দত্তানি কুরুসত্তমৈঃ ॥৬২॥
বাসুদেবস্তু পার্থেন তত্রৈব সহ ভারত ! ।
উবাস নগরে রম্যে শক্রপ্রস্থে মহামনাঃ ॥৬৩॥
ব্যচরদ্‌যমুনাতীরে মৃগয়াং স মহাযশাঃ ।
মৃগান্ বিধ্যন্ বরাহাংশ্চ রেমে সার্দ্ধং কিরীটিনা ॥৬৪॥
ততঃ সুভদ্রা সৌভদ্রং কেশবস্য প্রিয়া স্বসা ।
জয়ন্তমিব পৌলোমী খ্যাতিমন্তমজীজনৎ ॥৬৫॥
দীর্ঘবাহুং মহোরস্কং বৃষভাক্ষমরিন্দমম্ ।
সুভদ্রা সুষুবে বীরমভিমন্যুং নরর্ষভম্ ॥৬৬॥
অভিশ্চ মন্যুমাংশ্চৈব ততস্তমরিমর্দ্দনম্ ।
অভিমন্যুমিতি প্রাহুরার্জ্জুনিং পুরুষর্ষভম্ ॥৬৭॥

ভারতকৌমুদী

অথ সর্ব্ব এব কিং জগ্মুরিত্যাহ—রামমিতি। শুভ্রাণি নির্ম্মলানি ॥৬২॥

বাসুদেব ইতি। পার্থেন অর্জ্জুনেন, সখিত্বেন যোগ্যত্বাৎ। শক্রপ্রস্থে ইন্দ্রপ্রস্থে ॥৬৩॥

ব্যচরদিতি। স বাসুদেবঃ। রেমে আননন্দ। কিরীটিনা অর্জ্জুনেন ॥৬৪॥

তত ইতি। স্বসা ভগিনী। পৌলোমী ইন্দ্রাণী। খ্যাতিমন্তং যশস্বিনম্ ॥৬৫॥

দীর্ঘেতি। মহোরস্কং বিশালবক্ষসম্। বৃষভাক্ষং বৃষতুল্যনয়নম্। সর্ব্বমিদং ভাবিনি ভূতবদুপচারাৎ ॥৬৬॥

নম্বভিমন্যুনাম্নঃ কোঽর্থ ইত্যাহ—অভিরিতি। ন বিদ্যতে ভীর্ভয়ং যস্য সঃ অভিঃ। হ্রস্বত্বমার্ষম্। মন্যুমান্ ক্রোধী, "মন্যুর্দৈন্যে ক্রতৌ ক্রুধি" ইত্যমরঃ। আর্জ্জুনিমর্জ্জুনাপত্যম্ ॥৬৭॥

তাঁহারা যুধিষ্ঠিরপ্রদত্ত নির্ম্মল ধনরত্ন গ্রহণপূর্ব্বক বলরামকে অগ্রবর্ত্তী করিয়া চলিয়া গেলেন ॥৬২॥

কিন্তু কৃষ্ণ অর্জ্জুনের সহিত সেই মনোহর ইন্দ্রপ্রস্থনগরেই রহিলেন ॥৬৩॥

তিনি মৃগয়া করতঃ যমুনাতীরে বিচরণ করিতেন এবং অর্জ্জুনের সহিত মিলিত হইয়া হরিণ ও শূকর বিদ্ধ করতঃ আনন্দিত হইতেন ॥৬৪॥

তাহার পর, শচীদেবী যেমন যশস্বী জয়ন্তকে প্রসব করিয়াছিলেন, সেইরূপ কৃষ্ণের প্রিয়তমা ভগিনী সুভদ্রা অভিমন্যুকে প্রসব করিলেন ॥৬৫॥

ক্রমে, সেই অভিমন্যু দীর্ঘবাহু, বিশালবক্ষা, বৃষতুল্যনয়ন, শত্রুহন্তা, মহাবীর ও নরশ্রেষ্ঠ হইয়াছিলেন ॥৬৬॥

(৬৫)...দ্যুতিমন্তমজীজনৎ। (৬৭) অভীশ্চ মন্যুমাংশ্চৈব...।

স সাত্বত্যামতিরথঃ সংবভূব ধনঞ্জয়াৎ।
মখে নির্মথনেনেব শমীগর্ভাদ্‌হুতাশনঃ ॥৬৮॥
যস্মিন্ জাতে মহাতেজাঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
অযুতং গা দ্বিজাতিভ্যঃ প্রাদান্নিষ্কাংশ্চ ভারত! ॥৬৯॥
দয়িতো বাসুদেবস্য বাল্যাৎ প্রভৃতি চাভবৎ।
পিতৄণাঞ্চৈব সর্ব্বেষাং প্রজানামিব চন্দ্রমাঃ ॥৭০॥
জন্মপ্রভৃতি কৃষ্ণশ্চ চক্রে তস্য ক্রিয়াঃ শুভাঃ।
স চাপি ববৃধে বালঃ শুক্লপক্ষে যথা শশী ॥৭১॥
চতুষ্পাদং দশবিধং ধনুর্ব্বেদমরিন্দমঃ।
অর্জ্জুনাদ্বেদ বেদজ্ঞঃ সকলং দিব্যমানুষম্ ॥৭২॥

ভারতকৌমুদী

স ইতি। সাত্বত্যাং সাত্বতবংশ্যায়াং সুভদ্রায়াম্। মখে যজ্ঞে ॥৬৮॥

যস্মিন্নিতি। নিষ্কান্ স্বর্ণালঙ্কারান্। "পলমগুনয়োর্নিষ্কঃ" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরিঃ ॥৬৯॥

দয়িত ইতি। দয়িতঃ প্রিয়ঃ। পিতৄণাং পিতৃপর্য্যায়াণাং যুধিষ্ঠিরাদীনাম্ ॥৭০॥

জন্মেতি। ক্রিয়াঃ সংস্কারকর্ম্মাণি, চক্রে বাৎসল্যাতিশয়াৎ প্রতিনিধিদ্বারেণ ॥৭১॥

চতুষ্পাদমিতি। চত্বারঃ পাদাঃ শিক্ষাভ্যাসপ্রয়োগোপসংহারবিষয়কা অবয়বা যস্য তম্।

ভারতভাবদীপঃ

গায়ন্তো বাদয়ন্তশ্চ বিজহ্রুরিত্যর্থঃ ॥৬০—৬৬॥ অভীনির্ভয়ঃ, অভিবিতি দ্রুস্বত্বমার্ষম্, মন্যুমান্ ক্রোধবান্ অতিশূর ইত্যর্থঃ ॥৬৭॥ শমীগর্ভাৎ শমীগর্ভে জাতাদশ্বত্থাৎ। নির্মথনেন অধরারণ্যাং সঙ্ঘর্ষণেন, অত্রাশ্বত্থবদর্জ্জুনঃ "তস্মার্দ্ধো বা এষ আত্মনো যৎপত্নী" ইতি শ্রুতেঃযধঃস্বার্দ্ধদেহরূপত্বাদধরারণীবৎ সুভদ্রা, অগ্নিবদভিমন্যুরিতি সাম্যম্ ॥৬৮॥ নিষ্কান্ সুবর্ণমণিমালাঃ ॥৬৯—৭০॥ ক্রিয়াঃ লালনপালনালঙ্করণাদিকাঃ ॥৭১॥ চতুষ্পাদমিতি—"মন্ত্রমুক্তং পাণিমুক্তং

পুরুষশ্রেষ্ঠ সেই অর্জ্জুনপুত্রের ভয় ছিল না এবং ক্রোধ ছিল বলিয়া সকলেই তাঁহাকে 'অভিমন্যু' বলিত ॥৬৭॥

যজ্ঞে মন্থন করায় শমীবৃক্ষের ভিতর হইতে অগ্নির ন্যায়, সেই অতিরথ অভিমন্যু অর্জ্জুন হইতে সুভদ্রার গর্ভে জন্মিয়াছিলেন ॥৬৮॥

যিনি জন্মিলে পর যুধিষ্ঠির ব্রাহ্মণগণকে দশ হাজার গরু এবং স্বর্ণালঙ্কার দান করিয়াছিলেন ॥৬৯॥

চন্দ্র যেমন লোকের প্রিয়, সেইরূপ অভিমন্যু বাল্যকাল হইতেই কৃষ্ণ ও যুধিষ্ঠিরপ্রভৃতির প্রিয় হইয়াছিলেন ॥৭০॥

এই জন্যই কৃষ্ণ অভিমন্যুর জন্ম হইতেই তাঁহার সমস্ত শুভকার্য্য করিয়াছিলেন এবং অভিমন্যুও শুক্লপক্ষীয় চন্দ্রের ন্যায় বৃদ্ধি পাইয়াছিলেন ॥৭১॥

বিজ্ঞানেষ্বপি চাস্ত্রাণাং সৌষ্ঠবে চ মহাবলঃ।
ক্রিয়াস্বপি চ সর্ব্বাসু বিশেষানভ্যশিক্ষয়ৎ ॥৭৩॥
আগমে চ প্রয়োগে চ চক্রে তুল্যমিবাত্মনা।
তুতোষ পুত্রং সৌভদ্রং প্রেক্ষমাণো ধনঞ্জয়ঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

দশবিধং ভরত-সাত্বত-কাশ্যপ-কৌশিকালীঢ়-প্রত্যালীঢ়াস্তপদ-বিশাখ-দুর্দ্ধর-মণ্ডল-বিবৃতত্বয়া দশ-প্রকারম্। বেদ শিশিক্ষে। দিব্যঃ স্বর্গীয়শ্চাসৌ মানুষো মর্ত্ত্যীয়শ্চেতি তম্ ॥৭২॥

বিজ্ঞানেষ্বিতি। বিজ্ঞানেষু বৈশিষ্ট্যেন জ্ঞানেষু। সৌষ্ঠবেষু সুষ্ঠুপ্রয়োগেষু। মহাবলো-ঽর্জ্জুনঃ। ক্রিয়াসু উৎপ্লবনাদিদৈহিকব্যাপারেষু। বিশেষান্ অতিরেকান্, অভ্যশিক্ষয়ৎ সাকল্যেনাশিক্ষয়ৎ, অভিমন্যুমিতি শেষঃ ॥৭৩॥

আগম ইতি। আগমে অস্ত্রাণাং জ্ঞানে, প্রয়োগে তেষাং চালনে চ। সর্ব্বৈঃ সংহন্যস্তে

ভারতভাবদীপঃ

মুক্তামুক্তং তথৈব চ। অমুক্তঞ্চ ধনুর্ব্বেদে চতুষ্পাচ্ছস্ত্রমীরিতম্ ॥" যস্য প্রয়োগ এবাস্তি ন তু উপসংহারঃ তদাদ্যম্, বাণাদি দ্বিতীয়ম্, প্রয়োগোপসংহারাভ্যাং যুক্তং তৃতীয়ম্, চতুর্থং মন্ত্রসাধিতং ধ্বজাদি, যদ্দর্শনাদেব শত্রবঃ পলায়ন্তে, যদ্বা সূত্রশিক্ষাপ্রয়োগরহস্যানীতি চত্বারো গ্রন্থপাদাঃ। দশবিধং গ্রন্থার্থানুষ্ঠানং যথা—"আদানমথ সন্ধানং মোক্ষণং বিনিবর্ত্তনম্। স্থানং মুষ্টিঃ প্রয়োগশ্চ প্রায়শ্চিত্তানি মণ্ডলম্। রহস্যঞ্চেতি দশধা ধনুর্ব্বেদাঙ্গমিষ্যতে ॥" আদানং বাণস্য নিষঙ্গাৎ, সন্ধানং মৌর্ব্ব্যা যোগঃ, মোক্ষণং লক্ষ্যে নিপাতনম্, বিনিবর্ত্তনং হীনশক্তৌ লক্ষ্যে পাতিতস্যাস্ত্রস্য প্রত্যাবর্ত্তনম্, স্থানং মধ্যমুপমধ্যং বা ধনুষো জ্যায়াশ্চ ধারণে শরসন্ধানে চ, মুষ্টিঃ ত্র্যঙ্গুলিশ্চতুরঙ্গুলির্বা, প্রয়োগঃ তর্জ্জনীমধ্যময়োঃ মধ্যমাঙ্গুষ্ঠয়োর্বা মধ্যেন বাণসংযোজনম্, প্রায়শ্চিত্তানি স্বতঃ পরতো বা প্রাপ্তস্য প্রাপ্স্যমানস্য বা জ্যাঘাতশরঘাতাদে-রভিঘাতার্থাস্তলত্রাণপ্রত্যস্ত্রাদিবিধয়ঃ, মণ্ডলানি চক্রবৎ ভ্রমতা রথেন ভ্রাম্যমাণস্য লক্ষ্যস্য বেধঃ, রহস্যং শব্দাদিবেধো যুগপদনেকেষু লক্ষ্যেষু শরপাত ইত্যাদি। দিব্যং ব্রহ্মাস্ত্রাদি, মানুষং খড়্গাদি ॥৭২॥ অস্ত্রাণামকালে প্রয়োগাণাং বিজ্ঞানে বিশিষ্টে জ্ঞানে। সৌষ্ঠবে অন্যেষাং প্রয়োগপটুত্বে। ক্রিয়াসু শারীরীষু উৎসর্পণপ্রসর্পণাদিষু। বিশেষান্ আধিক্যানি। অভিতঃ সাকল্যেন অশিক্ষয়দর্জ্জুনঃ পুত্রম ॥৭৩॥ আগমে শাস্ত্রে প্রয়োগেঽনুষ্ঠানে ॥৭৪॥ সর্ব্ব

শক্রবিজয়ী অভিমন্যু বেদ এবং সমস্ত ধনুর্ব্বেদ অর্জ্জুনের নিকট শিক্ষা করিয়াছিলেন; যে ধনুর্ব্বেদের চারিটী পাদ ও দশটী অবস্থা আছে এবং যাহা স্বর্গে ও মর্ত্ত্যে ব্যবহৃত হইয়া থাকে ॥৭২॥

অর্জ্জুন অভিমন্যুকে অস্ত্রজ্ঞানে ও অস্ত্রপ্রয়োগে নিজের তুল্যই করিয়া-ছিলেন এবং তিনি অভিমন্যুকে দেখিয়া আনন্দলাভ করিতেন ॥৭৩॥

কেন না, অভিমন্যু শক্রবিজয়ের সমস্ত কৌশল জানিতেন, সর্ব্বপ্রকার সুলক্ষণে লক্ষিত ছিলেন এবং বিবৃতমুখ সর্পের ন্যায় দুর্দ্ধর্ষ ও মহাধনুর্দ্ধর

সর্ব্বসংহননোপেতং সর্ব্বলক্ষণলক্ষিতম্।
দুর্দ্ধর্ষমৃষভস্কন্ধং ব্যাত্তাননমিবোরগম্ ॥৭৫॥
সিংহদর্পং মহেষ্বাসং মত্তমাতঙ্গবিক্রমম্।
মেঘদুন্দুভিনির্ঘোষং পূর্ণচন্দ্রনিভাননম্ ॥৭৬॥ (বিশেষকম্)
কৃষ্ণস্য সদৃশং শৌর্য্যে বীর্য্যে রূপে তথাকৃতৌ।
দদর্শ পুত্রং বীভৎসুর্মঘবানিব তং যথা ॥৭৭॥
পাঞ্চাল্যপি তু পঞ্চভ্যঃ পতিভ্যঃ শুভলক্ষণা।
লেভে পঞ্চ সুতান্ বীরান্ শ্রেষ্ঠান্ পঞ্চাচলানিব ॥৭৮॥
যুধিষ্ঠিরাৎ প্রতিবিন্ধ্যং সুতসোমং বৃকোদরাৎ।
অর্জ্জুনাচ্ছ্রুতকর্ম্মাণং শতানীকঞ্চ নাকুলিম্ ॥৭৯॥
সহদেবাচ্ছ্রুতসেনমেতান্ পঞ্চ মহারথান্।
পাঞ্চালী সুষুবে বীরানাদিত্যানদিতির্যথা ॥৮০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শত্রব এভিরিতি সংহননানি কৌশলানি তৈঃ। ব্যাত্তাননং বিবৃতমুখম। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। মেঘদুন্দুভ্যোরিব নির্ঘোষো গম্ভীরঃ কণ্ঠস্বরো যস্য তম্ ॥৭৪—৭৬॥

কৃষ্ণস্যেতি। মঘবান্ ইন্দ্রঃ, যথা তং বীভৎসুং দদর্শ, তথা বীভৎসুরর্জ্জুনোঽপি, পুত্রমভিমন্যুম্, শৌর্য্যে, বীর্য্যে, রূপে সৌন্দর্য্যে, তথা আকৃতৌ, কৃষ্ণস্য সদৃশং দদর্শ ॥৭৭॥

পাঞ্চালীতি। পাঞ্চাল্যপি দ্রৌপদ্যপি। অচলান পর্ব্বতানিব ॥৭৮॥

অথ পাঞ্চালী কতমাৎ পত্যুঃ কং সুতং লেভে ইত্যাহ—যুধিষ্ঠিরাদিতি। নকুলস্যাপত্যমিতি নাকুলিস্তম্। পাঞ্চালী দ্রৌপদী। আদিত্যান্ দেবান্ ॥৭৯—৮০॥

ভারতভাবদীপঃ

সংহননোপেতং সর্ব্বৈঃ সংহননৈঃ পরাভিভাবকৈগুণৈরুপেতম ॥৭২—৭৬॥ কৃষ্ণস্যেতি।

ছিলেন; আর তাঁহার বৃষের ন্যায় স্কন্ধ, সিংহের ন্যায় দর্প, মত্ত হস্তীর ন্যায় বিক্রম, মেঘ ও দুন্দুভির ন্যায় গম্ভীর কণ্ঠস্বর এবং পূর্ণচন্দ্রের ন্যায় সুন্দর মুখ ছিল ॥৭৪—৭৬॥

পূর্ব্বে ইন্দ্র যেমন অর্জ্জুনকে কৃষ্ণের তুল্য দেখিয়াছিলেন, তেমন অর্জ্জুনও অভিমন্যুকে শৌর্য্যে, বীর্য্যে, সৌন্দর্য্যে ও আকৃতিতে কৃষ্ণেরই তুল্য দেখিতেন ॥৭৭॥

এদিকে শুভলক্ষণা দ্রৌপদীও পঞ্চ পতি হইতে পঞ্চ পর্ব্বতের ন্যায় পাঁচটি শ্রেষ্ঠ বীর পুত্র লাভ করিয়াছিলেন ॥৭৮॥

অদিতি যেমন দেবগণকে প্রসব করিয়াছিলেন, সেইরূপ দ্রৌপদী যুধিষ্ঠির

শাস্ত্রতঃ প্রতিবিন্ধ্যং তমূচুর্বিপ্রা যুধিষ্ঠিরম্ ।
পরপ্রহরণজ্ঞানে প্রতিবিন্ধ্যো ভবত্বয়ম্ ॥৮১॥
সুতে সোমসহস্রে তু সোমার্কসমতেজসম্ ।
সুতসোমং মহেষ্বাসং সুষুবে ভীমসেনতঃ ॥৮২॥
শ্রুতং কর্ম্ম মহৎ কৃত্বা নিবৃত্তেন কিরীটিনা ।
জাতঃ পুত্রস্তথেত্যেবং শ্রুতকর্ম্মা ততোঽভবৎ ॥৮৩॥

ভারতকৌমুদী

অথ তেষাং প্রতিবিন্ধ্যাদিনামসু কো হেতুরিত্যাহ পঞ্চভিঃ—শাস্ত্রত ইতি। অয়ং যুধিষ্ঠিরপুত্রঃ, পরপ্রহরণজ্ঞানে শত্রুকৃতপ্রহারাবগমে বিষয়ে, বিন্ধ্যস্য পর্ব্বতস্য প্রতি প্রতিপক্ষো ভবতু বিন্ধ্যপর্ব্বত ইব পরপ্রহারং তুচ্ছং মন্যতামিত্যর্থঃ; ইত্যুক্ত্বা বিপ্রাঃ, তং যুধিষ্ঠিরং যুধিষ্ঠিরপুত্রম্, শাস্ত্রতো ব্যাকরণশাস্ত্রানুসারেণ প্রতিশব্দবিন্ধ্যশব্দয়োর্যোগার্থানুধ্যানেনেত্যর্থঃ, প্রতিবিন্ধ্যমূচুঃ ॥৮১॥

সুত ইতি। সোমসহস্রে সোমাখ্যযাগসমূহে, সুতে কৃতে সতি, পাঞ্চালী ভীমসেনতঃ, সোমার্কসমতেজসম্, মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্, সুতসোমং সুষুবে। সুতে সোমে জাতত্বাৎ সুতসোমো নামেত্যাশয়ঃ ॥৮২॥

শ্রুতমিতি। তথা, শ্রুতং লোকবিশ্রুতং মহৎ তীর্থপর্য্যটনাত্মকং কর্ম্ম কৃত্বা নিবৃত্তেন, কিরীটিনা অর্জ্জুনেন করণেন, পুত্রো জাতঃ, ততঃ, শ্রুতকর্ম্মা ইত্যেবং তস্য নাম অভবৎ ॥৮৩॥

ভারতভাবদীপঃ

"নরাণাং মাতুলক্রমঃ" ইতি ন্যায়েন। রেতঃসেক্তুর্নিত্যং কৃষ্ণধ্যায়িত্বেন বা কৃষ্ণস্য সদৃশম্। তম্ অর্জ্জুনং যথা মঘবান্ ॥৭৭—৮০॥ পরপ্রহরণজ্ঞানে শত্রুকৃতপ্রহারবেদনায়াং বিন্ধ্য ইব নির্ব্বিজ্ঞান ইতি প্রতিবিন্ধ্যঃ, স্পষ্টার্থমন্যৎ ॥৮১—৮৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৪॥

হইতে প্রতিবিন্ধ্যকে, ভীম হইতে সুতসোমকে, অর্জ্জুন হইতে শ্রুতকর্ম্মাকে, নকুল হইতে শতানীককে এবং সহদেব হইতে শ্রুতসেনকে প্রসব করিয়াছিলেন ॥৭৯—৮০॥

'এই যুধিষ্ঠিরের পুত্র অন্যের প্রহার বুঝিবার বিষয়ে বিন্ধ্যপর্ব্বতের তুল্য হউক' এই কথা বলিয়া ব্যাকরণ অনুসারে সেই যুধিষ্ঠিরপুত্রকে 'প্রতিবিন্ধ্য' বলিতেন ॥৮১॥

বহুতর সোমযাগ করিবার পরে দ্রৌপদী ভীমসেন হইতে চন্দ্র ও সূর্য্যের তুল্য তেজস্বী পুত্র প্রসব করিয়াছিলেন বলিয়া তাহার নাম হইয়াছিল—'সুতসোম' ॥৮২॥

অর্জ্জুন লোকবিশ্রুত মহৎ কর্ম্ম (তীর্থপর্য্যটন) করিয়া ফিরিয়া আসিয়া উৎপাদন করিয়াছিলেন বলিয়া সেই পুত্রের নাম হইয়াছিল—'শ্রুতকর্ম্মা' ॥৮৩॥

শতানীকস্য রাজর্ষেঃ কৌরব্যস্য মহাত্মনঃ।
চক্রে পুত্ত্রং সনামানং নকুলঃ কীর্ত্তিবর্দ্ধনম্ ॥৮৪॥
ততস্ত্বজীজনৎ কৃষ্ণা নক্ষত্রে বহ্নিদৈবতে।
সহদেবাৎ সুতং তস্মাৎ শ্রুতসেনেতি তং বিদুঃ ॥৮৫॥
একবর্ষান্তরাস্ত্বেতে দ্রৌপদেয়া যশস্বিনঃ।
অন্বজায়ন্ত রাজেন্দ্র! পরস্পরহিতৈষিণঃ ॥৮৬॥
জাতকর্ম্মাণ্যানুপূর্ব্ব্যা চূড়োপনয়নানি চ।
চকার বিধিবদ্ধৌম্যস্তেষাং ভরতসত্তম! ॥৮৭॥
কৃত্বা চ বেদাধ্যয়নং ততঃ সুচরিতব্রতাঃ।
জগৃহুঃ সর্ব্বমিষ্বস্ত্রমর্জ্জুনাদ্দিব্যমানুষম্ ॥৮৮॥

ভারতকৌমুদী

শতেতি। কৌরব্যস্য কুরুবংশীয়স্য। সমানং নাম যস্য তম্ ॥৮৪॥

তত ইতি। বহ্নিদৈবতে কৃত্তিকাখ্যে। অত্রায়মাশয়ঃ—স্কন্দঃ খলু কৃত্তিকাসু জাততয়া প্রশস্তসেনত্বান্মহাসেন ইত্যাদিনাম্নাখ্যায়তে, তদ্বদয়ং সহদেবসুতোঽপি কৃত্তিকানক্ষত্রে জাততয়া বিশ্রুতসেনত্বাৎ শ্রুতসেনেত্যাখ্যাতমিতি ॥৮৫॥

একেতি। একেন বর্ষেণ অন্তরং ব্যবধানং যেষাং তে একৈকবৎসরকনিষ্ঠা ইত্যর্থঃ ॥৮৬॥

জাতেতি। জাতকর্ম্মাণি জাতকর্ম্মাদীনি, আনুপূর্ব্ব্যা জ্যেষ্ঠানুক্রমেণ ॥৮৭॥

কৃত্বেতি। ততশ্চ উপনয়নাৎ পরম্, সুচরিতব্রতাঃ সম্যগনুষ্ঠিতব্রহ্মচর্য্যানিয়মাঃ পাণ্ডবকুমারাঃ, বেদাধ্যয়নং কৃত্বা দিব্যমানুষং স্বর্গীয়মর্ত্ত্যীয়ম্, সর্ব্বম্, ইষ্বস্ত্রং বাণাস্ত্রম্, অর্জ্জুনাৎ, জগৃহুঃ শিশিক্ষিরে ॥৮৮॥

কুরুবংশে শতানীকনামে এক মহাত্মা রাজর্ষি ছিলেন; তাঁহারই নাম অনুসারে নকুল কীর্ত্তিবর্দ্ধক নিজ পুত্রটীর নাম করিয়াছিলেন—'শতানীক' ॥৮৪॥

তাহার পর, দ্রৌপদী কৃত্তিকানক্ষত্রে সহদেবসম্ভূত একটী পুত্র প্রসব করেন; তাহাতেই তাহার নাম হইয়াছিল—'শ্রুতসেন' (টীকা দ্রষ্টব্য) ॥৮৫॥

মহারাজ! এই দ্রৌপদীর পুত্রগণ এক এক বৎসরের কনিষ্ঠ হইয়াছিল এবং তাহারা যথাসময়ে যশস্বী ও পরস্পরহিতৈষী হইয়াছিল ॥৮৬॥

ধৌম্যপুরোহিত জ্যেষ্ঠানুক্রমে এবং যথাবিধানে তাহাদের জাতকর্ম্মপ্রভৃতি সংস্কার এবং চূড়া ও উপনয়নসংস্কার করিয়াছিলেন ॥৮৭॥

তাহার পর, তাহারা যথানিয়মে ব্রহ্মচর্য্য পালন করিতে থাকিয়া এবং বেদাধ্যয়ন করিয়া অর্জ্জুনের নিকট সর্ব্বপ্রকার দেবাস্ত্র ও মনুষ্যাস্ত্র শিক্ষা করিয়াছিল ॥৮৮॥

---

(৮৫) সহদেবাৎ সুতং যস্মাৎ।...শ্রুতসেনেতি যং বিদুঃ।

দিব্যগর্ভোপমৈঃ পুত্রৈর্ব্যূঢ়োরস্কৈর্মহারথৈঃ।
অন্বিতা রাজশার্দ্দূল ! পাণ্ডবা মুদমাপ্নুবন্ ॥৮৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
হরণাহরণে চতুর্দ্দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

(১৮। খাণ্ডবদাহপর্ব্ব।)

পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ইন্দ্রপ্রস্থে বসন্তস্তে জঘ্নুরন্যান্নরাধিপান্।
শাসনাদ্ধৃতরাষ্ট্রস্য রাজ্ঞঃ শান্তনবস্য চ ॥১॥
আশ্রিত্য ধর্ম্মরাজানং সর্ব্বলোকোঽবসৎ সুখম্।
পুণ্যলক্ষণকর্ম্মাণং স্বদেহমিব দেহিনঃ ॥২॥

ভারতকৌমুদী

দিব্যেতি। দিব্যগর্ভোপমৈঃ স্বর্গীয়বালকতুল্যৈঃ, ব্যূঢ়োরস্কৈঃ সুদৃঢ়বক্ষোভিঃ ॥৮৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি হরণাহরণে চতুর্দ্দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ইন্দ্রেতি। তে পাণ্ডবাঃ, জঘ্নুঃ সৈন্যাদিহননেন বিজিতবন্তঃ। শাসনাদাদেশাৎ ॥১॥

আশ্রিত্যেতি। দেহিনঃ, পুণ্যানি পুণ্যসূচকানি পুণ্যজনকানি চ লক্ষণানি ঊর্দ্ধরেখাদীনি চিহ্নানি যাগাদীনি কর্ম্মাণি চ যস্য তং তথোক্তম্, স্বদেহমিব, সর্ব্বলোকঃ, পুণ্যলক্ষণকর্ম্মাণং ধর্ম্মরাজানং যুধিষ্ঠিরম্, আশ্রিত্য, সুখমবসৎ। ধর্ম্মরাজানমিত্যার্ষত্বাদদন্তত্বাভাবঃ ॥২॥

ভারতভাবদীপঃ

ইন্দ্রপ্রস্থে বসন্তস্ত ইতি ॥১॥ পুণ্যানি লক্ষণানি ঊর্দ্ধরেখাদীনি গাম্ভীর্য্যাদীনি চ কর্ম্মাণি

মহারাজ ! এইভাবে পাণ্ডবগণ দেববালকতুল্য, সুদৃঢ়বক্ষা ও মহারথ সেই পুত্রগণের সহিত মিলিত থাকিয়া আনন্দ লাভ করিতে থাকিলেন ॥৮৯॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণ ইন্দ্রপ্রস্থে বাস করিতে থাকিয়া রাজা ধৃতরাষ্ট্রের ও ভীষ্মের আদেশে অন্যান্য রাজগণকে পরাভূত করিয়াছিলেন ॥১॥

---

* '...ঊনবিংশত্যধিক...', '...একবিংশত্যধিক...', 'ত্রয়োবিংশত্যধিক...', '...সপ্তচত্বারিংশদধিক...' ইতি পাঠভেদাঃ।

স সমং ধর্ম্মকামার্থান্ সিষেবে ভরতর্ষভ ! ।
ত্রীনিবাত্মসমান্ বন্ধূন্ নীতিমানিব মানয়ন্ ॥৩॥
তেষাং সমবিভক্তানাং ক্ষিতৌ দেহবতামিব ।
বভৌ ধর্ম্মার্থকামানাং চতুর্থ ইব পার্থিবঃ ॥৪॥
অধ্যেতারং পরং বেদান্ প্রয়োক্তারং মহাধ্বরে ।
রক্ষিতারং শুভাল্লোঁকান্ লেভিরে তং জনাধিপম্ ॥৫॥

ভারতকৌমুদী

স ইতি। হে ভরতর্ষভ! নীতিমান্ স ধর্ম্মরাজঃ, ত্রীনেব ধর্ম্মকামার্থান্, আত্মসমান্ ত্রীন্ বন্ধূনিব, মানয়ন্ উপকারিত্বাৎ সেব্যত্বেন মন্যমানঃ সন্, তানাত্মসমান্ ত্রীন্ বন্ধূনিব, তাংস্ত্রীনেব ধর্ম্মকামার্থান্, সমং সমানং যথা স্যাত্তথা, সিষেবে। অন্যথা কস্যচিৎ সেবায়া ন্যূনত্বে বন্ধোরিব তস্য আক্রোশ ইব ব্যাঘাতঃ স্যাদিতি ভাবঃ ॥৩॥

তেষামিতি। ক্ষিতৌ পৈতৃকাদিধনগ্রহণায় বিবাদাৎ পরং মধ্যস্থেন সমবিভক্তানাং ত্রয়াণাং দেহবতাং নরাণাং যথা চতুর্থঃ স মধ্যস্থো উপকারিত্বাদ্ভাতি; তথা স পার্থিবো যুধিষ্ঠিরঃ, সেব্যত্বে সমবিভক্তানাং সমানমেব সেব্যমানানামিত্যর্থঃ, তেষাং ধর্ম্মার্থকামানাম্, চতুর্থ ইব সন্, উপকারিত্বাদ্বভৌ। যুধিষ্ঠিরো ধর্ম্মার্থকামানামপি প্রত্যুপকারী আসীদিতি ভাবঃ ॥৪॥

অধ্যেতারমিতি। পরম্ অত্যন্তমেব, বেদান্ অধ্যেতারম্। অতএব "বিদ্যা দদাতি বিনয়ম্" ইত্যুক্তেবিনয়িনমিতি ভাবঃ। মহাধ্বরে জ্যোতিষ্টোমাদৌ, ঋত্বিজঃ প্রয়োক্তারম্। অতএব ধার্ম্মিকমিত্যাশয়ঃ। তথা শুভান্ সচ্চরিত্রান্ লোকান্ রক্ষিতারম্। তেন চ নীতিজ্ঞমিত্যভিপ্রায়ঃ। তং যুধিষ্ঠিরম্, জনাধিপং রাজানম্, লেভিরে, ভাগ্যবশাদেব প্রজা ইতি শেষঃ। অধ্যেতারমিত্যাদৌ তাচ্ছীল্যে তৃনপ্রত্যয়াৎ সর্ব্বত্র কর্ম্মণি ষষ্ঠীনিষেধাদ্দ্বিতীয়ৈব ॥৫॥

ভারতভাবদীপঃ

আরম্ভকাণি ক্রিয়মাণানি যস্য তম্ ॥২॥ সমং পরস্পরাপীড়য়া ॥৩॥ তেষামিতি। যথা ত্রয়াণামমাত্যানাং চতুর্থো রাজা আরাধ্যত্বেন ভাতি, যথা বা ধর্ম্মার্থকামানাং ত্রয়াণাং চতুর্থো মোক্ষস্বরূপ আত্মা আরাধ্যত্বেন ভাতি এবৈনং ধর্ম্মাদয়ঃ স্বয়মুপাতিষ্ঠন্নিত্যর্থঃ ॥৪॥ পরম্ অধ্যেতারং পরস্য ব্রহ্মণোঽধিগন্তারং বেদান্ বেদানাং ব্রহ্মকর্ম্মনীতিনিষ্ঠামিতি বিশেষণত্রয়ার্থঃ ॥৫॥

প্রাণিগণ সুলক্ষণ ও সৎকর্ম্মান্বিত আপন দেহ অবলম্বন করিয়া যেমন সুখে বাস করে, তেমন তৎকালীন সমস্ত লোকই সুলক্ষণ ও সৎকর্ম্মান্বিত ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে অবলম্বন করিয়া সুখে বাস করিতে লাগিল ॥২॥

তৎকালে নীতিজ্ঞ যুধিষ্ঠির ধর্ম্ম, অর্থ ও কামকে আত্মতুল্য তিনটী বন্ধুর ন্যায় মনে করিয়া সমানভাবে সেই তিনটীর সেবা করিতেন ॥৩॥

রাজা যুধিষ্ঠির তিনটী মনুষ্যের ন্যায় সেই ধর্ম্ম, অর্থ ও কামকে সমানভাবে বিভক্ত করিয়া তাহাদের চতুর্থের ন্যায় হইয়া পৃথিবীতে শোভা পাইতে লাগিলেন ॥৪॥

অধিষ্ঠানবতী লক্ষ্মীঃ পরায়ণবতী মতিঃ।
বর্দ্ধমানোঽখিলো ধর্ম্মস্তেনাসীৎ পৃথিবীক্ষিতাম্ ॥৬॥
ভ্রাতৃভিঃ সহিতো রাজা চতুর্ভিরধিকং বভৌ।
প্রযুজ্যমানৈর্বিততো বেদৈরিব মহাধ্বরঃ ॥৭॥
তং তু ধৌম্যাদয়ো বিপ্রাঃ পরিবার্য্যোপতস্থিরে।
বৃহস্পতিসমা মুখ্যাঃ প্রজাপতিমিবামরাঃ ॥৮॥
ধর্ম্মরাজে হ্যতিপ্রীত্যা পূর্ণচন্দ্র ইবামলে।
প্রজানাং রেমিরে তুল্যং নেত্রাণি হৃদয়ানি চ ॥৯॥

ভারতকৌমুদী

অধীতি। তেন অধিপতিনা যুধিষ্ঠিরেণ করণেন, পৃথিবীক্ষিতাং তদধীনানাং রাজ্ঞাম্, চঞ্চলাপি লক্ষ্মীঃ, অধিষ্ঠানবতী চিরস্থিরা আসীৎ; মতির্বুদ্ধিঃ, পরায়ণং ন্যায়ৈকাগ্রতা তদ্বতী আসীৎ; অখিলো ধর্ম্মশ্চ বর্দ্ধমান আসীৎ; সর্ব্বত্র প্রভোর্যুধিষ্ঠিরস্য শাসনানুসরণাদিতি ভাবঃ ॥৬॥

ভ্রাতৃভিরিতি। প্রযুজ্যমানৈর্যথাস্থানং ব্যাপার্য্যমাণৈঃ, চতুর্ভির্বেদৈঃ, বিততো বিস্তারেণানুষ্ঠিতঃ, মহাধ্বরো মহাযজ্ঞ ইব, উপযুক্তকর্ম্মসু প্রযুজ্যমানৈঃ, ভীমাদিভিশ্চতুর্ভির্ভ্রাতৃভিঃ সহিতো রাজা যুধিষ্ঠিরঃ, অধিকং বভৌ রাজসু শুশুভে ॥৭॥

তমিতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। মুখ্যাঃ প্রধানাঃ। প্রজাপতিং ব্রহ্মাণমিব ॥৮॥

ধর্ম্মেতি। ধর্ম্মরাজে যুধিষ্ঠিরে। রেমিরে আনন্দুঃ। হৃদয়ানি মনাংসি ॥৯॥

ভারতভাবদীপঃ

অধিষ্ঠানেতি। চলাপি লক্ষ্মীর্দৃঢ়াস্পদা অভূৎ, পরায়ণং পরা কাষ্ঠা তদ্বতী তাং প্রাপ্তা ইত্যর্থঃ ॥৬॥ মহান্ অথর্ব্ববেদোক্তত্তৎকর্ম্মাঙ্গোপাসনাযুক্তঃ ঋগ্‌যজুঃসামসাধ্যো জ্যোতিষ্টোমাদিঃ

বিশেষভাবে বেদাধ্যায়ী, মহাযজ্ঞকারী এবং সচ্চরিত্র লোকের রক্ষক যুধিষ্ঠিরকে প্রজারা ভাগ্যবশতই রাজা পাইয়াছিল ॥৫॥

যুধিষ্ঠির সম্রাট্ হইলে, তাঁহার অধীনস্থ রাজগণের লক্ষ্মী চিরস্থায়িনী হইয়াছিল, বুদ্ধি ন্যায়পরায়ণতা লাভ করিয়াছিল এবং সমস্ত ধর্ম্মই বৃদ্ধি পাইয়াছিল ॥৬॥

চারিটী বেদবিধানে অনুষ্ঠিত মহাযজ্ঞের ন্যায় যুধিষ্ঠির চারিটী ভ্রাতার সহিত মিলিত হইয়া অধিক শোভা পাইতে লাগিলেন ॥৭॥

দেবতারা যেমন ব্রহ্মার উপাসনা করেন, সেইরূপ ধৌম্যপ্রভৃতি বৃহস্পতিতুল্য প্রধান প্রধান ব্রাহ্মণেরা পরিবেষ্টনপূর্ব্বক যুধিষ্ঠিরের উপাসনা করিতেন ॥৮॥

নির্ম্মল পূর্ণচন্দ্রের তুল্য যুধিষ্ঠিরের প্রতি প্রণয়বশতঃ প্রজাদের নয়ন ও মন সমানভাবে প্রীতিলাভ করিত ॥৯॥

ন তু কেবলদৈবেন প্রজা ভাবেন রেমিরে।
যদ্বভূব মনঃ কান্তং কর্ম্মণা স চকার তৎ ॥১০॥
নহ্যযুক্তং ন চাসত্যং নাসহ্যং ন চ বিপ্রিয়ম্।
ভাষিতং চারুভাষস্য জজ্ঞে পার্থস্য ধীমতঃ ॥১১॥
স হি সর্ব্বস্য লোকস্য হিতমাত্মন এব চ।
চিকীর্ষন্ সুমহাতেজা রেমে ভরতসত্তমঃ ॥১২॥
তথা তু মুদিতাঃ সর্ব্বে পাণ্ডবা বিগতজ্বরাঃ।
অবসন্ পৃথিবীপালাংস্তাপয়ন্তঃ স্বতেজসা ॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। প্রজা জনাঃ, কেবলদৈবেন একমাত্রতৎকালীনশুভাদৃষ্টেন, ন রেমিরে ন আননন্দুঃ, তু কিন্তু, ভাবেন স্বস্বব্যবহারেণাপি রেমিরে। যদ্ যস্মাৎ, কর্ম্মণা তাসামেব পরস্পর-ব্যবহারেণ তাসাং মনঃ, কান্তং নির্ম্মলং বভূব। তৎ তাদৃশঞ্চ কর্ম্ম, স যুধিষ্ঠির এব, চকার শাসনগুণেন সম্পাদয়ামাস ॥১০॥

নহীতি। চার্ব্বী স্বভাবমধুরা ভাষা যস্য তস্য। পার্থস্য যুধিষ্ঠিরস্য ॥১১॥

স ইতি। লোকহিতকরণাদেবানন্দো ভরতসত্তমত্বাদেবেতি ভাবঃ ॥১২॥

তথেতি। বিগতজ্বরাস্তিরোহিতসর্ব্বসন্তাপাঃ। স্বতেজসা নিজবিক্রমেণ ॥১৩॥

ভারতভাবদীপঃ

॥৭—৮॥ তুল্যং যুগপৎ, তুল্যমিত্যত্র "হৃত্যা" ইতি পাঠে হৃত্যা নেত্রাণি প্রীত্যা হৃদয়ানি চ রেমিরে ইত্যন্বয়ঃ ॥৯॥ দৈবেন দেবো রাজা তৎকর্ম্মণা পালনেন ন কেবলং রেমিরে অপি তু ভাবেন ভক্ত্যা, তত্র হেতুঃ যদিতি। মনঃকান্তং মনোরমং প্রজানাম্ ॥১০॥ কর্ম্মণা প্রিয়করত্বমুক্তা বাঙ্মনসাভ্যামপি তদাহ দ্বাভ্যাম্—ন হীতি। অসহ্যং দুঃখদম্, "অহিতম্" ইতি পাঠেঽপি স এবার্থঃ। অপ্রিয়ং প্রীত্যনুৎপাদকম্। ভাষিতং বচনম্। জজ্ঞে প্রাদুর্বভূব

তৎকালে প্রজারা কেবল শুভাদৃষ্টের প্রভাবে নহে; কিন্তু পরস্পরের ব্যবহারেও আনন্দ লাভ করিত। কারণ, তাহাদের মন পরস্পরের ব্যবহারে নির্ম্মল হইয়া গিয়াছিল; সে রূপ ব্যবহারটা যুধিষ্ঠিরই জন্মাইয়া দিয়াছিলেন ॥১০॥

বুদ্ধিমান্ ও মধুরভাষী যুধিষ্ঠির অসঙ্গত, অসত্য এবং লোকের অসহ্য বা অপ্রিয় কথা বলিতেন না ॥১১॥

অসাধারণ প্রভাবশালী ও ভরতবংশশ্রেষ্ঠ যুধিষ্ঠির সমস্ত লোকের এবং নিজের হিতসাধন করিয়াই আনন্দ লাভ করিতেন ॥১২॥

(১০)…প্রভাবেণ চ রেমিরে। (১১)…ন চ বাঽপ্রিয়ম্। ভাষিতং চারুহাসস্য…।

ততঃ কতিপয়াহস্য বীভৎসুঃ কৃষ্ণমব্রবীৎ।
উষ্ণানি কৃষ্ণ! বর্ত্তন্তে গচ্ছাবো যমুনাং প্রতি ॥১৪॥
সুহৃজ্জনবৃতৌ তত্র বিহৃত্য মধুসূদন!।
সায়াহ্নে পুনরেষ্যাবো রোচতাং তে জনার্দ্দন! ॥১৫॥

বাসুদেব উবাচ।

কুন্তীমাতর্ম্মমাপ্যেতদ্রোচতে যদ্বয়ং জলে।
সুহৃজ্জনবৃতাঃ পার্থ! বিহরেম যথাসুখম্ ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

আমন্ত্র্য তৌ ধর্ম্মরাজমনুজ্ঞাপ্য চ ভারত!।
জগ্মতুঃ পার্থগোবিন্দৌ সুহৃজ্জনবৃতৌ ততঃ ॥১৭॥
বিহরন্ খাণ্ডবপ্রস্থে কাননেষু চ মাধবঃ।
পুষ্পিতোপবনাং দিব্যাং দদর্শ যমুনাং নদীম্ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। কতিপয়াহস্য অতিক্রমে সতীতি শেষঃ। উষ্ণানি গ্রীষ্মদিনানি ॥১৪॥

সুহৃদিতি। রোচতাম্ অস্মিন্ বিষয়ে ভবদভিপ্রায়ো ভবতু ॥১৫॥

কুন্তীতি। কুন্তী মাতা যস্যেতি তৎসম্বোধনম্। আর্ষত্বাদৎপ্রত্যয়াভাবঃ ॥১৬॥

আমন্ত্র্যেতি। আমন্ত্র্য গমনমাপৃচ্ছ্য। অনুজ্ঞাপ্য গমনানুমতিং কারয়িত্বা ॥১৭॥

বিহরন্নিতি। বিহরন্ কৃতবিহারঃ। পুষ্পিতানি সঞ্জাতপুষ্পাণি উপবনানি যস্যাস্তাম্ ॥১৮॥

পাণ্ডবেরা সকলেই আনন্দিত ও সন্তাপশূন্য থাকিয়া আপন প্রভাবে অন্যান্য রাজাকে উদ্বিগ্ন রাখিয়া বাস করিতে লাগিলেন ॥১৩॥

তাহার পর কিছু দিন অতীত হইলে, অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—"কৃষ্ণ! বড়ই গ্রীষ্ম পড়িয়াছে; সুতরাং চল, আমরা যমুনায় যাই ॥১৪॥

কৃষ্ণ! আমরা সুহৃজ্জনে পরিবেষ্টিত হইয়া দিনের বেলা সেখানে বিচরণ করিয়া, সন্ধ্যাকালে পুনরায় আসিব; এবিষয়ে তোমারও অভিপ্রায় হউক" ॥১৫॥

কৃষ্ণ বলিলেন—"অর্জ্জুন! আমারও ইচ্ছা এই যে, আমরা সুহৃজ্জনে পরিবৃত হইয়া যথাসুখে জলবিহার করি" ॥১৬॥

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর, কৃষ্ণ ও অর্জ্জুন যুধিষ্ঠিরের নিকট জিজ্ঞাসা করিয়া, তাঁহার অনুমতি লইয়া, সুহৃজ্জনে পরিবৃত হইয়া, যমুনায় গমন করিলেন ॥১৭॥

কৃষ্ণ ইন্দ্রপ্রস্থে এবং তত্রত্য উদ্যানসমূহে পূর্ব্বেই বিচরণ করিয়াছিলেন,

---

১৮ শ্লোকাদারভ্য ত্রয়ঃ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন সন্তি।

তস্যাস্তীরে বনং দিব্যং সর্ব্বর্ত্তুসুমনোহরম্।
আলয়ং সর্ব্বভূতানাং খাণ্ডবং খড়্গচর্ম্মভৃৎ ॥১৯॥
দদর্শ কৃৎস্নং তং দেশং সহিতঃ সব্যসাচিনা।
ঋক্ষগোমায়ুশার্দ্দূল-বৃককৃষ্ণমৃগান্বিতম্ ॥২০॥ (যুগ্মকম্)
বিহারদেশং সম্প্রাপ্য নানাদ্রুমমনুত্তমম্।
গৃহৈরুচ্চাবচৈর্যুক্তং পুরন্দরপুরোপমম্ ॥২১॥
ভক্ষ্যৈর্ভোজ্যৈশ্চ পেয়ৈশ্চ রসবদ্ভির্মহাধনৈঃ।
মাল্যৈশ্চ বিবিধৈর্গন্ধৈর্যুক্তং বার্ষ্ণেয়পার্থয়োঃ ॥২২॥
বিবেশান্তঃপুরং তূর্ণং দ্রব্যৈরুচ্চাবচৈঃ শুভৈঃ।
যথোপজোষং সর্ব্বশ্চ জনশ্চিক্রীড় ভারত ! ॥২৩॥ (বিশেষকম্)
স্ত্রিয়শ্চ বিপুলশ্রোণ্যশ্চারুপীনপয়োধরাঃ।
মদস্খলিতগামিন্যশ্চিক্রীড়ুর্বামলোচনাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তস্যা ইতি। খড়্গচর্ম্মভৃন্মাধব ইতি পূর্ব্বান্বয়ঃ। ঋক্ষো ভল্লুকঃ ॥১৯—২০॥

বিহারেতি। নানা দ্রুমা যত্র তম্। উচ্চাবচৈরনেকবিধৈঃ। বার্ষ্ণেয়পার্থয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ সর্ব্বো জন ইতি সম্বন্ধঃ। যথোপজোষং যথাসুখম্, "তূষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ ॥২১—২৩॥

ভারতভাবদীপঃ

॥১১—১৩॥ উষ্ণানি নিদাঘদিনানি ॥১৪—১৫॥ কুন্তী মাতা যস্যেতি, হে কুন্তীমাতঃ! হে

এখন যাইয়া মনোহর যমুনানদী দর্শন করিলেন; তৎকালে যমুনার তীরবর্ত্তী উদ্যানগুলিতে নানাবিধ ফুল ফুটিয়া রহিয়াছিল ॥১৮॥

খড়্গ ও চর্ম্মধারী কৃষ্ণ অর্জ্জুনের সহিত মিলিত হইয়া, যমুনার তীরবর্ত্তী খাণ্ডবন এবং তাহার নিকটবর্ত্তী সমস্ত স্থান দর্শন করিলেন। সে খাণ্ডববন সকল ঋতুতেই অত্যন্ত মনোহর এবং সর্ব্বপ্রকার প্রাণীর বাসস্থান ছিল, আর তাহাতে ভল্লুক, শৃগাল, ব্যাঘ্র, ক্ষুদ্র ব্যাঘ্র ও কৃষ্ণসার মৃগ বিচরণ করিত ॥১৯—২০॥

কৃষ্ণ ও অর্জ্জুন যাইয়া বিহারস্থানে উপস্থিত হইলেন; সে স্থানটা নানাবিধ বৃক্ষ ও নানাবিধ গৃহ থাকায় ইন্দ্রপুরীর ন্যায় শোভিত ছিল এবং সেখানে সুস্বাদু খাদ্য, পেয়, মহামূল্য মাল্য, নানাবিধ গন্ধদ্রব্য ও মাঙ্গলিক নানাবিধ দ্রব্য ছিল। তখন কৃষ্ণ ও অর্জ্জুনের সহচর সমস্ত লোকই সত্বর যাইয়া অন্তঃপুরে প্রবেশ করিল এবং যথাসুখে ক্রীড়া করিতে লাগিল ॥২১—২৩॥

---

(২৩)...রত্নৈরুচ্চাবচৈঃ শুভৈঃ।

বনে কাশ্চিজ্জলে কাশ্চিৎ কাশ্চিদ্বেশ্মসু চাঙ্গনাঃ।
যথাদেশং যথাপ্রীতি চিক্রীড়ুঃ পার্থকৃষ্ণয়োঃ ॥২৫॥
দ্রৌপদী চ সুভদ্রা চ বাসাংস্যাভরণানি চ।
প্রাযচ্ছতাং মহার্হাণি স্ত্রীণাং তে স্ম মদোৎকটে ॥২৬॥
কাশ্চিৎ প্রহৃষ্টা ননৃতুশ্চুক্রুশুশ্চ তথাপরাঃ।
জহসুশ্চাপরা নার্য্যঃ পপুশ্চান্যা বরাসবম্ ॥২৭॥
রুরুধুশ্চাপরাস্তত্র প্রজঘ্নুশ্চ পরস্পরম্।
মন্ত্রয়ামাসুরন্যাশ্চ রহস্যানি পরস্পরম্ ॥২৮॥
বেণুবীণামৃদঙ্গানাং মনোজ্ঞানাঞ্চ সর্ব্বশঃ।
শব্দেনাপূর্য্যতে হ স্ম তদ্বনং সুসমৃদ্ধিমৎ ॥২৯॥

ভারতকৌমুদী

স্ত্রিয় ইতি। বিপুলশ্রোণ্যো বিশালনিতম্বাঃ। বামলোচনাঃ সুন্দরনয়নাঃ ॥২৪॥
বন ইতি। পার্থকৃষ্ণয়োরাদেশমনতিক্রম্যেতি যথাদেশম্, যথাপ্রীতি চ তয়োরেব ॥২৫॥
দ্রৌপদীতি। মহার্হাণি মহামূল্যানি। তে দ্রৌপদীসুভদ্রে, মদেন উৎকটে বিহ্বলে ॥২৬॥
কাশ্চিদিতি। চুক্রুশুরাহূতবত্যঃ। বরাসবম্ উত্তমমদ্যম্ ॥২৭॥
রুরুধুরিতি। রুরুধুর্গৃহাভ্যন্তরে। প্রজঘ্নুঃ সলীলং প্রহৃতবত্যঃ। রহস্যানি গুপ্তানি ॥২৮॥

এবং বিশালানতম্বা, সুন্দর-পীন-স্তনী, মদবিহ্বলগামিনী ও মনোহরনয়না রমণীরাও ক্রীড়া করিতে থাকিল ॥২৪॥

কৃষ্ণ ও অর্জ্জুনের আদেশক্রমে এবং তাঁহাদের প্রীতি অনুসারে রমণীদের মধ্যে কেহ কেহ বনে, কেহ কেহ জলে এবং কেহ কেহ গৃহে ক্রীড়া করিতে লাগিল ॥২৫॥

তখন দ্রৌপদী ও সুভদ্রা মদে বিহ্বল হইয়া সেই রমণীগণকে মহামূল্য বস্ত্র ও অলঙ্কার দান করিতে লাগিলেন ॥২৬॥

সেই সময়ে তাহাদের মধ্যে কেহ কেহ আনন্দিত হইয়া নাচিতে লাগিল, কেহ কেহ ডাকিতে থাকিল, কেহ কেহ হাসিতে থাকিল এবং কেহ কেহ উত্তম মদ্য পান করিতে লাগিল ॥২৭॥

কোন কোন রমণী অন্যান্য রমণীকে রুদ্ধ করিল, কেহ কেহ লীলার সহিত পরস্পর প্রহার করিল এবং কেহ কেহ পরস্পর রহস্যালাপ করিতে লাগিল ॥২৮॥

তখন বেণু, বীণা ও মৃদঙ্গের মধুর শব্দ সেই সমৃদ্ধিশালী সমস্ত উপবনটীকেই পরিপূর্ণ করিল ॥২৯॥

---

(২৯) শব্দেনাপূর্য্যতে হর্ম্ম্যম্…।

তস্মিংস্তথা বর্ত্তমানে কুরুদাশার্হনন্দনৌ।
সমীপে জগ্মতুঃ কঞ্চিদুদ্দেশং সুমনোরমম্ ॥৩০॥
তত্র গত্বা মহাত্মানৌ কৃষ্ণৌ পরপুরঞ্জয়ৌ।
মহার্হাসনয়ো রাজন্! ততস্তৌ সন্নিষীদতুঃ ॥৩১॥
তত্র পূর্ব্বব্যতীতানি বিক্রান্তানীতরাণি চ।
বহূনি কথয়িত্বা তৌ রেমাতে পার্থমাধবৌ ॥৩২॥
তত্রোপবিষ্টৌ মুদিতৌ নাকপৃষ্ঠেঽশ্বিনাবিব।
অভ্যাগচ্ছত্তদা বিপ্রো বাসুদেবধনঞ্জয়ৌ ॥৩৩॥
বৃহচ্ছালপ্রতীকাশঃ প্রতপ্তকনকপ্রভঃ।
হরিপিঙ্গোজ্জ্বলশ্মশ্রুঃ প্রমাণায়ামতঃ সমঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

বেণ্বিতি। সর্ব্বশঃ সর্ব্বম্। বনম্ উপবনম্, সুসমৃদ্ধিমৎ ধনরত্নাদিভিঃ ॥২৯॥

তস্মিন্নিতি। তস্মিন্ উৎসবে। কুরুদাশার্হনন্দনৌ অর্জ্জুনকৃষ্ণৌ। উদ্দেশং স্থানম্ ॥৩০॥

তত্রেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। সন্নিষীদতুঃ উপবিবিশতুঃ ॥৩১॥

তত্রেতি। বিক্রান্তানি বিক্রমচরিত্রাণি, ইতরাণি চ বৃত্তানি ॥৩২॥

তত্রেতি। নাকপৃষ্ঠে স্বর্গোপরি অভি লক্ষ্যীকৃত্য। বৃহচ্ছালপ্রতীকাশো বিশালশালবৃক্ষতুল্যঃ; হরিভিরংশুভিঃ পিঙ্গানি পিঙ্গলবর্ণানি উজ্জ্বলানি চ শ্মশ্রূণি যস্য সঃ, প্রমাণায়ামতো দৈর্ঘ্যস্থৌল্যাভ্যাম্, সমঃ সঙ্গতাকৃতিঃ। [illegible] নবোদিতসূর্য্যসদৃশঃ, চির-

ভারতভাবদীপঃ

অর্জ্জুন! ॥৬—২০॥ গৃহৈঃ মধ্যেযমুনং নির্ম্মিতৈঃ ক্রীড়াবাপ্যাদিযুক্তৈঃ ॥২১—২২॥ ভক্ষ্যাদ্যৈর্যুক্তং বিহারস্থানং বিবেশ, অন্তঃপুরং কক্ষং, বৈশ্রুকম্ ॥২৩—২৯॥ উদ্দেশং প্রদেশম্

সেই উৎসব সেইভাবে চলিতে লাগিলে, কৃষ্ণ ও অর্জ্জুন নিকটবর্ত্তী কোন একটী মনোহর স্থানে গমন করিলেন ॥৩০॥

মহারাজ! শক্রপুরবিজয়ী মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুন সেই স্থানে যাইয়া দুইখানি মহামূল্য আসনে উপবেশন করিলেন ॥৩১॥

তাঁহারা সেখানে উপবেশন করিয়া পূর্ব্ববর্ত্তী বিক্রম এবং অন্যান্য বহু বিষয় আলোচনা করিতে থাকিয়া আরাম করিতে লাগিলেন ॥৩২॥

স্বর্গের উপরিভাগে উপবিষ্ট অশ্বিনীকুমারদ্বয়ের ন্যায় তাঁহারা সেখানে উপবিষ্ট হইয়া আনন্দ অনুভব করিতে লাগিলেন। তখন একটী ব্রাহ্মণ তাঁহাদিগকে লক্ষ্য করিয়া আসিতে লাগিলেন; তাঁহার শরীরটী বিশাল শালবৃক্ষের ন্যায় দীর্ঘ, তাঁহার বর্ণ উত্তপ্ত স্বর্ণের তুল্য, শ্মশ্রুগুলি পিঙ্গলবর্ণ ও

(৩০) তস্মিংস্তদা...উদ্দেশং সুমনোহরম্। (৩১)...ততস্তৌ সংবিবেশতুঃ।

তরুণাদিত্যসঙ্কাশশ্চীরবাসা জটাধরঃ।
পদ্মপত্রাননঃ পিঙ্গস্তেজসা প্রজ্বলন্নিব ॥৩৫॥ (বিশেষকম্)
উপসৃষ্টস্তু তং কৃষ্ণৌ ভ্রাজমানং দ্বিজোত্তমম্।
অর্জ্জুনো বাসুদেবশ্চ তূর্ণমুৎপত্য তস্থতুঃ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে ব্রাহ্মণরূপ্যনলাগমনে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

সোঽব্রবীদর্জ্জুনঞ্চৈব বাসুদেবঞ্চ সাত্বতম্।
লোকপ্রবীরৌ তিষ্ঠন্তৌ খাণ্ডবস্য সমীপতঃ ॥১॥

ভারতকৌমুদী

বাসাঃ কৌপীনধারী। পদ্মপত্রবৎ আননম্ আননগতং নয়নং যস্য সঃ। তেজসাপি পিঙ্গঃ পিঙ্গলবর্ণঃ ॥৩৩—৩৫॥

উপেতি। অর্জ্জুনো বাসুদেবশ্চৈতৌ কৃষ্ণৌ, ভ্রাজমানং তেজসা দীপ্যমানং তং দ্বিজোত্তমম্, উপসৃষ্টং সন্নিহিতম্, দৃষ্ট্বেতি শেষঃ, তূর্ণম্, উৎপত্য উত্থায়, তস্থতুঃ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

স ইতি। স ব্রাহ্মণঃ। সাত্বতং তদ্বংশীয়ম্। লোকে মর্ত্ত্যভুবনে প্রবীরৌ প্রধানশূরৌ ॥১॥

ভারতভাবদীপঃ

॥৩০—৩৩॥ হরিপিঙ্গঃ নীলপীতাখিলাঙ্গঃ, জলশ্মশ্রুঃ আলাবৎ শ্মশ্রুঃ ॥৩৪—৩৫॥ উপসৃষ্টং সমীপাগতমুপলক্ষ্য উৎপত্য আসনাৎ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৫॥

ও উজ্জ্বল, আকারটী যেমন দীর্ঘ তেমন স্থূল; আর তিনি নবোদিত সূর্য্যের ন্যায় তেজস্বী, কৌপীন ও জটাধারী এবং পিঙ্গলবর্ণ তেজ দ্বারা যেন জ্বলিতেছিলেন; আর তাঁহার নয়নযুগল পদ্মপত্রের ন্যায় সুন্দর ছিল ॥৩৩—৩৫॥

তিনি নিকটে আসিয়াছেন দেখিয়া কৃষ্ণ ও অর্জ্জুন সত্বর গাত্রোত্থান করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৬॥

---

* '...বিংশত্যধিক...' '...দ্বাবিংশত্যধিক...' '...চতুর্বিংশত্যধিক...' '...অষ্টচত্বারিংশদধিক...' ইতি পাঠান্তরাণি।

ব্রাহ্মণো বহুভোক্তাস্মি ভুঞ্জেঽপরিমিতং সদা।
ভিক্ষে বার্ষ্ণেয়পার্থৌ ! বামেকাং তৃপ্তিং প্রযচ্ছতম্ ॥২॥
এবমুক্তৌ তমব্রূতাং তাবুভৌ কৃষ্ণপাণ্ডবৌ।
কেনান্নেন ভবাংস্তৃপ্যেত্তস্যান্নস্য যতাবহে ॥৩॥
এবমুক্তস্তু ভগবানব্রবীৎ পাবকস্ততঃ।
ভাষমাণৌ তদা বীরৌ কিমন্নং ক্রিয়তামিতি ॥৪॥

ব্রাহ্মণ উবাচ।

নাহমন্নং বুভুক্ষে বৈ পাবকং মাং নিবোধতম্।
যদন্নমনুরূপং মে তদ্‌যুবাং সম্প্রযচ্ছতম্ ॥৫॥
ইদমিন্দ্রঃ সদা দাবং খাণ্ডবং পরিরক্ষতি।
ন চ শক্নোম্যহং দগ্ধুং রক্ষ্যমাণং মহাত্মনা ॥৬॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণ ইতি। হে বার্ষ্ণেয়পার্থৌ কৃষ্ণার্জ্জুনৌ ! বাং যুবাম্, ভিক্ষে প্রার্থয়ে ॥২॥
এবমিতি। তং ব্রাহ্মণম্। তস্য অন্নস্য সংগ্রহায়েতি শেষঃ ॥৩॥
এবমিতি। পাবকো ব্রাহ্মণরূপী বহ্নিদেবঃ। কিমন্নমাবাভ্যাং ক্রিয়তামিতি ভাষমাণৌ ॥৪॥
নেতি। বুভুক্ষে ভোক্তুমিচ্ছামি। নিবোধতং জানীতম্। অন্নং খাদ্যম্ ॥৫॥
ইদমিতি। দাবং বনম্, "দবদাবৌ বনারণ্যবহ্নী" ইত্যমরঃ। মহাত্মনা তেনেন্দ্রেণ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—সেই ব্রাহ্মণ, খাণ্ডববনের সন্নিহিত ভূমণ্ডলমধ্যে প্রধান বীর কৃষ্ণ ও অর্জ্জুনকে বলিলেন—॥১॥

"আমি বহুভোজী ব্রাহ্মণ, আমি সর্ব্বদাই অপরিমিত ভোজন করিয়া থাকি। অতএব হে কৃষ্ণার্জ্জুন ! আমি আপনাদের নিকট প্রার্থনা করিতেছি যে, আপনারা একটীবার মাত্র আমার তৃপ্তি সম্পাদন করুন" ॥২॥

ব্রাহ্মণ এইরূপ বলিলে, কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনেই তাঁহাকে বলিলেন—"আপনি কি খাদ্য খাইয়া তৃপ্তি লাভ করিয়া থাকেন? আমরা সেই খাদ্য সংগ্রহের জন্যই চেষ্টা করিব" ॥৩॥

'আমরা কি খাদ্য সংগ্রহ করিব' এই কথা কৃষ্ণ ও অর্জ্জুন বলিলে, ব্রাহ্মণরূপী ভগবান্ অগ্নি তাঁহাদিগকে কহিলেন ॥৪॥

ব্রাহ্মণরূপী অগ্নি বলিলেন—"আমি অন্ন ভোজন করিতে ইচ্ছা করি না। কারণ, আপনারা আমাকে অগ্নিদেব বলিয়া জানুন। অতএব যে অন্ন আমার যোগ্য হয়, তাহাই আপনারা আমাকে দান করুন ॥৫॥

---

(৩)...তমভ্যেতৌ কৃষ্ণপাণ্ডবৌ। (৪)...অব্রবীত্তাবুভৌ ততঃ।

বসত্যত্র সখা তস্য তক্ষকঃ পন্নগঃ সদা।
সগণস্তৎকৃতে দাবং পরিরক্ষতি বজ্রভৃৎ ॥৭॥
তত্র ভূতান্যনেকানি রক্ষ্যন্তে স্ম প্রসঙ্গতঃ।
তং দিধক্ষুর্ন শক্নোমি দগ্ধুং শক্রস্য তেজসা ॥৮॥
স মাং প্রজ্বলিতং দৃষ্ট্বা মেঘাম্ভোভিঃ প্রবর্ষতি।
ততো দগ্ধুং ন শক্নোমি দিধক্ষুর্দাবমীপ্সিতম্ ॥৯॥
স যুবাভ্যাং সহায়াভ্যামস্ত্রবিদ্ভ্যাং সমাগতঃ।
দহেয়ং খাণ্ডবং দাবমেতদন্নং বৃতং ময়া ॥১০॥
যুবাং হ্যুদকধারাস্তা ভূতানি চ সমন্ততঃ।
উত্তমাস্ত্রবিদৌ সম্যক্ সর্ব্বতো বারয়িষ্যথঃ ॥১১॥

ভারতকৌমুদী

কথং তেন রক্ষ্যমাণমিত্যাহ—বসতীতি। তস্য ইন্দ্রস্য। সগণঃ সপরিবারঃ। বজ্রভৃদিন্দ্রঃ ॥৭॥ তত্রেতি। ভূতানি প্রাণিনঃ। রক্ষ্যন্তে ইন্দ্রেণৈব। দিধক্ষুর্দগ্ধুমিচ্ছুঃ ॥৮॥ স ইতি। স ইন্দ্রঃ। ঈপ্সিতং দাবং বনম্, দিধক্ষুরপি সন্ ॥৯॥ স ইতি। সোঽহম্। সমাগতঃ সম্মিলিতঃ। এতদীদৃশম্। বৃতং প্রার্থিতম্ ॥১০॥

ভারতভাবদীপঃ

সোঽব্রবীদিতি ॥১॥ বাং ভিক্ষে যুবাং দাতুং সমর্থৌ প্রার্থয়ে ॥২॥ তস্য অন্নস্য দানে ॥৩॥ ক্রিয়তামিতি ভাষমাণৌ তৌ প্রত্যব্রবীদিত্যন্বয়ঃ ॥৪—৭॥ ভূতানি বহির্নির্গন্তুকামানি

ইন্দ্র এই খাণ্ডববনটীকে সর্ব্বদাই রক্ষা করেন। তিনি রক্ষা করিতে থাকাতেই আমি ইহা দগ্ধ করিতে পারি না ॥৬॥

ইন্দ্রের সখা তক্ষকনাগ সর্ব্বদাই সপরিবারে এই বনে বাস করে; তাহার জন্যই ইন্দ্র এই বন রক্ষা করেন ॥৭॥

ইন্দ্র সেই তক্ষকনাগকে রক্ষা করিবার প্রসঙ্গে অত্রত্য অনেক প্রাণীকেই রক্ষা করিয়া থাকেন; তাহাতেই আমি এই বনটীকে দগ্ধ করিতে ইচ্ছা করিয়াও ইন্দ্রের প্রভাবে দগ্ধ করিতে পারি না ॥৮॥

আমি জ্বলিয়া উঠিয়াছি—ইহা দেখিয়াই ইন্দ্র মেঘ হইতে জল বর্ষণ করিতে থাকেন; তাহাতেই আমি অভীষ্ট বনটীকে দগ্ধ করিতে ইচ্ছা করিয়াও দগ্ধ করিতে পারি না ॥৯॥

আপনারা দুই জনই অস্ত্রজ্ঞ; সুতরাং আপনাদের সহায়তায় আমি খাণ্ডববন দগ্ধ করিতে পারিব। এই অন্নই আমি প্রার্থনা করিয়াছি ॥১০॥

---

(৮)…রক্ষন্তে স্ম প্রসঙ্গতঃ। (১১)…সর্ব্বতো বারয়িষ্যতঃ।

জনমেজয় উবাচ।

কিমর্থং ভগবানগ্নিঃ খাণ্ডবং দগ্ধুমিচ্ছতি।
রক্ষ্যমাণং মহেন্দ্রেণ নানাসত্ত্বসমাযুতম্ ॥১২॥
নহ্যেতৎ কারণং ব্রহ্মন্! অল্পং সম্প্রতিভাতি মে।
যদ্দদাহ সুসংক্রুদ্ধঃ খাণ্ডবং হব্যবাহনঃ ॥১৩॥
এতদ্বিস্তরশো ব্রহ্মন্! শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
খাণ্ডবস্য পুরা দাহো যথা সমভবন্মুনে! ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

শৃণু মে ব্রুবতো রাজন্! সর্ব্বমেতদ্‌যথাতথম্।
যন্নিমিত্তং দদাহাগ্নিঃ খাণ্ডবং পৃথিবীপতে! ॥১৫॥

ভারতকৌমুদী

যুবামিতি। উদকধারা মেঘানাম্। ভূতানি প্রাণিনশ্চ ॥১১॥
কিমিতি। নানা সত্ত্বৈর্বহুভির্জন্তুভিঃ সমাযুতম্ ॥১২॥
নহীতি। সম্প্রতিভাতি সম্যগ্‌জ্ঞানবিষয়ীভবতি। হব্যবাহনো বহ্নিঃ ॥১৩॥
এতদিতি। তত্ত্বতো যথার্থভাবেন। যথা যৎ ॥১৪॥
শৃণ্বিতি। "রাজা প্রকৃতিরঞ্জনাৎ" ইত্যুক্তেঃ হে রাজন্! প্রকৃতিরঞ্জক! ইত্যাপৌনরুক্ত্যম্ ॥১৫॥

আপনারা উত্তম অস্ত্রজ্ঞ; অতএব আপনারা সেই জলধারাকে এবং সমস্ত প্রাণীকে সকল দিক্ হইতেই সম্যক্‌রূপে বারণ করিবেন" ॥১১॥

জনমেজয় বলিলেন—"মহর্ষি! নানাপ্রাণিসমন্বিত খাণ্ডববনটাকে ইন্দ্র রক্ষা করিতেছিলেন; এ অবস্থায় অগ্নি তাহা দগ্ধ করিতে ইচ্ছা করিয়াছিলেন কেন? ॥১২॥

যে কারণে অগ্নি ক্রুদ্ধ হইয়া খাণ্ডববন দগ্ধ করিয়াছিলেন, সে কারণটা যে ক্ষুদ্র হইবে, তাহা আমার মনে হয় না ॥১৩॥

অতএব মহর্ষি! যে কারণে পূর্ব্বকালে খাণ্ডবদাহ হইয়াছিল, তাহা আমি বিস্তরক্রমে ও যথার্থভাবে শুনিতে ইচ্ছা করি" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—প্রজারঞ্জক জনমেজয়! যে জন্য অগ্নি খাণ্ডববন দগ্ধ করিয়াছিলেন, সে বৃত্তান্ত আমি যথাযথভাবে সমস্তই বলিতেছি; আপনি শ্রবণ করুন ॥১৫॥

---

১৫ শ্লোকঃ কতিপয়পুস্তকে নাস্তি।

হন্ত তে কথয়িষ্যামি পৌরাণীমৃষিসংস্তুতাম্।
কথামিমাং নরশ্রেষ্ঠ! খাণ্ডবস্য বিনাশিনীম্ ॥১৬॥
পৌরাণঃ শ্রূয়তে তাত! রাজা হরিহয়োপমঃ।
শ্বেতকির্নাম বিখ্যাতো বলবিক্রমসংযুতঃ ॥১৭॥
যজ্বা দানপতির্ধীমান্ যথা নান্যোঽস্তি কশ্চন।
ঈজে চ স মহাযজ্ঞৈঃ ক্রতুভিশ্চাপ্তদক্ষিণৈঃ ॥১৮॥
তস্য নান্যাভবদ্‌বুদ্ধির্দিবসে দিবসে নৃপ!।
সত্রে ক্রিয়াসমারম্ভে দানেষু বিবিধেষু চ ॥১৯॥
ঋত্বিগ্‌ভিঃ সহিতো ধীমানেবমীজে স ভূমিপঃ।
ততস্তু ঋত্বিজশ্চাস্য ধূমব্যাকুললোচনাঃ ॥২০॥
কালেন মহতা খিন্নাস্তত্যজুস্তে নরাধিপম্।
ততঃ প্রচোদয়ামাস ঋত্বিজস্তান্ মহীপতিঃ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

হন্তেতি। হন্ত হর্ষে। হর্ষশ্চ উত্তমকথাকথনসম্ভবাৎ। ঋষিভিঃ সংস্তুতাং প্রশস্তাম্ ॥১৬॥
পৌরাণ ইতি। পৌরাণঃ পুরাণশাস্ত্রোক্তঃ। হরিহয়োপম ইন্দ্রতুল্যঃ ॥১৭॥
যজ্বেতি। যজ্বা বিধিনা কৃতযজ্ঞঃ, দানপতির্দানমত্তঃ। ঈজে দেবান্ পূজিতবান্। সসোমকো যজ্ঞঃ, নিঃসোমকশ্চ ক্রতুরিতি ভেদঃ। আপ্তা প্রচুরা দক্ষিণা যেষাং তৈঃ ॥১৮॥
তস্যেতি। কুত্র বুদ্ধিরভবদিত্যাহ—সত্র ইতি। সত্রে যজ্ঞে, কূপাদিক্রিয়াসমারম্ভে চ ॥১৯॥
ঋত্বিগ্‌ভিরিতি। ঈজে যজ্ঞং কৃতবান্। প্রচোদয়ামাস যজ্ঞকরণায় প্রণোদয়ামাস ॥২০—২১॥

ভারতভাবদীপঃ

॥৮—১৭॥ মহাযজ্ঞৈঃ পঞ্চভির্দেবযজ্ঞাদিভিঃ স্মার্তৈঃ ক্রতুভিঃ, শ্রৌতৈর্জ্যোতিষ্টোমাদিভিঃ।

হে নরশ্রেষ্ঠ! আপনার নিকট আমি খাণ্ডবদাহের বৃত্তান্ত বলিব; এই বৃত্তান্ত পুরাণোক্ত এবং মুনিরাও ইহার প্রশংসা করিয়া থাকেন ॥১৬॥

বৎস! পুরাণশাস্ত্রে শুনিতে পাই, ইন্দ্রের তুল্য বল-বিক্রমশালী 'শ্বেতকি' নামে বিখ্যাত এক রাজা ছিলেন ॥১৭॥

তিনি যথাবিধানে যজ্ঞ করিতেন এবং দানে মত্ত ছিলেন; সে বিষয়ে অন্য কোন রাজাই তাঁহার তুল্য ছিলেন না। তিনি প্রচুর-দক্ষিণাযুক্ত বৃহৎ বৃহৎ যজ্ঞ করিয়া দেবগণের তৃপ্তি সাধন করিতেন ॥১৮॥

মহারাজ! তাঁহার অন্য দিকে বুদ্ধি ছিল না, প্রত্যহই কেবল যজ্ঞ, নানাবিধ সৎকার্য্য এবং নানাবিধ দানের দিকে বুদ্ধি যাইত ॥১৯॥

(১৭) পৌরাণঃ শ্রূয়তে রাজন্!...। (২০) ইতঃপ্রভৃতি সার্দ্ধশ্লোকত্রয়ম্ অস্মৎপিতামহপুস্তকে নাস্তি।

চক্ষুর্বিকলতাং প্রাপ্তা ন প্রপেদুশ্চ তে ক্রতুম্।
ততস্তেষামনুমতে তদ্বিপ্রৈস্তু নরাধিপঃ ॥২২॥
সত্রং সমাপয়ামাস ঋত্বিগ্‌ভিরপরৈঃ সহ।
তস্যৈবং বর্ত্তমানস্য কদাচিৎ কালপর্য্যয়ে ॥২৩॥
সত্রমাহর্ত্তুকামস্য সংবৎসরশতং কিল।
ঋত্বিজো নাভ্যপদ্যন্ত সমাহর্ত্তুং মহাত্মনঃ ॥২৪॥ (বিশেষকম্)
স তু রাজাঽকরোদ্‌যত্নং মহান্তং সসুহৃজ্জনঃ।
প্রণিপাতেন সান্ত্বেন দানেন চ মহাযশাঃ ॥২৫॥
ঋত্বিজোঽনুনয়ামাস ভূয়োভূয়স্ত্বতন্দ্রিতঃ।
তে চাস্য তমভিপ্রায়ং ন চক্রুরমিতৌজসঃ ॥২৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চক্ষুরিতি। চক্ষুর্বিকলতাং প্রাপ্তা যজ্ঞধূমেন নেত্ররোগগ্রস্তাঃ। অতএব তে ঋত্বিজঃ, ক্রতুং যজ্ঞম্, ন প্রপেদুঃ সমাপয়িতুং ন গতাঃ। তদ্বিপ্রৈরপরৈর্ঋত্বিগ্‌ভিঃ সহেতি সম্বন্ধঃ। সত্রম্ আরব্ধং যজ্ঞম্। কালস্য পর্য্যয়ে অতিক্রমে। সংবৎসরশতং যাবৎ, সত্রং যজ্ঞম্, আহর্ত্তুকামস্য পুনরপ্যনুষ্ঠাতুমিচ্ছতঃ, মহাত্মনঃ শ্বেতকের্নৃপতেঃ, তং সত্রং সমাহর্ত্তুং সম্পাদয়িতুম্, ঋত্বিজো নাভ্যপদ্যন্ত নাঙ্গীকৃতবন্তঃ ॥২২—২৪॥

স ইতি। সুহৃজ্জনৈঃ সহেতি সসুহৃজ্জনঃ। সান্ত্বেন মধুরবাক্যেন। অনুনয়ামাস যজ্ঞং সম্পাদয়িতুমনুনিনায়। অতন্দ্রিতঃ অনলসঃ। অমিতৌজসো রাজ্ঞঃ ॥২৫—২৬॥

বুদ্ধিমান্ সেই শ্বেতকি রাজা এইভাবে পুরোহিতগণের সহিত মিলিত হইয়া কেবল যজ্ঞই করিতেন; তাহাতে তাঁহার পুরোহিতগণের নয়ন ধূমে আকুল হইয়া পড়িত; তাই তাঁহারা দীর্ঘকালের পর ক্লান্ত হইয়া রাজাকে ত্যাগ করিলেন। তথাপি রাজা তাঁহাদিগকে যজ্ঞে প্রণোদিত করিলেন ॥২০—২১॥

কিন্তু তাঁহারা নয়নরোগগ্রস্ত হইয়াছিলেন বলিয়া আর সে যজ্ঞ সমাপন করিতে গেলেন না। তাহার পর রাজা তাঁহাদেরই অনুমতিক্রমে তাঁহাদেরই সম্পর্কিত অন্যান্য পুরোহিত ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া সে যজ্ঞ সমাপ্ত করিলেন। এইরূপ ঘটনা ঘটিবার পর অনেক দিন চলিয়া গেল; তাহার পর কোন সময়ে শ্বেতকি রাজা আবার শতবর্ষব্যাপী এক যজ্ঞ করিবার ইচ্ছা করিলেন; কিন্তু পুরোহিতেরা তাহা করিতে স্বীকার পাইলেন না ॥২২—২৪॥

তথাপি রাজা বন্ধুজনের সহিত মিলিত হইয়া, আলস্য পরিত্যাগ করিয়া, প্রণিপাত, সান্ত্ববাদ এবং ধনদানপূর্ব্বক বার বার পুরোহিতগণের অনুনয় করিলেন; কিন্তু কিছুতেই তাঁহারা রাজার সে ইচ্ছা পূর্ণ করিলেন না ॥২৫—২৬॥

স চাশ্রমস্থান্ রাজর্ষিস্তানুবাচ রুষান্বিতঃ।
যদ্যহং পতিতো বিপ্রাঃ! শুশ্রূষায়াং ন বঃ স্থিতঃ ॥২৭॥
আশু ত্যাজ্যোঽস্মি যুষ্মাভির্ব্রাহ্মণৈশ্চ জুগুপ্সিতঃ।
তস্মাৰ্হথ ক্রতুশ্রদ্ধাং ব্যাঘাতয়িতুমদ্য তাম্ ॥২৮॥
অস্থানে বা পরিত্যাগং কর্ত্তুং মে দ্বিজসত্তমাঃ!।
প্রপন্ন এব বো বিপ্রাঃ! প্রসাদং কর্ত্তুমৰ্হথ ॥২৯॥
সান্ত্বদানাদিভির্বাক্যৈস্তত্ত্বতঃ কার্য্যবত্তয়া।
প্রসাদয়িত্বা বক্ষ্যামি যন্নঃ কার্য্যং দ্বিজোত্তমাঃ! ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। বো যুষ্মাকম্, শুশ্রূষায়ামপি, ন স্থিতো ন যোগ্যঃ পতিতত্বাৎ ॥২৭॥

আশ্বিতি। ত্যাজ্যোঽস্মি, পতিতশ্চেদিত্যাশয়ঃ। জুগুপ্সিতো নিন্দিতো ভবেয়ম্। তত্ত্বনেত্যাশয়ঃ। ক্রতুশ্রদ্ধাং যজ্ঞং প্রতি বিশ্বাসম্। নাৰ্হথ, স্বাপ্রবৃত্তেরিতি ভাবঃ ॥২৮॥

অস্থান ইতি। হে দ্বিজসত্তমাঃ! অস্থানে পাতিত্যাভাবাদবিষয়ে বা মে পরিত্যাগং কর্ত্তুম্, নাৰ্হথেতি পূর্ব্বানুকর্ষঃ। হে বিপ্রাঃ! বো যুষ্মানেবাহং প্রপন্ন আর্ত্বিজ্যার্থং প্রাপ্তঃ। অতো ময়ি প্রসাদং কর্ত্তুমৰ্হথ ॥২৯॥

সান্ত্বেতি। হে দ্বিজোত্তমাঃ! তত্ত্বতো যথার্থতঃ কার্য্যবত্তয়া প্রয়োজনবত্তয়া হেতুনা, সান্ত্বদানাদিভিঃ সামদানাদিসূচকৈর্বাক্যৈঃ, প্রসাদয়িত্বা, নঃ অস্মাকং যুষ্মাভির্যৎ কার্য্যম্, তদ্বক্ষ্যামি ॥৩০॥

তখন রাজা ক্রুদ্ধ হইয়া, আশ্রমে যাইয়া, সেই পুরোহিতদিগকে বলিলেন—"ব্রাহ্মণগণ! আমি যদি পতিত হইয়া থাকি, তবে ত আপনাদের পরিচর্য্যা কারবারও যোগ্য নহি ॥২৭॥

এবং সত্বরই আমি আপনাদের পরিত্যাজ্য, আর সমস্ত ব্রাহ্মণের নিকটই নিন্দনীয়। কিন্তু আমি পতিত নহি; সুতরাং আপনারা আজ আমার সেই যজ্ঞের প্রতি বিশ্বাসটাকে নষ্ট করিতে পারেন না ॥২৮॥

কিংবা আমাকে বিনা কারণে পরিত্যাগ করিতে পারেন না। আমি আপনাদেরই আশ্রয় লইয়াছি; সুতরাং আপনারা আমার প্রতি অনুগ্রহ করুন ॥২৯॥

ব্রাহ্মণগণ! যথার্থই আমার প্রয়োজন আছে; তাই আমি সাম ও দানাদিসূচক বাক্য দ্বারা আপনাদিগকে প্রসন্ন করিয়া, পরে আপনারা আমার যে কার্য্য করিবেন তাহা বলিব ॥৩০॥

(২৮)···ব্যাঘাতয়িতুমুত্তাম্, ব্যাঘাতয়িতুমুত্তমাম্। (৩০) অয়ং শ্লোকঃ কচিৎ পরশ্লোকাৎ পরং বিন্যস্তঃ।

অথবাহং পরিত্যক্তো ভবদ্ভির্দ্বেষকারণাৎ।
ঋত্বিজোঽন্যান্ গমিষ্যামি যাজনার্থং দ্বিজোত্তমাঃ! ॥৩১॥
এতাবদুক্ত্বা বচনং বিররাম স পার্থিবঃ।
যদা ন শেকু রাজানং যাজনার্থং পরন্তপ! ॥৩২॥
ততস্তে যাজকাঃ ক্রুদ্ধাস্তমূচুর্নৃপসত্তমম্।
তব কর্ম্মাণ্যজস্রং বৈ বর্ত্তন্তে পার্থিবোত্তম! ॥৩৩॥ (যুগ্মকম্)
ততো বয়ং পরিশ্রান্তাঃ সততং কর্ম্মবাহিনঃ।
শ্রমাদস্মাৎ পরিশ্রান্তান্ স ত্বং নস্ত্যক্তুমর্হসি ॥৩৪॥
বুদ্ধিমোহং সমাস্থায় ত্বরাসম্ভাবিতোঽনঘ!।
গচ্ছ রুদ্রসকাশং ত্বং স হি ত্বাং যাজয়িষ্যতি ॥৩৫॥

ভারতকৌমুদী

অথবেতি। ময়ি দ্বেষ এব কারণং তস্মাৎ। গমিষ্যামি প্রাপ্স্যামি ॥৩১॥

এতাবদিতি। যদা তে যাজকাঃ, যাজনার্থং রাজানং গ্রহীতুং ন শেকুঃ, ততস্তদা, ক্রুদ্ধাঃ সন্তঃ, তং নৃপসত্তমমূচুঃ। কিমূচুরিত্যাহ—তবেত্যাদি ॥৩২—৩৩॥

তত ইতি। কর্ম্মবাহিনঃ কর্ম্মনির্ব্বাহাত্মকভারবাহিনঃ। নঃ অস্মান্ ॥৩৪॥

বুদ্ধীতি। বুদ্ধিমোহম্ অস্মাকং শ্রান্তত্বানবগমাৎ বুদ্ধিভ্রংশম্। ত্বরয়া সম্ভাবিতো প্রস্তুঃ, অস্মানাগত ইতি শেষঃ। রুদ্রস্য শিবস্য সকাশং গচ্ছ, অস্মাকমশক্যত্বাৎ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

"মহাসত্রৈঃ" ইতি পাঠে সত্রময়দানং লোকপ্রসিদ্ধেঃ ॥১৮॥ সত্রে যজ্ঞে ॥১৯—৩৪॥ বুদ্ধিমোহং

অথবা বিদ্বেষবশতঃ যদি আপনারা আমাকে পরিত্যাগ করেন, তবে আমি যাজনের জন্য অন্য পুরোহিতদিগের নিকট যাইব" ॥৩১॥

শ্বেতকি রাজা এই সকল কথা বলিয়া বিরত হইলেন। কিন্তু সেই যাজকেরা যখন যাজনের জন্য রাজাকে গ্রহণ করিতে পারিলেন না, তখন তাঁহারা অসন্তুষ্ট হইয়া রাজাকে বলিলেন—"মহারাজ! আপনার যজ্ঞকার্য্য অনবরত চলিয়াছে ॥৩২—৩৩॥

তাহাতে আমরা সেই ভার বহন করিতে থাকিয়া পরিশ্রান্ত হইয়া পড়িয়াছি। অতএব আপনি আমাদিগকে পরিত্যাগ করিতে পারেন ॥৩৪॥

আপনি বুদ্ধিবৈকল্যবশতঃ ব্যস্ত হইয়া আমাদের নিকট আসিয়াছেন, কিন্তু আমরা পারিব না। আপনি রুদ্রের নিকট যান, তিনিই আপনার যাজন করিবেন" ॥৩৫॥

---

(৩৫)...দূরাৎ সম্ভাবিতোঽনঘ!।

সাধিক্ষেপং বচঃ শ্রুত্বা সংক্রুদ্ধঃ শ্বেতকির্নৃপঃ।
কৈলাসং পর্ব্বতং গত্বা তপ উগ্রং সমাস্থিতঃ ॥৩৬॥
আরাধয়ন্মহাদেবং নিয়তঃ সংশিতব্রতঃ।
উপবাসপরো রাজন্! দীর্ঘকালমতিষ্ঠত ॥৩৭॥
কদাচিদ্দ্বাদশে কালে কদাচিদপি ষোড়শে।
আহারমকরোদ্রাজা মূলানি চ ফলানি চ ॥৩৮॥
ঊর্দ্ধবাহুস্ত্বনিমিষস্তিষ্ঠন্ স্থাণুরিবাচলঃ।
ষণ্মাসানভবদ্রাজা শ্বেতকিঃ সুসমাহিতঃ ॥৩৯॥
তং তথা নৃপশার্দ্দূলং তপ্যমানং মহত্তপঃ।
শঙ্করঃ পরমপ্রীত্যা দর্শয়ামাস ভারত! ॥৪০॥
উবাচ চৈনং ভগবান্ স্নিগ্ধগম্ভীরয়া গিরা।
প্রীতোহস্মি নরশার্দ্দূল! তপসা তে পরন্তপ! ॥৪১॥

ভারতকৌমুদী

সেতি। সাধিক্ষেপং "বুদ্ধিমোহং সমাস্থায়" ইত্যুক্তত্বাৎ সতিরস্কারম্ ॥৩৬॥
আরাধয়ন্নিতি। নিয়তো ধ্যানৈকনিষ্ঠঃ, সংশিতব্রতঃ সুদৃঢ়ব্রহ্মচর্য্যঃ ॥৩৭॥
কদাচিদিতি। কালে মুহূর্ত্তে। ষোড়শে চ মুহূর্ত্তে ॥৩৮॥
ঊর্দ্ধেতি। ষণ্মাসান্ যাবৎ, স্থাণুর্নিঃশাখবৃক্ষ ইব অচলঃ অভবদিতি সম্বন্ধ ॥৩৯॥
তমিতি। তপ্যমানং কুর্ব্বাণম্। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ ॥৪০॥
উবাচেতি। ভগবান্ স শঙ্করঃ। কিমুবাচেত্যাহ—প্রীতোহস্মীতি ॥৪১॥

শ্বেতকি রাজা ব্রাহ্মণগণের সেই তিরস্কারবাক্য শুনিয়া, ক্রুদ্ধ হইয়া, কৈলাস-পর্ব্বতে যাইয়া, ভয়ঙ্কর তপস্যা আরম্ভ করিলেন ॥৩৬॥

তিনি ধ্যানী, ব্রহ্মচারী ও উপবাসী হইয়া, মহাদেবের আরাধনা করিতে থাকিয়া, দীর্ঘকাল অবস্থান করিলেন ॥৩৭॥

শ্বেতকি রাজা কোন দিন দ্বাদশ মুহূর্ত্তের সময়, কোন দিন বা ষোড়শ মুহূর্ত্তের সময় ফল-মূল আহার করিতেন ॥৩৮॥

তিনি ছয় মাস যাবৎ ঊর্দ্ধবাহু ও নির্নিমেষ নয়ন হইয়া সমাহিতচিত্তে স্থাণুর ন্যায় অচল হইয়া রহিলেন ॥৩৯॥

মহারাজ! শ্বেতকি রাজা সেইভাবে গুরুতর তপস্যা করিতে লাগিলে, মহাদেব অত্যন্ত সন্তুষ্ট হইয়া আসিয়া তাঁহাকে দর্শনদান করিলেন ॥৪০॥

এবং তিনি স্নিগ্ধ-গম্ভীর বাক্যে রাজাকে বলিলেন—"মহারাজ! আপনার তপস্যায় আমি সন্তুষ্ট হইয়াছি ॥৪১॥

বরং বৃণীষ্ব ভদ্রং তে যং ত্বমিচ্ছসি পার্থিব ! ।
এতচ্ছ্রুত্বা তু বচনং রুদ্রস্যামিততেজসঃ ॥৪২॥
প্রণিপত্য মহাত্মানং রাজর্ষিঃ প্রত্যভাষত ।
যদি মে ভগবান্ প্রীতঃ সর্ব্বলোকনমস্কৃতঃ ॥৪৩॥
স্বয়ং মাং দেবদেবেশ ! যাজয়স্ব সুরেশ্বর ! ।
এতচ্ছ্রুত্বা তু বচনং রাজ্ঞা তেন প্রভাষিতম্ ॥৪৪॥
উবাচ ভগবান্ প্রীতঃ স্মিতপূর্ব্বমিদং বচঃ ।
নাস্মাকমেষ বিষয়ো বর্ত্ততে যাজনং প্রতি ॥৪৫॥ (কলাপকম্)
ত্বয়া চ সুমহত্তপ্তং তপো রাজন্ ! বরার্থিনা ।
যাজয়িষ্যামি রাজংস্ত্বাং সময়েন পরন্তপ ! ॥৪৬॥
সমা দ্বাদশ রাজেন্দ্র ! ব্রহ্মচারী সমাহিতঃ ।
সততং ত্বাজ্যধারাভির্যদি তর্পয়সেঽনলম্ ॥৪৭॥

ভারতকৌমুদী

বরমিতি। তে তব, ভদ্রং মঙ্গলং তদাত্মকমিত্যর্থঃ। মহাত্মানং রুদ্রম্। ভগবান্ মাহাত্ম্যবান্ ভবান্। স্বয়মাত্মনা। অস্মাকং দেবানাম্, যাজনং প্রতি, এষ বিষয়ঃ অধিকারো ন বর্ত্ততে, “[illegible] [illegible]” ইতি মীমাংসকোক্তেরিতি ভাবঃ ॥৪২—৪৫॥

ত্বয়েতি। সময়েন ত্বয়া কৃতেন কেনাচিন্নিয়মেন ॥৪৬॥

ভারতভাবদীপঃ

বুদ্ধিবৈকল্যম্, স্বরাসম্ভাবিতঃ স্বরাবশঃ অন্যদীয়প্রমাজ্ঞানাদিত্যর্থঃ ॥৩৫—৪৪॥ যাজনং প্রতি যাজনমুদ্দিশ্য ত্বয়া চ সুমহৎ তপস্তপ্তম্, এতদ্যাজনমস্মাকং বিষয়ে ন বর্ত্ততে ইতি সম্বন্ধঃ, বরং

রাজা ! আপনি যাহা ইচ্ছা করেন, সেইরূপ মাঙ্গলিক বর গ্রহণ করুন”। রাজা মহাদেবের এই কথা শুনিয়া তাঁহাকে নমস্কার করিয়া বলিলেন—“সর্ব্বলোকপূজিত ! আপনি যদি আমার প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন, তবে হে দেবদেব ! আপনি নিজেই আমার যাজন করুন”। রাজার এই কথা শুনিয়া মহাদেব সন্তুষ্ট হইয়া, ঈষৎ হাস্য করিয়া, এই কথা বলিলেন—“মহারাজ ! আমাদের যাজন করিবার অধিকার নাই ॥৪২—৪৫॥

রাজা ! আপনি বরপ্রার্থী হইয়া গুরুতর তপস্যা করিয়াছেন; সুতরাং আপনি একটা নিয়ম স্বীকার করিলে, আমি আপনার যাজন করিব ॥৪৬॥

আপনি বার বৎসরপর্য্যন্ত ব্রহ্মচারী ও একাগ্রচিত্ত হইয়া যদি সর্ব্বদাই

---

(৪৫)···নাস্মাকমেতদ্বিষয়ে।

কামং প্রার্থয়সে যং ত্বং মত্তঃ প্রাপ্স্যসি তং নৃপ ! ।
এবমুক্তস্তু রুদ্রেণ শ্বেতকির্মনুজাধিপঃ ॥৪৮॥
তথা চকার তৎ সর্ব্বং যথোক্তং শূলপাণিনা ।
পূর্ণে তু দ্বাদশে বর্ষে পুনরায়ান্মহেশ্বরম্ ॥৪৯॥ (বিশেষকম্)
দৃষ্ট্বৈব চ স রাজানং শঙ্করো লোকভাবনঃ ।
উবাচ পরমপ্রীতঃ শ্বেতকিং নৃপসত্তমম্ ॥৫০॥
তোষিতোঽহং নৃপশ্রেষ্ঠ ! ত্বয়েহ শ্বেতকর্ম্মণা ।
যাজনং ব্রাহ্মণানান্তু বিধিদৃষ্টং পরন্তপ ! ॥৫১॥
অতোঽহং ত্বাং স্বয়ং নাদ্য যাজয়ামি পরন্তপ ! ।
মমাংশস্তু ক্ষিতিতলে মহাভাগো দ্বিজোত্তমঃ ॥৫২॥
দুর্ব্বাসা ইতি বিখ্যাতঃ স হি ত্বাং যাজয়িষ্যতি ।
মন্নিয়োগান্মহাতেজাঃ সম্ভারাঃ সন্ত্রিয়ন্তু তে ॥৫৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথ কোঽসৌ সময় ইত্যাহ—সমা ইতি। সমা বৎসরান্। সমাহিত একাগ্রচিত্তঃ। তদা, কাম্যত ইতি কামঃ অভীষ্টঃ পদার্থস্তম্। মত্তো মম সকাশাৎ। আয়াদাগতবান্ ॥৪৭—৪৯॥

দৃষ্ট্বেতি। লোকান্ ভাবয়তীতি লোকভাবনো জগৎসৃষ্টিকর্ত্তা ॥৫০॥

তোষিত ইতি। শ্বেতকর্ম্মণা নির্ম্মলকার্য্যেণ তপসা। বিধিদৃষ্টং বেদাবগতম্। তথা চ "যজনং যাজনঞ্চৈবাধ্যয়নাধ্যাপনে তথা। দানং প্রতিগ্রহশ্চেতি ষট্‌কর্ম্মাণ্যগ্রজন্মনঃ ॥" ইতি মনুবচনদর্শনেন তন্মূলীভূতবেদানুমানাদিতি ভাবঃ ॥৫১॥

অত ইতি। মহাভাগস্তপঃপ্রভাবান্মহাভাগ্যধরঃ। সম্ভারা যজ্ঞোপকরণানি, সন্ত্রিয়ন্ত সন্ত্রিয়ন্তাম্ আযোজ্যন্তামিত্যর্থঃ, তে ত্বয়া। পরস্মৈপদমার্ষম্ ॥৫২—৫৩॥

ঘৃতধারা দ্বারা অগ্নিদেবের তৃপ্তি সাধন করেন, তবে আপনি যাহা প্রার্থনা করিবেন, তাহাই আমার নিকট পাইবেন"। মহাদেব এই কথা বলিলে, শ্বেতকি রাজা তাঁহার কথা অনুসারে সে সমস্তই করিলেন এবং বার বৎসর পূর্ণ হইলে পুনরায় মহাদেবের নিকট গেলেন ॥৪৭—৪৯॥

জগতের সৃষ্টিকর্ত্তা মহাদেব শ্বেতকি রাজাকে দেখিয়াই পরম সন্তুষ্ট হইয়া তাঁহাকে বলিলেন—॥৫০॥

"মহারাজ! আপনি তপস্যা দ্বারা আমাকে সন্তুষ্ট করিয়াছেন বটে; কিন্তু বেদে দেখা যায় যে, যাজন কার্য্যটা ব্রাহ্মণদেরই ॥৫১॥

অতএব আমি নিজে আপনার যাজন করিব না; কিন্তু ভূমণ্ডলে আমারই অংশসম্ভূত অত্যন্ত ভাগ্যবান্ 'দুর্ব্বাসা' নামে বিখ্যাত এক শ্রেষ্ঠ ব্রাহ্মণ আছেন;

(৪৮) কামং প্রার্থয়সে যত্ত্বং মত্তঃ প্রাপ্স্যসি তন্নৃপ ! । (৫১) ত্বয়েহাত্মেন কর্ম্মণা ।...

এতচ্ছ্রুত্বা তু বচনং রুদ্রেণ সমুদাহৃতম্।
স্বপুরং পুনরাগম্য সম্ভারান্ পুনরার্জয়ৎ ॥৫৪॥
ততঃ সম্ভৃতসম্ভারো ভূয়ো রুদ্রমুপাগমৎ।
সম্ভৃতা মম সম্ভারাঃ সর্ব্বোপকরণানি চ ॥৫৫॥
ত্বৎপ্রসাদান্মহাদেব! শ্বো মে দীক্ষা ভবেদিতি।
এতচ্ছ্রুত্বা তু বচনং তস্য রাজ্ঞো মহাত্মনঃ ॥৫৬॥
দুর্ব্বাসসং সমাহূয় রুদ্রো বচনমব্রবীৎ।
এষ রাজা মহাভাগঃ শ্বেতকির্নৃপসত্তমঃ ॥৫৭॥
এনং যাজয় বিপেন্দ্র! মন্নিয়োগেন ভূমিপম্।
বাঢ়মিত্যেব বচনং রুদ্রং ত্বৃষিরুবাচ হ ॥৫৮॥ ।বিশেষকম্।
ততঃ সত্রং সমভবত্তস্য রাজ্ঞো মহাত্মনঃ।
যথাবিধি যথাকালং যথোক্তং বহুদক্ষিণম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

এতদিতি। সম্ভারান্ যজ্ঞোপকরণানি, আর্জয়ৎ সংগৃহীতবান্ শ্বেতকিরিতি শেষঃ ॥৫৪॥
তত ইতি। সম্ভৃতাঃ সংগৃহীতাঃ সম্ভারা উপকরণানি যেন সঃ। মম ময়া ॥৫৫॥
ত্বদিতি। শ্বঃ পরদিনে। দুর্ব্বাসসং মুনিম্। বাঢ়ং যাজয়ামোবেত্যর্থঃ ॥৫৬—৫৮॥

ভারতভাবদীপঃ

তু ন যাজনে অধিকারিণ ইত্যর্থঃ ॥৪৫—৪৬॥ সতত. তু আজ্যধারাভিঃ অজস্রয়া আজ্য-ধারয়া, বহুত্বমবয়বাভিপ্রায়ম্ ॥৪৭—৫০॥ আত্মেন অনাদিবেদবোধিতেন, বিধিদৃষ্টং "ব্রাহ্মণানা-

---

সেই তেজস্বী ব্রাহ্মণই আমার আদেশে আপনার যাজন করিবেন; সুতরাং আপনি যাইয়া তাহার উপকরণ সংগ্রহ করুন" ॥৫২—৫৩॥

শ্বেতকিরাজা মহাদেবের এই কথা শুনিয়া পুনরায় আপন রাজধানীতে আসিয়া যজ্ঞের সমস্ত উপকরণ সংগ্রহ করিলেন ॥৫৪॥

সমস্ত উপকরণ সংগ্রহ করিয়া তাহার পর আবার মহাদেবের নিকট যাইয়া বলিলেন—"আমি সমস্ত দ্রব্য এবং উপকরণ সংগ্রহ করিয়াছি ॥৫৫॥

মহাদেব! আপনার অনুগ্রহে আগামী কল্য আমার দীক্ষা হইবে"। মহাত্মা শ্বেতকিরাজার এই কথা শুনিয়া মহাদেব দুর্ব্বাসা মুনিকে ডাকিয়া বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! ইনি মহাত্মা শ্বেতকিরাজা; আমার আদেশ অনুসারে তুমি ইঁহার যাজন কর"। তখন দুর্ব্বাসা বলিলেন—"অবশ্যই করিব" ॥৫৬—৫৮॥

---

(৫৫)...নৃপো রুদ্রমুপাগমৎ। (৫৯)...সত্রঞ্চ বহুদক্ষিণম্।

তস্মিন্ পরিসমাপ্তে তু রাজ্ঞঃ সত্রে মহাত্মনঃ।
দুর্ব্বাসসাভ্যনুজ্ঞাতাঃ প্রযযুঃ সর্ব্বযাজকাঃ ॥৬০॥
যে তত্র দীক্ষিতাঃ সত্রে সদস্যাশ্চ মহৌজসঃ।
সোঽপি রাজা মহাভাগঃ স্বপুরং প্রাবিশত্তদা ॥৬১॥
পূজ্যমানো মহাভাগৈর্ব্রাহ্মণৈর্বেদপারগৈঃ।
বন্দিভিঃ স্তূয়মানশ্চ নাগরৈশ্চাভিনন্দিতঃ ॥৬২॥ (যুগ্মকম্)
এবংবৃত্তঃ স রাজর্ষিঃ শ্বেতকির্নৃপসত্তমঃ।
কালেন মহতা চাপি যযৌ স্বর্গমভিষ্টুতঃ ॥৬৩॥
ঋত্বিগ্ভিঃ সহিতঃ সর্ব্বৈঃ সদস্যৈশ্চ সমন্বিতঃ।
তস্য সত্রে পপৌ বহ্নির্হবির্দ্বাদশ বৎসরান্ ॥৬৪॥ (যুগ্মকম্)
সততঞ্চাজ্যধারাভিরৈকাত্ম্যে তত্র কর্ম্মণি।
হবিষা চ ততো বহ্নিঃ পরাং তৃপ্তিমগচ্ছত ॥৬৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সত্রং যজ্ঞঃ। উক্তম্ ঋত্বিক্সদস্যাদিভিরভিহিতমনতিক্রম্যেতি যথোক্তম্ ॥৫৯॥
তস্মিন্নিতি। প্রযযুঃ স্বস্বস্থানমিতি শেষঃ ॥৬০॥
য ইতি। দীক্ষিতাঃ প্রবৃত্তাঃ, তেঽপি প্রযযুরিত্যনুবৃত্তিঃ। বন্দিভির্বৈতালিকৈঃ ॥৬১—৬২॥
এবমিতি। এবমিত্থং বৃত্তং চরিত্রং যস্য সঃ। তস্য শ্বেতকেঃ, সত্রে যজ্ঞে ॥৬৩—৬৪॥

তাহার পর, যথাবিধানে, যথাসময়ে, ব্রতীদিগের উপদেশক্রমে এবং প্রচুর দক্ষিণাযুক্ত অবস্থায় সেই মহাত্মা শ্বেতকিরাজার যজ্ঞ হইয়া গেল ॥৫৯॥

মহাত্মা শ্বেতকিরাজার সেই যজ্ঞ সমাপ্ত হইয়া গেলে, দুর্ব্বাসার অনুমতিক্রমে সমস্ত যাজকেরা স্বস্ব স্থানে চলিয়া গেলেন ॥৬০॥

যাঁহারা সেই যজ্ঞে ব্রতী হইয়াছিলেন, সেই সদস্যেরাও চলিয়া গেলেন এবং সেই মহাত্মা শ্বেতকিরাজাও আপন রাজধানীতে যাইয়া প্রবেশ করিলেন। তখন বেদজ্ঞ ব্রাহ্মণেরা তাঁহার গৌরব করিতে লাগিলেন, বৈতালিকেরা স্তব করিতে লাগিল এবং পুরবাসীরা প্রশংসা করিতে থাকিল ॥৬১—৬২॥

এইরূপ চরিত্রসম্পন্ন সেই শ্বেতকিরাজা সকলের প্রশংসাভাজন হইয়া দীর্ঘকালের পর সমস্ত পুরোহিত ও সমস্ত সদস্যের সহিত মিলিত হইয়া স্বর্গধামে চলিয়া গেলেন। ওদিকে সেই শ্বেতকিরাজার যজ্ঞে অগ্নিদেব বার বৎসর পর্য্যন্ত ঘৃত পান করিয়াছিলেন ॥৬৩—৬৪॥

(৬০)…বিপ্রতস্থুঃ স্ব যাজকাঃ। (৬১) যে তত্র দীক্ষিতাঃ সর্ব্বে…সোঽপি রাজন্ মহাভাগঃ… ॥ (৬২) ইমং শ্লোকমারভ্য পঞ্চ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন সন্তি।

ন চৈচ্ছৎ পুনরাদাতুং হবিরন্যস্য কস্যচিৎ।
পাণ্ডুবর্ণো বিবর্ণশ্চ ন যথাবৎ প্রকাশতে ॥৬৬॥
ততো ভগবতো বহ্নের্বিকারঃ সমজায়ত।
তেজসা বিপ্রহীণশ্চ গ্লানিশ্চৈনং সমাবিশৎ ॥৬৭॥
স লক্ষয়িত্বা চাত্মানং তেজোহীনং হুতাশনঃ।
জগাম সদনং পুণ্যং ব্রহ্মণো লোকপূজিতম্ ॥৬৮॥
তত্র ব্রহ্মাণমাসীনমিদং বচনমব্রবীৎ।
ভগবন্! পরমা প্রীতিঃ কৃতা শ্বেতকিনা মম ॥৬৯॥
অরুচিশ্চাভবত্তীব্রা তাং ন শক্নোম্যপোহিতুম্।
তেজসা বিপ্রহীণোঽস্মি বলেন চ জগৎপতে! ॥৭০॥

ভারতকৌমুদী

সততমিতি। ঐকাত্ম্যে একীভাবে সংস্রবেন সংযোগে সতীত্যর্থঃ ॥৬৫॥
নেতি। আদাতুং গ্রহীতুম্। অন্যস্য যজমানস্য। পাণ্ডুবর্ণঃ, অতএব বিবর্ণঃ ॥৬৬॥
তত ইতি। বিকারো জঠরাগ্নিমান্দ্যম্। গ্লানিরস্বাস্থ্যম্ ॥৬৭॥
স ইতি। লক্ষয়িত্বা দৃষ্ট্বা, আত্মানং স্বদেহম্। সদনং ভবনম্ ॥৬৮॥
তত্রেতি। আসীনমুপবিষ্টম্। শ্বেতকিনা তদাখ্যেন রাজ্ঞা ॥৬৯॥

ভারতভাবদীপঃ

মিদং হবিঃ" ইতি চতুর্ধাকরণমন্ত্রলিঙ্গাদস্মিত্যবিধিদৃষ্টম ॥৫১॥ অত ইতি। স্বয়ং যজ্ঞভোক্তা ভূত্বা ঋত্বিগ্মানভঙ্গভয়াৎ স্বয়ং ন যাজয়ামীত্যর্থঃ ॥৫২-৬০॥ দীক্ষিতাঃ কর্মস্থ নিষ্ণাতাঃ

সেই যজ্ঞে অনবরত ঘৃতের ধারা পড়িতে থাকায় অগ্নিদেব অত্যন্ত তৃপ্তি লাভ করিয়াছিলেন ॥৬৫॥

তাহাতে তিনি অন্য কোন ব্যক্তিরই ঘৃত পুনরায় গ্রহণ করিতে ইচ্ছা করিতেন না এবং পাণ্ডুবর্ণ হইয়া যথাযথভাবে প্রকাশ পাইতেন না ॥৬৬॥

তৎপরে ক্রমশঃ অগ্নিদেবের অগ্নিমান্দ্যরোগই জন্মিল; তাহাতে তিনি তেজোহীন হইয়া পড়িলেন এবং সেই রোগের যাতনাও আসিয়া উপস্থিত হইল ॥৬৭॥

তখন তিনি আপনাকে তেজোহীন লক্ষ্য করিয়া, জগৎপূজিত ও পবিত্র ব্রহ্মভবনে গমন করিলেন ॥৬৮॥

সেখানে যাইয়া ব্রহ্মাকে উপবিষ্ট দেখিয়া তাঁহার নিকট এই কথা বলিলেন— "ভগবন্! শ্বেতকিরাজা আমার অত্যন্ত তৃপ্তি জন্মাইয়া দিয়াছেন ॥৬৯॥

(৬৯)·· প্রীতিঃ কৃতা মে শ্বেতকেতুনা।

ইচ্ছেয়ং ত্বৎপ্রসাদেন চাত্মনঃ প্রকৃতিং স্থিরাম্।
এতচ্ছ্রুত্বা তু বচনং ভগবান্ সর্ব্বলোককৃৎ ॥৭১॥
হব্যবাহমিদং বাক্যমুবাচ প্রহসন্নিব।
ত্বয়া দ্বাদশ বর্ষাণি বসোর্ধারাহুতং হবিঃ ॥৭২॥
উপযুক্তং মহাভাগ! তেন ত্বাং গ্লানিরাবিশৎ।
তেজসা বিপ্রহীণত্বাৎ সহসা হব্যবাহন! ॥৭৩॥
মা গমস্ত্বং ব্যথাং বহ্নে! প্রকৃতিস্থো ভবিষ্যসি।
অরুচিং নাশয়িষ্যামি সময়ং প্রতিপদ্য তে ॥৭৪॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

অরুচিরিতি। অরুচির্ভোজনানিচ্ছারোগঃ। অপোহিতুং দূরীকর্ত্তুম্ ॥৭০॥

ইচ্ছেয়মিতি। প্রকৃতিং স্বাস্থ্যম্। সর্ব্বলোককৃৎ ব্রহ্মা। হব্যবাহমগ্নিদেবম্। বসোর্হোমীয়পাত্রবিশেষাৎ ধারয়া হুতং ত্যক্তং হবির্ঘৃতম্, উপযুক্তং পীতম্। গ্লানিরগ্নিমান্দ্যাদিরোগযাতনা। বিপ্রহীণত্বাৎ রহিতত্বাৎ, ব্যথাং মনোদুঃখম্, মা গমঃ ন প্রাপ্নুহি। যেন হি সহসা অচিরমেব ত্বং প্রকৃতিস্থো ভবিষ্যসি। সময়ম্ ঔষধসেবনকালম্, প্রতিপদ্য প্রাপ্য, অহং তে তব অরুচিং রোগং নাশয়িষ্যামি ॥৭১—৭৪॥

ভারতভাবদীপঃ

॥৬১—৭০॥ প্রকৃতিং স্বভাবম্ ॥৭১॥ বসোর্ধারা পাত্রবিশেষঃ, যেন হূয়মানঃ ঘৃতদ্রব্যং সন্ততধারারূপেণ ক্ষরতি, তেন হুতং হবিরর্থাৎ ঘৃতমেব, "বসোর্ধারাং জুহোতি" ইত্যুপক্রম্য "ঘৃতস্য বা এবমেষা ধারা" ইতি বাক্যশেষাৎ ॥৭২॥ উপযুক্তং ভুক্তম্ ॥৭৩॥ মা গমঃ গ্লানিমিতি বিপরিণামেন অনুষজ্যতে, যথেত্যস্য যথাপূর্ব্বমিত্যর্থঃ ॥৭৪॥ কিং তৎ খাণ্ডব-

তাহাতে আমার গুরুতর অরুচিরোগ জন্মিয়াছে, সে রোগকে আমি দূর করিতে পারিতেছি না; তাহাতে আমি তেজ ও বলশূন্য হইয়া পড়িয়াছি ॥৭০॥

অতএব আমি ইচ্ছা করি যে, আপনার অনুগ্রহে আবার আমার স্থায়ী স্বাস্থ্য হউক।" অগ্নিদেবের এই কথা শুনিয়া ব্রহ্মা হাসিতে হাসিতেই যেন তাঁহাকে এই কথা বলিলেন—"অগ্নি! তুমি বার বৎসর পর্য্যন্ত পাত্র হইতে ধারাক্রমে আহুত ঘৃত পান করিয়াছ; তাহাতেই তোমার এই গ্লানি উপস্থিত হইয়াছে। সে যাহা হউক, অগ্নি! তুমি তেজোহীন হইয়াছ বলিয়া দুঃখিত হইও না, অচিরকালমধ্যেই তুমি প্রকৃতিস্থ হইবে; যথাসময়ে আমিই তোমার অরুচিরোগ সারিয়া দিব" ॥৭১—৭৪॥

(৭১)…এতচ্ছ্রুত্বা হব্যবাহাদ্ভগবান্…। (৭৪) অরুচিং নাশয়িষ্যে তে সময়ং প্রতিপত্স্যসে, অরুচিং নাশয়িষ্যেঽহং সময়ং প্রতিপত্স্যতে।

পুরা দেবনিয়োগেন যত্ত্বয়া ভস্মসাৎ কৃতম্।
আলয়ং দেবশত্রূণাং সুঘোরং খাণ্ডবং বনম্ ॥৭৫॥
তত্র সর্ব্বাণি সত্ত্বানি নিবসন্তি বিভাবসো!।
তেষাং ত্বং মেদসা তৃপ্তঃ প্রকৃতিস্থো ভবিষ্যসি ॥৭৬॥ (যুগ্মকম্)
গচ্ছ শীঘ্রং প্রদগ্ধুং ত্বং ততো মোক্ষ্যসি কিল্বিষাৎ।
এতচ্ছ্রুত্বা তু বচনং পরমেষ্ঠিমুখাচ্চ্যুতম্ ॥৭৭॥
উত্তমং বেগমাস্থায় প্রদুদ্রাব হুতাশনঃ।
আগম্য খাণ্ডবং দাবমুত্তমং বীর্য্যমাস্থিতঃ।
সহসা প্রাজ্বলচ্চাগ্নিঃ ক্রুদ্ধো বায়ুসমীরিতঃ ॥৭৮॥ (যুগ্মকম্)
প্রদীপ্তং খাণ্ডবং দৃষ্ট্বা যে স্ম তত্র নিবাসিনঃ।
পরমং যত্নমাতিষ্ঠন্ পাবকস্য প্রশান্তয়ে ॥৭৯॥
করৈস্তু করিণঃ শীঘ্রং জলমাদায় সত্বরাঃ।
সিষিচুঃ পাবকং ক্রুদ্ধাঃ শতশোঽথ সহস্রশঃ ॥৮০॥

ভারতকৌমুদী

পুরেতি। দেবশত্রূণাং ময়দানবাদীনাম্, আলয়ং বাসস্থানভূতম্, যৎ খাণ্ডবম্। তত্র খাণ্ডববনে। সত্ত্বানি জন্তবঃ। মেদসা শরীরধাতুবিশেষেণ ॥৭৫—৭৬॥

গচ্ছেতি। কিল্বিষাৎ পাপাৎ পাপজনিতাগ্নিমান্দ্যাদিরোগাৎ। পরমেষ্ঠিনো ব্রহ্মণো মুখাৎ, চ্যুতং নির্গতম্। দাবং বনম্। আস্থিত আশ্রিতঃ। পরশ্লোকঃ ষট্পাদঃ ॥৭৭—৭৮॥

প্রদীপ্তমিতি। যে জন্তবঃ। আতিষ্ঠন্ অবালম্বন্ত। পাবকস্য অগ্নেঃ ॥৭৯॥

অগ্নি! তুমি পূর্ব্বে দেবগণের আদেশে দেবশত্রুগণের বাসস্থান অতিভয়ঙ্কর যে খাণ্ডববন দগ্ধ করিয়াছিলে, সে বনে এখন আবার সকল জন্তু বাস করিতেছে; তুমি তাহাদের মেদ (ধাতুবিশেষ) পান করিয়া পরিতৃপ্ত হইয়া প্রকৃতিস্থ হইবে ॥৭৫—৭৬॥

শীঘ্র সেই বন দগ্ধ করিবার জন্য গমন কর, সেই বন দগ্ধ করিতে পারিলেই সমস্ত রোগ হইতে মুক্তি লাভ করিবে"। অগ্নিদেব ব্রহ্মার এই কথা শুনিয়া মহাবেগ অবলম্বন করিয়া ধাবিত হইলেন এবং খাণ্ডববনে উপস্থিত হইয়া, তৎক্ষণাৎ প্রবল বেগে জ্বলিয়া উঠিলেন; বায়ুও তখন তাঁহাকে উত্তেজিত করিতে লাগিলেন ॥৭৭—৭৮॥

সেই খাণ্ডববনে যে সকল প্রাণী বাস করিত, তাহারা খাণ্ডববন জ্বলিয়া উঠিয়াছে দেখিয়া অগ্নি নির্ব্বাপণের জন্য বিশেষ চেষ্টা করিতে লাগিল ॥৭৯॥

---

(৭৮) উত্তমং জবমাস্থায়...উত্তমং জবমাস্থিতঃ। (৭৯)...যে স্থাস্তত্র নিবাসিনঃ।

বহুশীর্ষাস্তথা নাগাঃ শিরোভির্জ্জলসন্ততিম্ ।
মুমুচুঃ পাবকাভ্যাসে সত্বরাঃ ক্রোধমূর্চ্ছিতাঃ ॥৮১॥
তথৈবান্যানি সত্ত্বানি নানাপ্রহরণোদ্যমৈঃ ।
বিলয়ং পাবকং শীঘ্রমনয়ন্ ভরতর্ষভ ! ॥৮২॥
অনেন তু প্রকারেণ ভূয়ো ভূয়শ্চ প্রজ্বলন্ ।
সপ্তকৃত্বঃ প্রশমিতঃ খাণ্ডবে হব্যবাহনঃ ॥৮৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে অগ্নিপরাভবে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

করৈরিতি। করৈঃ শুণ্ডাভিঃ। সত্বরা ব্যস্তচিত্তাঃ ॥৮০॥

বহ্বিতি। শিরোভির্মস্তকাবয়বমুখৈঃ। পাবকস্যাগ্নেঃ অভ্যাসে উপরীত্যর্থঃ ॥৮১॥

তথেতি। সত্ত্বানি বানরাদয়ো জন্তবঃ, নানাপ্রহরণানাং তরুশাখাদীনাম্ উদ্যমৈরুত্তমনপূর্ব্বকতাড়নৈঃ, বিলয়ং নির্ব্বাণম্, পাবকমগ্নিম্ ॥৮২॥

অনেনেতি। সপ্তকৃত্বঃ সপ্তবারানেব, প্রশমিতস্তত্রত্যৈর্জন্তুভিরেব ॥৮৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

মিত্যাকাঙ্ক্ষায়াং পুরাবৃত্তং স্মারয়তি পুরেতি ॥৭৫—৭৬॥ কিল্বিষাৎ গ্লানিরূপাৎ ॥৭৭—৮১॥ নানাপ্রহরণোদ্যমৈঃ নানাবিধৈঃ প্রহরণৈঃ পাংস্বপ্রক্ষেপবৃক্ষশাখাতাড়নাদিভিঃ, উদ্যমৈঃ জলসেকাদিভিশ্চ ॥৮২—৮৩॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৬॥

শত শত ও সহস্র সহস্র হস্তী ক্রুদ্ধ ও ব্যস্ত হইয়া শুঁড়ে করিয়া সত্বর জল আনিয়া আগুনের উপরে ঢালিতে লাগিল ॥৮০॥

বহুমস্তক নাগসমূহ ক্রুদ্ধ ও ব্যস্ত হইয়া মুখে করিয়া জল আনিয়া আগুনের উপরে ঢালিতে থাকিল ॥৮১॥

এবং অন্যান্য প্রাণীরাও নানাবিধ উপায়ে সত্বরই সে অগ্নিকে নির্ব্বাপিত করিল ॥৮২॥

এইভাবে অগ্নি বার বার খাণ্ডববনে জ্বলিয়া উঠিলেন এবং তত্রত্য প্রাণীরাও এইভাবে সাত বারই তাঁহাকে নির্ব্বাপিত করিল ॥৮৩॥

---

* '...একবিংশত্যধিক...', '...ত্রয়োবিংশত্যধিক...', '...পঞ্চবিংশত্যধিক...', 'ঊনপঞ্চাশদধিক...' ইতি পাঠান্তরাণি।

সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

স তু নৈরাশ্যমাপন্নঃ সদা গ্লানিসমন্বিতঃ।
পিতামহমুপাগচ্ছৎ সংক্রুদ্ধো হব্যবাহনঃ ॥১॥
তচ্চ সর্ব্বং যথাবৃত্তং ব্রহ্মণে স ন্যবেদয়ৎ।
উবাচ চৈনং ভগবান্ মুহূর্ত্তং স বিচিন্ত্য তু ॥২॥
উপায়ঃ পরিদৃষ্টো মে যথা ত্বং ধক্ষ্যসেঽনঘ!।
কালঞ্চ কঞ্চিৎ ক্ষমতাং ততস্ত্বং ধক্ষ্যসেঽনল! ॥৩॥
ভবিষ্যতঃ সহায়ৌ তে নরনারায়ণৌ তদা।
তাভ্যাং ত্বং সহিতো দাবং ধক্ষ্যসে হব্যবাহন! ॥৪॥
এবমস্ত্বিতি তং বহ্নির্ব্রহ্মাণং প্রত্যভাষত।
সম্ভূতৌ তৌ বিদিত্বা তু নরনারায়ণাবৃষী ॥৫॥

ভারতকৌমুদী

স ইতি। নৈরাশ্যমাপন্নঃ, তত্রত্যৈর্জন্তুভিরেব পুনঃ পুনর্বাধাদানাদিতি ভাবঃ ॥১॥

তদিতি। যথাবৃত্তং যথাঘটিতম্। স হব্যবাহনঃ। স ব্রহ্মা ॥২॥

উপায় ইতি। মে ময়া। ধক্ষ্যসে খাণ্ডবদাহং করিষ্যসি। ক্ষমতাং সহতাম্ ॥৩॥

ভবিষ্যত ইতি। নরনারায়ণৌ রূপান্তরগতাবিতি ভাবঃ। দাবং খাণ্ডববনম্ ॥৪॥

এবমিতি। সম্ভূতৌ কৃষ্ণার্জ্জুনরূপেণ জাতৌ ইতি বিদিত্বা বহ্নিঃ প্রত্যভাষত ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—অগ্নিদেব (পূর্ব্বোক্ত কারণে) খাণ্ডবদাহে নিরাশ হইয়া পড়িলেন, অথচ সর্ব্বদাই রোগের যাতনা ভোগ করিতেন; তাই তিনি ক্রুদ্ধ হইয়া পুনরায় ব্রহ্মার নিকট গেলেন ॥১॥

ব্রহ্মার নিকট যাইয়া তিনি যথাবৎ বৃত্তান্ত সমস্তই ব্রহ্মাকে জানাইলেন। তখন ব্রহ্মা একটু কাল চিন্তা করিয়া অগ্নিকে কহিলেন—॥২॥

"অগ্নি! যে ভাবে তুমি খাণ্ডবদাহ করিতে পারিবে, আমি তাহার উপায় দেখিয়াছি। তুমি কিছু কাল অপেক্ষা কর, তাহার পরেই খাণ্ডব দগ্ধ করিতে পারিবে ॥৩॥

নর-নারায়ণ ঋষি তোমার সহায় হইবেন; তুমি তখন তাঁহাদের সহিত মিলিত হইয়া খাণ্ডববন দগ্ধ করিতে পারিবে" ॥৪॥

সেই নর-নারায়ন ঋষি অর্জ্জুন ও কৃষ্ণরূপে জন্মিয়াছেন ইহা ধ্যানে জানিয়া অগ্নিদেব ব্রহ্মাকে বলিলেন—"এইরূপই হউক" ॥৫॥

কালস্য মহতো রাজন্! তস্য বাক্যং স্বয়ম্ভুবঃ।
অনুস্মৃত্য জগামাথ পুনরেব পিতামহম্ ॥৬॥
অব্রবীচ্চ তদা ব্রহ্মা যথা ত্বং ধক্ষ্যসেঽনল!।
খাণ্ডবং দাবমদ্যৈব মিষতোঽস্য শচীপতেঃ ॥৭॥
নরনারায়ণৌ যৌ তৌ পূর্ব্বদেবৌ বিভাবসো!।
সম্প্রাপ্তৌ মানুষং লোকং কার্য্যার্থং হি দিবৌকসাম্ ॥৮॥
অর্জ্জুনং বাসুদেবঞ্চ যৌ তৌ লোকোঽভিমন্যতে।
তাবেতৌ হি স্থিতৌ তত্র খাণ্ডবস্য সমীপতঃ ॥৯॥
তৌ ত্বং যাচস্ব সাহায্যে দাহার্থং খাণ্ডবস্য চ।
ততো ধক্ষ্যসি তং দাবং রক্ষিতং ত্রিদশৈরপি ॥১০॥
তৌ তু সত্ত্বানি সর্ব্বাণি যত্নতো বারয়িষ্যতঃ।
দেবরাজঞ্চ সহিতৌ তত্র মে নাস্তি সংশয়ঃ ॥১১॥

ভারতকৌমুদী

কালস্যেতি। মহতঃ কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। স্বয়ম্ভুবো ব্রহ্মণঃ ॥৬॥
অব্রবীদিতি। মিষতঃ পশ্যতঃ, পশ্যন্তং শচীপতিমিন্দ্রমনাদৃত্যেত্যর্থঃ ॥৭॥
নরেতি। পূর্ব্বদেবৌ পূর্ব্বং দেবগণমধ্যে গণ্যৌ আস্তাম্। দিবৌকসাং দেবানাম্ ॥৮॥
অর্জ্জুনমিতি। অর্জ্জুনং বাসুদেবঞ্চ নাম্না। তাবেতৌ অর্জ্জুনবাসুদেবৌ ॥৯॥
তাবিতি। তং দাবং খাণ্ডবং বনম্। ত্রিদশৈর্দেবৈ রক্ষিতমপি ॥১০॥

মহারাজ! তাহার পর দীর্ঘকাল অতীত হইলে, অগ্নিদেব ব্রহ্মার সেই কথা স্মরণ করিয়া পুনরায় তাঁহার নিকট গেলেন ॥৬॥

তখন ব্রহ্মা অগ্নিকে বলিলেন—"অগ্নি! তুমি অদ্যই প্রত্যক্ষদর্শী ইন্দ্রকে অগ্রাহ্য করিয়া খাণ্ডববন দগ্ধ করিতে পারিবে ॥৭॥

অগ্নি! সেই যে নর-নারায়ণ ঋষি পূর্ব্বে দেবগণের মধ্যে গণ্য ছিলেন, তাঁহারাই এখন দেবগণের কার্য্য সাধন করিবার জন্য মনুষ্যলোকে অবতীর্ণ হইয়াছেন ॥৮॥

মনুষ্যলোক যাঁহাদিগকে অর্জ্জুন ও কৃষ্ণ বলিয়া মনে করে, তাঁহারাই সেই নর-নারায়ণ ঋষি; তাঁহারা এখন সেই খাণ্ডববনের নিকটেই রহিয়াছেন ॥৯॥

তুমি যাইয়া খাণ্ডবদাহের সাহায্যের জন্য তাঁহাদের নিকট প্রার্থনা কর; তাঁহারা সাহায্য করিলে, দেবতারা রক্ষা করিলেও তুমি খাণ্ডব দাহ করিতে পারিবে ॥১০॥

(৭) …মিষতোঽস্য শতক্রতোঃ।

এতচ্ছ্রুত্বা তু বচনং ত্বরিতো হব্যবাহনঃ।
কৃষ্ণপার্থাবুপাগম্য যমর্থং স্বভ্যভাষত ॥১২॥
তং তে কথিতবানস্মি পূর্ব্বমেব নৃপোত্তম!।
তচ্ছ্রুত্বা বচনং ত্বগ্নের্বীভৎসুর্জ্জাতবেদসম্ ॥১৩॥
অব্রবীন্নৃপশার্দ্দূল! তৎকালসদৃশং বচঃ।
দিধক্ষুং খাণ্ডবং দাবমকামস্য শতক্রতোঃ ॥১৪॥ (বিশেষকম্)

অর্জ্জুন উবাচ।

উত্তমাস্ত্রাণি মে সন্তি দিব্যানি চ বহূনি চ।
যৈরহং শক্নুয়াং যোদ্ধুমপি বজ্রধরান্ বহূন্ ॥১৫॥
ধনুর্মে নাস্তি ভগবন্! বাহুবীর্য্যেণ সম্মিতম্।
কুর্ব্বতঃ সমরে যত্নং বেগং যদ্বিষহেন্মম ॥১৬॥
শরৈশ্চ মেঽর্থো বহুভিরক্ষয়ৈঃ ক্ষিপ্রমস্যতঃ।
নহি বোঢুং রথঃ শক্তঃ শরান্ মম যথেপ্সিতান্ ॥১৭॥

ভারতকৌমুদী

তাবিতি। তৌ সহিতৌ সন্তৌ, সর্ব্বাণ সত্ত্বান জন্তূন্ দেবরাজঞ্চ বারয়িষ্যতঃ ॥১১॥

এতদিতি। যম্ অর্থং বিষয়ম্। বীভৎসুরর্জ্জুনঃ, অকামস্য খাণ্ডবদাহমনিচ্ছতঃ, শতক্রতোরিন্দ্রস্য, তমনাদৃত্যেতি অনাদরে ষষ্ঠী, খাণ্ডবং দাবং বনম্, দিধক্ষুং দগ্ধুমিচ্ছুম্, জাতবেদসমগ্নিম্, তৎকালসদৃশং বচঃ অব্রবীৎ ॥১২—১৪॥

উত্তমেতি। দিব্যানি অলৌকিকানি। বহূন্ বজ্রধরান্ ইন্দ্রানপি ॥১৫॥

সেই কৃষ্ণ ও অর্জ্জুন মিলিত হইয়া যত্নপূর্ব্বক সমস্ত জন্তুদিগকে এবং দেবরাজকে বারণ করিবেন; সে বিষয়ে আমার কোন সন্দেহ নাই” ॥১১॥

ব্রহ্মার এই কথা শুনিয়া অগ্নিদেব সত্বর কৃষ্ণ ও অর্জ্জুনের নিকট যাইয়া যাহা বলিয়াছিলেন, রাজা! তাহা আপনার নিকট আমি পূর্ব্বেই বলিয়াছি। এদিকে খাণ্ডববন দগ্ধ হয় এরূপ ইচ্ছা ইন্দ্রের ছিল না, তাই তাঁহাকে অগ্রাহ্য করিয়াই অগ্নি খাণ্ডববন দগ্ধ করিবার ইচ্ছা করিয়াছিলেন; এই অবস্থায় অর্জ্জুন অগ্নির সেই কথা শুনিয়া তৎকালোচিত বাক্যই অগ্নিকে বলিলেন ॥১২—১৪॥

অর্জ্জুন বলিলেন—“অগ্নিদেব! আমার বহুতর অলৌকিক উৎকৃষ্ট অস্ত্র আছে, যেগুলি দ্বারা আমি বহুতর ইন্দ্রের সহিতও যুদ্ধ করিতে পারি ॥১৫॥

কিন্তু আমি যত্নের সহিত যুদ্ধ করিবার সময়ে যে ধনু আমার বেগ সহ্য করিতে পারে, এমন বাহুবলোপযোগী ধনু আমার নাই ॥১৬॥

অশ্বাংশ্চ দিব্যানিচ্ছেয়ং পাণ্ডুবান্ বাতরংহসঃ।
রথঞ্চ মেঘনির্ঘোষং সূর্য্যপ্রতিমতেজসম্ ॥১৮॥
তথা কৃষ্ণস্য বীর্য্যেণ নায়ুধং বিদ্যতে সমম্।
যেন নাগান্ পিশাচাংশ্চ নিহন্যান্মাধবো রণে ॥১৯॥
উপায়ং কর্ম্মসিদ্ধৌ চ ভগবন্! বক্তুমর্হসি।
নিবারয়েয়ং যেনেন্দ্রং বর্ষমাণং মহাবনে ॥২০॥
পৌরুষেণ তু যৎ কার্য্যং তৎ কর্ত্তারৌ স্ম পাবক!।
করণানি সমর্থানি ভগবন্! দাতুমর্হসি ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি খাণ্ডব-দাহে অর্জ্জুনাগ্নিসংবাদে সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ধনুরিতি। বাহুবীর্য্যেণ সম্মিতং বাহুবলোপযোগি। বিষহেৎ বিশেষেণ সহেত ॥১৬॥

শরৈরিতি। অর্থঃ প্রয়োজনমস্তি। অস্যতঃ শরানেব ক্ষিপতঃ। নহি অস্তীতি শেষঃ ॥১৭॥

অশ্বানিতি। পাণ্ডুরান্ শ্বেতান্, বাতরংহসো বায়ুবদ্বেগশালিনঃ। রথঞ্চেচ্ছেয়ম্ ॥১৮॥

তথেতি। বীর্য্যেণ সমং বলোপযোগি, আয়ুধমস্ত্রম্ ॥১৯॥

উপায়মিতি। কর্ম্মণঃ খাণ্ডবদাহস্য সিদ্ধৌ বিষয়ে। বর্ষমাণং জলং বর্ষন্তম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

স ত্বিতি ॥১—৬॥ মিষতঃ পশ্যতঃ ॥৭—১৩॥ শতক্রতোঃ সখ্যিঃ ॥১৪—২০॥ করণানি যুদ্ধসাধনানি ধনুরাদীনি ॥২১॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকদ্বিশত-তমোঽধ্যায়ঃ ॥২১০॥

এবং সত্বর বাণক্ষেপ করিবার সময়ে বহুতর অক্ষয় বাণ থাকা আমার আবশ্যক। আর, বহুতর অভীষ্ট বাণ বহন করিতে পারে, এমন রথও আমার নাই ॥১৭॥

তা'র পর, শ্বেতবর্ণ, বায়ুর তুল্য বেগবান্ এবং অলৌকিক শক্তিশালী অশ্বও আমি চাই এবং সূর্য্যের তুল্য তেজস্বী ও মেঘের তুল্য গম্ভীরনাদী একখানি রথও চাই ॥১৮॥

এবং কৃষ্ণেরও বলোপযোগী কোন অস্ত্র নাই, যাহা দ্বারা উনি যুদ্ধে নাগ ও পিশাচদিগকে বধ করিবেন ॥১৯॥

অতএব অগ্নিদেব! আপনি কার্য্যসিদ্ধির উপায় বলিতে পারেন কি? যে উপায়ে আমি খাণ্ডববনে বর্ষণ করিবার সময়ে ইন্দ্রকে বারণ করিতে পারিব ॥২০॥

(২০)…ভগবন্! কর্ত্তুমর্হসি…। * '…দ্বাবিংশত্যধিক…', চতুর্বিংশত্যধিক…', '…ষড়্বিংশত্যধিক…', '…পঞ্চাশদধিক…' ইতি পাঠভেদাঃ।

অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ স ভগবান্ ধূমকেতুর্হুতাশনঃ।
চিন্তয়ামাস বরুণং লোকপালং দিদৃক্ষয়া ॥১॥
আদিত্যমুদকে দেবং নিবসন্তং জলেশ্বরম্।
স চ তচ্চিন্তিতং জ্ঞাত্বা দর্শয়ামাস পাবকম্ ॥২॥ (যুগ্মকম্)
তমব্রবীদ্ধূমকেতুঃ প্রতিগৃহ্য জলেশ্বরম্।
চতুর্থং লোকপালানাং দেবদেবং সনাতনম্ ॥৩॥
সোমেন রাজ্ঞা যদ্দত্তং ধনুশ্চৈবেষুধী চ তে।
তৎ প্রযচ্ছোভয়ং শীঘ্রং রথঞ্চ কপিলক্ষণম্ ॥৪॥

ভারতকৌমুদী

পৌরুষেণেতি। কার্য্যং কর্ত্তুং শক্যম্। কর্ত্তারো করিষ্যামঃ। করণানি সাধনানি ॥২১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাস সিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

এবমিতি। ধূমঃ কেতুর্ধ্বজ ইব যস্য সঃ। আদিত্যম্ অদিতেঃ পুত্রম্, উদকে জলে নিবসন্তম্। স বরুণশ্চ। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। পাবকমগ্নিম্ ॥১—২॥
তমিতি। ধূমকেতুরগ্নিঃ। চতুর্থং স্বব্যতিরেকেণ ॥৩॥
সোমেনেতি। ইষুধী তূণীরদ্বয়ম্। কপিলক্ষণং বানরধ্বজম্ ॥৪॥

পুরুষকার দ্বারা যাহা করা যাইবে, তাহা আমরা করিব; কিন্তু তাহার উপযুক্ত উপকরণ আপনি দিতে পারিবেন কি?" ॥২১॥

—ঃ০ঃ—

বৈশম্পায়ন বলিলেন— অর্জ্জুন এইরূপ কহিলে, মাহাত্ম্যশালী ধূমধ্বজ অগ্নিদেব, অদিতির পুত্র জলনিবাসী ও জলের অধিপতি লোকপাল বরুণদেবকে দেখিবার ইচ্ছায় স্মরণ করিলেন। তখন বরুণদেব সেই স্মরণের বিষয় জানিয়া অগ্নিদেবের সাক্ষাতে উপস্থিত হইলেন ॥১—২॥

তখন অগ্নিদেব চতুর্থ লোকপাল, দেবদেব ও সনাতনমূর্ত্তি বরুণদেবকে আদরপূর্ব্বক গ্রহণ করিয়া বলিলেন— ॥৩॥

"চন্দ্রদেব আপনাকে যে ধনু, যে দুইটী তূণীর এবং বানরধ্বজ যে রথ দিয়াছিলেন, সে সমস্তই শীঘ্র আমাকে দান করুন ॥৪॥

কার্য্যঞ্চ সুমহৎ পার্থো গাণ্ডীবেন করিষ্যতি।
চক্রেণ বাসুদেবশ্চ তন্মমাদ্য প্রদীয়তাম্ ॥৫॥
দদানীত্যেব বরুণঃ পাবকং প্রত্যভাষত।
তদদ্ভুতং মহাবীর্য্যং যশঃকীর্ত্তিবিবর্দ্ধনম্ ॥৬॥
সর্ব্বশস্ত্রৈরনাধৃষ্যং সর্ব্বশস্ত্রপ্রমাথি চ।
সর্ব্বায়ুধমহামাত্রং পরসৈন্যপ্রধর্ষণম্ ॥৭॥
একং শতসহস্রেণ সম্মিতং রাষ্ট্রবর্দ্ধনম্।
চিত্রমুচ্চাবচৈর্বর্ণৈঃ শোভিতং শ্লক্ষ্ণমব্রণম্ ॥৮॥
দেবদানবগন্ধর্ব্বৈঃ পূজিতং শাশ্বতীঃ সমাঃ।
প্রাদাচ্চৈব ধনূরত্নমক্ষয্যে চ মহেষুধী ॥৯॥ (কলাপকম্)
রথঞ্চ দিব্যাশ্বযুজং কপিপ্রবরকেতনম্।
উপেতং রাজতৈরশ্বৈর্গান্ধর্ব্বৈর্হেমমালিভিঃ ॥১০॥

ভারতকৌমুদী

কার্য্যমিতি। পার্থোঽর্জ্জুনঃ। বাসুদেবশ্চ চক্রেণ সুমহৎ কার্য্যং করিষ্যতীত্যন্বয়ঃ ॥৫॥

দদানীতি। "শৌর্য্যাদিপ্রভবা কীর্ত্তির্দানাদিপ্রভবং যশঃ" ইত্যুক্তের্যশঃকীর্ত্ত্যোর্ভেদঃ। অত্র চ খাণ্ডবদাহেন যশঃ, ইন্দ্রবিজয়েন চ কীর্ত্তিরিতি বোধ্যম্। অনাধৃষ্যমজয্যম্। সর্ব্বেষাং শস্ত্রাণাং প্রমাথি বিজয়ি। সর্ব্বেষ্বায়ুধেষু মধ্যে মহতী মাত্রা প্রমাণং যস্য তৎ। একমপি, শতসহস্রেণ ধনুষাং লক্ষেণ, সম্মিতং তুল্যম্। উচ্চাবচৈর্নানাবিধৈঃ। শ্লক্ষ্ণং মসৃণম্, অব্রণং কীটক্ষতাদিরহিতম্। সমা বৎসরান্ দীর্ঘকালমিত্যর্থঃ। অক্ষয্যে ক্ষেতুমশক্যে সর্ব্বদৈব বাণপূর্ণে, মহেষুধী মহাতূণদ্বয়ম্ ॥৬—৯॥

অর্জ্জুন সেই গাণ্ডীবধনু দ্বারা এবং কৃষ্ণ সুদর্শন চক্র দ্বারা গুরুতর কার্য্য সাধনা করিবেন; অতএব সেগুলি আমাকে এখনই দিন" ॥৫॥

তখন বরুণদেব অগ্নিদেবকে কহিলেন—"অবশ্যই দিব"। এই বলিয়া বরুণদেব সেই ধনুশ্রেষ্ঠ গাণ্ডীব এবং অক্ষয় দুইটী তূণ সমর্পণ করিলেন। সেই গাণ্ডীব অত্যন্ত ভারসহ ও অদ্ভুত ছিল, যশ ও কীর্ত্তি বৃদ্ধি করিত, সমস্ত অস্ত্রের অজেয়, অথচ সমস্ত অস্ত্রবিজয়ী ছিল, সমস্ত অস্ত্রের মধ্যেই তাহার প্রমাণ বৃহৎ ছিল, সে ধনু শত্রুসৈন্যকে জয় করিত এবং এক হইয়াও অন্য লক্ষ ধনুর তুল্য ছিল, রাজ্যবৃদ্ধি করিত এবং নানাবর্ণে বিচিত্র ও শোভিত ছিল; আর তাহা শ্লক্ষ্ণ (পালিস) ও ব্রণশূন্য ছিল এবং দেব, দানব ও গন্ধর্ব্বেরা দীর্ঘকাল তাহার পূজা করিয়াছিলেন ॥৬—৯॥

(১) ...অক্ষয্যৌ চ মহেষুধী।

পাণ্ডুরাভ্রপ্রতীকাশৈর্মনোবায়ুসমৈর্জবে।
সর্ব্বোপকরণৈর্যুক্তমজয্যং দেবদানবৈঃ ॥১১॥ (যুগ্মকম্)

ভানুমন্তং মহাঘোষং সর্ব্বভূতমনোরমম্।
সসর্জ্জ যং সুতপসা ভৌমনো ভুবনপ্রভুঃ ॥১২॥

প্রজাপতিরনির্দ্দেশ্যং যস্য রূপং রবেরিব।
যং স্ম সোমঃ সমারুহ্য দানবানজয়ৎ প্রভুঃ ॥১৩॥

নবমেঘপ্রতীকাশং জ্বলন্তমিব চ শ্রিয়া।
আশ্রিতৌ তং রথশ্রেষ্ঠং শক্রায়ুধসমাবুভৌ ॥১৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

রথমিতি। কপিপ্রবরকেতনং বিশালবানরধ্বজম্। রাজতৈঃ রজতবর্ণৈঃ, গান্ধর্বৈর্গন্ধর্ব-দেশজাতৈঃ। পাণ্ডুরাভ্রপ্রতীকাশৈঃ শুভ্রমেঘতুল্যৈঃ। জবে বেগে। রথস্য প্রাদাদিত্যস্য কর্ষঃ ॥১০—১১॥

ভানিতি। ভানুমন্তমুজ্জ্বলম্। সসর্জ্জ নির্ম্মমৌ, সুতপসা অতিকষ্টেন, ভৌমনো বিশ্বকর্ম্মা। অনির্দ্দেশ্যম্ অনির্ব্বচনীয়ম্। আশ্রিতৌ আরূঢ়ৌ। শক্রায়ুধসমৌ বসনগাত্রবর্ণবৈচিত্র্যাদিন্দ্র-ধনুস্তুল্যৌ, উভৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১২—১৪॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১॥ আদিত্যমদিতেঃ পুত্রম্ ॥২॥ প্রতিগৃহ্য পূজাদিনা স্বীকৃত্য ॥৩—৬॥ মহামাত্রম্ অতিপ্রমাণং সমৃদ্ধং প্রধানং বা ॥৭—৯॥ রাজতৈ রজতবর্ণৈঃ ॥১০—১১॥ ভানু-মন্তং দীপ্তিমন্তম্, ভৌমনো বিশ্বকর্ম্মা ॥১২—১৩॥ শক্রায়ুধসমৌ দেহবাসঙ্গবিভ্যাং নীল-

---

বরুণদেব একখানি রথও দিলেন; তাহাতে চারিটী দিব্য অশ্ব যোজিত ছিল এবং তাহার ধ্বজের উপরে বিশাল একটা বানর ছিল। সেই চারিটী অশ্বই রৌপ্যের ন্যায় উজ্জ্বল, গন্ধর্ব্বদেশে উৎপন্ন, স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত, নির্জ্জল মেঘের ন্যায় শুভ্রবর্ণ এবং বেগে মন ও বায়ুর তুল্য ছিল। সেই রথখানিতে যুদ্ধের সমস্ত উপকরণ ছিল, আর সে রথ দেবগণ এবং দানবগণেরও অজেয় ছিল ॥১০—১১॥

মহাত্মা বিশ্বকর্ম্মা অতিকষ্টে উজ্জ্বল, গম্ভীরশব্দশালী এবং সমস্ত লোকের মনোহর করিয়া যে রথখানিকে নির্ম্মাণ করিয়াছিলেন; যে রথখানির রূপ সূর্য্যের রূপের ন্যায় অনির্ব্বচনীয় ছিল এবং প্রজাপতি চন্দ্র যে রথে আরোহণ করিয়া দানবগণকে জয় করিয়াছিলেন; ইন্দ্রধনুর তুল্যবর্ণ কৃষ্ণ ও অর্জ্জুন নবমেঘতুল্য সেই উজ্জ্বল রথে আরোহণ করিলেন ॥১২—১৪॥

---

(১৪) আশ্রিতৌ তৌ রথশ্রেষ্ঠম্... ।

তাপনীয়া সুরুচিরা ধ্বজযষ্টিরনুত্তমা।
তস্যাস্তু বানরো দিব্যঃ সিংহশার্দ্দূলকেতনঃ ॥১৫॥
দিধক্ষন্নিব তত্র স্ম সংস্থিতো মূর্দ্ধ্যশোভত।
ধ্বজে ভূতানি তত্রাসন্ বিবিধানি মহান্তি চ ॥১৬॥ (যুগ্মকম্)
নাদেন রিপুসৈন্যানাং তেষাং সংজ্ঞা প্রণশ্যতি।
স তং নানাপতাকাভিঃ শোভিতং রথসত্তমম্ ॥১৭॥
প্রদক্ষিণমুপাবৃত্য দৈবতেভ্যঃ প্রণম্য চ।
সন্নদ্ধঃ কবচী খড়্গী বদ্ধগোধাঙ্গুলিত্রকঃ ॥১৮॥
আরুরোহ তদা পার্থো বিমানং সুকৃতী যথা।
তচ্চ দিব্যং ধনুঃশ্রেষ্ঠং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা ॥১৯॥
গাণ্ডীবমুপসংগৃহ্য বভূব মুদিতোঽর্জ্জুনঃ।
হুতাশনং পুরস্কৃত্য ততস্তদপি বীর্য্যবান্ ॥২০॥
জগ্রাহ বলমাস্থায় জ্যয়া চ যুযুজে ধনুঃ।
মৌর্ব্ব্যাস্তু যোজ্যমানায়াং বলিনা পাণ্ডবেন হ ॥২১॥

ভারতকৌমুদী

তাপনীয়েতি। তাপনীয়া স্বর্ণনির্ম্মিতা। সিংহশার্দ্দূলয়োরিব কেতনং চিহ্নং যস্য সঃ। "তপনীয়ং শাতকুম্ভম্" ইতি স্বর্ণপর্য্যায়েঽমরঃ। "কেতনং সদনে চিহ্নে কৃত্যে চোপনিমন্ত্রণে" ইতি হেমচন্দ্রঃ। দিধক্ষন্ পরবলং দগ্ধুমিচ্ছন্নিব, তত্র মূর্দ্ধি ধ্বজোপরীত্যর্থঃ, সংস্থিতঃ সন্ অশোভত। ভূতানি প্রাণিনঃ ॥১৫—১৬॥

নাদেনেতি। তেষাং ভূতানাং নাদেন। সঃ অর্জ্জুনঃ। উপাবৃত্য পরিবৃত্য। সন্নদ্ধঃ কৃতযুদ্ধসজ্জঃ। বদ্ধে ধৃতে গোধাঙ্গুলিত্রে চর্ম্মময়প্রকোষ্ঠাঘাতাঙ্গুল্যাঘাতবারণে যেন সঃ।

সেই রথখানিতে স্বর্ণনির্ম্মিত একটী সুন্দর ধ্বজ ছিল; তাহার উপরে সিংহ ও ব্যাঘ্রের ন্যায় ভীষণাকৃতি একটা বানর ছিল এবং সে বানরটা যেন শত্রুগণকে দগ্ধ করিতে ইচ্ছা করিতেছিল; আর সেই ধ্বজে নানাবিধ বৃহৎ বৃহৎ জন্তু বাস করিতেছিল ॥১৫—১৬॥

সেই জন্তুগণের গর্জনে শত্রুসৈন্যের চৈতন্য লোপ পাইত। অর্জ্জুন সেই পতাকাযুক্ত রথখানিকে প্রদক্ষিণ করিয়া এবং অভীষ্ট দেবতাদিগকে নমস্কার করিয়া কবচ, খড়্গ, তলবারণ ও অঙ্গুলিত্রাণ ধারণপূর্ব্বক সজ্জিত হইয়া, পুণ্যবান্ লোক যেমন বিমানে আরোহণ করেন, সেইরূপ সেই রথে আরোহণ করিলেন, তৎপরে ব্রহ্মার নির্ম্মিত সেই অলৌকিক গাণ্ডীবধনু ধারণ করিয়া আনন্দিত হইলেন এবং অগ্নিদেবকে সম্মুখে রাখিয়া বলপ্রয়োগপূর্ব্বক সেই ধনুতে গুণা-

যেঽশৃণ্বন্ কূজিতং তত্র তেষাং বৈ ব্যথিতং মনঃ।
লব্ধ্বা রথং ধনুশ্চৈব তথাঽক্ষয্যে মহেষুধী ॥২২॥
বভূব কল্যঃ কৌন্তেয়ঃ প্রহৃষ্টং সাহ্যকর্ম্মণি।
বজ্রনাভং ততশ্চক্রং দদৌ কৃষ্ণায় পাবকঃ ॥২৩॥ কুলকম্
আগ্নেয়মস্ত্রং দয়িতং স চ কল্যোঽভবত্তদা।
অব্রবীৎ পাবকশ্চৈবমেতেন মধুসূদন ! ॥২৪॥
অমানুষানপি রণে জেষ্যসি ত্বমসংশয়ম্।
অনেন ত্বং মনুষ্যাণাং দেবানামপি চাহবে ॥২৫॥
রক্ষঃপিশাচদৈত্যানাং নাগানাঞ্চাধিকস্তথা।
ভবিষ্যসি ন সন্দেহঃ প্রবরোঽপি নিবর্হণে ॥২৬॥ বিশেষকম্

ভারতকৌমুদী

সুকৃতী পুণ্যবান্। উপসংগৃহ্য ধৃত্বা। তদপি ধনুঃ জ্যয়া গুণেন। মৌর্ব্ব্যাং গুণে। কূজিতং শব্দম্। সাহ্যকর্ম্মণি অগ্নেঃ সাহায্যকার্য্যে যুদ্ধে. কল্যঃ সজ্জঃ। সাহায্যার্থে সাহ্যশব্দো মুনিরূঢ় ইতি প্রাগেবোক্তম্। "কল্যৌ সজ্জনিরাময়ৌ" ইত্যমরঃ। বজ্রমিব নাভির্মধ্যদেশো যস্য তৎ ॥১৭—২৩॥

আগ্নেয়মিতি। স কৃষ্ণশ্চ তদা আগ্নেয়মস্ত্রমিব দয়িতং প্রিয়ম্, তদস্ত্রং চক্রম্, আদায়েতি

ভারতভাবদীপঃ

পিশঙ্গবর্ণৌ ॥১৪॥ তাপনীয়ঃ সৌবর্ণী, সিংহশার্দ্দূলবৎ ভয়ঙ্করঃ কেতনঃ কায়ো যস্য সঃ, "কেতনং লাঞ্ছনে কায়ে" ইতি বিশ্বঃ ॥১৫—১৬॥ নাদেন যেষাম্ ॥১৭—২০॥ জ্যয়া মৌর্ব্ব্যা ॥২১—২২॥ কল্যঃ সমর্থঃ, সাহ্যকর্ম্মণি সাহায্যকে, বজ্রং বরত্রা সা নাভৌ যস্য তৎ সূত্রবদ্ধশকুনিবৎ পুনঃ পুনঃ প্রয়োক্তুর্হস্তমায়াতীত্যর্থঃ। "বজ্রং ত্রপুবরত্রয়োঃ" ইতি মেদিনী ॥২৩॥

রোপণ করিলেন। তিনি গুণারোপণ করিবার সময়ে যে শব্দ হইল, তাহা শুনিয়া সকলের হৃদয় কম্পিত হইল। অর্জ্জুন সেই রথ, ধনু ও অক্ষয় তূণীর দুইটী লাভ করিয়া, আনন্দিত হইয়া, যুদ্ধের জন্য সজ্জিত হইলেন। তখন অগ্নিদেব কৃষ্ণকে একটী চক্র দান করিলেন; সেই চক্রটীর মধ্যস্থানটা বজ্রের ন্যায় ছিল ॥১৭—২৩॥

কৃষ্ণও আগ্নেয় অস্ত্রের ন্যায় প্রিয় সেই চক্র লাভ করিয়া তখনই যুদ্ধের জন্য সজ্জিত হইলেন। সেই সময়ে অগ্নিদেব তাঁহাকে এইরূপ বলিলেন—"কৃষ্ণ ! আপনি এই চক্র দ্বারা যুদ্ধে দেবতাপ্রভৃতিকেও জয় করিতে পারিবেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই; আর আপনি এই চক্রের প্রভাবে দেবতা, মনুষ্য,

(২৩)···প্রহৃষ্টঃ সহ্যকর্ম্মণি।

ক্ষিপ্তং ক্ষিপ্তং রণে চৈতত্ত্বয়া মাধব ! শত্রুষু।
হত্বাঽপ্রতিহতং সংখ্যে পাণিমেষ্যতি তে পুনঃ ॥২৭॥
বরুণশ্চ দদৌ তস্মৈ গদামশনিনিস্বনাম্।
দৈত্যান্তকরণীং ঘোরাং নাম্না কৌমোদকীং প্রভুঃ ॥২৮॥
ততঃ পাবকমব্রুতাং প্রহৃষ্টাবর্জ্জুনাচ্যুতৌ।
কৃতাস্ত্রৌ শস্ত্রসম্পন্নৌ রথিনৌ ধ্বজিনাবপি ॥২৯॥
কল্যৌ স্বো ভগবন্ ! যোদ্ধুমপি সর্ব্বৈঃ সুরাসুরৈঃ।
কিং পুনর্ব্বজ্রিণৈকেন পন্নগার্থে যুযুৎসতা ॥৩০॥

অর্জ্জুন উবাচ।

চক্রপাণির্হৃষীকেশো বিচরন্ যুধি বীর্য্যবান্।
চক্রেণ ভস্মসাৎ সর্ব্বং বিসৃষ্টেন তু বীর্য্যবান্।
ত্রিষু লোকেষু তন্নাস্তি যন্ন কুর্য্যাজ্জনার্দ্দনঃ ॥৩১॥

ভারতকৌমুদী

শেষঃ, কল্যো যুদ্ধায় সজ্জিতোঽভবৎ। আহবে যুদ্ধে। অধিকঃ প্রবলঃ। নিবর্হণে শত্রুবিনাশনে, প্রবরঃ শ্রেষ্ঠঃ ॥২৪—২৬॥

চক্রস্য গুণমাহ—ক্ষিপ্তমিতি। অপ্রাতিহতম্ অক্ষতং সৎ। সংখ্যে যুদ্ধে ॥২৭॥

বরুণ ইতি। তস্মৈ কৃষ্ণায়। অশনিনিস্বনাং বজ্রবদ্গর্জ্জিনীম্ ॥২৮॥

তত ইতি। পাবকমগ্নিদেবম্। কৃতাস্ত্রৌ শিক্ষিতাস্ত্রৌ, তদানীঞ্চ শস্ত্রসম্পন্নৌ ॥২৯॥

কল্যাবিতি। কল্যৌ সজ্জিতৌ। বজ্রিণা ইন্দ্রেণ। পন্নগার্থে তক্ষকরক্ষার্থে ॥৩০॥

রাক্ষস, পিশাচ, দৈত্য ও নাগদিগের সঙ্গে যুদ্ধে প্রবল হইয়া তাহাদিগকে বধ করিতে সমর্থ হইবেন, তাহাতেও কোন সন্দেহ নাই ॥২৪—২৬॥

আর কৃষ্ণ ! আপনি যুদ্ধের সময়ে শত্রুগণের প্রতি এই চক্র বার বার ক্ষেপ করিলেও, ইহা সেই শত্রুকে বধ করিয়া অক্ষত থাকিয়া আবার আপনার হাতে আসিবে" ॥২৭॥

তখন বরুণও কৃষ্ণকে 'কৌমোদকী' নামে ভয়ঙ্কর একটা গদা দান করিলেন; সে গদা বজ্রের ন্যায় গর্জন করিত এবং দৈত্যগণকে বিনাশ করিত ॥২৮॥

তাহার পর, অস্ত্রবিদ্যায় সুশিক্ষিত এবং তৎকালে উপযুক্ত অস্ত্রসম্পন্ন, রথারোহী ও ধ্বজশালী কৃষ্ণ ও অর্জ্জুন আনন্দিত হইয়া অগ্নিদেবকে বলিলেন—॥২৯॥

"ভগবন্ ! আমরা এখন সমস্ত দেবদানবগণের সঙ্গেও যুদ্ধ করিতে সমর্থ। অতএব তক্ষকনাগকে রক্ষা করিবার জন্য যুদ্ধার্থী একমাত্র ইন্দ্রের সহিত যুদ্ধ করিবার কথা আর কি বলিব" ॥৩০॥

গাণ্ডীবং ধনুরাদায় তথাক্ষয্যে মহেষুধী।
অহমপ্যুৎসহে লোকান্ বিজেতুং যুধি পাবক! ॥৩২॥
সর্ব্বতঃ পরিবার্য্যৈব দাবমেতং মহাপ্রভো!।
কামং সম্প্রজ্বলাদ্যৈব কল্যৌ স্বঃ সাহ্যকর্ম্মণি ॥৩৩॥
যদি খাণ্ডবমেষ্যতি প্রমাদাৎ সগণো বা পরিরক্ষিতুং মহেন্দ্রঃ।
শরতাড়িতগাত্রকুণ্ডলানাং কদনং দ্রক্ষ্যতি দেববাহিনীনাম্ ॥৩৪॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ স ভগবান্ দাশার্হেণার্জ্জুনেন চ।
তৈজসং রূপমাস্থায় দাবং দগ্ধুং প্রচক্রমে ॥৩৫॥

ভারতকৌমুদী

চক্রেতি। বীর্য্যবান্ একত্র দৈহিকবলবান্ অন্যত্র মানসিকবলবান্। বিসৃষ্টেন নিক্ষিপ্তেন। যৎ সর্ব্বং ভস্মসাৎ কুর্য্যাদিতি সম্বন্ধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

গাণ্ডীবমিতি। উৎসহে শক্নোমি। লোকান্ ত্রীণি ভুবনানি ॥৩২॥

সর্ব্বত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য, দাবং বনম্। কামং পর্য্যাপ্তম্। অদ্যৈব ইদানীমেব। কল্যৌ সজ্জিতৌ। সাহ্যকর্ম্মণি সাহসকার্য্যে যুদ্ধে ॥৩৩॥

যদীতি। সগণঃ সৈন্যসহিতঃ। কদনং দুরবস্থাম্ ॥৩৪॥

এবমিতি। সঃ অগ্নিদেবঃ। দাশার্হেণ কৃষ্ণেন। তৈজসং তেজোময়ম্ ॥৩৫॥

অর্জ্জুন বলিলেন—"দৈহিক ও মানসিক শক্তিশালী কৃষ্ণ চক্র ধারণপূর্ব্বক যুদ্ধে বিচরণ করিতে লাগিলে, ত্রিভুবনে তেমন কোন বস্তু নাই, যাহা উনি চক্র নিক্ষেপ করিয়া বিধ্বস্ত করিতে পারেন না ॥৩১॥

এবং আমিও গাণ্ডীবধনু এবং অক্ষয় তূণীর দুইটী লইয়া যুদ্ধে সমস্ত ত্রিভুবনকেই জয় করিতে পারি ॥৩২॥

অতএব ভগবন্ অগ্নিদেব! আপনি এখনই এই খাণ্ডববনটাকে পরিবেষ্টন করিয়া সকল দিকেই পর্য্যাপ্তরূপে জ্বলিয়া উঠুন; আমরা আপনার সাহায্য করিবার জন্য প্রস্তুত হইয়াছি ॥৩৩॥

যদি দেবরাজ অনবধানতাবশতঃ সৈন্যগণের সঙ্গে মিলিত হইয়া এই খাণ্ডববন রক্ষা করিবার জন্য আগমন করেন, তবে আমার বাণে অঙ্গ ও কুণ্ডল তাড়িত হইতে থাকিলে, সেই দেবসৈন্যগণের কিরূপ দুরবস্থা হয়, তাহা দেখিতে পাইবেন" ॥৩৪॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ ও অর্জ্জুন এইরূপ বলিলে, অগ্নিদেব ব্রাহ্মণরূপ

(৩৩)...দাবমেতং মহৎ প্রভো!, দাবমেতং মহাপ্রভম্...কল্যৌ স্বঃ সহকর্ম্মণি।

(৩৪) অয়ং শ্লোকো দাক্ষিণাত্যপুস্তক এব দৃশ্যতে।

সর্ব্বতঃ পরিবার্য্যাথ সপ্তার্চ্চির্জ্জ্বলনস্তদা ।
দদাহ খাণ্ডবং দাবং যুগান্তমিব দর্শয়ন্ ॥৩৬॥
প্রতিগৃহ্য সমাবিশ্য তদ্বনং ভরতর্ষভ ! ।
মেঘস্তনিতনির্ঘোষঃ সর্ব্বভূতান্যকম্পয়ৎ ॥৩৭॥
দহ্যতস্তস্য চ বভৌ রূপং দাবস্য ভারত ! ।
মেরোরিব নগেন্দ্রস্য কীর্ণস্যাংশুমতোঽংশুভিঃ ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি খাণ্ডব-দাহে গাণ্ডীবাদিদানে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সর্ব্বত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। দাবং বনম্। যুগান্তং প্রলয়ম্ ॥৩৬॥

প্রতীতি। প্রতিগৃহ্য ধৃত্বা সংলগ্নীভূয়েত্যর্থঃ। সর্ব্বভূতানি তত্রত্যান্ প্রাণিনঃ ॥৩৭॥

দহ্যত ইতি। হে ভারত! দহ্যতঃ অগ্নিনা দহ্যমানস্য, তস্য দাবস্য বনস্য রূপম্, অংশু-মতঃ সূর্য্যস্য অংশুভিঃ, কীর্ণস্য ব্যাপ্তস্য নগেন্দ্রস্য মেরো রূপমিব বভৌ ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অতএব আগ্নেয়মস্ত্রমিবাস্ত্রম্ ॥২৪—২৫॥ তদেবাহ—ক্ষিপ্তং ক্ষিপ্তমিতি ॥২৭—২৯॥ যুযুৎ-সতা যোদ্ধুমিচ্ছতা ॥৩০—৩৫॥ সপ্তার্চ্চিঃ কালীকরালীপ্রভৃতিসপ্তজিহ্বাবান্ ॥৩৬—৩৭॥ দহ্যতো দহ্যমানস্য ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৮॥

পরিত্যাগপূর্ব্বক তেজোময়রূপ ধারণ করিয়া খাণ্ডববন দগ্ধ করিতে আরম্ভ করিলেন ॥৩৫॥

তখন তিনি সকল দিকে পরিবেষ্টন করিয়া, প্রলয়কালের অবস্থাই যেন দেখাইতে থাকিয়া খাণ্ডববন দগ্ধ করিতে লাগিলেন ॥৩৬॥

মহারাজ! অগ্নি সেই খাণ্ডববনে লাগিয়া এবং তাহার ভিতরে প্রবেশ করিয়া মেঘের ন্যায় গর্জ্জন করিতে থাকিয়া, তত্রত্য সমস্ত প্রাণীকে কম্পিত করিতে লাগিলেন ॥৩৭॥

সেই খাণ্ডববন দগ্ধ হইতে লাগিলে, সূর্য্যের কিরণে পরিব্যাপ্ত সুমেরু-পর্ব্বতের আকৃতির ন্যায় তাহার আকৃতি প্রকাশ পাইতে লাগিল ॥৩৮॥

* '...ত্রয়োবিংশত্যধিক...', '...পঞ্চবিংশত্যধিক...', '...সপ্তবিংশত্যধিক-পঞ্চাশদধিক...' ইতি পাঠান্তরাণি।

ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

তৌ রথাভ্যাং রথিশ্রেষ্ঠৌ দাবস্যোভয়তঃ স্থিতে।
দিক্ষু সর্ব্বাসু ভূতানাং চক্রাতে কদনং মহৎ ॥১॥
যত্র যত্র স্ম দৃশ্যন্তে প্রাণিনঃ খাণ্ডবালয়াঃ।
পলায়ন্তঃ প্রবীরৌ তৌ তত্র তত্রাভ্যধাবতাম্ ॥২॥
ছিদ্রং ন স্ম প্রপশ্যন্তি রথয়োরাশুচারিণোঃ।
আবিদ্ধাবিব দৃশ্যেতে রথিনৌ তৌ রথোত্তমৌ ॥৩॥
খাণ্ডবে দহ্যমানে তু ভূতানি শতসংঘশঃ।
উৎপেতুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তঃ সমন্ততঃ ॥৪॥

ভারতকৌমুদী

তাবিতি। দাবস্য খাণ্ডববনস্য, উভয়ত উভয়পার্শ্বে স্থিতৌ। পূর্ব্বমগ্নিদত্তরথমেবোভাবা-রূঢ়ৌ, ইদানীন্তু অগ্নিদত্তরথেঽর্জ্জুনঃ, ইন্দ্রপ্রস্থাগতে রথে চ কৃষ্ণ ইতি ন বিরোধঃ ॥১॥

যত্রেতি। খাণ্ডবালয়াঃ খাণ্ডববাসিনঃ। পলায়ন্তঃ পলায়মানাঃ ॥২॥

ছিদ্রমিতি। ছিদ্রমবকাশম্। আশুচারিণোঃ শীঘ্রগামিনোঃ। আবিদ্ধৌ যুক্তৌ ॥৩॥

খাণ্ডব ইতি। ভূতানি তত্রত্যাঃ প্রাণিনঃ। বিনদন্ত ইতি পুংস্ত্বমার্ষম্ ॥৪॥

ভারতভাবদীপঃ

তৌ রথাভ্যামিতি। "আস্থিতৌ তং রথং শ্রেষ্ঠম্" ইতি দ্বয়োরেকরথস্থত্বং প্রাগুক্তং তচ্ছোভামাত্রং ভাব্যুপযোগসূচনার্থম্, ইহ তু পৃথক্ রথস্থাবেবেতি জ্ঞেয়ম্ ॥১—২॥ আবিদ্ধাবেব

বৈশম্পায়ন বলিলেন—রথিশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন দুইখানি রথে আরোহণ করিয়া খাণ্ডববনের দুই দিকে রহিলেন এবং সকল দিকেই তত্রত্য প্রাণিগণের গুরুতর দুরবস্থা করিতে লাগিলেন ॥১॥

কৃষ্ণ ও অর্জ্জুন পলায়নপ্রবৃত্ত খাণ্ডববাসী প্রাণিগণকে যেখানে সেখানে দেখিতে লাগিলেন, তাঁহারা সেইখানে সেইখানেই ধাবিত হইতে থাকিলেন ॥২॥

সেই রথ দুইখানি এত দ্রুত চলিতে লাগিল যে, সেই রথ দুইখানি বা তদারোহী কৃষ্ণ ও অর্জ্জুনকে পরস্পর মিলিতের ন্যায় দেখা যাইতে লাগিল; তাহাতেই তত্রত্য প্রাণীরা তাঁহাদের ফাঁক দেখিতে লাগিল না ॥৩॥

এইভাবে খাণ্ডববন দগ্ধ হইতে লাগিলে, তত্রত্য বহুতর প্রাণী ভয়ঙ্কর শব্দ করিতে করিতে সকল দিক্ হইতেই উঠিতে লাগিল ॥৪॥

দগ্ধৈকদেশা বহবো নিষ্টপ্তাশ্চ তথাঽপরে।
স্ফুটিতাক্ষা বিশীর্ণাশ্চ বিপ্লুতাশ্চ তথা পরে ॥৫॥
সমালিঙ্গ্য সুতানন্যে পিতৄন্ ভ্রাতৄনথাপরে।
ত্যক্তুং ন শেকুঃ স্নেহেন তত্রৈব নিধনং গতাঃ ॥৬॥
সন্দষ্টদশনাশ্চান্যে সমুৎপেতুরনেকশঃ।
ততস্তেঽতীব ঘূর্ণন্তঃ পুনরগ্নৌ প্রপেদিরে ॥৭॥
দগ্ধপক্ষাক্ষিচরণা বিচেষ্টন্তো মহীতলে।
তত্র তত্র স্ম দৃশ্যন্তে বিনশ্যন্তঃ শরীরিণঃ ॥৮॥
জলাশয়েষু তপ্তেষু ক্বাথ্যমানেষু বহ্নিনা।
গতসত্ত্বাঃ স্ম দৃশ্যন্তে কূর্ম্মমৎস্যাঃ সমন্ততঃ ॥৯॥

ভারতকৌমুদী

দগ্ধেতি। নিষ্টপ্তা অর্দ্ধদগ্ধাঃ। স্ফুটিতাক্ষা বিদীর্ণনয়নাঃ। বিশীর্ণাঃ ক্ষীণাঃ। বিপ্লুতা গলিতাঙ্গা আসন্নিতি সর্ব্বত্র শেষঃ ॥৫॥

সমিতি। ত্যক্তুং ন শেকুঃ, অতএব তত্রৈব নিধনং গতাঃ ॥৬॥

সন্দষ্টেতি। অতীব ঘূর্ণন্তঃ অগ্নিতাপেনেতি ভাবঃ। প্রপেদিরে প্রাপ্তাঃ ॥৭॥

দগ্ধেতি। বিচেষ্টন্তঃ স্পন্দমানাঃ। শরীরিণঃ পক্ষিণ এব ॥৮॥

জলেতি। ক্বাথ্যমানেষু পচ্যমানেষু সৎসু। গতসত্ত্বা নিষ্প্রাণাঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

অলাতচক্রবৎ ভ্রমিতাবেব ॥৩—৪॥ নিষ্টপ্তা অতিতপ্তাঃ, বিশীর্ণাঃ কর্কটীফলবৎ বিদীর্ণাঃ,

---

অনেকের শরীরের একদেশ দগ্ধ হইয়া গেল, কতকগুলি অর্দ্ধদগ্ধ হইল, কতকগুলির চোখ ফুটিয়া গেল এবং অনেকগুলি বিশীর্ণ ও গলিতাঙ্গ হইয়া গেল ॥৫॥

কতকগুলি প্রাণী সন্তানদিগকে, কতকগুলি প্রাণী পিতৃগণকে এবং কতকগুলি প্রাণী ভ্রাতৃগণকে আলিঙ্গন করিয়া রহিল; কিন্তু স্নেহবশতঃ তাহাদিগকে ত্যাগ করিতে পারিল না, তাহাতেই তাহারা সেইখানেই মরিয়া গেল ॥৬॥

অন্য অনেক প্রাণী দন্ত দংশন করিয়া উঠিল, আবার অত্যন্ত ঘুরিতে ঘুরিতে যাইয়া আগুনের ভিতরেই পড়িল ॥৭॥

নানাস্থানেই দেখা যাইতে লাগিল যে, পক্ষীগুলির পক্ষ, চক্ষু ও চরণ দগ্ধ হইলে তাহারা মাটীতে ছট্‌ফট্ করিতে করিতে মরিয়া যাইতেছে ॥৮॥

আরও দেখা যাইতে লাগিল যে, অগ্নির উত্তাপে জলাশয়গুলি প্রথমে উত্তপ্ত হইল, ক্রমে তাহার জল ফুটিতে লাগিল; তখন কচ্ছপ ও মৎস্য সকল প্রাণত্যাগ করিতে থাকিল ॥৯॥

শরীরৈরপরৈর্দীপ্তৈর্দেহবন্ত ইবাগ্নয়ঃ।
অদৃশ্যন্ত বনে তত্র প্রাণিনঃ প্রাণসংক্ষয়ে ॥১০॥
কাংশ্চিদুৎপততঃ পার্থঃ শরৈঃ সংছিদ্য খণ্ডশঃ।
পাতয়ামাস বিহগান্ প্রদীপ্তে বসুরেতসি ॥১১॥
তে শরাচিতসর্ব্বাঙ্গা বিনদন্তো মহারবান্।
ঊর্দ্ধমুৎপত্য বেগেন নিপেতুঃ খাণ্ডবে পুনঃ ॥১২॥
শরৈরব্যাহতানাঞ্চ সংঘশঃ স্ম বনৌকসাম্।
বিরাবঃ শুশ্রুবে ঘোরঃ সমুদ্রস্যেব মথ্যতঃ ॥১৩॥
বহ্নেশ্চাপি প্রদীপ্তস্য খমুৎপেতুর্মহার্চ্চিষঃ।
জনয়ামাসুরুদ্বেগং সুমহান্তং দিবৌকসাম্ ॥১৪॥
তেনার্চ্চিষা সুসন্তপ্তা দেবাঃ সর্ষিপুরোগমাঃ।
ততো জগ্মুর্মহাত্মানঃ সর্ব্ব এব দিবৌকসঃ।
শতক্রতুং সহস্রাক্ষং দেবেশমসুরার্দ্দনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

শরীরৈরিতি। দীপ্তৈঃ প্রজ্বলিতৈঃ অপরৈঃ শরীরৈ রিত্যভেদে তৃতীয়া ॥১০॥
কাংশ্চিদিতি। বিহগান্ পক্ষিণঃ, প্রদীপ্তে প্রজ্বলিতে, বসুরেতসি বহ্নৌ ॥১১॥
ত ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্ব্বাণ্যঙ্গানি যেষাং তে, তে অপরে পক্ষিণঃ ॥১২॥
শরৈরিতি। অব্যাহতানাঞ্চ অতাড়িতানামপি। মথ্যতো মথ্যমানস্য ॥১৩॥
বহ্নেরিতি। প্রদীপ্তস্য প্রজ্বলিতস্য, খমাকাশম্। দিবৌকসাং দেবানাম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

বিপ্লুতাঃ ভয়াৎ বিদ্রুতাঃ ॥৫—৯॥ শরীরৈঃ দীপ্তৈঃ লোহপ্রতিমাবৎ অত্যন্ততপ্তৈঃ ॥১০॥

সেই বনে অন্য প্রাণিগণের শরীরে আগুন লাগিয়া জ্বলিতে থাকিলে, সে অগ্নিকেই মূর্ত্তিমান্ বলিয়া দেখা যাইতে লাগিল ॥১০॥

কতকগুলি পক্ষী যেই উড়িতে লাগিল, অমনি অর্জ্জুন বাণ দ্বারা সেগুলিকে খণ্ড খণ্ড করিয়া প্রজ্বলিত অগ্নির ভিতরে নিক্ষেপ করিতে লাগিলেন ॥১১॥

অর্জ্জুনের বাণে সমস্ত অঙ্গ বিদ্ধ হইলে, অপর পক্ষিগণ ভয়ঙ্কর রব করিয়া বেগে উপরে উঠিয়া আবার খাণ্ডববনেই পড়িতে থাকিল ॥১২॥

যে সকল প্রাণীর শরীর অর্জ্জুনের শরে বিদ্ধ হইয়াছিল না, তাহাদেরও মথ্যমান সমুদ্রের ন্যায় ভয়ঙ্কর শব্দ শুনা যাইতে লাগিল ॥১৩॥

সেই প্রজ্বলিত অগ্নির বিশাল শিখা যাইয়া আকাশে উঠিল এবং দেবগণের গুরুতর উদ্বেগ জন্মাইতে থাকিল ॥১৪॥

দেবা ঊচুঃ ।

কিং স্বিমে মানবাঃ সর্ব্বে দহ্যন্তে চিত্রভানুনা ।
কচ্চিন্ন সংক্ষয়ঃ প্রাপ্তো লোকানামমরেশ্বর ! ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ ।

তচ্ছ্রুত্বা বৃত্রহা তেভ্যঃ স্বয়মেবান্ববেক্ষ্য চ ।
খাণ্ডবস্য বিমোক্ষার্থং প্রযযৌ হরিবাহনঃ ॥১৭॥
মহতা রথবৃন্দেন নানারূপেণ বাসবঃ ।
আকাশং সমবাকীর্য্য প্রববর্ষ সুরেশ্বরঃ ॥১৮॥
ততোঽক্ষমাত্রা ব্যসৃজন্ ধারাঃ শতসহস্রশঃ ।
চোদিতা দেবরাজেন জলদাঃ খাণ্ডবং প্রতি ॥১৯॥
অসম্প্রাপ্তাস্তু তা ধারাস্তেজসা জাতবেদসঃ ।
খ এব সমশুষ্যন্ত ন কাশ্চিৎ পাবকং গতাঃ ॥২০॥

ভারতকৌমুদী

তেনেতি। ঋষিভিঃ সহ পুরো গচ্ছন্তীতি তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
কিমিতি। চিত্রভানুনা অগ্নিনা। সংক্ষয়ঃ প্রলয়ঃ, প্রাপ্ত উপস্থিতঃ ॥১৬॥
তদিতি। বৃত্রহা বৃত্রাসুরবধকর্ত্তা মহাবল ইত্যাশয়ঃ। হরিবাহনঃ ইন্দ্রঃ ॥১৭॥
মহতেতি। বাসব ইন্দ্রঃ। সমবাকীর্য্য ব্যাপ্য, প্রববর্ষ মেঘজলানীতি শেষঃ ॥১৮॥
তত ইতি। অক্ষো জপমালা তস্য মাত্রা ইব মাত্রা প্রমাণং যাসাং তাঃ ॥১৯॥
অসমিতি। জাতবেদসো বহ্নেঃ। খ এব আকাশ এব। পাবকমগ্নিম্ ॥২০॥

তখন দেবগণ ও ঋষিগণ সেই অগ্নির তেজে অত্যন্ত সন্তপ্ত হইতে থাকিলেন; তাই তাঁহারা সকলে মিলিয়া ইন্দ্রের নিকট গেলেন ॥১৫॥

দেবগণ বলিলেন—"দেবরাজ! অগ্নি কি সমস্ত মনুষ্যকেই দগ্ধ করিতেছেন? জগতের প্রলয়কাল উপস্থিত হয় নাই ত?" ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—দেবরাজ তাঁহাদের মুখে সেই কথা শুনিয়া এবং নিজে দেখিয়া খাণ্ডববন রক্ষা করিবার জন্য গমন করিলেন ॥১৭॥

তিনি যাইয়া নানাজাতীয় অসংখ্য রথ দ্বারা আকাশ ব্যাপ্ত করিয়া জল বর্ষণ করিতে লাগিলেন ॥১৮॥

তখন দেবরাজের আদেশে মেঘসমূহ খাণ্ডববনের উপরে জপমালার ন্যায় বড় বড় বিন্দুর শত সহস্র জলধারা বর্ষণ করিতে থাকিল ॥১৯॥

কিন্তু অগ্নির তেজে সে জলধারাগুলি উপস্থিত হইতে না হইতেই আকাশেই শুকাইয়া গেল, অগ্নির ভিতরে পড়িল না ॥২০॥

ততো নমুচিহা ক্রুদ্ধো ভৃশমর্চ্চিষ্মতস্তদা।
পুনরেব মহামেঘৈরম্ভাংসি ব্যসৃজদ্বহু ॥২১॥
অর্চ্চির্ধারাভিসম্বদ্ধং ধূমবিদ্যুৎসমাকুলম্।
বভূব তদ্বনং ঘোরং স্তনয়িত্নুসমাকুলম্ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে ইন্দ্রক্রোধে উনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তস্যাথ বর্ষতো বারি পাণ্ডবঃ প্রত্যবারয়ৎ।
শরবর্ষেণ বীভৎসুরুত্তমাস্ত্রাণি দর্শয়ন্ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। নমুচিহা ইন্দ্রঃ। অর্চ্চিষ্মতঃ অগ্নেরুপরি। বহু প্রচুরং যথা স্যাত্তথা ॥২১॥

অর্চ্চিরিতি। অর্চ্চির্ধারাভ্যাম্ অগ্নিশিখাজলধারাভ্যামভিসম্বদ্ধং সংযুক্তম্, ধূমেন বিদ্যুতা চ সমাকুলং ব্যাপ্তম্। স্তনয়িত্নুভির্মেঘৈঃ সমাকুলম্ আবৃতম্ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে উনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তস্যেতি। তস্য ইন্দ্রস্য। উত্তমাস্ত্রাণি উত্তমাস্ত্রপ্রয়োগকৌশলানি ॥১॥

ভারতভাবদীপঃ

বহ্নিরেতসি বহ্নৌ ॥১১—১২॥ মথ্যতো মথ্যমানস্য ॥১৩—১৮॥ অক্ষো রথচক্রবন্ধনস্থানকাষ্ঠং তৎপ্রমাণাঃ অক্ষমাত্রাঃ ॥১৯—২২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৯॥

—:*:—

তাহার পর, ইন্দ্র ক্রুদ্ধ হইয়া তখনই সেই অগ্নির উপরে মহামেঘসমূহ দ্বারা পুনরায় প্রচুর পরিমাণে জলবর্ষণ করিতে লাগিলেন ॥২১॥

তখন অগ্নির শিখায় অথচ জলধারায় এবং ধূমে ও বিদ্যুতে ব্যাপ্ত হইয়া মেঘাচ্ছাদিত সেই খাণ্ডববন ভয়ঙ্কর আকার ধারণ করিল ॥২২॥

* '…চতুর্বিংশত্যধিক…', '…ষড়্বিংশত্যধিক…', '…অষ্টাবিংশত্যধিক…', '…ত্রিপঞ্চাশদধিক…' ইতি পাঠভেদাঃ।

খাণ্ডবঞ্চ বনং সর্ব্বং পাণ্ডবো বহুভিঃ শরৈঃ।
প্রাচ্ছাদয়দমেয়াত্মা নীহারেণেব চন্দ্রমাঃ ॥২॥
ন চ স্ম কিঞ্চিচ্ছক্নোতি ভূতং নিশ্চরিতুং ততঃ।
সংছাদ্যমানে খে বাণৈরস্যতা সব্যসাচিনা ॥৩॥
তক্ষকস্তু ন তত্রাসীন্নাগরাজো মহাবলঃ।
দহ্যমানে বনে তস্মিন্ কুরুক্ষেত্রং গতো হি সঃ ॥৪॥
অশ্বসেনোঽভবত্তত্র তক্ষকস্য সুতো বলী।
স যত্নমকরোত্তীব্রং মোক্ষার্থং জাতবেদসঃ ॥৫॥
ন শশাক স নির্গন্তুং নিরুদ্ধোঽর্জ্জুনপত্রিভিঃ।
মোক্ষয়ামাস তং মাতা নিগীর্য্য ভুজগাত্মজা ॥৬॥
তস্য পূর্ব্বং শিরো গ্রস্তং পুচ্ছমস্য নিগীর্য্য চ।
নিগীর্য্যমাণা সাক্রামৎ সুতং নাগী মুমুক্ষয়া ॥৭॥

ভারতকৌমুদী

ননু শরবর্ষেণ কথং বারিবর্ষণং প্রত্যাবারয়দিত্যাহ—খাণ্ডবমিতি ॥২॥

নেতি। ভূতং প্রাণী, নিশ্চরিতুং নির্গন্তুম্, ততঃ খাণ্ডবাৎ। খে আকাশে ॥৩॥

তক্ষক ইতি। তস্মিন্ বনে খাণ্ডবে। স তক্ষক ॥৪॥

অশ্বেতি। অভবৎ স্থিত ইতি শেষঃ। জাতবেদসো বহ্নেঃ সকাশাৎ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—ইন্দ্র জলবর্ষণ করিতে লাগিলে, অর্জ্জুন অস্ত্রপ্রয়োগের উত্তম কৌশল দেখাইতে থাকিয়া বাণবর্ষণ দ্বারা সে জলবর্ষণ বারণ করিতে লাগিলেন ॥১॥

চন্দ্র যেমন নীহার দ্বারা জগৎ আচ্ছাদিত করেন, অর্জ্জুনও তেমন বহুতর বাণ দ্বারা সমস্ত খাণ্ডববনটা আচ্ছাদিত করিলেন ॥২॥

লঘুহস্ত অর্জ্জুন বাণ দ্বারা আকাশ আচ্ছাদিত করিলে, কোন প্রাণীই সে খাণ্ডববন হইতে নির্গত হইতে পারিল না ॥৩॥

এইভাবে খাণ্ডববন দগ্ধ হইতে থাকিলে, মহাবল নাগরাজ তক্ষক সেখানে ছিল না, সে পূর্ব্বেই কুরুক্ষেত্রে গিয়াছিল ॥৪॥

কিন্তু তাহার বলবান্ পুত্র অশ্বসেন সেখানে ছিল; সে অগ্নি হইতে মুক্ত হইবার জন্য গুরুতর চেষ্টা করিল ॥৫॥

কিন্তু অর্জ্জুনের বাণে নিরুদ্ধ থাকায় সে অশ্বসেন নির্গত হইতে পারে নাই, তবে তাহারা মাতা তাহাকে গিলিয়া লইয়া মুক্ত করিয়াছিল ॥৬॥

(৭)···পুচ্ছমস্য নিগীর্য্যতে।

তস্যাঃ শরেণ তীক্ষ্নেন পৃথুধারেণ পাণ্ডবঃ।
শিরশ্চিচ্ছেদ গচ্ছন্ত্যাস্তামপশ্যচ্ছচীপতিঃ ॥৮॥
তং মুমোচয়িষুর্বজ্রী বাতবর্ষেণ পাণ্ডবম্।
মোহয়ামাস তৎকালমশ্বসেনস্ত্বমুচ্যত ॥৯॥
তাঞ্চ মায়াং তদা দৃষ্ট্বা ঘোরাং নাগেন বঞ্চিতঃ।
দ্বিধা ত্রিধা চ খগতান্ প্রাণিনঃ পাণ্ডবোঽচ্ছিনৎ ॥১০॥
শশাপ তঞ্চ সংক্রুদ্ধো বীভৎসুর্জিহ্মগামিনম্।
পাবকো বাসুদেবশ্চাপ্যপ্রতিষ্ঠো ভবিষ্যসি ॥১১॥
ততো জিষ্ণুঃ সহস্রাক্ষং খং বিতত্যাশুগৈঃ শরৈঃ।
যোধয়ামাস সংক্রুদ্ধো বঞ্চনাং তামনুস্মরন্ ॥১২॥

ভারতকৌমুদী

নেতি। সঃ অশ্বসেনঃ। অর্জ্জুনস্য পত্রিভিবাণৈঃ। মাতা তক্ষৈব ॥৬॥
তস্যেতি। তস্য অশ্বসেনস্য। সুতং নিগীর্য্যমাণা নিগিরন্তী অক্রামন্নির্গতা ॥৭॥
তস্যা ইতি। তস্যাস্তক্ষকপত্ন্যাঃ। পৃথুধারেণ সুধারেণ, অতএব তীক্ষ্নেন ॥৮॥
তমিতি। তমশ্বসেনম্। বজ্রী ইন্দ্রঃ। অমুচ্যত মাতুরুদরান্নির্গতঃ ॥৯॥
তামিতি। নাগেন অশ্বসেনেন। খগতান আকাশগতান্ ॥১০॥
শশাপেতি। জিহ্মগামিনং সর্পমশ্বসেনম্। অপ্রতিষ্ঠ আশ্রয়বর্জিতঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

তস্যাথেতি ॥১—৬॥ নিগীর্ঘাতে যাবতা কালেন তাবতৈব নিগীর্য্যমাণা অর্জ্জুনেন হন্যমানা সতী আক্রামৎ ক্রান্তবতী খমিতি শেষঃ। মুমুক্ষয়া মোচনেচ্ছয়া ॥৮—১০॥ অপ্রতিষ্ঠো

তক্ষকপত্নী প্রথমে অশ্বসেনের মস্তক গিলিল, ক্রমে তাহার লেজপর্য্যন্ত গিলিয়া একেবারে উদরের ভিতরে নিয়া তাহাকে মুক্ত করিবার ইচ্ছায় নির্গত হইল ॥৭॥

তখন অর্জ্জুন সুধার সুতীক্ষ্ন বাণ দ্বারা সেই তক্ষকপত্নীর মস্তকচ্ছেদন করিলেন; সেই অবস্থায় তাহাকে ইন্দ্র দেখিতে পাইলেন ॥৮॥

সুতরাং ইন্দ্র অশ্বসেনকে মুক্ত করিবার ইচ্ছায় বায়ুবর্ষণ করিয়া অর্জ্জুনকে মোহিত করিলেন; এই অবসরে অশ্বসেন মুক্ত হইয়া গেল ॥৯॥

তখন ইন্দ্রের ভয়ঙ্কর মায়া দেখিয়া এবং অশ্বসেন প্রতারণা করিয়া গিয়াছে বুঝিয়া অর্জ্জুন আকাশস্থ প্রাণিগণকে দুই তিন খণ্ড করিয়া ছেদন করিতে লাগিলেন ॥১০॥

আর, কৃষ্ণ, অগ্নি ও অর্জ্জুন—ইঁহারা ক্রুদ্ধ হইয়া সেই অশ্বসেনকে অভিসম্পাত করিলেন যে, 'তুই নিরাশ্রয় হইবি' ॥১১॥

দেবরাজোঽপি তং দৃষ্ট্বা সংরব্ধং সমরেঽর্জ্জুনম্।
স্বমস্ত্রমসৃজত্তীব্রং ছাদয়িত্বাঽখিলং নভঃ ॥১৩॥
ততো বায়ুর্মহাঘোষঃ ক্ষোভয়ন্ সর্ব্বসাগরান্।
বিয়ৎস্থোঽজনয়ন্মেঘান্ জলধারাসমাকুলান্ ॥১৪॥
ততোঽশনিমুচো ঘোরাংস্তড়িৎস্তনিতনিস্বনান্।
তদ্বিঘাতার্থমসৃজদর্জ্জুনোঽপ্যস্ত্রমুত্তমম্ ॥১৫॥
বায়ব্যমভিমন্ত্র্যাথ প্রতিপত্তিবিশারদঃ।
তেনেন্দ্রাশনিমেঘানাং বীর্য্যৌজস্তদ্বিনাশিতম্ ॥১৬॥ (যুগ্মকম্)
জলধারাশ্চ তাঃ শোষং জগ্মুর্নেশুশ্চ বিদ্যুতঃ।
ক্ষণেন চাভবদ্ব্যোম সম্প্রশান্তরজস্তমঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। জিষ্ণুরর্জ্জুনঃ, সহস্রাক্ষমিন্দ্রম্, খমাকাশম্, বিতত্য ব্যাপ্য ॥১২॥

দেবেতি। সংরব্ধং ক্রুদ্ধম্, অখিলং সর্ব্বম্, নভ আকাশম্ ॥১৩॥

তত ইতি। বিয়ৎস্থ আকাশস্থঃ। ইয়মপীন্দ্রস্যৈব ক্রিয়া ॥১৪॥

তত ইতি। অশনিমুচো বজ্রক্ষেপিণঃ। তড়িতাং বিদ্যুতাং স্তনিতং গর্জ্জনমেব নিস্বনো যেষাং তান্ মেঘান্ বিলোক্যেতি শেষঃ, প্রতিপত্তিবিশারদঃ প্রতীকারনিপুণঃ অর্জ্জুনোঽপি, উত্তমং বায়ব্যমস্ত্রমভিমন্ত্র্য তদ্বিঘাতার্থমসৃজৎ প্রযুক্তবান্। অথ তেন বায়ব্যাস্ত্রেণ, ইন্দ্রাশনিমেঘানাং তদ্বীর্য্যৌজঃ, বিনাশিতম্ ॥১৫—১৬॥

জলেতি। সম্প্রশান্তে নিবৃত্তে রজস্তমসী ধূল্যন্ধকারৌ যস্য তৎ ॥১৭॥

তাহার পর অর্জ্জুন ইন্দ্রের সেই প্রতারণা স্মরণ করিয়া, ক্রুদ্ধ হইয়া, শীঘ্রগামী বাণ দ্বারা আকাশ ব্যাপ্ত করিয়া ইন্দ্রের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১২॥

ইন্দ্রও যুদ্ধে অর্জ্জুনকে ক্রুদ্ধ দেখিয়া, সমস্ত আকাশ আচ্ছাদিত করিয়া, নিজের তীব্র অস্ত্র ক্ষেপ করিতে লাগিলেন ॥১৩॥

তাহার পর মহাগর্জ্জনশালী বায়ু সমস্ত সমুদ্রকে উদ্বেলিত করিয়া, আকাশে থাকিয়া, জলধারাবর্ষী মেঘ সৃষ্টি করিতে লাগিল ॥১৪॥

তাহার পর, ভয়ঙ্কর মেঘ সকল বজ্রপাত, বিদ্যুৎপ্রকাশ ও গম্ভীর গর্জ্জন করিতেছে দেখিয়া তাহার প্রতীকারের জন্য প্রতীকারনিপুণ অর্জ্জুনও মন্ত্রপাঠপূর্ব্বক উত্তম বায়ব্যাস্ত্র নিক্ষেপ করিলেন; তাহাতে ইন্দ্রের বজ্র ও মেঘসমূহের প্রভাব ও তেজ নষ্ট হইল ॥১৫—১৬॥

এবং ক্ষণকালের মধ্যে সেই সকল জলধারা তিরোহিত হইল, বিদ্যুৎ লুকাইয়া গেল এবং আকাশের ধূলি ও অন্ধকার দূর হইল ॥১৭॥

সুখশীতানিলবহং প্রকৃতিস্থার্কমণ্ডলম্।
নিষ্প্রতীকারহৃষ্টশ্চ হুতভুগ্ বিবিধাকৃতিঃ ॥১৮॥
সিচ্যমানো বসৌঘৈস্তৈঃ প্রাণিনাং দেহনিঃসৃতৈঃ।
প্রজজ্বালাথ সোঽর্চিষ্মান্ স্বনাদৈঃ পূরয়ন্ জগৎ ॥১৯॥
কৃষ্ণাভ্যাং রক্ষিতং দৃষ্ট্বা তঞ্চ দাবমহঙ্কৃতাঃ।
খমুৎপেতুর্মহারাজ! সুপর্ণাদ্যাঃ পতত্রিণঃ ॥২০॥
গরুড়া বজ্রসদৃশৈঃ পক্ষতুণ্ডনখৈস্তদা।
প্রহর্ত্তুকামা ন্যপতন্নাকাশাৎ কৃষ্ণপাণ্ডবৌ ॥২১॥
তথৈবোরগসংঘাতাঃ পাণ্ডবস্য সমীপতঃ।
উৎসৃজন্তো বিষং ঘোরং নিপেতুর্জ্বলিতাননাঃ ॥২২॥

ভারতকৌমুদী

সুখেতি। সুখং সুখজনকং শীতং শীতলঞ্চ অনিলং বায়ুং বহতীতি তৎ, তথা প্রকৃতিস্থমর্কমণ্ডলং যত্র তত্তাদৃশঞ্চ ব্যোম অভবদিতি পূর্ব্বানুকর্ষঃ; তথা বিবিধাকৃতিঃ দীর্ঘহ্রস্বাদিভেদেন নানাপ্রকারমূর্ত্তিঃ, হুতভুক্ অগ্নিশ্চ, নিষ্প্রতীকারেণ প্রতিবন্ধকাভাবেন হৃষ্টঃ, অভবৎ ॥১৮॥

সিচ্যমান ইতি। বসাস্তরলা ধাতুবিশেষাস্তাসামোঘৈঃ সমূহৈঃ। অর্চিষ্মানগ্নিঃ ॥১৯॥

কৃষ্ণাভ্যামিতি। কৃষ্ণাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্। দাবং বনম্। অহঙ্কৃতাঃ গর্ব্বিণঃ সন্তঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ স্বপক্ষত্বাদেবেতি ভাবঃ। সুপর্ণাদ্যা গরুড়বংশীয়াঃ ॥২০॥

গরুড়া ইতি। গরুড়াস্তদ্বংশীয়াঃ। প্রহর্ত্তুকামা বিপক্ষান্। ন্যপতন্ আগতবন্তঃ ॥২১॥

তথেতি। উরগসংঘাতাঃ সর্পসমূহাঃ। পাণ্ডবস্যার্জ্জুনস্য সমীপতঃ সমীপে ॥২২॥

ভারতভাবদীপঃ

নিরাশ্রয়ঃ অসম্ভক্তিকঃ ॥১১— ৭॥ নিষ্প্রতীকারং বলবদাশ্রয়াৎ ভাবিমানিহীনং হৃষ্টং হর্ষো

আর, সুখস্পর্শ শীতল বায়ু বহিতে লাগিল, সূর্য্যমণ্ডল প্রকৃতিস্থ হইল এবং নানাবিধমূর্ত্তিধারী অগ্নিও প্রতিবন্ধক না থাকায় আনন্দিত হইলেন ॥১৮॥

প্রাণিগণের দেহনিঃসৃত সেই বসাপ্রবাহে সিক্ত হইতে থাকিয়া অগ্নিও আপন গর্জ্জনে জগৎ পূর্ণ করিয়া জ্বলিতে লাগিলেন ॥১৯॥

এদিকে কৃষ্ণ ও অর্জ্জুন সেই খাণ্ডববন রক্ষা করিতেছেন দেখিয়া গরুড়-বংশীয় পক্ষিগণ গর্ব্বিত হইয়া আকাশে উড়িতে লাগিল ॥২০॥

এবং অন্যান্য গরুড়বংশীয় পক্ষীরা বজ্রতুল্য পক্ষ, চঞ্চু ও নখ দ্বারা বিপক্ষ-গণকে প্রহার করিবার ইচ্ছায় আকাশ হইতে কৃষ্ণ ও অর্জ্জুনের নিকট আসিল ॥২১॥

জ্বলিতমুখ সর্পসমূহ ভয়ঙ্কর বিষ উদ্গিরণ করিতে করিতে অর্জ্জুনের নিকট যাইয়া পড়িতে লাগিল ॥২২॥

তাংশ্চকর্ত্ত শরৈঃ পার্থঃ স্বরোষাগ্নিসমন্বিতৈঃ।
বিবিশুশ্চাপি তং দীপ্তং দেহাভাবায় পাবকম্ ॥২৩॥
ততোঽসুরাঃ সগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ।
উৎপেতুর্নাদমতুলমুৎসৃজন্তো রণার্থিনঃ ॥২৪॥
অয়ঃকনকচক্রাশ্মভুষুণ্ড্যুদ্যতবাহবঃ।
কৃষ্ণপার্থৌ জিঘাংসন্তঃ ক্রোধসংমূর্চ্ছিতৌজসঃ ॥২৫॥ (যুগ্মকম্)
তেষামতিব্যাহরতাং শস্ত্রবর্ষঞ্চ মুঞ্চতাম্।
প্রমমাথোত্তমাঙ্গানি বীভৎসুর্নিশিতৈঃ শরৈঃ ॥২৬॥
কৃষ্ণশ্চ সুমহাতেজাশ্চক্রেণারিবিনাশনঃ।
দৈত্যদানবসংঘানাং চকার কদনং মহৎ ॥২৭॥

ভারতকৌমুদী

তানিতি। তান্ উরগসংঘাতান্। দেহস্য অভাবায় নাশায় ॥২৩॥

তত ইতি। ততঃ, অয়ঃকনকয়োর্লৌহস্বর্ণয়োশ্চক্রে অশ্মা পাষাণঃ ভুষুণ্ডী অস্ত্রবিশেষশ্চ উদ্যতা যেষু তে তাদৃশা বাহবো যেষাং তে, ক্রোধেন সংমূর্চ্ছিতম্ সংবর্দ্ধিতম্ ওজো বলং যেষাং তে চ, কৃষ্ণপার্থৌ, জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ সগন্ধর্ব্বা অসুরাঃ, যক্ষরাক্ষসপন্নগাশ্চ, রণার্থিনঃ, অতএবাতুলং নাদমুৎসৃজন্তঃ, সন্ত উৎপেতুঃ ॥২৪—২৫॥

তেষামিতি। অতিব্যাহরতাম্ অতীবকোলাহলং কুর্ব্বতাম্। উত্তমাঙ্গানি শিরাংসি ॥২৬॥

ভারতভাবদীপঃ

যস্য সঃ ॥১৮—২৪॥ অয়ঃকণান্ লোহগুলিকাঃ পিবতীতি তথাবিধমাগ্নেয়ৌষধবলেন গর্ভসম্ভূতা লোহগুলিকান্তারকা ইব বিকীর্য্যন্তে যেন তৎ যন্ত্রম্ অয়ঃকণপং লোহময়ম্, তথা চক্রাশ্মসংজ্ঞং যস্য ভ্রমিবলেন মহান্তোঽপি পাষাণা অতিদূরে ক্ষিপ্যন্তে তৎ কাষ্ঠময়ং যন্ত্রম্, ভুষুণ্ডী চর্ম্মরজ্জুময়ং যন্ত্রং পাষাণক্ষেপণমেব, তৈরুদ্যতাঃ বাহবো যেষাং তে অসুরাদয়ঃ অয়ঃ-

অর্জ্জুনও আপন ক্রোধাগ্নিসমন্বিত বাণ দ্বারা তাহাদিগকে কাটিয়া ফেলিতে লাগিলেন; তখন তাহারা যাইয়া মরণের জন্য প্রজ্বলিত অগ্নির ভিতরে প্রবেশ করিতে থাকিল ॥২৩॥

তাহার পর বলবান্ অসুর, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও নাগসমূহ ক্রুদ্ধ হইয়া, কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া, লোহার ও সোণার চক্র, পাথর এবং ভুষুণ্ডী উত্তোলনপূর্ব্বক যুদ্ধার্থী হইয়া, গুরুতর সিংহনাদ করিতে করিতে উপস্থিত হইল ॥২৪—২৫॥

তাহারা আসিয়া অত্যন্ত কোলাহল করিতে লাগিলে এবং অস্ত্রবর্ষণ করিতে থাকিলে, অর্জ্জুন সুধার বাণ দ্বারা তাহাদের মস্তকচ্ছেদন করিতে লাগিলেন ॥২৬॥

(২৩)…স্বরোষাগ্নিসমুক্ষিতৈঃ…। (২৫) অয়ঃকণপচক্রাশ্ম…।

অথাপরে শরৈর্বিদ্ধাশ্চক্রবেগেরিতাস্তথা।
বেলামিব সমাসাদ্য ব্যতিষ্ঠন্নমিতৌজসঃ ॥২৮॥
ততঃ শক্রোঽতিসংক্রুদ্ধস্ত্রিদশানাং মহেশ্বরঃ।
পাণ্ডুরং গজমাস্থায় তাবুভৌ সমুপাদ্রবৎ ॥২৯॥
বেগেনাশনিমাদায় বজ্রমস্ত্রঞ্চ সোঽসৃজৎ।
হতাবেতাবিতি প্রাহ সুরানসুরসূদনঃ ॥৩০॥
ততঃ সমুদ্যতাং দৃষ্ট্বা দেবেন্দ্রেণ মহাশনিম্।
জগৃহুঃ সর্ব্বশস্ত্রাণি স্বানি স্বানি সুরাস্তথা ॥৩১॥
কালদণ্ডং যমো রাজন্! গদাঞ্চৈব ধনেশ্বরঃ।
পাশাংশ্চ তত্র বরুণো বিচিত্রাঞ্চ তথাঽশনিম্ ॥৩২॥

ভারতকৌমুদী

কৃষ্ণ ইতি। কদনং বিনাশেন দুরবস্থাম্ ॥২৭॥
অথেতি। স্রোতোবেগেনেরিতাস্তৃণাদয়ো বেলাং তীরমিব দূরে ইত্যর্থঃ ॥২৮॥
তত ইতি। ত্রিদশানাং দেবানাম্, মহেশ্বরো মহারাজঃ। পাণ্ডুরং শ্বেতম্ ॥২৯॥
বেগেনেতি। বজ্রং হীরকং তৎখচিতমস্ত্রঞ্চেত্যপৌনরুক্ত্যম্। অসৃজৎ প্রবৃত্তবান্ ॥৩০॥
তত ইতি। সমুদ্যতাং নিক্ষেপায় সমুত্তোলিতাম্ ॥৩১॥

ভারতভাবদীপঃ

কণপচক্রাশ্মভুষুণ্ড্যুদ্যতবাহবঃ। ক্রোধসংমূর্চ্ছিতৌজসঃ ক্রোধেন সংবর্দ্ধিততেজসঃ ॥২৫॥ অতিব্যাহরতাং কথমানানাম্ ॥২৬—২৭॥ যথা চক্রবেগেন জলাবর্ত্তপ্রবাহেণ ঈরিতাস্তৃণাদয়ো বেলাং প্রাপ্য বিষ্ঠিতত্বং স্তব্ধত্বং প্রাপ্য তিষ্ঠন্তি, এবং চক্রবেগেন অস্ত্রবলজবেন ঈরিতা অসুরাদ্যাঃ কৃষ্ণার্জ্জুনৌ প্রাপ্য ব্যতিষ্ঠন্ ইত্যর্থঃ। "চক্রঃ কোকে" ইত্যুপক্রম্য "কৃষ্ণকারোপ-

---

অত্যন্ত বলবান্ এবং শত্রুহন্তা কৃষ্ণও চক্র দ্বারা দৈত্য ও দানবগণের গুরুতর দুরবস্থা করিতে লাগিলেন ॥২৭॥

জলের বেগে ঘুরিতে ঘুরিতে যাইয়া তৃণপ্রভৃতি যেমন তীরে সংলগ্ন হয়, তেমন অপর শত্রুরা অর্জ্জুনের শরে বিদ্ধ এবং কৃষ্ণের চক্রের বেগে তাড়িত হইয়া দূরে যাইয়া অবস্থান করিতে লাগিল ॥২৮॥

তাহার পর দেবরাজ ইন্দ্র অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ঐরাবতে আরোহণ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২৯॥

তিনি বেগে বজ্র এবং হীরকখচিত অন্য অস্ত্র ধারণ করিয়া এবং নিক্ষেপ করিতে উদ্যত হইয়া দেবগণকে বলিলেন—'ইহারা হত হইল' ॥৩০॥

তৎপরে দেবরাজকে বজ্র উত্তোলন করিতে দেখিয়া অন্যান্য দেবতারাও আপন আপন সমস্ত অস্ত্র ধারণ করিলেন ॥৩১॥

স্কন্দঃ শক্তিং সমাদায় তস্থৌ মেরুরিবাচলঃ।
ওষধীর্দীপ্যমানাশ্চ জগৃহাতেঽশ্বিনাবপি ॥৩৩॥
জগৃহে চ ধনুর্ধাতা মুষলন্তু জয়স্তথা।
পর্ব্বতঞ্চাপি জগ্রাহ ক্রুদ্ধস্ত্বষ্টা মহাবলঃ ॥৩৪॥
অংশস্তু শক্তিং জগ্রাহ মৃত্যুর্দেবঃ পরশ্বধম্।
প্রগৃহ্য পরিঘং ঘোরং বিচচারার্য্যমা অপি ॥৩৫॥
মিত্রশ্চ ক্ষুরপর্য্যন্তং চক্রমাদায় তস্থিবান্।
পূষা ভগশ্চ সংক্রুদ্ধঃ সবিতা চ বিশাংপতে! ॥৩৬॥
আত্তকার্ম্মুকনিস্ত্রিংশাঃ কৃষ্ণপার্থৌ প্রদুদ্রুবুঃ।
রুদ্রাশ্চ বসবশ্চৈব মরুতশ্চ মহাবলাঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

কালেতি। কালায় সংহারায় দণ্ডঃ কালদণ্ডস্তম্। ধনেশ্বরঃ কুবেরঃ ॥৩২॥
স্কন্দ ইতি। দীপ্যমানা উজ্জ্বলাঃ, ওষধীঃ প্রাণনাশিকা লতাঃ ॥৩৩॥
জগৃহ ইতি। ধাতা জয়ত্বষ্টা চ দেববিশেষাঃ ॥৩৪॥
অংশ ইতি। অংশোঽপি দেববিশেষঃ। অর্য্যমা সূর্য্যঃ ॥৩৫॥
মিত্র ইতি। ক্ষুরপর্য্যন্তং ক্ষুরবৎ সুধারামিত্যর্থঃ। তস্থিবান্ স্থিতবান্ ॥৩৬॥
আত্তেতি। আত্তা গৃহীতাঃ কার্ম্মুকনিস্ত্রিংশা ধনুঃখড়্গা যৈস্তে ॥৩৭॥

ভারতভাবদীপঃ

করণাস্ত্রয়োঃ। জলাবর্ত্তেঽপি" ইতি মেদিনী ॥২৮—৩১॥ গদাং চৈবেত্যত্র "শিবিকাম্" ইতি পাঠে শিবিকা গদেতি প্রাঞ্চঃ, "শিম্বকাম্" ইতি সানুস্বারপাঠে তু তৎসদৃশমীষদ্বক্রমায়ুধমিতি তু তত্ত্বম্, তচ্চ দ্রবিড়কৈবর্ত্তেষু প্রসিদ্ধং দারুময়ম্, লোহময়মপি বলবৎসু সম্ভাব্যত এব ॥৩২—৩৩॥ পর্ব্বতঞ্চাপীত্যত্র "বিচক্রং পরিজগ্রাহ" ইতি পাঠে বিচক্রং

যম কালদণ্ড, কুবের গদা এবং বরুণ পাশ ও বিচিত্র বজ্র ধারণ করিলেন ॥৩২॥

কার্ত্তিক শক্তি গ্রহণ করিয়া সুমেরুপর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন এবং অশ্বিনীকুমারদ্বয় উজ্জ্বল ওষধি লইলেন ॥৩৩॥

ধাতা ধনু লইলেন, জয় মুষল ধরিলেন এবং মহাবল ত্বষ্টা ক্রুদ্ধ হইয়া একটা পর্ব্বত গ্রহণ করিলেন ॥৩৪॥

অংশ শক্তি গ্রহণ করিলেন, মৃত্যুদেব পরশু লইলেন এবং সূর্য্যও ভয়ঙ্কর পরিঘ ধারণ করিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৩৫॥

মিত্র, পূষা, ভগ ও সবিতা—ইঁহারা প্রত্যেকেই অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ক্ষুরের ন্যায় সুধার চক্র ধারণ করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৬॥

বিশ্বদেবাস্তথা সাধ্যা দীপ্যমানাঃ স্বতেজসা।
এতে চান্যে চ বহবো দেবাস্তৌ পুরুষোত্তমৌ ॥৩৮॥
কৃষ্ণপার্থৌ জিঘাংসন্তঃ প্রতীয়ুর্বিবিধায়ুধাঃ।
তত্রাদ্ভুতান্যদৃশ্যন্ত নিমিত্তানি মহাহবে ॥৩৯॥
যুগান্তসমরূপাণি ভূতসম্মোহনানি চ।
তথা দৃষ্ট্বা সুসংরব্ধং শক্রং দেবৈর্জয়াচ্যুতৌ ॥৪০॥
অভীতৌ যুধি দুর্দ্ধর্ষৌ তস্থতুঃ সজ্জকার্ম্মুকৌ।
আগচ্ছতস্ততো দেবানুভৌ যুদ্ধবিশারদৌ ॥৪১॥
ব্যতাড়য়েতাং সংক্রুদ্ধৌ শরৈর্বজ্রোপমৈস্তদা।
অসকৃদ্ভগ্নসংকল্পাঃ সুরাশ্চ বহুশঃ কৃতাঃ ॥৪২॥
ভয়াদ্রণং পরিত্যজ্য শক্রমেবাভিশিশ্রিয়ুঃ।
দৃষ্ট্বা নিবারিতান্ দেবান্ মাধবেনার্জ্জুনেন চ ॥৪৩॥
আশ্চর্য্যমগমংস্তত্র মুনয়ো নভসি স্থিতাঃ।
শক্রশ্চাপি তয়োর্বীর্য্যমুপলভ্যাসকৃদ্রণে ॥৪৪॥

ভারতকৌমুদী

বিশ্বেদেবা ইতি। প্রতীয়ুঃ প্রতিজগ্মুঃ। নিমিত্তানি দুর্লক্ষণানি উল্কাপাতাদীনি। যুগান্তসমরূপাণি প্রলয়কালীনতুল্যানি, ভূতানাং প্রাণিনাং সম্মোহনানি। সুসংরব্ধম্ অতীবক্রুদ্ধম্। দেবৈঃ সহ। জয়াচ্যুতৌ অর্জ্জুনকৃষ্ণৌ। উভৌ কৃষ্ণার্জ্জুনৌ। ভগ্নসঙ্কল্পা দূরীকৃতজয়েচ্ছাঃ।

ভারতভাবদীপঃ

ত্রিশূলম্ ॥৩৪॥ অর্য্যমা অপীত্যত্র সন্ধিরবিবক্ষিতঃ ॥৩৫—৩৮॥ নিমিত্তানি সূচকানি উল্কা-

আর মহাবল একাদশ রুদ্র, অষ্ট বসু এবং উনপঞ্চাশৎ বায়ু—ইঁহারা প্রত্যেকেই ধনু ও তরবারি ধারণপূর্ব্বক কৃষ্ণ ও অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥৩৭॥

আপন আপন তেজে উজ্জ্বলমূর্ত্তি বিশ্বেদেবগণ ও সাধ্যদেবগণ এবং অন্যান্য বহুতর দেবতা নানাবিধ অস্ত্র ধারণ করিয়া পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন। তখন সেই মহাযুদ্ধে প্রলয়কালের ন্যায় প্রাণিগণের মোহজনক আশ্চর্য্য দুর্লক্ষণ সকল দেখা যাইতে লাগিল। এদিকে যুদ্ধদুর্দ্ধর্ষ কৃষ্ণ ও অর্জ্জুন দেবগণের সহিত ইন্দ্রকে অত্যন্ত ক্রুদ্ধ দেখিয়াও নির্ভয়-চিত্তে ধনু ধারণপূর্ব্বক অবস্থান করিতে লাগিলেন, তাহার পর দেবতারা আসিবামাত্র বজ্রতুল্য বাণ দ্বারা তাঁহাদিগকে তাড়ন করিলেন। এইভাবে

(৪০)…শক্রং দেবৈঃ সহাচ্যুতৌ।

বভূব পরমপ্রীতো ভূয়শ্চৈতাবযোধয়ৎ।
ততোঽশ্মবর্ষং সুমহদ্ ব্যসৃজৎ পাকশাসনঃ ॥৪৫॥ (কুলকম্)
ভূয় এব তদা বীর্য্যং জিজ্ঞাসুঃ সব্যসাচিনঃ।
তচ্ছরৈরর্জ্জুনো বর্ষং প্রতিজঘ্নেঽত্যমর্ষিতঃ ॥৪৬॥
বিফলং ক্রিয়মাণং তৎ সমবেক্ষ্য শতক্রতুঃ।
ভূয়ঃ সংবর্দ্ধয়ামাস তদ্বর্ষং পাকশাসনঃ ॥৪৭॥
সোঽশ্মবর্ষং মহাবেগৈরিষুভিঃ পাকশাসনিঃ।
বিলয়ং গময়ামাস হর্ষয়ন্ পিতরং তথা ॥৪৮॥
তত উৎপাট্য পাণিভ্যাং মন্দরাচ্ছিখরং মহৎ।
সদ্রুমং ব্যসৃজচ্ছক্রো জিঘাংসুঃ পাণ্ডুনন্দনম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

অতিশিশ্রিয়ুরাশ্রিতবন্তঃ। নভসি আকাশে। উপলভ্য দৃষ্ট্বা। অশ্মবর্ষং পাষাণবর্ষণম্। পাকশাসন ইন্দ্রঃ ॥৩৮—৪৫॥

নন্বৃত্তং বজ্রং পরিহায় কথমিন্দ্রঃ পাষাণবর্ষণমকরোদিত্যাহ—ভূয় ইতি। জিজ্ঞাসুর্জ্ঞাতুমিচ্ছুরাসীৎ। পুত্রস্যার্জ্জুনস্য বলপরীক্ষৈবেন্দ্রস্য প্রয়োজনং ন পুনর্বধ ইতি ভাবঃ ॥৪৬॥

বিফলমিতি। সংবর্দ্ধয়ামাস আধিক্যেন চকার, তদ্বর্ষং পাষাণবর্ষণম্ ॥৪৭॥

স ইতি। পাকশাসনিরিন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ। বিলয়ং নাশম্ ॥৪৮॥

তত ইতি। মন্দরাৎ পর্ব্বতাৎ। জিঘাংসুর্হন্তুমিচ্ছুরিব ॥৪৯॥

বার বার তাঁহারা ব্যর্থসঙ্কল্প হওয়া, ভয়ে যুদ্ধ পরিত্যাগ করিয়া যাইয়া, ইন্দ্রের আশ্রয় লইলেন। তখন কৃষ্ণ ও অর্জ্জুন দেবগণকে বিতাড়িত করিয়াছেন দেখিয়া আকাশস্থ মুনিগণ বিস্ময়াপন্ন হইলেন। ইন্দ্রও যুদ্ধে বার বার কৃষ্ণ ও অর্জ্জুনের ক্ষমতা দেখিয়া বিশেষ সন্তুষ্ট হইলেন এবং আবার যুদ্ধ আরম্ভ করিলেন, পরে তিনি গুরুতর পাষাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩৮—৪৫॥

কারণ, তখন ইন্দ্র আবারও অর্জ্জুনের বল জানিবার ইচ্ছা করিয়াছিলেন। অত্যন্ত ক্রুদ্ধ অর্জ্জুনও বাণ দ্বারা সেই পাষাণবৃষ্টি প্রতিহত করিলেন ॥৪৬॥

ইন্দ্র সেই পাষাণবৃষ্টি নিষ্ফল হইল দেখিয়া পুনরায় অধিক পরিমাণে সেই পাষাণবৃষ্টিই করিতে লাগিলেন ॥৪৭॥

তখন অর্জ্জুন পিতৃদেব ইন্দ্রকে আনন্দিত করতঃ মহাবেগসম্পন্ন বাণসমূহ দ্বারা সেই পাষাণবৃষ্টিকেও বিনষ্ট করিলেন ॥৪৮॥

তৎপরে ইন্দ্র অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়াই যেন হস্তযুগল দ্বারা বৃক্ষের সহিত মন্দরপর্ব্বতের বৃহৎ একটা শৃঙ্গ উৎপাটন করিয়া নিক্ষেপ করিলেন ॥৪৯॥

ততোঽর্জ্জুনো বেগবদ্ভির্জ্বলিতাগ্রৈরজিহ্মগৈঃ।
শরৈর্বিধ্বংসয়ামাস গিরেঃ শৃঙ্গং সহস্রধা ॥৫০॥
গিরের্বিশীর্য্যমাণস্য তস্য রূপং তদা বভৌ।
সার্কচন্দ্রগ্রহস্যেব নভসঃ পরিশীর্য্যতঃ ॥৫১॥
তেনাভিপততা দাবং শৈলেন মহতা ভৃশম্।
শৃঙ্গেণ নিহতাস্তত্র প্রাণিনঃ খাণ্ডবালয়াঃ ॥৫২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে দেবকৃষ্ণার্জ্জুনযুদ্ধে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। জ্বলিতাগ্রৈরুজ্জ্বলাগ্রদেশৈঃ, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৫০॥

গিরেরিতি। তদা বিশীর্য্যমাণস্য অর্জ্জুনশরৈঃ খণ্ডখণ্ডীক্রিয়মাণস্য, তস্য গিরেগিরিশৃঙ্গস্য রূপম্, পরিশীর্য্যতঃ কুতোঽপি কারণাৎ পরিশীর্য্যমাণস্য ভজ্যমানস্যেত্যর্থঃ, অর্কেণ চন্দ্রেণ তদিতরগ্রহৈশ্চ সহেতি তস্য, নভস আকাশস্য, রূপমিব বভৌ, গিরিশৃঙ্গখণ্ডানাং মণিময়ত্বা-দর্কাদিবদুজ্জ্বলত্বাদিতি ভাবঃ ॥৫১॥

তেনেতি। দাবং খাণ্ডববনম্, শৈলেন শৈলসম্বন্ধিনা ॥৫২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পাতাদীনি ॥৩৯—৫০॥ গিরেঃ গিরিশৃঙ্গস্য ॥৫১॥ শৈলেন শিলাসমূহেন করণেন, শৃঙ্গেণ কর্ত্রা ॥৫২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকদ্বিশত-তমোঽধ্যায়ঃ ॥২২০॥

তখন অর্জ্জুন বেগবান্, উজ্জ্বলমুখ ও সরলগামী বাণসমূহ দ্বারা সেই শৃঙ্গটাকে সহস্রখণ্ড করিয়া ফেলিলেন ॥৫০॥

সেই সময়ে ভজ্যমান আকাশ হইতে চন্দ্র, সূর্য্য ও অন্যান্য গ্রহ পড়িতে থাকিলে যেমন দেখা যায়, সেই পর্ব্বতশৃঙ্গটা খণ্ড খণ্ড হইয়া পড়িতে থাকিলেও তেমন দেখা যাইতে লাগিল ॥৫১॥

সেই বিশাল পর্ব্বতশৃঙ্গ খাণ্ডববনের উপরে পড়িয়া তত্রত্য প্রাণিগণকে বিধ্বস্ত করিল ॥৫২॥

---

* '...পঞ্চবিংশত্যধিক...', '...সপ্তবিংশত্যধিক...', '...ঊনত্রিংশদধিক...', '...ত্রিপঞ্চাশ-দধিক...' ইতি পাঠান্তরাণি।

একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তথা শৈলনিপাতেন ভীষিতাঃ খাণ্ডবালয়াঃ।
দানবা রাক্ষসা নাগাস্তরক্ষ্বৃক্ষবনৌকসঃ ॥১॥
দ্বিপাঃ প্রভিন্নাঃ শার্দ্দূলাঃ সিংহাঃ কেশরিণস্তথা।
মৃগাশ্চ মহিষাশ্চৈব শতশঃ পক্ষিণস্তথা ॥২॥
সমুদ্বিগ্না বিসসৃপুস্তথান্যা ভূতজাতয়ঃ।
তং দাবং সমুদৈক্ষন্ত কৃষ্ণৌ চাভ্যুদ্যতায়ুধৌ।
উৎপাতনাদশব্দেন ত্রাসিতা ইব চাভবন্ ॥৩॥
তে বনং প্রসমীক্ষ্যাথ দহ্যমানমনেকধা।
কৃষ্ণমভ্যুদ্যতাস্ত্রঞ্চ নাদং মুমুচুরুল্বণম্ ॥৪॥

ভারতকৌমুদী

তথেতি। তথা তাদৃশেন। ভীষিতা ভয়ং প্রাপিতাঃ। তরক্ষবঃ ক্ষুদ্রব্যাঘ্রাঃ, ঋক্ষা ভল্লূকাঃ অন্যে বনৌকসো বনবাসিনো বানরাদয়শ্চ তে ॥১॥

দ্বিপা ইতি। দ্বিপা হস্তিনঃ, প্রভিন্নাস্তেনৈব শৈলনিপাতেন বিদারিতাঃ ॥২॥

সমুদ্বিগ্না ইতি। বিসসৃপুরপসৃতাঃ। ভূতজাতয়ঃ প্রাণিসমূহাঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। উৎপাতনাদো নির্ঘাতাদিশব্দ ইব শব্দস্তেন। ইবশব্দ এবার্থে। ষট্পদমিদং পদ্যম্ ॥৩॥

ত ইতি। তে দানবাদয়ঃ। উল্বণমাত্তিব্যঞ্জকমুৎকটম্ ॥৪॥

ভারতভাবদীপঃ

তথেতি। তরক্ষবঃ স্বল্পব্যাঘ্রাঃ, ঋক্ষা ভল্লূকাঃ ॥১॥ প্রভিন্না মদচ্যুতাঃ, কেশরিণ উৎপন্নকেশরাঃ যুবান ইত্যর্থঃ ॥২॥ দাবং বনম্, উৎপাতনাদাঃ নির্ঘাতাদয়ঃ তচ্ছব্দেন সন্ত্রাসিতে,

---

বৈশম্পায়ন বলিলেন—সেই পর্ব্বতশৃঙ্গ পতিত হওয়ায় খাণ্ডববাসী দানব, রাক্ষস, নাগ, ব্যাঘ্র, ভল্লূক ও অন্যান্য প্রাণীরা ভীত হইল ॥১॥

এবং শত শত হস্তী, ব্যাঘ্র, সিংহ, হরিণ, মহিষ ও পক্ষী চূর্ণ হইয়া গেল ॥২॥

অন্যান্য প্রাণীরা ভীত হইয়া সরিয়া গেল এবং সরিয়া যাইয়া সেই বনের দিকে এবং অস্ত্রধারী কৃষ্ণ ও অর্জ্জুনের দিকে দৃষ্টিপাত করিতে লাগিল; আর, নির্ঘাতশব্দের তুল্য সেই ভীষণ শব্দে অত্যন্ত ভীত হইয়া পড়িল ॥৩॥

---

(৩)—তং দাবং সমুপৈক্ষন্ত…। উৎপাতনাদশব্দেন সংত্রাসিত ইব স্থিতাঃ…।

তেন নাদেন রৌদ্রেণ নাদেন চ বিভাবসোঃ।
ররাস গগনং কৃৎস্নমুৎপাতজলদৈরিব ॥৫॥
ততঃ কৃষ্ণো মহাবাহুঃ স্বতেজোভাস্বরং মহৎ।
চক্রং ব্যসৃজদত্যুগ্রং তেষাং নাশায় কেশবঃ ॥৬॥
তেনার্ত্তা জাতয়ঃ ক্ষুদ্রাঃ সদানবনিশাচরাঃ।
নিকৃত্তাঃ শতশঃ সর্ব্বা নিপেতুরনলং ক্ষণাৎ ॥৭॥
তত্রাদৃশ্যন্ত তে দৈত্যাঃ কৃষ্ণচক্রবিদারিতাঃ।
বসারুধিরসংপৃক্তাঃ সন্ধ্যায়ামিব তোয়দাঃ ॥৮॥
পিশাচান্ পক্ষিণো নাগান্ পশূংশ্চৈব সহস্রশঃ।
নিঘ্নংশ্চরতি বার্ষ্ণেয়ঃ কালবত্তত্র ভারত! ॥৯॥

ভারতকৌমুদী

তেনেতি। রৌদ্রেণ ভীষণেন। ররাস জগর্জ্জ। উৎপাতজলদৈরুৎপাতসূচকমেঘৈঃ ॥৫॥
তত ইতি। স্বস্য চক্রস্যৈব তেজসা ভাস্বরং দীপ্তিমৎ। তেষাং দানবাদীনাম্ ॥৬॥
তেনেতি। তেন চক্রেণ। ক্ষুদ্রাঃ প্রাণিনাং জাতয়ো হরিণাদ্যাঃ। নিকৃত্তাশ্ছিন্নাঃ ॥৭॥
তত্রেতি। বসা শরীরস্থো ধাতুবিশেষঃ। বসারুধিরৈঃ সংপৃক্তা লিপ্তাঙ্গাঃ ॥৮॥
পিশাচানিতি। নিঘ্নন্ নাশয়ন্, বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ, চরতি স্ম ॥৯॥

ভারতভাবদীপঃ

বনে ইতি শেষঃ, "সাক্ষারিতে" ইতি পাঠেঽপি স এবার্থঃ ॥৩—৪॥ ররাস শব্দং কৃতবান্

তাই তাহারা দহ্যমান বন ও অস্ত্রধারী কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে লাগিল ॥৪॥

সেই দারুণ শব্দে ও অগ্নির শব্দে সম্পূর্ণ আকাশটাই যেন ঔৎপাতিকমেঘ দ্বারা গর্জ্জন করিতে লাগিল ॥৫॥

তখন মহাবাহু কৃষ্ণ তাহাদিগকে বিনষ্ট করিবার জন্য উজ্জ্বল, বিশাল ও ভীষণ চক্র নিক্ষেপ করিলেন ॥৬॥

তাহাতে দানব, রাক্ষস এবং ক্ষুদ্র ক্ষুদ্র অপর প্রাণীরা পীড়িত ও শত খণ্ডে ছিন্ন হইয়া তৎক্ষণাৎ আগুনের ভিতরে পড়িতে লাগিল ॥৭॥

তখন সেই সকল দৈত্য কৃষ্ণের চক্রে বিদারিত হওয়ায় তাহাদের শরীরগুলি বসা ও রুধিরে লিপ্ত হইল; তাই তাহাদিগকে সন্ধ্যাকালীন মেঘের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৮॥

মহারাজ! কৃষ্ণ তখন যমের ন্যায় সহস্র সহস্র পিশাচ, পক্ষী, নাগ ও পশুকে হত্যা করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৯॥

ক্ষিপ্তং ক্ষিপ্তং পুনশ্চক্রং কৃষ্ণস্যামিত্রঘাতিনঃ।
ছিত্ত্বানেকানি সত্ত্বানি পাণিমেতি পুনঃ পুনঃ ॥১০॥
তথা তু নিঘ্নতস্তস্য পিশাচোরগরাক্ষসান্।
বভূব রূপমত্যুগ্রং সর্ব্বভূতাত্মনস্তদা ॥১১॥
সমেতানাস্তু সর্ব্বেষাং দানবানাঞ্চ সর্ব্বশঃ।
বিজেতা নাভবৎ কশ্চিৎ কৃষ্ণপাণ্ডবয়োর্ম্মৃধে ॥১২॥
তয়োর্বলাৎ পরিত্রাতুং তঞ্চ দাবং যদা সুরাঃ।
নাশক্নুবন্ শময়িতুং তদাভূবন্ পরাঙ্মুখাঃ ॥১৩॥
শতক্রতুস্তু সংপ্রেক্ষ্য বিমুখানমরাংস্তথা।
বভূব মুদিতো রাজন্! প্রশংসন্ কেশবার্জ্জুনৌ ॥১৪॥
নিবৃত্তেষ্বথ দেবেষু বাগুবাচাশরীরিণী।
শতক্রতুং সমাভাষ্য মহাগম্ভীরনিস্বনা ॥১৫॥

ভারতকৌমুদী

ক্ষিপ্তমিতি। সত্ত্বানি জন্তূন্। অমিত্রঘাতিনঃ কৃষ্ণস্য পাণিমেতি স্ম ॥১০॥
তথেতি। তস্য কৃষ্ণস্য। সর্ব্বাণ্যেব ভূতানি আত্মানঃ স্বরূপাণি যস্য তস্য ॥১১॥
সমেতানামিতি। সমেতানামুপস্থিতানাম্, সর্ব্বেষাং দেবানাং দানবানাঞ্চ মধ্যে কশ্চিদপি, মৃধে যুদ্ধে, কৃষ্ণপাণ্ডবয়োর্বিজেতা নাভবৎ ॥১২॥
তয়োরিতি। তয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ। দাবং বনম্। শময়িতুং কৃষ্ণার্জ্জুনাবিতি শেষঃ ॥১৩॥
শতেতি। শতক্রতুরিন্দ্রঃ। মুদিতঃ পুত্রবীরত্বদর্শনাদানন্দিতঃ ॥১৪॥
নিবৃত্তেষ্বিতি। অশরীরিণী অশরীরিপ্রযুক্তা। সমাভাষ্য সম্বোধ্য ॥১৫॥

কৃষ্ণ বার বার চক্র নিক্ষেপ করিতে লাগিলেন, অথচ সে চক্র বার বারই অনেক জন্তু ছেদন করিয়া পুনরায় তাঁহার হাতে আসিতে লাগিল ॥১০॥

সর্ব্বভূতাত্মা কৃষ্ণ সেইভাবে পিশাচ, নাগ ও রাক্ষসদিগকে বিনাশ করিতে লাগিলে, তখন তাঁহার আকৃতি অতি ভয়ঙ্কর হইল ॥১১॥

কিন্তু উপস্থিত দেবগণ ও দানবগণের মধ্যে কোন ব্যক্তিই যুদ্ধে কৃষ্ণ ও অর্জ্জুনকে জয় করিতে পারিলেন না ॥১২॥

যখন দেবগণ কৃষ্ণ ও অর্জ্জুনের পরাক্রমে সে খাণ্ডববনকে রক্ষা করিতে পারিলেন না, বা তাঁহাদিগকে নিরস্তও করিতে পারিলেন না, তখন তাঁহারা পরাঙ্মুখ হইলেন ॥১৩॥

কিন্তু ইন্দ্র তখন দেবগণকে পরাঙ্মুখ দেখিয়া, আনন্দিত হইয়া, কৃষ্ণ ও অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিলেন ॥১৪॥

ন তে সখা সন্নিহিতস্তক্ষকো ভুজগোত্তমঃ।
দাহকালে খাণ্ডবস্য কুরুক্ষেত্রং গতো হ্যসৌ ॥১৬॥
ন চ শক্যৌ যুধা জেতুং কথঞ্চিদপি বাসব!।
বাসুদেবার্জ্জুনাবেতৌ নিবোধ বচনান্মম ॥১৭॥
নরনারায়ণাবেতৌ পূর্ব্বদেবৌ দিবি শ্রুতৌ।
ভবানপ্যভিজানাতি যদ্বীর্য্যৌ যৎপরাক্রমৌ ॥১৮॥
নৈতৌ শক্যৌ দুরাধর্ষৌ বিজেতুমজিতৌ যুধি।
অপি সর্ব্বেষু লোকেষু পুরাণাবৃষিসত্তমৌ ॥১৯॥
পূজনীয়তমাবেতাবপি সর্ব্বৈঃ সুরাসুরৈঃ।
যক্ষরাক্ষসগন্ধর্ব্বনরকিন্নরপন্নগৈঃ ॥২০॥
তস্মাদিতঃ সুরৈঃ সার্দ্ধং গন্তুমর্হসি বাসব!।
দিষ্টং চাপ্যনুপশ্যৈতৎ খাণ্ডবস্য বিনাশনম্ ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। তক্ষকস্যাসন্নিহিতত্বাদেব যুষ্মাকং যুদ্ধং নিষ্প্রয়োজনমিতি ভাবঃ ॥১৬॥
অথ তদ্বাসস্থানরক্ষার্থমেব যুদ্ধং সপ্রয়োজনমিত্যাহ—নেতি। যুধা যুদ্ধেন ॥১৭॥
কথং জেতুং ন শক্যাবিত্যাহ—নরেতি। পূর্ব্বং দেবৌ পূর্ব্বদেবৌ। দিবি স্বর্গে ॥১৮॥
নেতি। সর্ব্বত্রামেব যুধি অজিতৌ অসম্ভাবিতজয়ৌ, ঋষিসত্তমত্বাদেব ॥১৯॥
কিঞ্চ যুদ্ধমিদমকার্য্যমেব যুষ্মাকমিত্যাহ—পূজনীয়তমাবিতি। অপি চার্থে ॥২০॥
তস্মাদিতি। দিষ্টং দৈবং দৈবপ্রযুক্তমিত্যর্থঃ। অনুপশ্য পর্য্যালোচয় ॥২১॥

দেবতারা নিবৃত্তি পাইলে, একটা দৈববাণী ইন্দ্রকে সম্বোধন করিয়া মহাগম্ভীর শব্দে এই কথা বলিল—॥১৫॥

"দেবরাজ! আপনার সখা নাগরাজ তক্ষক খাণ্ডবদাহের সময়ে এখানে ছিলেন না, তিনি পূর্ব্বেই কুরুক্ষেত্রে গিয়াছেন ॥১৬॥

আপনারা যুদ্ধ করিয়া কোন প্রকারেই এই কৃষ্ণার্জ্জুনকে জয় করিতে পারিবেন না; তাহার কারণ আমার নিকট শুনুন ॥১৭॥

ইঁহারা পূর্ব্বে স্বর্গে নর-নারায়ণ নামে বিখ্যাত দেবতা ছিলেন; সুতরাং ইঁহাদের যতটুকু শক্তি বা পরাক্রম আছে, তাহা আপনিও জানেন ॥১৮॥

ইঁহারা প্রাচীন ঋষিশ্রেষ্ঠ, দুর্দ্ধর্ষ এবং সর্ব্বত্র অপরাজিত; সুতরাং ইঁহাদিগকে ত্রিভুবনের মধ্যে কোন লোকই যুদ্ধে জয় করিতে পারিবে না ॥১৯॥

ঋষিশ্রেষ্ঠ বলিয়া ইঁহারা সমস্ত দেব, দানব, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, নর, কিন্নর ও নাগদিগের পূজনীয় ॥২০॥

ইতি বাক্যমুপশ্রুত্য তথ্যমিত্যমরেশ্বরঃ।
ক্রোধামর্ষৌ সমুৎসৃজ্য সম্প্রতস্থে দিবং তদা ॥২২॥
তং প্রস্থিতং মহাত্মানং সমবেক্ষ্য দিবৌকসঃ।
সহিতাঃ সেনয়া রাজন্ননুজগ্মুঃ পুরন্দরম্ ॥২৩॥
দেবরাজং তদা যান্তং সহ দেবৈরবেক্ষ্য তু।
বাসুদেবার্জ্জুনৌ বীরৌ সিংহনাদং বিনেদতুঃ ॥২৪॥
দেবরাজে গতে রাজন্! প্রহৃষ্টৌ কেশবার্জ্জুনৌ।
নির্বিশঙ্কং বনং বীরৌ দাহয়ামাসতুস্তদা ॥২৫॥
স মারুত ইবাভ্রাণি নাশয়িত্বার্জ্জুনঃ সুরান্।
ব্যধমচ্ছরসংঘাতৈর্দেহিনঃ খাণ্ডবালয়ান্ ॥২৬॥

ভারতকৌমুদী

ইতীতি। তথ্যম্ এতদুক্তং সত্যম্, ইতি মত্বেতি শেষঃ। অমর্ষঃ অসহিষ্ণুতা ॥২২॥

তমিতি। দিবৌকসঃ অন্যে দেবাঃ ॥২৩॥

দেবেতি। সিংহস্যেব নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥২৪॥

দেবেতি। নির্বিশঙ্কং নির্ভয়ং যথা স্যাত্তথা, বনং খাণ্ডবম্ ॥২৫॥

স ইতি। মারুতো বায়ুঃ, অভ্রাণি মেঘানিব। নাশয়িত্বা প্রস্থাপ্য। ব্যধমৎ ব্যনাশয়ৎ, শরাণাং সংঘাতৈঃ সমূহৈঃ। খাণ্ডবালয়ান্ খাণ্ডববাসিনঃ ॥২৬॥

অতএব দেবরাজ! আপনি অন্যান্য দেবগণের সহিত এস্থান হইতে চলিয়া যাইতে পারেন। এখন ইহাই পর্য্যালোচনা করুন যে, এই খাণ্ডবদাহ দৈব-প্রযুক্ত" ॥২১॥

দেবরাজ এইরূপ দৈববাণী শুনিয়া 'ইহা সত্য' এইরূপ মনে করিয়া ক্রোধ ও অসহিষ্ণুতা পরিত্যাগপূর্ব্বক তখনই স্বর্গে প্রস্থান করিলেন ॥২২॥

তখন অন্যান্য দেবতারা দেবরাজকে প্রস্থান করিতে দেখিয়া সৈন্যগণের সহিত তাঁহার অনুগমন করিলেন ॥২৩॥

এদিকে কৃষ্ণ ও অর্জ্জুন দেবগণের সহিত দেবরাজকে প্রস্থান করিতে দেখিয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥২৪॥

মহারাজ! দেবরাজ চলিয়া গেলে, মহাবীর কৃষ্ণ ও অর্জ্জুন আনন্দিত হইয়া নির্ভয়চিত্তে খাণ্ডববন দগ্ধ করাইতে লাগিলেন ॥২৫॥

বায়ু যেমন মেঘ সরাইয়া দেয়, সেইরূপ অর্জ্জুন দেবগণকে সরাইয়া দিয়া বাণসমূহ দ্বারা খাণ্ডববাসী জন্তুগণকে বিধ্বস্ত করিতে লাগিলেন ॥২৬॥

ন চ স্ম কিঞ্চিচ্ছক্নোতি ভূতং নিশ্চরিতুং ততঃ।
সংছিদ্যমানমিষুভিরস্যতা সব্যসাচিনা ॥২৭॥
নাশক্নুবংশ্চ ভূতানি মহান্ত্যপি রণেঽর্জ্জুনম্।
নিরীক্ষিতুমমোঘাস্ত্রং যোদ্ধুং কাপি কুতো রণে ॥২৮॥
শতঞ্চৈকেন বিব্যাধ শতেনৈকং পতত্রিণাম্।
ব্যসবস্তেঽপতন্নগ্নৌ সাক্ষাৎ কালহতা ইব ॥২৯॥
ন চালভন্ত তে শর্ম্ম রোধঃসু বিষমেষু চ।
পিতৃদেবনিবাসেষু সন্তাপশ্চাপ্যজায়ত ॥৩০॥
ভূতসংঘাশ্চ বহবো দীনাশ্চক্রুর্মহাস্বনম্।
রুরুদুর্বারণাশ্চৈব তথা মৃগতরক্ষবঃ ॥৩১॥
তেন শব্দেন বিত্রেসুর্গঙ্গোদধিচরা ঝষাঃ।
বিদ্যাধরগণাশ্চৈব যে চ তত্র বনৌকসঃ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। ভূতং প্রাণী, নিশ্চরিতুং নির্গন্তুম্। অস্যতা বাণান্, সব্যসাচিনা অর্জ্জুনেন ॥২৭॥

নেতি। ভূতানি প্রাণিনঃ। যোদ্ধুং প্রহর্ত্তুং কুতঃ অশক্নুবন্, কুতোঽপি নেত্যর্থঃ ॥২৮॥

শতমিতি। অর্জ্জুন একেন শরেণ, পতত্রিণাং ক্ষুদ্রাণাং পক্ষিণাং শতং বিব্যাধ, শরাণাং শতেন চ পতত্রিণাং মধ্যে বৃহন্তমেকং বিব্যাধ। ব্যসবো নিষ্প্রাণাঃ ॥২৯॥

নেতি। তে পতত্রিণঃ, শর্ম্ম সুখম্, রোধঃসু নদীতীরেষু, বিষমেষু উচ্চাবচস্থানেষু, পিতৃনিবাসেষু শ্মশানেষু, দেবনিবাসেষু দেবালয়েষু ন চালভন্ত ॥৩০॥

ভূতেতি। ভূতসংঘা মহিষাদিপ্রাণিসমূহাঃ। বারণা হস্তিনঃ। তরক্ষুঃ ক্ষুদ্রব্যাঘ্রঃ ॥৩১॥

অনবরত বাণক্ষেপকারী অর্জ্জুনের বাণে ছিন্ন হইতে থাকায় কোন প্রাণীই খাণ্ডববন হইতে নির্গত হইয়া যাইতে পারিল না ॥২৭॥

বড় বড় প্রাণীরাও যুদ্ধে অমোঘাস্ত্র অর্জ্জুনের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না, কি করিয়া আর প্রহার করিবে ॥২৮॥

অর্জ্জুন এক একটা বাণ দ্বারা এক একশত ক্ষুদ্র পক্ষীকে এবং এক একশত বাণ দ্বারা বৃহৎ এক একটা পক্ষীকে বিদ্ধ করিতে লাগিলেন; তখন তাহারা সাক্ষাৎ কৃতান্তনিহতের ন্যায় প্রাণশূন্য হইয়া অগ্নির ভিতরে পড়িতে লাগিল ॥২৯॥

তত্রত্য পক্ষিগণ নদীতীর, উঁচু-নীচু স্থান, শ্মশান এবং দেবালয়—ইহার কোন স্থানেই শান্তি পাইল না, সর্ব্বত্রই তাহাদের অশান্তি হইতে লাগিল ॥৩০॥

বহুতর প্রাণী কাতর হইয়া গুরুতর আর্ত্তনাদ করিতে লাগিল এবং হস্তী, হরিণ ও ক্ষুদ্র ব্যাঘ্র সকল রোদন করিতে থাকিল ॥৩১॥

ন ত্বর্জ্জুনং মহাবাহো ! নাপি কৃষ্ণং জনার্দ্দনম্ ।
নিরীক্ষিতুং বৈ শক্নোতি কশ্চিদ্‌যোদ্ধুং কুতঃ পুনঃ ॥৩৩॥
একায়নগতা যেঽপি নিপেতুস্তত্র কেচন ।
রাক্ষসা দানবা নাগা জঘ্নে চক্রেণ তান্ হরিঃ ॥৩৪॥
তে তু ভিন্নশিরোদেহাশ্চক্রবেগাদ্‌গতাসবঃ ।
পেতুরন্যে মহাকায়াঃ প্রদীপ্তে বসুরেতসি ॥৩৫॥
স মাংসরুধিরৌঘৈশ্চ বসাভিশ্চাপি তর্পিতঃ ।
উপর্য্যাকাশগো ভূত্বা বিধূমঃ সমপদ্যত ॥৩৬॥
দীপ্তাক্ষো দীপ্তজিহ্বশ্চ সম্প্রদীপ্তমহাননঃ ।
দীপ্তোর্দ্ধকেশঃ পিঙ্গাক্ষঃ পিবন্ প্রাণভৃতাং বসাম্ ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেনেতি । গঙ্গোদধিচরা অতিদূরবর্ত্তিনোঽপীত্যর্থঃ, ঝষা মৎস্যাঃ ॥৩২॥

নেতি । যোদ্ধুং কুতঃ পুনঃ শক্নোতি স্ম কুতোঽপি নেত্যর্থঃ ॥৩৩॥

একেতি । একায়নগতা একশ্রেণিস্থিতাঃ । নিপেতুরুপস্থিতাঃ ॥৩৪॥

ত ইতি । গতাসবো নির্গতপ্রাণাঃ । বসুরেতসি অগ্নৌ ॥৩৫॥

স ইতি । সঃ অগ্নিঃ । বিধূমো ধূমশূন্যঃ । অত্র দীপ্তাক্ষত্বাদিকং প্রজ্বলিতাগ্নিরাশেরেব তত্তৎস্থানে কল্পিতম্, পরত্র "শরীরবান্ জটী ভূত্বে"ত্যুক্তেঃ ॥৩৬—৩৭॥

ভারতভাবদীপঃ

॥৫—৩১॥ গঙ্গোদধিচরা ইতি অতিদূরস্থোপলক্ষণম্ ॥৩২—৩৩॥ একায়নগতাঃ সজ্ঞীভূতাঃ

সেই শব্দে অতিদূরবর্ত্তী মৎস্যগণ এবং তত্রত্য বিদ্যাধরগণও অত্যন্ত ভীত হইল ॥৩২॥

কোন প্রাণীই অর্জ্জুনের বা কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইল না ; সুতরাং তাঁহাদের সহিত যুদ্ধ করিতে আর সমর্থ হইবে কি করিয়া ॥৩৩॥

তখন যে কোন দানব, রাক্ষস, বা নাগ শ্রেণীবদ্ধ হইয়া সে স্থানে উপস্থিত হইতে লাগিল, কৃষ্ণ চক্র দ্বারা তাহাদিগকে বধ করিতে লাগিলেন ॥৩৪॥

তাহারা এবং বিশাল দেহ অন্যান্য প্রাণীরা কৃষ্ণের চক্রের বেগে মস্তক ও দেহ বিদীর্ণ হওয়ায় প্রাণশূন্য হইয়া প্রজ্বলিত অগ্নির ভিতরে পড়িতে লাগিল ॥৩৫॥

অগ্নি প্রাণিগণের বসা পান করিয়া এবং মাংস ও রুধির দ্বারা তৃপ্ত হইয়া, আকাশে উঠিয়া, ধূমশূন্য, দীপ্তনয়ন, দীপ্তজিহ্ব, দীপ্তমুখ, দীপ্তকেশ এবং পিঙ্গলনয়ন হইলেন ॥৩৬—৩৭॥

তাং স কৃষ্ণার্জ্জুনকৃতাং সুধাং প্রাপ্য হুতাশনঃ।
বভূব মুদিতস্তৃপ্তঃ পরাং নির্বৃতিমাগতঃ ॥৩৮॥
তথাঽসুরং ময়ং নাম তক্ষকস্য নিবেশনাৎ।
বিপ্রদ্রবন্তং সহসা দদর্শ মধুসূদনঃ ॥৩৯॥
তমগ্নিঃ প্রার্থয়ামাস দিধক্ষুর্বাতসারথিঃ।
শরীরবান্ জটী ভূত্বা নদন্নিব বলাহকঃ ॥৪০॥
জিঘাংসুর্বাসুদেবস্তং চক্রমুদ্যম্য বিষ্ঠিতঃ।
স চক্রমুদ্যতং দৃষ্ট্বা দিধক্ষন্তঞ্চ পাবকম্ ॥৪১॥
অভিধাবার্জ্জুনেত্যেবং ময়স্ত্রাহীতি চাব্রবীৎ।
তস্য ভীতস্বনং শ্রুত্বা মা ভৈরিতি ধনঞ্জয়ঃ ॥৪২॥
প্রত্যুবাচ ময়ং পার্থো জীবয়ন্নিব ভারত!।
তং ন ভেতব্যমিত্যাহ ময়ং পার্থো দয়াপরঃ ॥৪৩॥ বিশেষকম্

ভারতকৌমুদী

তামিতি। তাং বসাদিরূপাম্, সুধামমৃতম্, তদ্বৎ তৃপ্তিকরত্বাদিতি ভাবঃ ॥৩৮॥

তথেতি। নিবেশনাদ্ভবনাৎ। বিপ্রদ্রবন্তং পলায়মানম্ ॥৩৯॥

তমিতি। নদন্ বলাহকো মেঘ ইবেতি প্রার্থনাবাক্যস্বরগাম্ভীর্য্যে সাম্যম্ ॥৪০॥

জিঘাংসুরিতি। বিষ্ঠিতঃ অবস্থিতঃ। স ময়ঃ। দিধক্ষন্তমাত্মানং দগ্ধুমিচ্ছন্তম্। হে অর্জ্জুন! অভিধাব মাং প্রতি দ্রুতমাগচ্ছ। অতিশয়েনাশ্বাসার্থং 'ন ভেতব্যম্' ইতি পুনরুক্তম্। পার্থোঽর্জ্জুনঃ ॥৪১—৪৩॥

অগ্নি কৃষ্ণার্জ্জুন-সম্পাদিত সেই বসারূপ অমৃত লাভ করিয়া আনন্দিত, তৃপ্ত এবং অত্যন্ত সুস্থ হইলেন ॥৩৮॥

সেই সময়ে ময়নামে একটা অসুর তক্ষকের ভবন হইতে দ্রুত পলায়ন করিতেছিল, এই অবস্থায় কৃষ্ণ তাহাকে দেখিতে পাইলেন ॥৩৯॥

এদিকে বায়ুসারথি অগ্নিও তাহাকে দগ্ধ করিতে ইচ্ছা করিয়া, মূর্ত্তিমান্ ও জটাধারী হইয়া, গর্জ্জনকারী মেঘের ন্যায় গম্ভীর স্বরে তাহাকে প্রার্থনা করিলেন ॥৪০॥

তখন কৃষ্ণ তাহাকে বধ করিবার ইচ্ছা করিয়া চক্র উত্তোলনপূর্ব্বক অবস্থান করিলেন। সেই সময়ে কৃষ্ণের চক্র উত্তোলিত হইয়াছে, অগ্নিও দগ্ধ করিবার ইচ্ছা করিতেছেন ইহা দেখিয়া ময়দানব বলিল—'অর্জ্জুন! সত্বর আসুন,

(৪০) শ্লোকাৎ পরম্ 'বিজ্ঞায় দানবেন্দ্রাণাং ময়ং বৈ শিল্পিনাং বরম্' ইত্যর্দ্ধমধিকং কতিপয়পুস্তকে দৃশ্যতে। (৪১)...চক্রমুদ্যম্য ধিষ্ঠিতঃ। (৪২) অভিধাবার্জ্জুনেত্যেবম্...।

তং পার্থেনাভয়ে দত্তে নমুচের্ভ্রাতরং ময়ম্।
ন হন্তুমৈচ্ছদ্দাশার্হঃ পাবকো ন দদাহ চ ॥৪৪॥
তদ্বনং পাবকো ধীমান্ দিনানি দশ পঞ্চ চ।
দদাহ কৃষ্ণপার্থাভ্যাং রক্ষিতঃ পাকশাসনাৎ ॥৪৫॥
তস্মিন্ বনে দহ্যমানে ষড়গ্নির্ন দদাহ চ।
অশ্বসেনং ময়ঞ্চৈব চতুরঃ শার্ঙ্গকাংস্তথা ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি ময়দর্শনে ময়দানবত্রাণে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তমিতি। নমুচের্দানবস্য। পয়ার্দ্ধে উভয়ত্রাপি অর্জ্জুনগৌরবরক্ষাপ্রবণত্বাদিতি ভাবঃ ॥৪৪॥

তদিতি। রক্ষিতঃ স্বরূপেণ স্থাপিতঃ, পাকশাসনাদিন্দ্রাৎ ॥৪৫॥

তস্মিন্নিতি। ষট্ প্রাণিনঃ। অশ্বসেনং তক্ষকপুত্রম্। শার্ঙ্গকান্ খঞ্জনপক্ষিণঃ ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি ময়দর্শনে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥৩৪—৩৭॥ কৃতাং দত্তাম্, সুধাং স্বভোজনম্ ॥৩৮—৪৫॥ শার্ঙ্গকান্ পক্ষিবিশেষান্ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশত্যধিকদ্বিশত-তমোঽধ্যায়ঃ ॥২২১॥

—:*:—

আমাকে রক্ষা করুন'। তাহার সেই আর্ত্তনাদ শুনিয়া অর্জ্জুন বলিলেন—'ভয় নাই'। ইহাতে ময়দানব যেন জীবন লাভ করিল। তখন অর্জ্জুন দয়াপরবশ হইয়া আবারও বলিলেন—'তুমি ভয় করিও না' ॥৪১—৪৩॥

অর্জ্জুন অভয় দান করিলে, নমুচির ভ্রাতা সেই ময়দানবকে কৃষ্ণও বধ করিতে ইচ্ছা করিলেন না এবং অগ্নিও দগ্ধ করিলেন না ॥৪৪॥

এইভাবে কৃষ্ণ ও অর্জ্জুন ইন্দ্রের হাত হইতে রক্ষা করিতে থাকিলে, অগ্নি পনর দিন যাবৎ সেই খাণ্ডববন দগ্ধ করিলেন ॥৪৫॥

সেই খাণ্ডববন দাহের সময়ে অগ্নি, তক্ষকের পুত্র অশ্বসেন, ময়দানব এবং চারিটী খঞ্জনপক্ষী—এই ছয়টী প্রাণীকে দাহ করেন নাই ॥৪৬॥

—:*:—

(৪৫) কচিদয়ং শ্লোকো নাস্তি। * '...ষড়্বিংশত্যধিক...', 'অষ্টাবিংশত্যধিক...', '...ত্রিংশদধিক...', '...চতুঃপঞ্চাশদধিক...' ইতি পাঠভেদাঃ।

দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:※:—

জনমেজয় উবাচ।

কিমর্থং শার্ঙ্গকানগ্নির্ন দদাহ তথা গতে।
তস্মিন্ বনে দহ্যমানে ব্রহ্মন্নেতৎ প্রচক্ষ্ব মে ॥১॥
অদাহে হ্যশ্বসেনস্য দানবস্য ময়স্য চ।
কারণং কীর্ত্তিতং ব্রহ্মন্! শার্ঙ্গকাণাং ন কীর্ত্তিতম্ ॥২॥
তদেতদদ্ভুতং ব্রহ্মন্! শার্ঙ্গকাণামনাময়ম্।
কীর্ত্তয়স্বাগ্নিসম্মর্দ্দে কথং তে ন বিনাশিতাঃ ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

যদর্থং শার্ঙ্গকানগ্নির্ন দদাহ তথাগতে।
তত্তে সর্ব্বং প্রবক্ষ্যামি যথাভূতমরিন্দম! ॥৪॥

ভারতকৌমুদী

কিমর্থমিতি। তথা গতে তাদৃশ্যামবস্থায়ামিত্যর্থঃ। প্রচক্ষ্ব প্রকর্ষেণ ব্রূহি ॥১॥

অদাহ ইতি। শার্ঙ্গকাণামদাহে কারণং ন কীর্ত্তিতমিত্যর্থঃ ॥২॥

তদিতি। অনাময়ং নিরুপদ্রবত্বেতি তাৎপর্য্যম্। অগ্নিনা সম্মর্দ্দে সংঘর্ষে ॥৩॥

যদর্থমিতি। ভূতং জাতমনতিক্রম্যেতি যথাভূতং যথাযথমিত্যর্থঃ। অত্রেদং পর্য্যালোচনীয়ম্—খাণ্ডববনং চিত্তম্, তরুলতাদীনামিব নানাবৃত্তীনামাশ্রয়ত্বাৎ। অগ্নিস্তত্ত্বজ্ঞানম্, বনগততরুলতাদীনামিব চিত্তগতনানাবৃত্তীনাং দাহকত্বাৎ "ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ" ইত্যুক্তত্বাৎ। মন্দপালমুনিরাচার্য্যঃ, বীর্য্যদ্বারেণেব উপদেশদ্বারেণ শমদমাদীনামুৎপাদকত্বাৎ। জরিতা মায়া, জ্ঞানেন জীর্ণীকরণীয়ত্বাৎ স্বাশ্রিতানামপি কুপথপ্রবর্ত্তনাৎ। বিলং প্রবৃত্তিমার্গঃ, তৎপ্রবিষ্টানাং ধ্বংসাবশ্যম্ভাবাৎ। আখুর্মহামোহঃ, বিলগতমাংসস্যেব প্রবৃত্তিমার্গগতস্য গ্রসনাৎ। শ্যেনো বিবেকঃ, আখোরিব মহামোহস্য হরণাৎ। জরিতারিঃ শমগুণী, স্বপ্রভাবেণ কামক্রোধাদীনামরীণাং জীর্ণীকরণাৎ। সারিসৃক্কো দমগুণী, দ্রুতগতসারীণা-

জনমেজয় কহিলেন—'ব্রাহ্মণ! সেই খাণ্ডববন দগ্ধ হইতে থাকায় তত্রত্য সমস্ত প্রাণীরই সেইরূপ অবস্থা ঘটিলে, অগ্নি শার্ঙ্গক পক্ষী কয়টাকে দগ্ধ করেন নাই কেন? ইহা আপনি আমার নিকট বিস্তৃতভাবে বলুন ॥১॥

অশ্বসেন ও ময়দানবকে দগ্ধ না করার কারণ আপনি বলিয়াছেন; কিন্তু শার্ঙ্গকদিগকে দগ্ধ না করার কারণ বলেন নাই ॥২॥

ব্রাহ্মণ! শার্ঙ্গকপক্ষী কয়টার এই নিরুপদ্রবে থাকা আশ্চর্য্যই বটে। অতএব সেই অগ্নিসংঘর্ষের সময়ে সেই শার্ঙ্গকপক্ষীরা বিনষ্ট হয় নাই কেন, তাহা বলুন" ॥৩॥

ধর্ম্মজ্ঞানাং মুখ্যতমস্তপস্বী সংশিতব্রতঃ।
আসীন্মহর্ষিঃ শ্রুতবান্ মন্দপাল ইতি শ্রুতঃ ॥৫॥
স মার্গমাশ্রিতো রাজন্নৃষীণামূর্দ্ধরেতসাম্।
স্বাধ্যায়বান্ ধর্ম্মরতস্তপস্বী বিজিতেন্দ্রিয়ঃ ॥৬॥
স গত্বা তপসঃ পারং দেহমুৎসৃজ্য ভারত!।
জগাম পিতৃলোকায় ন লেভে তত্র তৎফলম্ ॥৭॥
স লোকানফলান্ দৃষ্ট্বা তপসা নির্জ্জিতানপি।
পপ্রচ্ছ ধর্ম্মরাজস্য সমীপস্থান্ দিবৌকসঃ ॥৮॥

ভারতকৌমুদী

মিব কর্ম্মেন্দ্রিয়াণাং সম্ভাবে চালনাৎ। স্তম্বমিত্রো বৈরাগ্যগুণী, তরুলতাদিস্তম্বমাত্রস্য খাশ্রয়ত্বেন মিত্রীকরণাৎ। দ্রোণশ্চ তিতিক্ষাগুণী, দ্রোণস্তেব (কলসস্যেব) শীতোষ্ণাদিসহনাৎ। ইত্থঞ্চ মায়ারূপয়া জরিতয়া প্রবৃত্তিমার্গরূপে বিলে প্রবেশয়িতুং ভৃশং প্রণুদ্যমানানামপি শমগুণাদিশালিনাং তত্র ন প্রবেশঃ, প্রত্যুত অগ্নিতুল্যজ্ঞানাবলম্বনেনাচিরাদেব মুক্তিলাভ ইতি রূপকমুখেনাধ্যাত্মিকাতাৎপর্য্যমিতি ॥৪॥

ধর্ম্মেতি। মুখ্যতমঃ প্রধানতমঃ। শ্রুতবান্ শাস্ত্রজ্ঞানবান্ ॥৫॥

স ইতি। মার্গং পদ্ধতিং রীতিমিতি যাবৎ। স্বাধ্যায়বান্ বেদপাঠী ॥৬॥

স ইতি। পিতৃলোকায় পিতৃলোকবাসায়। তৎ ফলং বাসরূপং ফলম্ ॥৭॥

স ইতি। লোকান্ পিতৃলোকান্, অফলান্ প্রতিবদ্ধবাসান্ ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! সেই অবস্থাতেও যে জন্য অগ্নি শার্ঙ্গকদিগকে দগ্ধ করেন নাই, সে সমস্তই আমি যথাযথভাবে আপনার নিকট বলিব ॥৪॥

ধর্ম্মজ্ঞদিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ, তপস্বী, ব্রতচারী এবং শাস্ত্রজ্ঞানশালী মন্দপালনামে বিখ্যাত এক মহর্ষি ছিলেন ॥৫॥

বেদপাঠী, ধর্ম্মনিরত, তপস্বী ও জিতেন্দ্রিয় সেই মন্দপাল ঊর্দ্ধরেতা ঋষিদিগের রীতি অবলম্বন করিয়াছিলেন ॥৬॥

মহারাজ! সেই মন্দপাল তপস্যার পরপারে যাইয়া দেহ পরিত্যাগ করিয়া পিতৃলোকে বাস করিবার জন্য গেলেন; কিন্তু তথায় সে ফল পাইলেন না ॥৭॥

তপস্যার প্রভাবে পিতৃলোক প্রাপ্য হইলেও তাহা পাইলেন না দেখিয়া মন্দপাল ধর্ম্মরাজের নিকটবর্ত্তী দেবগণকে জিজ্ঞাসা করিলেন ॥৮॥

---

(৮) শ্লোকাৎ পরম্ অধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ।

মন্দপাল উবাচ।

কিমর্থমাবৃতা লোকা মমৈতে তপসার্জ্জিতাঃ।
কিং ময়া ন কৃতং তত্র যস্যৈতৎ কর্ম্মণঃ ফলম্ ॥৯॥
তত্রাহং তৎ করিষ্যামি যদর্থমিদমাবৃতম্।
ফলমেতস্য তপসঃ কথয়ধ্বং দিবৌকসঃ! ॥১০॥

দেবা ঊচুঃ।

ঋণিনো মানবা ব্রহ্মন্! জায়ন্তে যেন তচ্ছৃণু।
ক্রিয়াভির্ব্রহ্মচর্য্যেণ প্রজয়া চ ন সংশয়ঃ ॥১১॥
তদপাক্রিয়তে সর্ব্বং যজ্ঞেন তপসা সুতৈঃ।
তপস্বী যজ্ঞকৃচ্চাসি ন চ তে বিদ্যতে প্রজা ॥১২॥
ত ইমে প্রসবস্যার্থে তব লোকাঃ সমাবৃতাঃ।
প্রজায়স্ব ততো লোকানুপভোক্ষ্যসি পুষ্কলান্ ॥১৩॥

ভারতকৌমুদী

কিমিতি। আবৃতাঃ পিহিতদ্বারাঃ। অর্জ্জিতাঃ প্রাপ্তিযোগ্যা অপি ॥৯॥

তত্রেতি। তত্র কর্ম্মভূমৌ মর্ত্ত্যলোকে গত্বা। হে দিবৌকসো দেবাঃ! ॥১০॥

ঋণিন ইতি। ক্রিয়াভিরিত্যাদৌ ধাত্বেন ধনবানিত্যাদিবদভেদে তৃতীয়া। এবঞ্চ যজ্ঞ-ক্রিয়াত্মকমৃণং দেবানাম্, ব্রহ্মচর্য্যাত্মকমৃণমৃষীণাম্, সন্তানাত্মকমৃণঞ্চ পিতৃণাম্। আতিথ্যাত্মক-মৃণঞ্চ মনুষ্যাণামিতি তু পুরাণান্তরেষূক্তম্। তদেবমৃণিনঃ সন্ত এব মানবা জায়ন্তে ॥১১॥

অথ কস্তেষাং পরিশোধনোপায় ইত্যাহ—তদিতি। অপাক্রিয়তে পরিশোধ্যতে। তত্র যজ্ঞেন দেবঋণম্, তপসা ঋষিঋণম্, সুতৈশ্চ পিতৃঋণম্, অপাক্রিয়তে। প্রজা সন্তানঃ। এবঞ্চেদানীমপি ত্বং পিতৃঋণগ্রস্ত এব স্থিত ইতি ভাবঃ ॥১২॥

মন্দপাল বলিলেন—"দেবগণ! আমি তপস্যা করিয়া পিতৃলোক জয় করিয়াছি, তথাপি আমার পক্ষেই ইহার দ্বার রুদ্ধ হইল কেন? আমি মর্ত্ত্যলোকে কোন্ কার্য্য করি নাই, যাহার এই ফল হইল? ॥৯॥

আমি মর্ত্ত্যলোকে যাইয়া সে কার্য্য করিব, যাহার জন্য এই দ্বার রুদ্ধ হইল। দেবগণ! আমার এই তপস্যার ফল কি হইল বলুন" ॥১০॥

দেবগণ বলিলেন—"ব্রাহ্মণ! মনুষ্যেরা যে ভাবে ঋণগ্রস্ত হইয়াই জন্ম গ্রহণ করে, তাহা শুনুন—জন্ম হইতেই তাহাদের যজ্ঞ, তপস্যা ও সন্তান—এই ত্রিবিধ ঋণ থাকে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১১॥

তা'র পর, তাহারা যজ্ঞ, তপস্যা ও সন্তান দ্বারা সে সমস্ত ঋণই পরিশোধ করিয়া থাকে। তবে আপনি তপস্যাও করিয়াছেন, যজ্ঞও করিয়াছেন বটে; কিন্তু আপনার সন্তান নাই ॥১২॥

পুন্নাম্নো নরকাৎ পুত্রস্ত্রায়তে পিতরং শ্রুতিঃ।
তস্মাদপত্যসন্তানে যতস্ব ব্রহ্মসত্তম ! ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা মন্দপালস্তু বচস্তেষাং দিবৌকসাম্।
ক নু শীঘ্রমপত্যং স্যাদ্বহুলঞ্চেত্যচিন্তয়ৎ ॥১৫॥
স চিন্তয়ন্নভ্যগচ্ছৎ সুবহুপ্রসবান্ খগান্।
শার্ঙ্গিকাং শার্ঙ্গকো ভূত্বা জরিতাং সমুপেয়িবান্ ॥১৬॥
তস্যাং পুত্রানজনয়চ্চতুরো ব্রহ্মবাদিনঃ।
তানপাস্য স তত্রৈব জগাম লপিতাং প্রতি ॥১৭॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রসবস্ত পুত্রস্ত। লোকাঃ পিতৃলোকাঃ, সমাবৃতাঃ পিহিতদ্বারাঃ। অতএব প্রজায়স্ব জায়ায়াং সন্তানরূপেণ জায়স্ব পুত্রমুৎপাদয়েত্যর্থঃ। ততশ্চ পুষ্কলান্ প্রচুরান্, লোকান্ পিতৃলোকভোগসুখানি উপভোক্ষ্যসি ॥১৩॥

অত্রার্থে শ্রুতিমপি প্রমাণয়তি—পুন্নাম্ন ইতি। অপত্যস্ত সন্তানে বিস্তারেণোৎপাদনে ॥১৪॥

তদিতি। ক কস্যাং স্ত্রিয়াম্। শীঘ্রং বহুলঞ্চ অপত্যং স্যাদিতি সম্বন্ধঃ ॥১৫॥

স ইতি। সুবহবঃ প্রসবাঃ সন্তানা যেষাং তান্। জরিতাং নাম ॥১৬॥

তস্যামিতি। স মুনিঃ, মাত্রা জরিতয়া সহ, অণ্ডগতান্ তান্ বালান্ সুতান্, অপাস্য

ভারতভাবদীপঃ

কিমর্থামিতি ॥১-৮॥ আবৃতাঃ প্রতিবিদ্ধভোগাঃ ॥৯—১২॥ প্রজায়স্ব প্রজেচ্ছাং কুরু ॥১৩॥ অপত্যসন্তানে সন্ততেরবিচ্ছেদে ॥১৪—১৫॥ জরিতাং নাম ভার্য্যাম্ ॥১৬॥ লপিতাং

সুতরাং আপনার সন্তান না থাকার জন্যই আপনার পক্ষে পিতৃলোকের দ্বার রুদ্ধ হইয়া গিয়াছে। অতএব আপনি পুত্র উৎপাদন করুন, তা'র পরে প্রচুর পরিমাণে পিতৃলোকবাসসুখ ভোগ করিবেন ॥১৩॥

এ বিষয়ে শ্রুতিও রহিয়াছে—'পুত্র পিতাকে 'পুৎ'-নামক নরক হইতে উদ্ধার করে'। অতএব আপনি বহু পরিমাণে সন্তান জন্মাইবার জন্য চেষ্টা করুন" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—মন্দপালমুনি সেই দেবগণের সেই কথা শুনিয়া চিন্তা করিলেন—'কোন্ স্ত্রীর গর্ভে সত্বর বহুতর সন্তান জন্মিতে পারে' ॥১৫॥

তিনি এইরূপ চিন্তা করিয়া প্রচুর সন্তানশালী পক্ষিগণের মধ্যে গেলেন এবং সেখানে যাইয়া খঞ্জনপক্ষী হইয়া জরিতানাম্নী কোন খঞ্জনপক্ষিণীর সহিত রমণ করিলেন ॥১৬॥

এবং তাহার গর্ভে চারিটী বেদবাদী পুত্র জন্মাইলেন। তাহার পর, সেই

বালান্ সুতানণ্ডগতান্ সহ মাত্রা মুনির্বনে।
তস্মিন্ গতে মহাভাগে লপিতাং প্রতি ভারত ! ॥১৮॥
অপত্যস্নেহসংযুক্তা জরিতা বহ্বচিন্তয়ৎ।
তেন ত্যক্তানসংত্যাজ্যানৃষীনণ্ডগতান্ বনে ॥১৯॥
ন জহৌ পুত্রশোকার্ত্তা জরিতা খাণ্ডবে সুতান্।
বভার চৈতান্ সঞ্জাতান্ স্ববৃত্ত্যা স্নেহবিক্লবা ॥২০॥ (কলাপকম্)
ততোঽগ্নিং খাণ্ডবং দগ্ধুমায়ান্তং দৃষ্টবানৃষিঃ।
মন্দপালশ্চরংস্তস্মিন্ বনে লপিতয়া সহ ॥২১॥
তং সঙ্কল্পং বিদিত্বাগ্নের্জ্ঞাত্বা পুত্রাংশ্চ বালকান্।
সোঽভিতুষ্টাব বিপ্রর্ষির্ব্রাহ্মণো জাতবেদসম্ ॥২২॥
পুত্রান্ প্রতি বদন্ ভীতো লোকপালং মহৌজসম্।

মন্দপাল উবাচ।

ত্বমগ্নে ! সর্ব্বলোকানাং মুখং ত্বমসি হব্যবাট্ ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিহায়, তত্রৈব খাণ্ডবে বনে, লপিতাং নামাপরাং শার্ঙ্গিকাং প্রতি পুত্রানুৎপাদয়িতুং জগাম। তেন মুনিনা। আত্মনা তু অসংত্যাজ্যান্। স্ববৃত্ত্যা নিজপক্ষিজীবিকানির্ব্বাহোপযোগি-তণ্ডুলকণাদ্যাহরণেন। স্নেহেন বিক্লবা বিহ্বলা ॥১৭—২০॥

তত ইতি। তস্মিন্ বন এব লপিতয়া সহ চরন্নিতি সম্বন্ধঃ ॥২১॥

ত্বমিতি। পুত্রান্ প্রতি ভীতঃ সন্, মহৌজসং জাতবেদসমগ্নিম্, লোকপালং বদন্নিতি

মন্দপালমুনি জরিতার সহিত অণ্ডগত (ডিমের ভিতরে স্থিত) সেই শিশু পুত্র চারিটীকে পরিত্যাগ করিয়া সেই খাণ্ডববনেই লপিতানাম্নী অপর খঞ্জনপক্ষিণীর সহিত রমণ করিতে গেলেন। তিনি লপিতার দিকে চলিয়া গেলে, সন্তানস্নেহ-শালিনী জরিতা অনেক বার চিন্তা করিল যে, 'এই মুনিপুত্র কয়টী এখনও ডিমের ভিতরে রহিয়াছে ; তথাপি মুনি ইহাদিগকে ত্যাগ করিয়াছেন বটে, আমি ত ত্যাগ করিতে পারিব না।' এইরূপ ভাবিয়া পুত্রশোকার্ত্তা জরিতা পুত্র কয়টীকে পরিত্যাগ করিল না, বরং স্নেহে বিহ্বল থাকিয়া আপন বৃত্তি দ্বারাই তাহাদের ভরণ-পোষণ করিতে লাগিল ॥১৭—২০॥

তাহার পর, একদা মন্দপালমুনি সেই খাণ্ডববনেই লপিতার সহিত বিচরণ করিতে থাকিয়া দেখিলেন অগ্নি খাণ্ডববন দগ্ধ করিতে আসিতেছেন ॥২১॥

বিপ্রর্ষি মন্দপাল অগ্নির সেই সঙ্কল্প জানিয়া, পুত্রগণকে বালক মনে করিয়া এবং তাহাদের জন্য ভীত হইয়া, মহাতেজা অগ্নিকে 'লোকপাল' বলিয়া

ত্বমন্তঃ সর্ব্বভূতানাং গূঢ়শ্চরসি পাবক ! ।
ত্বামেকমাহুঃ কবয়স্ত্বামাহুস্ত্রিবিধং পুনঃ ॥২৪॥
ত্বামষ্টধা কল্পয়িত্বা যজ্ঞবাহমকল্পয়ন্ ।
ত্বয়া বিশ্বমিদং সৃষ্টং বদন্তি পরমর্ষয়ঃ ॥২৫॥
ত্বদৃতে হি জগৎ কৃৎস্নং সদ্যো নশ্যেদ্ধুতাশন ! ।
তুভ্যং কৃত্বা নমো বিপ্রাঃ স্বকর্ম্মবিজিতাং গতিম্ ॥২৬॥
গচ্ছন্তি সহ পত্নীভিঃ সুতৈরপি চ শাশ্বতীম্ ।
ত্বামগ্নে ! জলদানাহুঃ খে বিষক্তান্ সবিদ্যুতঃ ॥২৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সর্ব্বঃ। সর্ব্বেষাং লোকানাং দেবানাম্, "অগ্নির্বৈ দেবানাং মুখম্" ইতি শ্রুতেঃ। হব্যং ঘৃতাদিকং বহসি হোমাদাবিতি হব্যবাট্ ॥২২—২৩॥

ত্বমিতি। গূঢ়শ্চরসি জীবাত্মরূপেণ। একং পাকাদিকর্ত্তৃত্বেনৈকরূপং ভৌমম্। ত্রিবিধং যজ্ঞে দক্ষিণাগ্নি-গার্হপত্যাহবনীয়তয়া ভেদাৎ ॥২৪॥

ত্বামিতি। অষ্টধা অষ্টসু হোমকুণ্ডেষষ্টপ্রকারম্, যজ্ঞবাহং যজ্ঞসম্পাদকম্ ॥২৫॥

ত্বদিতি। ঋতে বিনা। নশ্যেৎ, জঠরানলাভাবেন ভুক্তদ্রব্যপাকাসম্ভবাদিতি ভাবঃ। নমো নমস্কারম্। স্বকর্ম্মবিজিতাং নিজকর্ম্মপ্রাপ্যাম্। শাশ্বতীং স্বর্গাদৌ চিরস্থায়িনীম্। খে আকাশে, বিষক্তান্ লগ্নান্, সবিদ্যুতো জলদান্ মেঘান্ ॥২৬—২৭॥

ভারতভাবদীপঃ

নাম্নাপরাং ভার্য্যাম্ ॥১৭॥ তান্ বালানপাস্তেতি সম্বন্ধঃ ॥১৮—২২॥ মুখমিতি জীবরূপেণ ভোক্তৃত্বম্ ॥২৩॥ গূঢ় ইতি ব্রহ্মরূপেণাগোচরত্বম্, ত্রিবিধং দিব্যং ভৌমমৌদর্য্যঞ্চ ॥২৪॥ অষ্টধা পঞ্চভূতাত্মনা সূর্য্যচন্দ্রযজমানরূপেণ চ, যজ্ঞবাহং যজ্ঞনির্ব্বাহকম্ ॥২৫॥ ত্বয়া সদ্রূপেণ বিনা নশ্যেৎ অদর্শনং গচ্ছেৎ নিরধিষ্ঠানকভ্রমাযোগাদিত্যর্থঃ। কর্ম্মিণাং ত্বমেব গতিরিত্যাহ—তুভ্যমিতি

স্তব করিতে লাগিলেন। মন্দপাল বলিলেন—"অগ্নি! তুমি সমস্ত দেবতার মুখ, তুমি যজ্ঞকার্য্যে হব্য বহন করিয়া থাক ॥২২—২৩॥

অগ্নি! তুমি সকল প্রাণীর হৃদয়েই গূঢ়ভাবে বিচরণ কর। জ্ঞানীরা তোমাকে এক এবং ত্রিবিধ বলিয়া থাকেন ॥২৪॥

মহর্ষিরা তোমাকে অষ্টবিধ কল্পনা করিয়া যজ্ঞসম্পাদক করিয়া থাকেন এবং তুমি এই বিশ্ব সৃষ্টি করিয়াছ—এই কথা বলিয়া থাকেন ॥২৫॥

অগ্নি! তুমি না থাকিলে সমস্ত জগৎ তৎক্ষণাৎ নষ্ট হইয়া যায়; ব্রাহ্মণেরা তোমাকে নমস্কার করিয়া স্ত্রী-পুত্রের সহিত আপন কর্ম্ম অনুসারে চিরস্থায়িনী গতি লাভ করিয়া থাকেন। আবার মহর্ষিরা তোমাকে আকাশস্থ বিদ্যুৎসমন্বিত মেঘ বলিয়া থাকেন ॥২৬—২৭॥

দহন্তি সর্ব্বভূতানি ত্বত্তো নিষ্ক্রম্য হেতয়ঃ।
জাতবেদস্ত্বয়ৈবেদং বিশ্বং সৃষ্টং মহাদ্যুতে! ॥২৮॥
তবৈব কর্ম্ম বিহিতং ভূতং সর্ব্বং চরাচরম্।
ত্বয্যাপো বিহিতাঃ পূর্ব্বং ত্বয়ি সর্ব্বমিদং জগৎ ॥২৯॥
ত্বয়ি হব্যঞ্চ কব্যঞ্চ যথাবৎ সম্প্রতিষ্ঠিতম্।
ত্বমেব দহনো দেব! ত্বং ধাতা ত্বং বৃহস্পতিঃ ॥৩০॥
ত্বমশ্বিনৌ যমো মিত্রঃ সোমস্ত্বমসি চানিলঃ।

বৈশম্পায়ন উবাচ।

এবং স্তুতস্তদা তেন মন্দপালেন পাবকঃ ॥৩১॥
তুতোষ তস্য নৃপতে! মুনেরমিততেজসঃ।
উবাচ চৈনং প্রীতাত্মা কিমিষ্টং করবাণি তে ॥৩২॥ (যুগ্মকম্)

দহন্তীতি। হেতয়ো জ্বালাঃ। হে জাতবেদঃ! অগ্নে! সৃষ্টং ব্রহ্মরূপেণ ॥২৮॥

তবেতি। চরাচরং বিহিতং সর্ব্বং ভূতং প্রাণী, তবৈব কর্ম্ম সৃষ্টিঃ। পূর্ব্বং ত্বয়ি আপো জলম্, ত্বয়ৈব বিহিতাঃ, "অগ্নেরাপঃ" ইত্যাদিশ্রুতেঃ। তথা পরব্রহ্মরূপে ত্বয়ি, ইদং সর্ব্বং জগৎ স্থিতমিতি শেষঃ, "তস্মিন্নোতঞ্চ" ইত্যাদিশ্রুতেঃ ॥২৯॥

ত্বয়ীতি। ত্বয়ি দেবপিত্রাত্মকে ব্রহ্মণি, হব্যং দেবেভ্যো দেয়ং ঘৃতাদি, কব্যং পিতৃভ্যো দেয়মন্নাদি চ, যথাবৎ সম্প্রতিষ্ঠিতং ভবতি। দহনো বহ্নিঃ ॥৩০॥

ত্বমিতি। অশ্বিনৌ অশ্বিনীকুমারৌ। পাবকোঽগ্নিঃ। এনং মন্দপালম্ ॥৩১—৩২॥

ভারতভাবদীপঃ

।২৬। পালনং সংহারশ্চ তবৈব কর্ম্মেত্যাহ— ত্বমিতি ॥২৭॥ হেতয়ো জ্বালাঃ, জগৎসৃষ্টিঃ ত্বত্ত এব ইত্যাহ—জাতবেদ ইতি ॥২৮॥ তবৈবেতি কর্ম্মবিধায়কো বেদোঽপি তবৈব বাক্যম্, "নিঃশ্বসিতমেতদৃগ্বেদ" ইত্যাদিশ্রুতেঃ, আপ ইতি ভূতান্তরোপলক্ষণম, ত্বয়ি

অগ্নি! তোমা হইতে শিখা নির্গত হইয়া সমস্ত বস্তুকে দগ্ধ করিয়া থাকে এবং তুমিই এই বিশ্ব-ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়াছ ॥২৮॥

অগ্নি! স্থাবর-জঙ্গম সমস্ত প্রাণীই তোমার সৃষ্টি, তুমিই তোমাতে প্রথমে জল সৃষ্টি করিয়াছিলে এবং তোমাতেই এই সমস্ত জগৎ রহিয়াছে ॥২৯॥

আর দেব! তোমাতেই যথানিয়মে হব্য ও কব্য রহিয়াছে এবং তুমিই অগ্নি, তুমিই ধাতা এবং তুমিই বৃহস্পতি ॥৩০॥

তা'র পর তুমিই অশ্বিনীকুমার, তুমিই যম, তুমিই মিত্র, তুমিই চন্দ্র এবং

(৩১) ত্বমশ্বিনৌ যমৌ মিত্রঃ

তমব্রবীন্মন্দপালঃ প্রাঞ্জলির্হব্যবাহনম্।
প্রদহন্ খাণ্ডবং দাবং মম পুত্রান্ বিসর্জ্জয় ॥৩৩॥
তথেতি তৎ প্রতিশ্রুত্য ভগবান্ হব্যবাহনঃ।
খাণ্ডবে তেন কালেন প্রজজ্বাল দিধক্ষয়া ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি ময়-দর্শনে শার্ঙ্গকোপাখ্যানে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তমিতি। হব্যবাহনমগ্নিম্। কিমব্রবীদিত্যাহ প্রদহন্নিত্যাদি। দাবং বনম্ ॥৩৩॥

তথেতি। তথা ইত্যুক্ত্বা, তন্মন্দপালপ্রার্থিতং প্রতিশ্রুত্য ভগবান্ হব্যবাহনো বহ্নিঃ, তেনৈব কালেন, দিধক্ষয়া অপরান্ প্রাণিন এব দগ্ধুমিচ্ছয়া, খাণ্ডবে বনে, প্রজজ্বাল। প্রতিশ্রুত্যনুসারেণ শার্ঙ্গকাণাং পরিত্যাগেচ্ছা তু স্থিতৈবেতি ভাবঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি ময়দর্শনে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

অধিষ্ঠানে ॥২৯॥ হব্যাদিপ্রতিষ্ঠা ভোক্তৃত্বেন ফলদাতৃত্বেন চ ত্বমেব ইত্যাহ—ত্বমীতি ॥৩০—৩৩॥ খাণ্ডবে বনে, তেন হেতুনা, কালে দাহবেলায়াম্, শার্ঙ্গকাণাং দিধক্ষয়া ন প্রজজ্বাল ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশত্যধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২২॥

—:*:—

তুমিই বায়ু”। বৈশম্পায়ন বলিলেন—মন্দপালমুনি এইরূপ স্তব করিলে, অগ্নিদেব সেই অমিততেজা মহর্ষির প্রতি সন্তুষ্ট হইলেন এবং সন্তুষ্টচিত্তে তাঁহাকে বলিলেন—“মহর্ষি! আপনার কোন্ অভীষ্ট সম্পাদন করিব?” ॥৩১—৩২॥

তখন মন্দপালমুনি কৃতাঞ্জলি হইয়া অগ্নিদেবকে বলিলেন—“দেব! আপনি খাণ্ডববন ত দগ্ধ করিবেন, কিন্তু আমার পুত্রকয়টীকে পরিত্যাগ করিবেন” ॥৩৩॥

‘তাহাই হইবে’ এইরূপ প্রতিজ্ঞা করিয়া ভগবান্ অগ্নি অন্যান্য প্রাণীকে দগ্ধ করিবার ইচ্ছায় সেই সময়েই খাণ্ডববনে জ্বলিয়া উঠিলেন ॥৩৪॥

—:*:—

* ‘…সপ্তবিংশত্যধিক…’, ‘…ঊনত্রিংশদধিক…’, ‘…দ্বাত্রিংশদধিক…’, ‘…পঞ্চপঞ্চাশদধিক…’ ইতি পাঠান্তরাণি।

ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রজ্বলিতে বহ্নৌ শার্ঙ্গকাস্তে সুদুঃখিতাঃ।
ব্যথিতাঃ পরমোদ্বিগ্না নাধিজগ্মুঃ পরায়ণম্ ॥১॥

নিশম্য পুত্রকান্ বালান্ মাতা তেষাং তপস্বিনী।
জরিতা দুঃখশোকার্ত্তা বিললাপ সুদুঃখিতা ॥২॥

জরিতোবাচ।

অয়মগ্নির্দহন্ কক্ষমিত আয়াতি ভীষণঃ।
জগৎ সন্দীপয়ন্ ভীমো মম দুঃখবিবর্দ্ধনঃ ॥৩॥

ইমে চ মাং কর্ষয়ন্তি শিশবো মন্দচেতসঃ।
অবর্হাশ্চরণৈর্হীনাঃ পূর্ব্বেষাং নঃ পরায়ণাঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ব্যথিতা অগ্নিকিরণপ্রসরণাৎ সন্তপ্তাঃ। পরায়ণং রক্ষকম্ ॥১॥

নিশম্যেতি। পুত্রকান্ বালান্, নিশম্য পর্য্যালোচ্য। তপস্বিনী দীনা ॥২॥

অয়মিতি। কক্ষং শুষ্কবনম্, "কক্ষো বীরুধি দোর্ম্মূলে কচ্ছে শুষ্কবনে তৃণে" ইতি হেমচন্দ্রঃ। জগৎ দহ্যমানং সর্ব্বং স্থানম্, সন্দীপয়ন্ আলোকয়ন্ ॥৩॥

ইম ইতি। মন্দচেতসঃ শিশুত্বাদেবাল্পজ্ঞানাঃ, অবর্হাঃ অনুৎপন্নপুচ্ছাঃ, চরণৈর্হীনাঃ, নঃ অস্মাকম্, পূর্ব্বেষাং পুরুষাণাম্, পরায়ণাঃ বংশরক্ষকত্বাৎ পরমাশ্রয়াঃ, ইমে চ শিশবঃ পুত্রাঃ, মাং কর্ষয়ন্তি স্নেহেনাকর্ষন্তি। অত এতান্ বিহায় গন্তুং ন শক্নোমীতি ভাবঃ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর অগ্নি প্রজ্বলিত হইলে, সেই খঞ্জনশাবক কয়টী দুঃখিত, সন্তপ্ত এবং অত্যন্ত উদ্বিগ্ন হইল, কিন্তু কাহাকেও রক্ষক পাইল না ॥১॥

তখন তাহাদের মাতা জরিতা বালক পুত্রকয়টীর বিষয় পর্য্যালোচনা করিয়া দুঃখে ও শোকে কাতর হইয়া বিলাপ করিতে লাগিল ॥২॥

জরিতা বলিল—"আমার দুঃখবর্দ্ধক এই ভয়ঙ্কর অগ্নি সমস্ত স্থান আলোকিত করিয়া শুষ্ক বন দগ্ধ করিতে করিতে এই দিকেই আসিতেছে ॥৩॥

এদিকে আমার এই শিশুপুত্রকয়টীর এখন পর্য্যন্তও জ্ঞান অল্প, পুচ্ছ বা চরণ জন্মে নাই; অথচ ইহারাই আমাদের পূর্ব্বপুরুষগণের পরম অবলম্বন। সুতরাং ইহারাই আমাকে আকর্ষণ করিতেছে ॥৪॥

ত্রাসয়ংশ্চায়মায়াতি লেলিহানো মহীরুহান্ ।
অজাতপক্ষাশ্চ সুতা ন শক্তাঃ সরণে মম ॥৫॥
আদায় চ ন শক্নোমি পুত্রাংস্তরিতুমাত্মনা ।
ন চ ত্যক্তুমহং শক্তা হৃদয়ং দূয়তীব মে ॥৬॥
কং তু জহ্যামহং পুত্রং কমাদায় ব্রজাম্যহম্ ।
কিন্নু মে স্যাৎ কৃতং কৃত্বা মন্যধ্বং পুত্রকাঃ ! কথম্ ॥৭॥
চিন্তয়ানা বিমোক্ষং বো নাধিগচ্ছামি কিঞ্চন ।
ছাদয়িষ্যামি বো গাত্রৈঃ করিষ্যে মরণং সহ ॥৮॥
জরিতারৌ কুলং হ্যেতজ্জ্যৈষ্ঠ্যেন প্রতিষ্ঠিতম্ ।
সারিসৃক্কঃ প্রজায়েত পিতৄনাং কুলবর্দ্ধনঃ ॥৯॥

ভারতকৌমুদী

ত্রাসয়ন্নিতি । লেলিহানঃ পুনঃ পুনর্লিহন্ গ্রসন্ । সরণে গমনে ॥৫॥

আদায়েতি । তরিতুম্ এতদ্বনমতিক্রমিতুম্ । দূয়তীব উপায়াভাবাদ্বিদীর্য্যত ইব ॥৬॥

তর্হি যং কঞ্চিদেকমাদায় গচ্ছেত্যাহ কমিতি । জহ্যাং ত্যজেয়ম্ । কিং কার্য্যং কৃত্বা, মে কৃতং সাধু করণং নু স্যাৎ । হে পুত্রকাঃ ! যূয়ং বা কথং কিং মন্যধ্বম্ ॥৭॥

চিন্তয়ানেতি । বিমোক্ষং বিমোক্ষোপায়ম্, বো যুষ্মাকম্ । বো যুষ্মান্ ॥৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি । পরায়ণং ত্রাতারম্ ॥ ॥ নিশম্য আলোচ্য ॥২॥ কক্ষং বনম্ ॥৩॥ কর্ষয়ন্নি পীড়য়ন্তি, অবর্হা অজাতপক্ষাঃ, পরায়ণাস্ত্রাতারঃ ॥৪॥ সরণে গমনে ॥৫॥ তরিতুং বনং লঙ্ঘিতুম্, "নিঃসারয়িতুমঙ্গতঃ" ইতি পাঠে, অঙ্গতো নিরগ্নিদেশে ॥৬॥ কিং ন্বিতি । কিং

কিন্তু এই ভয়ঙ্কর অগ্নি সমস্ত প্রাণীকেই উদ্বিগ্ন করিয়া বৃক্ষসকল গ্রাস করিতে করিতে এদিকেই আসিতেছে ; অথচ আমার পুত্রকয়টীর এখনও পাখা উঠে নাই, সুতরাং উহারা নিজেরা চলিয়া যাইতে পারিবে না ॥৫॥

আমিও নিজে উহাদের সকলকে লইয়া এই বন অতিক্রম করিতে সমর্থ হইব না, কিংবা ত্যাগ করিয়া যাইতেও পারিব না। অতএব আমার হৃদয় যেন বিদীর্ণ হইয়া যাইতেছে ॥৬॥

তা'র পর, আমি কোন্ পুত্রটীকেই বা ত্যাগ করিয়া যাইব, কোন্ পুত্রটীকেই বা লইয়া যাইব এবং কি করিলেই বা আমার ভাল করা হইবে (তাহা বুঝিতেছি না)। পুত্রগণ ! তোমরাই বা কি ভাল মনে কর ? ॥৭॥

আমি ত চিন্তা করিয়াও তোমাদের মুক্তির কোন উপায় দেখিতেছি না। সুতরাং আমি আপন অঙ্গে তোমাদিগকে আবৃত করিব, তাহার পর এক সঙ্গে মরিব ॥৮॥

স্তম্বমিত্রস্তপঃ কুর্য্যাদ্দ্রোণো ব্রহ্মবিদাং বরঃ।
ইত্যেবমুক্ত্বা প্রযযৌ পিতা বো নির্ঘৃণঃ পুরা ॥১০॥ (যুগ্মকম্)
কমুপাদায় শক্যেয়ং তর্ত্তুং কষ্টাপদুত্তমা।
কিন্নু কৃত্বা কৃতং কার্য্যং ভবেদিতি চ বিহ্বলা।
নাপশ্যৎ স্বধিয়া মোক্ষং স্বসুতানাং তদানলাৎ ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

এবং ব্রুবাণাং শার্ঙ্গাস্তে প্রত্যূচুরথ মাতরম্।
স্নেহমুৎসৃজ্য মাতস্ত্বং পত যত্র ন হব্যবাট্ ॥১২॥
অস্মাস্বিহ বিনষ্টেষু ভবিতারঃ সুতাস্তব।
ত্বয়ি মাতর্বিনষ্টায়াং ন নঃ স্যাৎ কুলসন্ততিঃ ॥১৩॥

ভারতকৌমুদী

জরিতারাবিতি। জরিতারি-সারিসৃক্ক-স্তম্বমিত্র-দ্রোণাখ্যাশ্চত্বারস্তে শার্ঙ্গকাঃ। কুল-বর্দ্ধনঃ প্রজায়েত ভবেৎ। ব্রহ্মবিদাং বরো ভবেৎ। বো যুষ্মাকম্। নির্ঘৃণো নির্দ্দয়ঃ ॥৯—১০॥

কমিতি। কমুপায়ম্। কষ্টা কষ্টদায়িনী, উত্তমা প্রধানা, ইয়মাপৎ, তর্ত্তুং শক্যা। কিং কার্য্যং কৃত্বা, কার্য্যং কর্ত্তব্যং কৃতং ভবেৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

এবমিতি। যত্র হব্যবাট্ অগ্নির্নাস্তি, তত্র পত গচ্ছ ॥১২॥

অস্মাস্বিতি। নঃ অস্মাকম্, কুলস্য সন্ততিরবিচ্ছেদঃ। অস্মাকং বিনাশসম্ভবাৎ ॥১৩॥

'জ্যেষ্ঠ বলিয়া জরিতারির উপরে আমার বংশ প্রতিষ্ঠিত হইবে, সারিসৃক্ক পৈতৃককুলবর্দ্ধক হইবে, স্তম্বমিত্র তপস্যা করিবে এবং দ্রোণ ব্রহ্মজ্ঞশ্রেষ্ঠ হইবে' এই কথা বলিয়া তোমাদের নির্দ্দয় পিতা বহুকাল পূর্ব্বে চলিয়া গিয়াছেন" ॥৯—১০॥

আমি কোন্ উপায় অবলম্বন করিয়া ক্লেশদায়িনী এই গুরুতর বিপদ হইতে উদ্ধার পাইতে পারি এবং কি করিলেই বা কর্ত্তব্য করা হইবে ইত্যাদি ভাবিয়া জরিতা আকুল হইয়া আপন বুদ্ধিতে সে স্থান হইতে পুত্রদিগের মুক্তির কোন উপায় দেখিল না ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—মাতা জরিতা এইরূপ বলিতে লাগিলে, পুত্রগণ তাহাকে বলিল—"মা! আপনি স্নেহ ত্যাগ করিয়া যেস্থানে অগ্নি নাই সেই স্থানে যান ॥১২॥

কারণ, আমরা এখানে বিনষ্ট হইলেও আপনার অপর পুত্র হইতে পারিবে, কিন্তু মা! আপনি বিনষ্ট হইলে, আমাদের বংশ না থাকিতেও পারে ॥১৩॥

(১১)...গন্তুং কষ্টাপদুত্তমা·

অন্ববেক্ষ্যৈতদুভয়ং ক্ষেমং স্যাদ্যৎ কুলস্য নঃ।
তদ্বৈ কর্ত্তুং পরঃ কালো মাতরেষ ভবেত্তব ॥১৪॥
মা ত্বং সর্ব্ববিনাশায় স্নেহং কার্ষীঃ সুতে পুনঃ।
নহীদং কর্ম্ম মোঘং স্যাল্লোককামস্য নঃ পিতুঃ ॥১৫॥

জরিতোবাচ।

ইদমাখোর্বিলং ভূমৌ বৃক্ষস্যাস্য সমীপতঃ।
তদাবিশধ্বং ত্বরিতা বহ্নেরত্র ন বো ভয়ম্ ॥১৬॥
ততোঽহং পাংশুনা ছিদ্রমপিধাস্যামি পুত্রকাঃ!।
এবং প্রতিকৃতং মন্যে জ্বলতঃ কৃষ্ণবর্ত্মনঃ ॥১৭॥
তত এষ্যাম্যতীতেঽগ্নৌ বিহন্তুং পাংশুসঞ্চয়ম্।
রোচতামেষ বো বাদো মোক্ষার্থঞ্চ হুতাশনাৎ ॥১৮॥

ভারতকৌমুদী

অন্বিতি। অন্ববেক্ষ্য পর্য্যালোচ্য। পর উত্তমঃ ॥১৪॥
মেতি। ইদমস্মদুৎপাদনরূপম্। মোঘং ব্যর্থম্। লোককামস্য লোকাখ্যস্বর্গেচ্ছোঃ ॥১৫॥
ইদমিতি। আখোর্মূষিকস্য, বিলং গর্ত্তঃ। বো যুষ্মাকম্ ॥১৬॥
তত ইতি। ছিদ্রং ছিদ্রমুখম্, অপিধাস্যামি আবরিষ্যামি। কৃষ্ণবর্ত্মনোঽগ্নেঃ ॥১৭॥
তত ইতি। বিহন্তুম্ অপসারয়িতুম্। এষ বাদো মম বাক্যম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

কৃত্বা কৃতকৃত্যা। স্যামিত্যর্থঃ ॥৭—৮॥ প্রজায়েত প্রজারূপেণোৎপদ্যেত ॥৯—১০॥ গন্তুং লঙ্ঘিতুম্ ॥১১॥ পত গচ্ছ ॥১২—১৪॥ নোঽস্মাকম্, সর্ব্ববিনাশায় সর্ব্বেষাং বিনাশায়, সুতেষু

মা! এই দুই দিক্ পর্য্যালোচনা করিয়া যাহাতে আমাদের বংশের মঙ্গল হয়, তাহা করিবার পক্ষে আপনার এ-ই উত্তম সময় ॥১৪॥

আপনি সর্ব্বনাশের জন্য পুত্রের উপরে স্নেহ করিবেন না; আমাদের স্বর্গকামী পিতার এই পুত্রোৎপাদনকার্য্য কখনও ব্যর্থ হইবে না” ॥১৫॥

জরিতা বলিল—“পুত্রগণ! এই গাছের নিকটে মাটীতে ইঁদুরের একটী গর্ত্ত আছে; তোমরা উহার ভিতরে সত্বর প্রবেশ কর; তাহা হইলে আর তোমাদের আগুনের ভয় হইবে না ॥১৬॥

কেন না, তোমরা প্রবেশ করিলে পর আমি মাটী দিয়া উহার মুখ আবৃত করিয়া ফেলিব। এইরূপ করিলেই প্রজ্বলিত অগ্নির প্রতীকার হই[বে] ইহা আমি মনে করি ॥১৭॥

তা'র পর আগুন চলিয়া গেলে ঐ মাটী সরাইয়া ফেলিবার জন্য আ[মি]

শার্ঙ্গকা উচুঃ।

অবর্হান্ মাংসভূতান্ নঃ ক্রব্যাদাখুর্বিনাশয়েৎ।
পশ্যমানা ভয়মিদং প্রবেষ্টুং নাত্র শক্নুমঃ ॥১৯॥
কথমস্মিন্ নো ধক্ষ্যেৎ কথমাখুর্ন নাশয়েৎ।
কথং ন স্যাৎ পিতা মোঘঃ কথং মাতা ধ্রিয়েত নঃ ॥২০॥
বিল আখোর্বিনাশঃ স্যাদগ্নেরাকাশচারিণঃ।
অন্ববেক্ষ্যৈতদ্ভয়ং শ্রেয়ান্ দাহো ন ভক্ষণম্ ॥২১॥
গর্হিতং মরণং নঃ স্যাদাখুনা ভক্ষিতে কিল।
শিষ্টাদিষ্টঃ পরিত্যাগঃ শরীরস্য হুতাশনাৎ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি ময়দর্শনে জরিতাবিলাপে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অবর্হানিতি। অবর্হান্ অনুৎপন্নপুচ্ছান্। ক্রব্যাৎ মাংসভোজী, আখুর্মূষিকঃ ॥১৯॥

কথমিতি। মোঘো ব্যর্থসন্তানোৎপাদনঃ। ধ্রিয়েত জীবেদিত্যর্থঃ ॥২০॥

বিল ইতি। বিলে স্থিতৌ আখোঃ, উপরিস্থিতৌ অগ্নেরত্যাশয়ঃ ॥২১॥

গর্হিতমিতি। শিষ্টাদ্বিশিষ্টাৎ দেবহেতোরুৎকৃষ্টাদিত্যর্থঃ, ইষ্টঃ অভিলষিতঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি ময়দর্শনে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

আবার আসিব। অগ্নি হইতে মুক্তিলাভের জন্য আমার এই কথায় তোমরা সম্মত হও" ॥১৮॥

শার্ঙ্গকগণ বলিল—"মা! আমাদের পাখা হয় নাই; সুতরাং আমরা এখনও মাংসপিণ্ডমাত্র; এ অবস্থায় মাংসভোজী ইন্দুর আমাদিগকে নষ্ট করিবে; এইরূপ আশঙ্কা করিয়া আমরা এ গর্ত্তে প্রবেশ করিতে পারিব না ॥১৯॥

উপরে থাকিলে অগ্নি আমাদিগকে কেন দগ্ধ করিবে না? আবার গর্ত্তে প্রবেশ করিলেই ইন্দুরই বা কেন খাইবে না? দুই প্রকারেই পিতার চেষ্টা কেন ব্যর্থ হইবে না? মাতা বা কি করিয়া বাঁচিবেন? ॥২০॥

গর্ত্তে ইন্দুর হইতে মৃত্যু এবং উপরে আকাশচারী অগ্নি হইতে মৃত্যু; এই দুই পক্ষ পর্য্যালোচনা করিয়া দেখিতেছি—আমাদের দগ্ধ হওয়াই ভাল, কিন্তু ভক্ষিত হওয়া নহে ॥২১॥

* '...অষ্টাবিংশত্যধিক...', '...ত্রিংশদধিক...', '...ত্রয়স্ত্রিংশদধিক...', '...ষট্পঞ্চাশদধিক...' ইতি পাঠভেদাঃ।

চতুর্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জরিতোবাচ।

অস্মাদ্বিলান্নিষ্পতিতমাখুং শ্যেনো জহার তম্।
ক্ষুদ্রং পদ্ভ্যাং গৃহীত্বা চ যাতো নাত্র ভয়ং হি বঃ ॥১॥

শার্ঙ্গকা ঊচুঃ।

ন হৃতং তং বয়ং বিদ্মঃ শ্যেনেনাখুং কথঞ্চন।
অন্যেঽপি ভবিতারোঽত্র তেভ্যোঽপি ভয়মেব নঃ ॥২॥
সংশয়ো বহ্নিরাগচ্ছেদ্দৃষ্টং বায়োর্নিবর্ত্তনম্।
মৃত্যুর্নো বিলবাসিভ্যো বিলে স্যান্নাত্র সংশয়ঃ ॥৩॥

ভারতকৌমুদী

অস্মাদিতি। নিষ্পতিতং নির্গতম্, আখুং মূষিকম্, শ্যেনো হিংস্রঃ পক্ষী ॥১॥

নেতি। অন্যেঽপি আখবঃ, ভবিতারঃ স্থাতারঃ, অত্র বিলে ॥২॥

সংশয় ইতি। অত্র বহ্নিরাগচ্ছেদিত্যর্থে সংশয়ঃ। যেন হি এতদ্দিগ্‌গামিনো বায়োর্নিবর্ত্তনং পরিবর্ত্তনং দৃষ্টম্। বিলবাসিভ্যো জন্তুভ্যঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

স্নেহং মা কার্ষীরিতি সম্বন্ধঃ ॥১৫—১৭॥ বিহর্ত্তুং দূরাকর্ত্তুম্, বাদো বচনম্ ॥১৮॥ ক্রব্যাদাখুঃ মাংসাদ উন্দুরুঃ, পচ্যমানাঃ পচন্তঃ ॥১৯॥ মোঘো নিষ্ফলাপত্যোৎপত্তিঃ, ম্রিয়েত জীবেত ॥২০—২১॥ শিষ্টাদিষ্টঃ শিষ্টৈরাদিষ্টঃ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৩॥

—:*:—

কেন না, ইন্দুরে খাইলে আমাদের মৃত্যু গহিত হইবে। সুতরাং উৎকৃষ্ট অগ্নি হইতে মৃত্যুই আমাদের অভীষ্ট ॥২২॥

—:*:—

জরিতা বলিল—"সেই ক্ষুদ্র ইন্দুরটি যখন এই গর্ত্ত হইতে নির্গত হইয়াছিল, তখন একটা শ্যেনপাখী পা দু'খানা দিয়া তাহাকে ধরিয়া লইয়া চলিয়া গিয়াছে। সুতরাং এ গর্ত্তে তোমাদের কোন ভয় নাই" ॥১॥

শার্ঙ্গকগণ বলিল—"শ্যেনপক্ষী কখনও সে ইন্দুরটিকে নিয়া যায় নাই, ইহা আমরা জানি। তা'র পর, এই গর্ত্তে অন্য ইন্দুরও ত থাকিতে পারে। সুতরাং তাহা হইতে আমাদের ভয় ত হইবেই ॥২॥

তা'র পর, এদিকে আগুন আসিবে কি না সন্দেহ; কারণ, বায়ু ফিরিয়া

নিঃসংশয়াৎ সংশয়িতো মৃত্যুর্মাতর্বিশিষ্যতে।
চর খে ত্বং যথান্যায়ং পুত্রানাপ্স্যসি শোভনান্ ॥৪॥

জরিতোবাচ।

অহং বেগেন তং যান্তমদ্রাক্ষং পততাং বরম্।
বিলাদাখুং সমাদায় শ্যেনং পুত্রা মহাবলম্ ॥৫॥
তং পতন্তং মহাবেগাত্ত্বরিতা পৃষ্ঠতোঽন্বগাম্।
আশিষোঽস্য প্রযুঞ্জানা হরতো মূষিকং বিলাৎ ॥৬॥
যো নো দ্বেষ্টারমাদায় শ্যেনরাজ! প্রধাবসি।
ভব ত্বং দিবমাস্থায় নিরমিত্রো হিরণ্ময়ঃ ॥৭॥
স যদা ভক্ষিতস্তেন শ্যেনেনাখুঃ পতত্রিণা।
তদাহং তদনুজ্ঞাপ্য প্রত্যুপায়াং পুনর্গৃহম্ ॥৮॥

ভারতকৌমুদী

নিরিতি। নিঃসংশয়ান্মৃত্যোতঃ। বিশিষ্যতে শ্রেয়স্ত্বেন মন্যতে। খে আকাশে ॥৪॥
অহমিতি। পততাং পক্ষিণাম্। হে পুত্রাঃ! ॥৫॥
তমিতি। তং শ্যেনম্, পতন্তং গচ্ছন্তম্। প্রযুঞ্জানা, শত্রুনাশকত্বাদিত্যাশয়ঃ ॥৬॥
আশীঃপ্রকারমাহ য ইতি। নিরমিত্রঃ শত্রুশূন্যঃ, হিরণ্ময়ঃ স্বর্ণময়দেহঃ ॥৭॥
স ইতি। অনুজ্ঞাপ্য গমনানুজ্ঞাং কারয়িত্বা। প্রত্যুপায়াং প্রত্যাগচ্ছম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

অস্মাদিতি ॥১—২॥ বহিরাগচ্ছেদিত্যত্র সংশয়ঃ যতো বায়োঃ সকাশাদ্বহ্নেনির্বর্তনং

গিয়াছে। কিন্তু গর্ত্তে প্রবেশ করিলে, গর্ত্তবাসী জন্তু হইতে যে আমাদের মৃত্যু হইবে, সে বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩॥

অতএব মা! নিশ্চিত মৃত্যু হইতে সন্দিগ্ধ মৃত্যু ভাল। সুতরাং আপনি যথানিয়মে আকাশে চলিয়া যান; আবার সুন্দর পুত্র পাইবেন" ॥৪॥

জরিতা বলিল "পুত্রগণ! পক্ষিশ্রেষ্ঠ মহাবল শ্যেনপক্ষী গর্ত্ত হইতে সেই ইন্দুরটিকে লইয়া যে বেগে চলিয়া গিয়াছে, তাহা আমি দেখিয়াছি ॥৫॥

সে যখন গর্ত্ত হইতে ইন্দুরটিকে লইয়া মহাবেগে যাইতেছিল, তখন আমি তাহাকে আশীর্ব্বাদ করিতে করিতে তাহার পিছনে পিছনে গিয়াছিলাম ॥৬॥

"শ্যেনরাজ! যে তুমি আমাদের শত্রুকে লইয়া চলিয়াছ, সেই তুমি স্বর্গে যাইয়া শত্রুশূন্য এবং স্বর্ণময়দেহ হইও" ॥৭॥

তা'র পর যখন সেই শ্যেনপক্ষী সেই ইন্দুরটিকে ভক্ষণ করিল, তখন আমি তাহার অনুমতি লইয়া পুনরায় গৃহে আসিলাম ॥৮॥

প্রবিশধ্বং বিলং পুত্রাঃ ! বিশ্রব্ধা নাস্তি বো ভয়ম্ ।
শ্যেনেন মম পশ্যন্ত্যা হৃত আখুর্মহাত্মনা ॥৯॥

শার্ঙ্গকা ঊচুঃ ।

ন বিদ্মহে হৃতং মাতঃ ! শ্যেনেনাখুং কথঞ্চন ।
অবিজ্ঞায় ন শক্যামঃ প্রবেষ্টুং বিবরং ভুবঃ ॥১০॥

জরিতোবাচ ।

অহং তমভিজানামি হৃতং শ্যেনেন মূষিকম্ ।
নাস্তি বোঽত্র ভয়ং পুত্রাঃ ! ক্রিয়তাং বচনং মম ॥১১॥

শার্ঙ্গকা ঊচুঃ ।

ন ত্বং মিথ্যোপচারেণ মোক্ষয়েথা ভয়াদ্ধি নঃ ।
সমাকুলেষু জ্ঞানেষু ন বুদ্ধিকৃতমেব তৎ ॥১২॥

ভারতকৌমুদী

প্রবিশধ্বমিতি । বিশ্রব্ধা বিশ্বস্তাঃ সন্তঃ । আখুর্মূষিকঃ ॥৯॥

নেতি । ন বিদ্মহে বয়ং ন জানীমঃ । অবিজ্ঞায় স্বয়মিতি ভাবঃ ॥১০॥

অহমিতি । বচনং বচনানুসারেণ কার্য্যম্ ॥১১॥

নেতি । হে মাতঃ ! ত্বম্, মিথ্যোপচারেণ মিথ্যোপন্যাসেন, নোঽস্মান্, ভয়াৎ, ন মোক্ষয়েথা মোচয়িতুং প্রবর্ত্তেথাঃ । এতদ্বিষয়কেষু জ্ঞানেষু, সমাকুলেষু সন্দেহেন বিহ্বলেষু সৎসু, তদ্বিলপ্রবেশনম্, অস্মাকং বুদ্ধ্যা কৃতং নৈব উচিতমিতি শেষঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

